শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতম্

—————*—————

শ্রীমন্মুরারি গুপ্ত প্রণীতম্

শ্রীমন্‌হরিদাস দাস কর্ত্তৃক বঙ্গানুবাদ সহ

শ্রীমন্মৃণালকান্তি ঘোষ ভক্তিভূষণ প্রকাশিতম্।

২৫।২ সংখ্যক মোহনবাগান রোস্থ 'শনিরঞ্জন প্রেসে'

শ্রীমতা সৌরীন্দ্রনাথ দাসেন মুদ্রিতম্।

শ্রীগৌরাব্দ ৪৫৯।

তৃতীয় সংস্করণের অবতরণিকা।

শ্রীগৌরাঙ্গের লীলাবর্ণিত প্রামাণিক গ্রন্থাবলীর মধ্যে শ্রীপাদ্‌মুরারিগুপ্ত রচিত "শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতম্" নামক সংস্কৃত কাব্যগ্রন্থখানিই আদি। বহুদিন এই অপূর্ব্ব গ্রন্থ লুপ্তপ্রায় ছিলেন। পরবর্ত্তী লীলা-লেখকদিগের গ্রন্থসমূহে এই মুরারিগুপ্তের করচার নাম দেখিয়া এই গ্রন্থ খানি উদ্ধার করিবার জন্য মহাত্মা শিশিরকুমার অনেক অনুসন্ধান করেন। অবশেষে ৪১২ গৌরাব্দে (১৩০৩ সালে) ঢাকা-উথালী নিবাসী শ্রীঅদ্বৈতপ্রভুবংশজাত (বর্ত্তমানে গৌরধামপ্রাপ্ত) শ্রীল মধুসূদন গোস্বামি-প্রভুপাদের নিকট হইতে এই পুথির একখানি নকল পাওয়া যায়। সেই সময় শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া পত্রিকায় এই সংবাদ প্রকাশিত হয়। তাহাতে লিখিত হইয়াছিল—আর এক খানি পুথি পাইলেই দুই খানি মিলাইয়া গ্রন্থ প্রকাশ করা হইবে। ইহার কিছুদিন পরে শ্রীবৃন্দাবন হইতে আর একখানি নকল পুথি হস্তগত হয়। এই খানি দেবনাগর অক্ষরে লিখিত। দুর্ভাগ্যক্রমে দুইখানি পুথির এক খানিও শুদ্ধভাবে লিখিত ছিল না। শ্রীনিত্যানন্দপ্রভুবংশজাত (বর্ত্তমানে নিত্যধামগত) শ্রীল শ্যামলাল গোস্বামি-প্রভুপাদের উপর এই গ্রন্থ সম্পাদনের ভার অর্পিত হয়। তাঁহার সম্পাদিত গ্রন্থের প্রথম সংস্করণ দেবনাগর অক্ষরে মুদ্রিত হয়। কয়েক বৎসরের মধ্যে ইহা নিঃশেষিত হওয়ায় ৪২৬ গৌরাব্দে (১৩১৭ সালে) বাঙ্গলা অক্ষরে দ্বিতীয় সংস্করণ ছাপা হয়। আর এই তৃতীয় সংস্করণ বর্ত্তমান ৪৪৫ গৌরাব্দে (১৩৩৭ সালে) প্রকাশিত হইল।

মুরারির করচা এরূপ সরল-সংস্কৃতকাব্যে বিবিধ সুমধুর ছন্দে

করচাকারে বিরচিত যে, যাঁহারা সুমার্জ্জিত ও সাধুভাষার বাঙ্গলা বুঝিতে পারেন, তাঁহারা চেষ্টা করিলে গুরুর উপদেশ ব্যতীত এই গ্রন্থের তাৎপর্য্য পরিগ্রহ করিতে সমর্থ হইবেন। ইহার ভাষা যেমন সরস ও অমৃত-মধুর, ইহার ভাবও সেইরূপ সুধামাখা ও চিত্তাকর্ষক। শ্রীগৌরাঙ্গের কোমল-করুণ প্রতিচ্ছবি এরূপ ভাবে গ্রন্থকার স্থানে স্থানে বর্ণনা করিয়াছেন যাহা একবার পাঠ করিলেই ভক্তপাঠকগণের হৃদয়পটে উহা চিরদিনের জন্য অঙ্কিত হইয়া থাকে। প্রকৃতপক্ষে অতি অল্প কথায় বিশালভাবের বর্ণনা করিতে মুরারি সিদ্ধহস্ত ছিলেন। তাঁহার গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া ইহা দেখাইতেছি। তদ্‌যথা—

"নিজসংস্মৃতিমাত্রসম্পদঃ পুলকপ্রেমজড়ো বভুব হ।
স তদা নিজমেব মন্দিরং সমগাদশরীরয়া গিরা॥ ৬
ভক্তবর্গমুখবেষ্টিতঃ প্রভুঃ প্রেমপাকপরিপূর্ণ-বিগ্রহঃ।
হরিকীর্ত্তনসংকথাসুখং মুমুদে দানবসিংহমর্দ্দনঃ॥" ৭ (১।১)

"পুলকপ্রেমজড়ঃ" ও "প্রেমপাকপরিপূর্ণ-বিগ্রহঃ" এই দুইটী পদে শ্রীগৌরাঙ্গের যে অবস্থার চিত্র প্রদর্শিত হইয়াছে, তাহা ভাষার সীমাবদ্ধ-অর্থ অতিক্রম করিয়া ভক্তপাঠকের হৃদয়ে অতি বিশাল ও সমুজ্জ্বল ভাবে প্রকাশ পায়।

শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের সহিত ছন্দের বিচিত্রতা এই গ্রন্থে বহুল পরিমাণে পরিলক্ষিত হয়। আবার দুই এক কথাতেই এক একটি চরিত্র কিরূপে প্রস্ফুট করা যাইতে পারে, এই গ্রন্থে তাহার উদাহরণেরও অভাব নাই। এইরূপ কতিপয় উদাহরণ নিম্নে উদ্ধৃত করিতেছি—

"শ্রীবাসো যত্র রেজে হরিপদকমলপ্রোল্লসন্মত্তভৃঙ্গঃ
প্রেমার্দ্রোত্তুঙ্গবাহুঃ পরমরসমদৈর্গায়তীশং সদোৎকঃ।

গোপীনাথো দ্বিজাগ্র্যঃ শ্রবণপথগতে নাম্নি কৃষ্ণস্য মত্তো-
হত্যুচ্চৈ রৌতি স্ম ভূয়ো লয়তরলকরো নৃত্যতি স্মাতিবেলম্॥ ১৯
বালোদ্যদ্ভাস্করাভো বুধজনকমলোদ্বোধনে দক্ষমূর্ত্তিঃ
কারুণ্যাব্ধিহিমাংশোরিব জনহৃদয়োত্তাপশান্ত্যেকমূর্ত্তিঃ।
প্রেমধ্যানাতিদক্ষো নটনবিধিকলাসদ্‌গুণাঢ্যো মহাত্মা
শ্রীযুক্তাদ্বৈতবর্য্যঃ পরমরসকলাচার্য্য ঈশো বিরেজে॥ ২০
যত্র সর্ব্বগুণবানতি রেজে চন্দ্রশেখরগুরুর্দ্বিজরাজঃ।
কৃষ্ণনামরুষিতাঙ্গরুহঃ স প্রস্খলন্নয়নবারিভিরার্দ্রঃ॥ ২১
যত্র নৃত্যতি মুনৌ হরিদাসে দাসবৎসলতয়া জগদীশঃ।
খেচরৈঃ সুরগণৈঃ সমহেশৈর্লাস্যমাশু পরিপশ্যতি হৃষ্টঃ॥" ২২

"জগন্নাথস্তস্মিন্ দ্বিজকুলযোধীন্দুসদৃশো-
ঽভবদ্বেদাচার্য্যঃ সকলগুণযুক্তো গুরুসমঃ।
স কৃষ্ণাঙ্ঘ্রি ধ্যানপ্রবলতর-যোগেনা মনসা
বিশুদ্ধঃ প্রেমার্দ্রো নবশশিকলেবাশু ববৃধে॥" ২৪ (১।১)

মুরারি গুপ্তের সহিত শ্রীবাস, গোপীনাথ, শ্রীমদদ্বৈতাচার্য্য, চন্দ্রশেখরাচার্য্য, হরিদাস ও শ্রীজগন্নাথমিশ্রের বেশ ঘনিষ্ঠতা ছিল, সুতরাং সুনিপুণ চিত্রকর গুপ্ত মহাশয়ের তুলিতে তাঁহাদের যে সুন্দর চিত্র অঙ্কিত হইয়াছে তাহা যে স্বাভাবিক ও নিখুত হইবে তাহাতে দ্বিমত হইতে পারে না।

এতদ্ব্যতীত আরো কথা এই যে, শ্রীগৌরসুন্দরের সঙ্গলাভের সময় হইতেই মুরারি জ্ঞানের চর্চ্চা ত্যাগ করিয়া ভক্তিরসে অভিষিক্ত হইয়াছিলেন। এ অবস্থায় তিনি যাহা কিছু লিখিয়াছেন তাহার প্রত্যেক পদেই ভক্তির মধুর ঝঙ্কার শুনিতে পাওয়া যায়। সমগ্র গ্রন্থ খানিই ভক্তির ভাষায় অনুপ্রাণিত,—অতি কোমল, অতি মধুর, পাঠ করিলেই

মনে হয় যেন উহা গৌরভক্তির অনন্ত অফুরন্ত পীযূষময় প্রস্রবণ। দুই একটী পদ্য এ স্থলে উদ্ধৃত করিতেছি—

"চৈতন্যচন্দ্র তব পাদনখেন্দুকান্তিরেকাদশেন্দ্রিয়গণৈঃ সহ জীবকোষম্।
অন্তর্বহিশ্চ পরিপূরয় তস্য নিত্যং পুষ্ণাতু নন্দয়তু মে শরণাগতস্য॥
চৈতন্যচন্দ্র তব পাদসরোজযুগ্মং দৃষ্ট্বাপি যে ত্বয়ি বিভো ন পরেশবুদ্ধিম্।
কুর্বন্তি মোহবশগা রসভাবহীনাস্তে মোহিতা বিততবৈভবমায়য়া তে॥
চৈতন্যচন্দ্র ন হি তে বিবুধা বিদন্তি পাদারবিন্দযুগলং কুত এব চান্যে।
যেষাং মুকুন্দ দয়সে করুণার্দ্রমূর্ত্তে তে তাং ভজন্তি প্রণমন্তি বিদন্তি নিত্যম্॥
নত্বা বদামি তব পাদসহস্রপত্রমাজ্ঞা বিভো ভবতু তে মম তত্র শক্তিঃ।
ভূয়াদ্‌যথা তব কথামৃতসারপূর্ণা বাণী বরেণ্য নৃহরে করুণামৃতাব্ধে॥ (২।১।৭)

শ্রীগৌরচন্দ্রের নিকট তিনি প্রার্থনা করিতেছেন—"হে বিভো, হে নরহরি, হে করুণামৃতসাগর, হে বরেণ্য, তোমার পাদপদ্মে প্রণাম করিয়া আমি এই প্রার্থনা করিতেছি যে, আমার বাণী যাহাতে তোমার কথামৃতের সারপূর্ণ হয় আমায় সেইরূপ শক্তি দাও।"

ভক্তবাঞ্ছাকল্পতরু কলিযুগপাবনাবতার শ্রীগৌরাঙ্গ তাঁহার এই লীলা-লেখককে তাদৃশী শক্তি প্রদান করিয়াছিলেন। ফলতঃ এই গ্রন্থখানি তাদৃশ কৃপাশক্তিরই অমৃতময় ফল। সুতরাং ইহা গৌরভক্ত মাত্রেরই নিত্য পাঠ্য।

*　　　*　　　*

শ্রীমুরারিগুপ্ত শ্রীহট্টবাসী। যথা শ্রীচৈতন্যভাগবতে—

"শ্রীবাসপণ্ডিত আর শ্রীরামপণ্ডিত। শ্রীচন্দ্রশেখর দেব ত্রৈলোক্যপূজিত॥
ভবরোগনাশ বৈদ্য মুরারি নাম যার। শ্রীহট্টে এ সব বৈষ্ণবের অবতার॥"

ইঁহারা এবং আরও অনেক শ্রীহট্টবাসী শ্রীগৌরাঙ্গের পিতা শ্রীজগন্নাথ

মিশ্র পুরন্দরের সহিত নবদ্বীপের এক পাড়ায় বাস করিতেন। ইঁহাদের পরস্পরে বেশ সম্প্রীতি ছিল।

শ্রীগৌরাঙ্গ যখন অবতীর্ণ হইলেন তখন মুরারি পঞ্চদশবর্ষীয় যুবক। তিনি তখন গঙ্গাদাস পণ্ডিতের টোলে ব্যাকরণ পড়িতেন এবং আয়ুর্ব্বেদ-শাস্ত্রের চর্চ্চা করিতেন। মুরারি বিলক্ষণ ধীশক্তিসম্পন্ন ছিলেন এবং অল্পবয়সেই নবদ্বীপের বিদ্বজ্জন-সমাজে বেশ প্রসিদ্ধিলাভ করিয়াছিলেন। তিনি দয়ালু, মিষ্টভাষী, বিনয়ী, নিরীহ ও স্নিগ্ধ ছিলেন। চিকিৎসাতেও তাঁহার বেশ সুনাম ছিল। সেই সকল কারণে তিনি সকলেরই প্রিয় ও শ্রদ্ধার পাত্র ছিলেন।

মিশ্র-পরিবারের সহিত গুপ্ত-পরিবারের বেশ ঘনিষ্টতা ছিল। বিশেষতঃ শৈশবাবধি নিমাইচাঁদের প্রতি মুরারির আন্তরিক আকর্ষণ থাকায় শ্রীনিমায়ের জন্মাবধি প্রায় সমস্ত নবদ্বীপ-লীলা তিনি স্বচক্ষে দেখিয়াছিলেন। ঠাকুর লোচনদাসের শ্রীচৈতন্যমঙ্গলের সূত্রখণ্ডে আছে—

"মুরারিগুপত বেজা বৈসে নবদ্বীপে। নিরন্তর থাকে গোরাচাঁদের সমীপে।"
"সর্ব্বতত্ত্ব জানে সে প্রভুর অন্তরীণ। গৌরপদারবিন্দে ভকত-প্রবীণ॥

জন্ম হৈতে বালক-চরিত্র যে যে কৈল। আদ্যোপান্তে যত যত প্রেম প্রচারিল॥"

এই সমস্তই মুরারির বিলক্ষণ জানা ছিল। সেই জন্য শ্রীগৌরাঙ্গের প্রকাশের পর যখন তাঁহার লীলা লিপিবদ্ধ করিবার প্রয়োজন হইল, তখন ভক্তেরা সকলে পরামর্শ করিয়া মুরারির প্রতি এই ভার অর্পণ করা সাব্যস্ত করিলেন এবং শ্রীবাস দ্বারা তাঁহাকে অনুরোধ করা হইল। যথা, শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতে—

"ভক্তঃ শ্রীবাসনামা দ্বিজকুলকমলপ্রোল্লসচ্চিত্রভানুঃ
প্রাহেদং শ্রীমুরারিং ত্বমিহ বদ হরেঃ শ্রীচরিত্রং নবীনম্।

তস্যাজ্ঞামাকলয্য প্রকটকরপুটৈস্তং নমস্কৃত্য ভূয়ঃ
শ্রীমচ্চৈতন্যমূর্ত্তেঃ কলিকলুষহরাং কীর্ত্তিমাহ স্বয়ং সঃ ॥" (১।১।৯)

অর্থাৎ—ব্রাহ্মণকুলকমলের উল্লসিত সূর্য্যস্বরূপ ভক্ত শ্রীবাস মুরারিকে বলিলেন, "তুমি গৌরহরির নবীনচরিত্র বর্ণনা কর।" তাঁহার আজ্ঞা শ্রবণ করিয়া মুরারি নিজেই তখন শ্রীমৎচৈতন্যবিগ্রহের কলিকলুষনাশিনী কীর্ত্তি বর্ণনা করিতে আরম্ভ করিলেন।

মঙ্গলাচরণ ও মুখবন্ধ লিপিবদ্ধ করা হইলে দামোদর পণ্ডিত শ্রীপ্রভুর লীলা-বিষয়ক একটি প্রশ্ন মুরারিকে জিজ্ঞাসা করিলেন। তদ্‌যথা—

"এতচ্ছ্রুত্বাদ্ভুতং প্রাহ ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ।
শ্রীচৈতন্যকথামত্তঃ শ্রীদামোদরপণ্ডিতঃ ॥ ১৫
কথয়স্ব কথাং দিব্যামদ্ভুতাং লোকপাবনীম্।" ১৬
"তচ্ছ্রুত্বা বচনং তস্য পণ্ডিতস্য মহাত্মনঃ।
উবাচ বচনং প্রীতো মুরারিঃ শ্রূয়তামিতি ॥" ২০ (১।২)

শ্রীলোচনদাসঠাকুর তাঁহার শ্রীচৈতন্যমঙ্গলে লিখিয়াছেন—

"মুরারিগুপত বেজা প্রভুতত্ত্ব জানে। দামোদর পণ্ডিত পুছিলা তাঁর স্থানে ॥"

এই পয়ার লিখিয়া, তাহার পরে তিনি মুরারিগুপ্তের করচা হইতে উল্লিখিত সংস্কৃত শ্লোক উদ্ধৃত করিয়াছেন। এইভাবে দামোদর পণ্ডিত এক একটি প্রশ্ন করেন এবং মুরারি তাহার যথাযথ উত্তর তাঁহার করচায় লিপিবদ্ধ করিতে থাকেন। এইরূপে সম্পূর্ণ গ্রন্থখানি রচিত হয়। যথা—

"দামোদর পণ্ডিত সব পুছিল তাঁহারে। আদ্যপান্ত যত কথা কহিল প্রকারে ॥
শ্লোকচ্ছন্দে হৈল পুথি 'গৌরাঙ্গচরিত'। দামোদর-সংবাদ মুরারি-মুখোদিত ॥"

মুরারিগুপ্তের করচা আদি ও প্রামাণিক বলিয়াই শ্রীপ্রভুর পরবর্ত্তী লীলালেখকগণ মূলতঃ এই গ্রন্থ অবলম্বন করিয়াই তাঁহাদের গ্রন্থ

লিখিয়াছেন। এই কথা তাঁহারা আপনাপন গ্রন্থেও স্বীকার করিয়াছেন। কৃষ্ণদাস কবিরাজ তাঁহার "শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থে বলিয়াছেন—

"আদিলীলা মধ্যে প্রভুর যতেক চরিত। সূত্ররূপে মুরারিগুপ্ত করিলা গ্রন্থিত॥
প্রভুর মধ্য-শেষ-লীলা স্বরূপ-দামোদর। সূত্র করি গ্রন্থিলেন গ্রন্থের ভিতর॥
এই দুই জনের সূত্র দেখিয়া শুনিয়া। বর্ণন করেন বৈষ্ণব ক্রম যে করিয়া॥"

অন্যত্র—

"দামোদর-স্বরূপ আর গুপ্ত-মুরারি। মুখ্য মুখ্য লীলা সূত্রে লিখেছে বিচারি॥
সেই অনুসারে লিখি লীলাসূত্রগণ। বিস্তারি বলেছে তাহা দাস বৃন্দাবন॥"

কবিকর্ণপূর তাঁহার "শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত" মহাকাব্যের বিংশ সর্গ এই বলিয়া শেষ করিয়াছেন—

"আশৈশবং প্রভুচরিত্রবিলাসবিজ্ঞৈঃ
কেচিন্মুরারিরিতি-মঙ্গলনামধেয়ৈঃ।
যদ্যদ্বিলাসললিতং সমলেখি তজ্জ্ঞৈ-
স্তত্তদ্বিলোক্য বিলিলেখ শিশুঃ স এষঃ॥ ৪২॥
বদ্ধাঞ্জলিঃ শিরসি নির্ভরকাকুবাদৈ-
র্ভূয়ো নমাম্যহমসৌ স মুরারিসংজ্ঞং।
তং মুগ্ধকোমলধিয়ং ননু যৎপ্রসাদা-
চ্চৈতন্যচন্দ্রচরিতামৃতমক্ষিপীতং॥ ৪৩॥"

অর্থাৎ—শৈশবাবধি যিনি প্রভুর চরিত্র ও বিলাস বিষয়ে সুবিজ্ঞ, সেই তত্ত্বজ্ঞ "মুরারি" এই মঙ্গলনামা কোন এক মহাত্মা যে যে বিলাস-লালিত্য সম্যক লিখিয়াছেন, এই আমি শিশু তাহাই দেখিয়া লইয়াছি। ৪২।

আমি মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া নিরতিশয় কাকুবাক্যে পুনঃ পুনঃ সেই মনোহর ও কোমলবুদ্ধি মুরারিনামক মহাত্মাকে প্রণাম করিতেছি।

যাঁহার প্রসাদে শ্রীচৈতন্যচন্দ্রের চরিতরূপ অমৃত আমার অক্ষিপাত অর্থাৎ নেত্রপদ্মের গোচর হইয়াছে। ৪৩।

ঠাকুর লোচনদাস তাঁহার "শ্রীচৈতন্যমঙ্গল" গ্রন্থ কেবল যে মুরারির কবচা অবলম্বন করিয়াই লিখিয়াছেন তাহা নহে, এই গ্রন্থের অনেক স্থান তিনি সরস ও সুললিত কবিতা-ছন্দে অনুবাদও করিয়াছেন। লোচনদাস বলিতেছেন—

"শ্লোকছন্দে হৈল পুথি 'গৌরাঙ্গচরিত'। দামোদর-সংবাদ মুরারিমুখোদিত ॥
শুনিয়া আমার মনে বাড়িল পীরিত। পাঁচালি-প্রবন্ধে কহোঁ গৌরাঙ্গচরিত ॥"

শেষে ইহাই বলিয়া তাঁহার গ্রন্থ সমাপ্ত করিয়াছেন যে,—

"শ্রীমুরারিগুপ্ত বেজা প্রভুর অন্তরীণ। সকল জানয়ে সেই ভকত-প্রবীণ ॥
লোক নিস্তারিতে কৈল চৈতন্যচরিত্র। তাঁহার প্রসাদে হৈল সংসার পবিত্র ॥
শ্লোকবন্ধে কৈল গৌর-গুণের কবিত্ব। তাহাই হইল এবে সকলের সূত্র ॥
শুনিয়া মাধুরী-লোভে চিত্ত উতরোল। নিজ দোষ না দেখিয়া মন হৈল ভোল ॥
পাঁচালী প্রবন্ধে আমি রচিল এখন। দোষ না লইবে কেহ মো অতি অধম ॥"

শ্রীবৃন্দাবনদাস ঠাকুরও এই করচার অনেক স্থান বিস্তারিত করিয়া তাঁহার "শ্রীশ্রীচৈতন্যভাগবত" গ্রন্থের কলেবর সমলঙ্কৃত করিয়াছেন।

উপরে বলিয়াছি শ্রীনিমাইচাঁদের জন্মাবধি প্রায় সমস্ত নবদ্বীপ-লীলা মুরারি সচক্ষে দর্শন করিয়াছিলেন এবং সেই সকল লীলা তিনি তাঁহার গ্রন্থে করচা করিয়া লিপিবদ্ধ করেন। তদ্ভিন্ন প্রভুর লীলা-বিষয়ক কতকগুলি পদও তিনি রচনা করেন। তন্মধ্যে বাল্যলীলা-বিষয়ক দুইটী পদ প্রদত্ত হইল—

পহিড়া।

শচীর আঙ্গিনা মাঝে ভুবনমোহন সাজে
গোরাচাঁদ দেয় হামাগুড়ি।
মায়ের অঙ্গুলি ধরি ক্ষণে চলে গুড়ি গুড়ি
আছাড় খাইযা যায় পড়ি॥
বাঘনল গলে দোলে বুক ভাসি যায় লোলে
চাঁদমুখে হাসির বিজুলি।
ধূলামাখা সর্ব্ব গায সহিতে না পারে মায
বুকের উপরে লয় তুলি॥
কাঁদিযা আকুল তাতে নামে গোরা কোল হৈতে
পুন ভূমে দেয় গড়াগড়ি।
হাসিয়া মুরারি বোলে এ নহে কোলের ছেলে
সন্ন্যাসী হইবে গৌরহরি॥

কামোদ।

শচীর দুলাল মনোরঙ্গে। খেলে সমবয় শিশু সঙ্গে॥
মাঝে গোরা শিশু চারিপাশে। নাচে আর মৃদু মৃদু হাসে।
হাতে-হাতে করে ধরাধরি। তালে-তালে নাচে ঘুরি-ঘুরি
ক্ষণে ঘন দেয় করতালি। ক্ষণে কেহ কহে ভালি ভালি॥
গোরা যবে বলে হরি হরি। শিশুগণ সঙ্গে বলে হরি॥
ঘন ঘন হরিবোল শুনি। কাঁপে কলি পরমাদ গুণি॥
মুরারি আনন্দে ভরপূর। পাপের রাজত্ব হৈল দূর॥

শ্রীগৌরাঙ্গ শৈশবাবধি মুরারির প্রতি কিরূপ কৃপা করিয়াছিলেন তাহা কতকগুলি ঘটনা দ্বারা বেশ উপলব্ধি করা যায়। এই সকল ঘটনার অধিকাংশই মুরারি তাঁহার করচায় লিপিবদ্ধ করিয়াছেন। অপর কতকগুলি অন্যান্য লীলাগ্রন্থে আছে। ভক্তপাঠকগণের উপভোগের জন্য মুরারি ও তাঁহার প্রভু সম্বন্ধীয় কতকগুলি লীলা নিম্নে লিপিবদ্ধ করিলাম।

শ্রীনিমাইচাঁদের বয়স যখন সবে পাঁচ বৎসর, তখন তিনি সমবয়স্ক শিশুদিগের সহিত রাজপথে ধূলাখেলা করেন। একদিন এইরূপ খেলা করিতেছেন,—সকলেই দিগম্বর, ধূলায় ধূসরিত,—এমন সময় মুরারিগুপ্ত কয়েকজন বয়স্য সহ সেই পথ দিয়া যাইতেছিলেন। মুরারির বয়স তখন বিশ বৎসর, যোগবাশিষ্ঠ পড়েন, বয়স্যদিগের সহিত এই সম্বন্ধে চর্চ্চা করিতে করিতে চলিয়াছেন, এবং মনের ভাব প্রকাশ করিবার জন্য হাত মুখ মাথা নাড়িতেছেন। এই সময় মুরারি পশ্চাৎ হইতে হাসির শব্দ শুনিতে পাইলেন। চাহিয়া দেখিলেন, নিমাই সঙ্গীগণ লইয়া হাসিতে হাসিতে আসিতেছে। মুরারি গম্ভীর প্রকৃতির লোক, অল্পতে অধৈর্য্য হয়েন না এবং মনে মনে বিরক্ত হইলেও তাহা তাঁহার মুখে কিছু মাত্র প্রকাশ পায় না। কাজেই তিনি উহা গ্রাহ্য না করিয়া পূর্ব্বের ন্যায় ব্যাখ্যা করিতে করিতে চলিলেন। কিন্তু আবার সেইরূপ হাস্যধ্বনি শুনিয়া ফিরিয়া চাহিলেন। দেখেন যে, সেই পাঁচ বৎসরের দিগম্বর শিশু নিমাই, তাঁহার হাবভাব, অঙ্গভঙ্গী ও কথা অবিকল অনুকরণ করিতে করিতে আসিতেছে, আর তাই দেখিয়া অপর শিশুগুলি আনন্দে উচ্চহাস্য করিতেছে। ইহা দেখিয়া মুরারির ধৈর্য্যচ্যুতি ঘটিল, তিনি বিরক্তির সহিত বলিয়া উঠিলেন—"জগন্নাথ মিশ্রের একটা অকাল কুষ্মাণ্ড জন্মিয়াছে। ইহারই এত সুখ্যাতি!"

এই কথা শুনিয়া নিমাই ভ্রূকুটি করিয়া বলিল—"আচ্ছা এখন যাও, ভাল শিক্ষা দিব তোমায় ভোজনের কালে।" পাঁচ বৎসরের শিশুর মুখে এই কথা শুনিয়া মুরারি বিস্মিত হইলেন, কিন্তু নানা কার্য্যে ব্যাপৃত থাকায় ইহা একেবারে ভুলিয়া গেলেন। ক্রমে মধ্যাহ্ন-ভোজনের সময় উপস্থিত হইল, মুরারি ভোজনে বসিলেন।

হেথা বিশ্বম্ভর হরি অঙ্গের সুবেশ করি
কটিতে আটিয়া পীতধড়া।
শিরে শোভে তিন ঝুটি গলায় সে রসকাঠি
কণ্ঠে লগ্ন মুকুতা তুবেড়া॥
নয়ানে অঞ্জন রেখা পাঁচ-থূপী বান্ধে শিখা
ঝলমল হেম-অলঙ্কার।
চরণে মগড়া খাড়ু হাথে লঞা ক্ষীরনাড়ু
চলিলা ঠাকুর বিশ্বম্ভর॥

এইরূপ মদনমোহন সাজে-শ্রীনিমাইচাঁদ মুরারিগুপ্তের গৃহে আসিয়া জলদগম্ভীর নাদে "মুরারি" বলিয়া ডাকিলেন। গলার স্বর শুনিয়াই মুরারি বুঝিতে পারিলেন কে ডাকিতেছে। অমনি মুরারির সকালবেলার সেই কথা স্মরণ হইল, সঙ্গে সঙ্গে তাঁহার হৃদয় কাঁপিয়া উঠিল। তৎক্ষণাৎ নিমাইচাঁদ মুরারির সম্মুখে আসিয়া উপস্থিত!

একে হেমগৌরকান্তি কলেবর, তারপর ভুবনভুলান সাজ,—দেখিয়াই মুরারি ত্রস্ত হইয়া উঠিলেন। শচীর দুলাল মৃদুমধুর হাসিয়া বলিলেন,

"তরস্ত না হয়ো তুমি এই খানে আছি আমি
ধীরে সুস্থে করহ আহার।"

মুরারির মুখ দিয়া কথা বাহির হইল না, কিন্তু তাঁহার মনের মধ্যে

মহাপ্রলয় উপস্থিত হইল, তিনি অন্যমনস্ক ভাবে তাড়াতাড়ি আহার করিতে লাগিলেন। এ দিকে নিমাইচাঁদ—

মধ্য-ভোজন বেলা ধীরে ধীরে নিয়ড়ে গেলা
থাল ভরি এ মূত মুতিল।

মুরারির যেন চমক ভাঙ্গিল, তিনি ছি! ছি! করিয়া উঠিয়া পড়িলেন। কিন্তু তিনি কোন কথা বলিবার পূর্ব্বেই নিমাইচাঁদ ক্রোধভরে কহিলেন—

"হাত মুখ মাথা নাড়া ছাড়হ মুরারি। শুষ্ক জ্ঞানচর্চ্চা ছাড় ভজহ শ্রীহরি॥
জীব আর ভগবানে ভিন্ন যে না করে। প্রস্রাব করি যে তার থালার উপরে॥"

এই কথা বলিয়াই শ্রীনিমাই চকিতের মত কোথায় চলিয়া গেলেন, মুরারি আর তাঁহাকে দেখিতে পাইলেন না! তিনি কিছুক্ষণ স্তব্ধ হইয়া রহিলেন। তখন তাঁহার মনের মধ্যে ক্রোধের কণামাত্র রহিল না, এক অনির্ব্বচনীয় ভাবের উদয় হইল, সমস্ত দেহ দিয়া একটা আনন্দের ঢেউ বহিয়া গেল। কারণ তাঁহার—

মনে মনে অনুমান এহ কভু নহে আন
সত্য পঁহু শচীর তনয়।

অনুমান কেন, সেই মুহূর্ত্তে তাঁহার দৃঢ় বিশ্বাস হইল—ইনি স্বয়ং শ্রীভগবান।

তখনই মুরারি মিশ্রপুরন্দরের গৃহাভিমুখে অগ্রসর হইতে লাগিলেন। তখন তাঁহার মনপ্রাণ আনন্দে ভরপুর হইয়া দেহকে দ্রুতগতিতে টানিয়া লইয়া যাইবার চেষ্টা করিতেছে, কিন্তু পদযুগল প্রতিযোগিতায় পারিয়া উঠিতেছে না।

এদিকে শচী ও জগন্নাথ—তাঁহাদের সর্ব্বস্ব ধন, আঁধার ঘরের মাণিক,— নিমাইচাঁদকে লইয়া কত আদর, কত সোহাগ, কত মুখ-চুম্বন করিতেছেন,

আর কোলে করিবার জন্য দুইজনে কাড়াকাড়ি করিতেছেন। এমন সময় মুরারি চঞ্চল-চাহনিতে নিমাইচাঁদকে অনুসন্ধান করিতে করিতে সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়াই শচী-জগন্নাথ তাড়াতাড়ি আদর অভ্যর্থনা করিয়া বসিতে আসন দিলেন। কিন্তু মুরারির সে দিকে দৃষ্টি নাই, তিনি নিমাইচাঁদের চন্দ্রবদন পানে পলকহারা দৃষ্টিতে চাহিয়া একেবারে আত্মহারা হইয়া গিয়াছেন। তখন তাঁহার—

পুলকিত সব গা আপাদ মস্তক যা
ধারা বহে নয়নের জলে।
অরুণ কমল আঁখি ঐ সে প্রেমের সাখী
গদগদ আধ-আধ বোলে॥

মুরারী স্থিরভাবে দাঁড়াইতে পারিলেন না, গোরাচাঁদের রাঙ্গাচরণে পড়িয়া ভক্তিভরে বারম্বার প্রণাম করিতে লাগিলেন। শচীদুলাল তখন ন্যাকা সাজিয়া জননীর ক্রোড়ের মধ্যে সান্ধাইলেন, যেন নিরীহ ভাল-মানুষটি, কিছুই জানেন না! শচী ও জগন্নাথ মুরারির কাণ্ড দেখিয়া ভীত হইয়াছেন এবং ব্যস্ত হইয়া বলিতেছেন, "কর কি গুপ্তমশাই, আমার দুধের ছেলে কি অপরাধ করেছে যে তুমি তাহার অকল্যাণ করছো? দোহাই তোমার! আমাদের যাহা হয় হো'ক গে, এই কচি ছেলের অপরাধ লইও না, উহাকে আশীর্ব্বাদ কর যেন দীর্ঘজীবী হয়।" ইহাই বলিয়া মুরারির হাত দুখানি ধরিয়া মিশ্রমহাশয় কাকুতি মিনতি করিতে লাগিলেন। মুরারি হাসিয়া উত্তর করিলেন,—

"বালক লালিছ কাছে ইহা ত জানিবে পাছে
তোমা সম নাহি ভাগ্যবান্।
স্মরণ রাখিও মনে আমার এই বচনে
বিশ্বম্ভর পঁহু ভগবান॥

এই কথা বলিয়া মুরারি এই শুভ-সংবাদ জানাইবার জন্য অদ্বৈত-সভায় চলিয়া গেলেন।

*　　　*　　　*

নিমাইপণ্ডিতের বয়স তখন ১৬ বৎসর, প্রথম যৌবন, দিবানিশি বিদ্যারসে মজিয়া আছেন, প্রত্যহ প্রাতঃকালে নবীন-নটবর বেশে শিষ্যগণসহ গঙ্গাদাসের টোলে আসিয়া বীরাসনে বসেন। তাঁহার ন্যায় আরও অনেকে বিদ্যাচর্চ্চা করিতে এখানে আসেন। অল্পবয়সেই নিমাই-পণ্ডিতের বিদ্যার সৌরভ দেশময় ছড়াইয়া পড়িয়াছে, এমন কি অনেকের বিশ্বাস তাঁহার পাণ্ডিত্য বৃহস্পতিকেও ছাড়াইয়া উঠিয়াছে। তিনি কাহাকেও গ্রাহ্য করেন না; যার তার সঙ্গে যে কোন বিষয় লইয়া তর্ক বিতর্ক করিতে তিনি কখনও পশ্চাদ্‌পদ হন না। অনেককে তাঁহার নিকট পুথি চিন্তাইতে হয়। বয়োকনিষ্ঠ বলিয়া যদি কেহ তাঁহাকে গ্রাহ্য না করেন, কি তাঁহার নিকট পুথি চিন্তাইতে না আসেন, তাহা হইলে নিমাইপণ্ডিত তাহাকে আপন পদতলে না আনিয়া কিছুতেই ছাড়েন না।

মুরারিগুপ্তও গঙ্গাদাসের টোলে অনেকদিন হইতে আসিতেছেন। কিন্তু ১১ বৎসর পূর্ব্বে যে নিমাইকে স্বয়ং শ্রীভগবান বলিয়া তাঁহার বিশ্বাস হইয়াছিল, ক্রমে সংশয় আসিয়া সে ভাব তাঁহার মন হইতে সরিয়া গিয়াছে। এখন, নিমাইপণ্ডিত বয়সে অনেক ছোট বলিয়া তাঁহাকে গুরুর আসন দিতে,—এমন কি সমকক্ষ ভাবিতেও—মুরারি রাজী নহেন। সেই জন্য আপন মনে পুথি চিন্তা করেন। কাহারও সহিত বড় একটা কথাবার্ত্তা বলেন না। কিন্তু নিমাইপণ্ডিতও ছাড়িবার পাত্র নহেন, সুবিধা পাইলেই মুরারিকে নানা প্রকার ঠাট্টা-তামাসা করেন। একদিন নিমাইপণ্ডিত বলিতেছেন,—

"সন্ধিকার্য্য না জানিয়া কোন কোন জনা।
আপনে চিন্তয়ে পুথি প্রবোধে আপনা॥
অহঙ্কার করি লোক ভালে মূর্খ হয়।
যেবা জানে তাঁর ঠাঞি পুথি না চিন্তয়॥"

নিমাইপণ্ডিতের বাক্যযন্ত্রণায় মুরারির মনে বিরক্তির সঞ্চার হইলেও তিনি তাহা প্রকাশ না করিয়া আপন মনে পড়াশুনা করিতে লাগিলেন। কিন্তু নীরব থাকিয়াও মুরারি নিস্তার পাইলেন না। কারণ 'সেবক দেখিয়া বড় সুখী গৌররায়', আর 'সে কারণে তিনি তারে চালেন সদায়'। তাই দুষ্ট-হাসি হাসিয়া প্রভু বলিলেন,—

"বৈদ্য তুমি উহা কেনে পড়। লতাপাতা লৈয়া গিয়া রোগী কর দড়॥
ব্যাকরণ শাস্ত্র এই বিষম অবধি। কফ পিত্ত অজীর্ণ ব্যবস্থা নাহি ইথি॥
মনে মনে চিন্ত তুমি কে বুঝিবে ইহা। ঘরে যাহ তুমি রোগী দৃঢ় কর গিয়া॥"

মুরারি চিকিৎসা-ব্যবসা করেন, সেই কথা উল্লেখ করিয়া নিমাই-পণ্ডিত তাঁহার অন্তরে আঘাত করিবার চেষ্টা করিলেন, কতকটা কৃতকার্য্যও হইলেন। আঁতে ঘা খাইয়া মুরারি আর চুপ করিয়া থাকিতে পারিলেন না, পুথির উপর দৃষ্টি রাখিয়া ধীরে ধীরে বলিলেন,—"বড় ত ঠাকুর, সবাকেই চাল্‌তে চাও, এত গর্ব্ব কিসের? নিজে সূত্রবৃত্তি, পাঞ্জি, টীকা, কত হেন কর। এই ত বিদ্যার দৌড়!" তার পর বলিলেন,—"কোন কিছু জিজ্ঞাসা না করেই ত যখন-তখন বল—'কি জানিস্ তুঞি'? আচ্ছা বলত, আমার কাছে কোন্ কথার জবাব পাও নি? তুমি বামুনের ছেলে, কি আর বল্‌বো! নচেৎ দেখায়ে দিতাম।"

নিমাইপণ্ডিতের মনস্কামনা পূর্ণ হইল। মুরারি আর আত্মরক্ষা করিতে পারিলেন না, শেষে গোরাচাঁদের ফাঁদে পড়িয়া গেলেন।

মুরারির কথা শুনিয়াই নিমাই বলিলেন,—"বেশ ত, আজ যাহা পড়িলে তাহাই ব্যাখ্যা কর দেখি?" মুরারি তৎক্ষণাৎ ব্যাখ্যা করিতে সুরু করিলেন। প্রথমে অগ্রাহ্যভাবে ব্যাখ্যা করিতেছিলেন, কিন্তু নিমাই-পণ্ডিত যখন তাঁহার ব্যাখ্যার ভুল ধরিতে লাগিলেন, তখন বুঝিলেন—বালক হইলেও নিমাইয়ের পাণ্ডিত্য অগাধ। তখন নিজের মর্য্যাদা রক্ষা করিবার জন্য তিনি প্রাণপণে চেষ্টা করিতে লাগিলেন। এইরূপে—

"গুপ্ত বলে এক অর্থ, প্রভু বলে আর।
প্রভু ভৃত্য কেহ কারে নারে জিনিবার॥"

প্রভুর কৃপায় মুরারি তখন পরমপণ্ডিত বলিয়া খ্যাতিলাভ করিয়াছেন। তাঁহার ব্যাখ্যা শুনিয়া প্রভু বিশেষ সন্তুষ্ট হইয়া তাঁহার অঙ্গে পদ্মহস্ত বুলাইলেন। প্রভুর স্পর্শ পাইয়া মুরারির সর্ব্বাঙ্গ পুলকে ভরিয়া গেল, আর সেই সঙ্গে তাঁহার জিগীষা-বৃত্তিও লোপ পাইল। তিনি ভাবিতে লাগিলেন,—"এরূপ পাণ্ডিত্য কি মানুষে সম্ভবে! বিশেষতঃ যাঁহার স্পর্শে দেহ এরূপ পুলকিত হয়, তিনি কখনই সাধারণ মনুষ্য নহেন। তখন সেই পঞ্চমবর্ষীয় বালকের কথা তাঁহার স্মরণ-পথে পতিত হইল, তিনি বুঝিলেন,—এই নিমাইপণ্ডিত কে। ইহাতে ভক্তিভরে তাঁহার মস্তক অবনত হইয়া আসিল, ইচ্ছা হইল শ্রীপ্রভুর পদতলে লুটাইয়া পড়েন। কিন্তু তখনও তাঁহার মন সম্পূর্ণ নির্ম্মল হয় নাই, তাই ছাত্রদিগের সম্মুখে আপনাকে হাস্যাস্পদ করিতে কুণ্ঠা বোধ করিলেন। কাজেই আপনাকে সামলাইয়া লইয়া বলিলেন,—এখন হতে—"চিন্তিব তোমার স্থানে শুন বিশ্বম্ভর।" নিজ দাসের সহিত এইরূপ রসরঙ্গ করিয়া নিমাইপণ্ডিত শিষ্যগণ সহ গঙ্গাস্নান করিতে চলিয়া গেলেন।

* * *

মহাপ্রকাশের দিন শ্রীগৌরাঙ্গসুন্দর ভগবান্‌-ভাবে শ্রীবাসের গৃহে গেলেন। সেখানে শ্রীবাসের পরিজন দ্বারা আপনার অভিষেক করাইয়া

বিষ্ণুখট্টায় বসিলেন। দেখিতে দেখিতে ভক্তগণের সমাগম হইল। তখন নিত্যানন্দ ছত্র ধরিয়াছেন, নরহরি চামর ঢুলাইতেছেন, গদাধর তাম্বূল যোগাইতেছেন, আর অদ্বৈতাদি ভক্তগণ নানাবিধ সেবায় নিযুক্ত আছেন। এমন সময় মুরারির ডাক পড়িল।

মুরারির তখন পুনর্জ্জন্ম হইয়াছে। তিনি মহাপ্রভুর চরণে সম্পূর্ণভাবে আত্মসমর্পন করিয়াছেন। তাঁহার গর্ব্ব অহঙ্কার জিগীষাবৃত্তি সমস্তই ভস্মীভূত হইয়াছে, তিনি দৈন্যের খনি হইয়াছেন। মহাপ্রভুর মহাপ্রকাশ হইয়াছে শুনিয়া তিনি ভয়ে তাঁহার কাছে আসিতে পারিতেছেন না। কিন্তু স্বয়ং শ্রীভগবান্ যখন ডাকিতেছেন, তখন আর উপায় কি? কাজেই তাঁহার আসিতে হইল,—একরূপ ধরাধরি করিয়া তাঁহাকে আনিতে হইল। তিনি আসিয়া বিষ্ণুখট্টার সম্মুখে দীঘল হইয়া পড়িলেন।

প্রভু জানেন মুরারি তখনও অধ্যাত্মচর্চ্চা একেবারে ছাড়িতে পারেন নাই। তাই বলিলেন,—"মুরারি, জ্ঞানচর্চ্চা ছাড়িয়া দাও।" মুরারি মুখ না তুলিয়াই বলিলেন,—"প্রভু, জ্ঞানচর্চ্চা কাহার কাছে করিব?" শ্রীগৌরাঙ্গ ইঙ্গিত করিয়া কহিলেন,—"কেন, অদ্বৈত ত আছেন?" অদ্বৈতের প্রতি কটাক্ষ করায় তিনি জিজ্ঞাসা করিলেন,—"ঠাকুর, অধ্যাত্মচর্চ্চায় দোষ কি?" শ্রীভগবান্ বলিলেন,—"দোষ আর কিছুই না, কেবল জ্ঞানচর্চ্চায় আমাকে পাওয়া যায় না।" অদ্বৈত আর উত্তর করিতে পারিলেন না।

তখন শ্রীগৌরাঙ্গ বলিতেছেন,—"মুরারি, তুমি শ্রীরামচন্দ্রের উপাসক, হনুমানের অবতার, তুমি অধ্যাত্মচর্চ্চা কর, এ বড় অন্যায়।" তার পর বলিলেন,—"এখন মুখ তুলিয়া আমার দিকে চাও।"

মুরারি মাথা তুলিয়া বিষ্ণুখট্টার দিকে চাহিলেন, কিন্তু সেখানে যাঁহাকে দেখিবেন আশা করিয়াছিলেন তাঁহাকে (অর্থাৎ শ্রীগৌরাঙ্গকে)

দেখিতে পাইলেন না, তৎপরিবর্ত্তে যে দৃশ্য তাঁহার দৃষ্টিগোচরে পতিত হইল, তাহা তিনি দেখিবেন বলিয়া কখনও ভাবেন নাই। তিনি দেখিতেছেন,—নবদুর্ব্বাদলশ্যাম শ্রীরামচন্দ্র ধনুর্ব্বাণ ধারণ করিয়া বীরাসনে বিষ্ণুখট্টায় বসিয়া আছেন। তাঁহার বামে জনকনন্দিনী সীতা বিরাজিতা। লক্ষ্মণ ছত্র ধরিয়াছেন, ভরত ও শত্রুঘ্ন চামর ঢুলাইতেছেন, আর চারিদিকে বানরগণ স্তুতিপাঠ করিতেছেন। মুরারি এই দৃশ্য দেখিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন।

তখন বিষ্ণুখট্টায় উপবিষ্ট শ্রীভগবান্, শ্রীরামলীলায় শ্রীহনুমন্তের বীরত্বকাহিনী বর্ণনা করিতে লাগিলেন। ক্রমে মুরারির চৈতন্য-সম্পাদন করা হইল। তখন তিনি হৃদয় উঘাড়িয়া অতি করুণস্বরে ক্রন্দন করিতে লাগিলেন। মুরারির ভাগ্য দেখিয়া ভক্তমণ্ডলীর হৃদয়ও কারুণ্যরসে ভরিয়া গেল।

শ্রীপ্রভু তখন বলিলেন,—"মুরারি, আমি তোমাকে বর দিব, কি বর চাও বল?" এই কথা শুনিয়া মুরারি বলিলেন,—

"প্রভু, আর নাহি চাঙ। হেন কর প্রভু যেন তোর গুণ গাঙ॥
যে তে ঠাঞি প্রভু কেনে জন্ম নহে মোর। তথাই তথাই যেন স্মৃতি হয় তোর॥
জন্ম জন্ম তোমার যে সব প্রভু দাস। তা সবার সঙ্গে যেন হয় মোর বাস॥
তুমি প্রভু মুঞি দাস ইহা নাহি যথা। হেন সত্য কর প্রভু না ফেলিবে তথা॥
সপার্ষদ তুমি যথা কর অবতার। তথাই তথাই দাস হইব তোমার॥"

মুরারির প্রার্থনা শুনিয়া প্রভুর পদ্মপলাশলোচন সজল হইয়া উঠিল। তিনি আবেগভরে বলিলেন,—"তথাস্তু"। অমনি চারিদিগ হইতে ভক্তগণ উল্লাসভরে "জয় জয়" ধ্বনি দিতে লাগিলেন।

একদিন শ্রীগৌরাঙ্গ মুরারিকে বলিলেন,—"তোমার রচিত শ্রীরঘুনাথাষ্টক' শ্লোক পাঠ কর।" মুরারি ভক্তিগদগদভাবে শ্লোকগুলি

পড়িলেন। ইহা শুনিয়া প্রভু অত্যন্ত সন্তুষ্ট হইলেন এবং তাঁহার কপালে "রামদাস" নাম লিখিয়া দিলেন। তারপর তাঁহাকে হৃদয়ে ধারণ করিয়া গাঢ় আলিঙ্গন করিলেন। শ্রীপ্রভুর আলিঙ্গন পাইয়া মুরারি আনন্দে ডগমগ হইতে লাগিলেন এবং আপন মনে হাসিতে হাসিতে বাড়ী আসিলেন। আসিয়াই সহাস্তবদনে স্ত্রীকে বলিতেছেন,—"ওগো শীঘ্র ভাত দাও।" পতিপ্রাণা সতী পতির ভাব দেখিয়াই বুঝিতে পারিলেন তিনি কোন রসে বিভোর হইয়া আছেন। কাজেই স্বামীর আনন্দ দেখিয়া তিনিও আনন্দিত হইলেন। তারপর বিবিধ ব্যঞ্জনসহ এক থালা অন্ন আনিয়া স্বামীর সম্মুখে ধরিয়া দিলেন। মুরারি প্রফুল্লমনে আহার করিতে বসিয়া ঘৃত দিয়া অন্ন মাখিলেন এবং গ্রাস তুলিয়া "খাও" "খাও" বলিয়া কোন অদৃশ্য ব্যক্তির বদনে দিতে লাগিলেন, কিন্তু প্রকৃতপক্ষে সেই অন্নের গ্রাসগুলি ভূতলে পড়িতে লাগিল। এইরূপে ক্রমে থালা অন্নশূন্য হইল। তখন গুপ্ত-গৃহিণী পুনরায় অন্নব্যঞ্জন আনিয়া যত্ন করিয়া স্বামীকে ভোজন করাইলেন।

পরদিবস অতি প্রত্যূষে শ্রীপ্রভু মুরারির গৃহে আসিয়া উপস্থিত। তাঁহাকে দেখিয়াই মুরারির সর্ব্বাঙ্গ দিয়া একটা আনন্দলহরী খেলিয়া গেল। তিনি দণ্ডবৎ করিয়া বসিতে আসন দিলেন। প্রভু আসনে উপবেশন করিয়া বলিলেন,—"মুরারি, কিছু ঔষধ দাও।" মুরারি ব্যস্ত হইয়া জিজ্ঞাসা করিলেন,—"কিসের ঔষধ? কি হয়েছে?" প্রভু—"অজীর্ণের।" মুরারি—"অজীর্ণ কিসে হ'ল?" প্রভু—"তুমি জান না, কেন হ'ল? কাল ও কি করলে? অত রাত্রে গ্রাসে গ্রাসে ঘৃতমাখা অন্ন মুখে তুলে দিলে। তোমার অন্ন কি আমি ফেলতে পারি?"

এই সকল কথা মুরারি কিছু বুঝিতে পারিলেন না। গত রাত্রে বিহ্বল অবস্থায় কি করেছেন তা তাঁহার আদপে স্মরণ নাই, চেষ্টা

করিয়াও মনে আনিতে পারিলেন না। তাঁহার মুখের ভাব দেখিয়া প্রভু বলিলেন,—"তুই জানিস্ না, তোর স্ত্রী জানে, তা'কে জিজ্ঞাসা কর্। দেখ্, তোর্ আর কোন ঔষধ দিতে হবে না, তোর্ জলই ইহার ঔষধ।' ইহাই বলিয়া, মুরারি নিষেধ করিবার পূর্ব্বেই, তাঁহার জলপাত্র হইতে প্রভু ঢোকে ঢোকে জল পান করিলেন।

পূর্ব্বে বলিয়াছি শ্রীমুরারি গুপ্ত ছিলেন শ্রীরামচন্দ্রের উপাসক। সেইজন্য তাঁহাকে শ্রীহনুমন্তের অবতার বলা হইত। যথা বৈষ্ণব বন্দনায়—

"বন্দিব মুরারি গুপ্ত ভক্তিশক্তিমন্ত। পূর্ব্ব অবতারে যাঁর নাম হনুমন্ত॥"

মুরারির দেহে হনুমানের আবেশ প্রায় হইত এবং তখন তাঁহার শরীরে অসুরের ন্যায় বল হইত। জগাই-মাধাই যে সময় নবদ্বীপের একরূপ সর্ব্বেসর্ব্বা ছিলেন, তখন তাহাদের মনে এই গর্ব্ব ছিল যে, নবদ্বীপে তাহাদের ন্যায় বলবান্ আর কেহই নাই। কিন্তু যে দিন শ্রীগৌরাঙ্গ তাহাদিগকে উদ্ধার করিলেন সেই দিন শ্রীপ্রভুর আদেশে মুরারি এই ভ্রাতৃদ্বয়কে দুই কোলে করিয়া অবলীলাক্রমে প্রভুর প্রাঙ্গনে আনিয়া হাজির করিলেন।

মুরারির দেহে গরুড়ের আবেশও কখন কখন হইত। একদিন মহাপ্রভু শ্রীবাসের বাড়ীতে উপস্থিত হইয়া বিষ্ণুর আবেশে "গরুড়" "গরুড়" বলিয়া ডাকিতে লাগিলেন। মুরারি তখন নিজের বাড়ীতে ছিলেন। প্রভুর আহ্বানে তাঁহার গরুড়-আবেশ হইল। তিনি "এই যে আমি" বলিয়া চীৎকার করিতে করিতে ঊর্দ্ধশ্বাসে শ্রীবাসের গৃহপানে ছুটিলেন। পথের লোকে তাঁহার অবস্থা দেখিয়া বিস্মিত হইল; ভাবিল নিশ্চয় তাঁহার মাথা খারাপ হইয়াছে। কিন্তু মুরারি তখন একরূপ বাহ্যজ্ঞান শূন্য,—কে কি বলিতেছে সে দিকে তাঁহার আদপে লক্ষ্য নাই।

শ্রীবাসের আঙ্গিনায় উপস্থিত হইয়াই তিনি প্রভুকে বলিলেন,—"কেন দাসকে স্মরণ করেছেন? কোথায় লয়ে যেতে হবে আজ্ঞা করুন?" ইহাই বলিয়া শ্রীগৌরাঙ্গের সেই চারিহস্ত পরিমিত প্রকাণ্ড দেহ অক্লেশে স্কন্ধে করিয়া শ্রীবাসের আঙ্গিনায় দৌড়িয়া বেড়াইতে লাগিলেন।

একদিন শ্রীবাসের বাড়ীতে বরাহ-অবতারের একটি শ্লোক শুনিয়া শ্রীগৌরাঙ্গ গর্জ্জন করিতে করিতে দ্রুতপদে মুরারির বাড়ী গমন করিলেন। মুরারি তখন বাড়ীতে ছিলেন, কিন্তু তাঁহাকে লক্ষ্য না করিয়া শ্রীপ্রভু একেবারে ঠাকুরঘরে প্রবেশ করিলেন। তাঁহার ভাবগতিক দেখিয়া মুরারি দেবগৃহের দ্বারদেশে যাইয়া দাঁড়াইলেন। শ্রীনিমাই ঘর হইতে বলিতে লাগিলেন,—"ইনি কে? এ যে প্রকাণ্ড বরাহ! ইনি যে বড় বলবান্ দেখ্‌ছি! ইনি যে বিশাল দন্তদ্বারা আমাকে মর্ম্মস্পর্শি বেদনা দিতেছেন!" ইহাই বলিয়া প্রভু পশ্চাতে হটিতে লাগিলেন। মুরারি দেখিলেন, হঠাৎ তিনি বরাহ ভাব অঙ্গীকার করিয়া, ভূমিতে হস্ত ও জানু পাতিয়া, লোচনযুগল ঘুরাইয়া ইতিউতি চাহিতেছেন। তৎপরে সম্মুখস্থ পিত্তলের জলপাত্র দন্তের দ্বারা তুলিয়া দূরে নিক্ষেপ করিলেন।

মুরারি দেখিতেছেন,—ঠিক যেন নর-বরাহ। তিনি মুরারিকে লক্ষ্য করিয়া বলিলেন,—"আমার স্বাভাবিক রূপ বর্ণনা কর।" মুরারি ভয়ে জড়বৎ হইয়া ভূতলে পতিত হইলেন এবং বারম্বার দণ্ডবৎ করিতে লাগিলেন। শেষে বলিলেন,—"আমি ক্ষুদ্র জীব, তোমার স্বরূপ বর্ণন করিবার সামর্থ্য আমার নাই।" ইহাই বলিয়া ক্রন্দন করিতে লাগিলেন।

তখন নর-বরাহ বলিলেন,—"এখন আমি যাই।" ইহাই বলিয়া শ্রীপ্রভু মূর্চ্ছিত হইয়া পড়িলেন। মুরারির সন্তর্পণে তিনি চেতন পাইলেন। তখন সহজভাবে বলিলেন,—"আমি শ্রীবাসের গৃহে

শ্রীবরাহ-অবতারের স্তব শুনিতেছিলাম, এখানে কি করিয়া আসিলাম ?" মুরারি আর কি উত্তর দিবেন, চুপ করিয়া রহিলেন।

একদিন মহাপ্রভু মুরারিকে লইয়া বিরলে বসিলেন। তারপর বলিলেন,—"দেখ মুরারি, তুমি রঘুনাথের উপাসক, তাঁহাকে দাস্যভাবে ভজনা করিয়া থাক। ইহা অপেক্ষা মধুরভাবের ভজনা অনেক শ্রেষ্ঠ। এই মধুরভাব তুমি আস্বাদন কর নাই। মধুরভাবের একমাত্র উপাস্য ব্রজেন্দ্রকুমার শ্রীকৃষ্ণ। তৎযথা—

"স্বয়ং ভগবান্ কৃষ্ণ সর্ব্বাংশী সর্ব্বাশ্রয়। বিশুদ্ধ নির্ম্মল প্রেম সর্ব্বরসময়॥
বিদগ্ধ চতুর ধীর রসিকশেখর। সকল সদ্‌গুণবৃন্দরত্ন-রত্নাকর॥
মধুর-চরিত্র কৃষ্ণের মধুর-বিলাস। চাতুর্য্যে বৈদগ্ধে করে যেঁহো লীলারাস॥"

সেই কৃষ্ণের আশ্রয় গ্রহণ করিয়া তাঁহার ভজনা কর। শ্রীকৃষ্ণের উপাসনা ভিন্ন মধুররসের আস্বাদন কেহই করিতে পারে না।" এই প্রকারে শ্রীপ্রভুর নিকট মধুররসের ভজনের শ্রেষ্ঠতা সম্বন্ধে নানা কথা শুনিয়া মুরারির মন ফিরিয়া গেল। তিনি বলিলেন,—"প্রভু, আমি তোমার দাস, তোমার আজ্ঞাবহ ; তুমি যাহা আদেশ করিবে প্রাণ দিয়াও তাহা পালন করিব।"

মুরারি এই কথা চিন্তা করিতে করিতে স্বগৃহে গমন করিলেন। রাত্রিতে নিদ্রা হইল না, মনের মধ্যে এই এক কথাই তোলপাড় করিতে লাগিল। তাঁহার উপাস্য-দেবতা রঘুনাথকে ত্যাগ করিতে হইবে, ইহা ভাবিতেই তাঁহাকে অস্থির করিয়া তুলিল। শেষে রঘুনাথকে উদ্দেশ করিয়া কাতরকণ্ঠে বলিলেন,—"হে রামচন্দ্র, কি করিয়া তোমার শীতল চরণ ত্যাগ করিব ? তার চেয়ে এখনই আমার মৃত্যু হউক।" এই ভাবে সারারাত্র বিলাপ করিয়া কাটাইলেন। অতি প্রত্যুষে উঠিয়া প্রভুর গৃহে গমন করিলেন। শ্রীগৌরাঙ্গ তখনও শয্যাত্যাগ করেন নাই,

অগ্রেই তাঁহার দর্শনের আশায় অপেক্ষা করিতে লাগিলেন; এবং প্রভু বহির্বাটিতে আসিবামাত্র তাঁহার শীতলচরণে পড়িয়া কান্দিতে কান্দিতে এই নিবেদন করিলেন,—

"রঘুনাথ-পায়ে মুঞি বেচিয়াছোঁ মাথা। ছাড়িতে না পারোঁ রাম পাঙ বড় ব্যথা॥
শ্রীরঘুনাথ-চরণ ছাড়ান না যায়। তোমা আজ্ঞাভঙ্গ হয় কি করোঁ উপায়॥
তাতে মোরে এই কৃপা কর দয়াময়। তোমা আগে মৃত্যু হউ যাউক সংশয়॥"

মুরারির মুখে এই কথা শুনিয়া প্রভু মনে বড় সুখ পাইলেন। তাঁহার কমললোচন জলে ভরিয়া গেল। তিনি মুরারিকে উঠাইয়া গাঢ় আলিঙ্গন করিলেন। তারপর বলিলেন,—"সাধু মুরারি, তুমিই ধন্য! তোমার ন্যায় ভক্ত জগতে বিরল। তোমার ভজনই প্রকৃত সুদৃঢ়; এমন কি, আমার কথাতেও তোমার মন কিছুমাত্র টলিল না। উপাস্য ঠাকুরের প্রতি সেবকের এইরূপ প্রীতি থাকাই একান্ত বাঞ্ছনীয়। স্বয়ং প্রভুও যদি পদ ছাড়াইয়া লইতে চাহেন, তবুও প্রকৃত সেবক তাহা ছাড়িতে পারেন না। তোমার ইষ্টদেবের প্রতি তোমার ভক্তি ও শ্রদ্ধা কতদূর দৃঢ়, তাহাই জগতকে জানাইবার জন্য, আমি রঘুনাথকে ছাড়িতে বারম্বার তোমাকে অনুরোধ করিয়াছি ও লোভ দেখাইয়াছি। কিন্তু তুমি শ্রীরাম-কিঙ্কর, সাক্ষাৎ হনুমান্, তোমাকে লইয়াই তাঁহার বড়াই। তুমি ছাড়িলে তাঁহার থাকিবে কি? যাহা-হউক আমার উদ্দেশ্য সুসিদ্ধ হইয়াছে, তুমি শ্রীরামচন্দ্রের কিরূপ একনিষ্ঠ ভক্ত তাহার প্রমাণ জগত দেখিয়াছে। এখন আমার কথা শুন, রঘুনাথকে তোমার ছাড়িতে হইবে না, তাঁহাকে যেরূপ ভাবে ভজনা করিয়া আসিয়াছ সেই ভাবে এখনও করিবে। আর তোমার একনিষ্ঠ ভক্তির পুরস্কার স্বরূপ আমার বরে তোমার হৃদয়ে ব্রজের মধুর রস স্ফুরিত হইবে।"

শ্রীপ্রভুর কৃপায় মুরারি মধুর রস আস্বাদন করিবার উপযোগী কতটা হইয়াছিলেন, তাহা তাঁহার রচিত পদাবলী পাঠ করিলেই বুঝিতে পারা যাইবে। কয়েকটি পদ প্রকাশিত হইল ; তদ্‌যথা—

ধানশী।

একদিন মনে আনন্দ বাঢ়ল নিতাই-গৌররায়।
হাসিতে হাসিতে, কেহ নাহি সাথে, বাজারে চলিয়া যায়॥
পথে হৈল দেখা, রূপ নাহি লেখা, দিঠি ফেলাইল গোরা-গায়।
এ হেন সময়ে, যতেক নাগরী, জল ভরিবারে যায়॥
কেহ বলে ইথে, গোকুল হইতে, নাটুয়া আসিয়াছে পারা।
চল দেখিবারে, নাচিবে বাজারে, মরুক্‌ মরুক্‌ জল-ভরা॥
বাহে বাহে ছান্দা, জাহ্নবী সুকান্দা, ভরিল যতেক নারী।
হেরি গোরা পানে, ভরিল নয়ানে, কহয়ে দাস মুরারি॥

পঠমঞ্জরী।

গদাধর অঙ্গে পঁহু অঙ্গ হেলাইয়া।
বৃন্দাবন-গুণ গান বিভোর হইয়া॥
ক্ষণে হাসে ক্ষণে কাঁদে বাহ্য নাহি জানে।
রাধার ভাবে আকুল প্রাণ গকুল পড়ে মনে॥
অনন্ত অনঙ্গ-জিনি দেহের বলনি।
কত কোটি চাঁদ কাঁদে হেরি মুখ-খানি॥
ত্রিভুবন দরবিত এ-দোঁহার রসে।
না জানি মুরারিগুপ্ত বঞ্চিত কোন্ দোষে॥

সুহই।

সখি হে ফিরিয়া আপন ঘরে যাও।
জিয়স্তে মরিয়া যেই, আপনারে খাইয়াছে,
তারে তুমি কি আর বুঝাও ॥ ধ্রু ॥
নয়ান-পুতলি করি, লইনু মোহন-রূপ,
হিয়ার মাঝারে করি প্রাণ।
পীরিতি-আগুন জ্বালি, সকলি পুড়াইয়াছি,
জাতি-কুল-শীল-অভিমান ॥
না-জানিয়া মূঢ়-লোকে, কি-জানি কি-বলে মোকে,
না-করিয়া শ্রবণ-গোচরে।
স্রোত-বিথার জলে, এ-তনুটি ভাসায়েছি,
কি করিবে কুলের কুকুরে ॥
খাইতে শুইতে রইতে, আন নাহি লয় চিতে,
বন্ধু বিনা আর নাহি ভায়।
মুরারি গুপতে কয়, পীরিতি এ-মতি হয়,
তার গুণ তিন-লোকে গায় ॥

সুহই।

সখি হে কেন গোরা নিঠুরাই মোহে।
জগতে করিল দয়া, দিয়া সেই পদ-ছায়া,
বঞ্চিল এ অভাগিরে কাহে ॥ ধ্রু ॥
গৌরপ্রেমে সঁপি প্রাণ, জিউ করে আনচান,
স্থির হৈয়া রইতে নারি ঘরে।

আগে যদি জানিতাম, পীরিতি না করিতাম,
যাচিঞা না দিতু প্রাণ পরে ॥
আমি ঝুরি যার তরে, সে যদি না চায় ফিরে,
এমন পীরিতে কিবা সুখ।
চাতক সলিল চাহে, বজর ক্ষেপিলে তাহে,
খায় ফাটি যায় কিনা বুক ॥
মুরারি গুপত কয় পীরিতি সহজ নয়
বিশেষে গৌরাঙ্গ-প্রেমের জ্বালা ॥
কুল মান সব ছাড়, চরণ আশ্রয় কর,
তবে সে পাইবা শচীর বালা ॥

শ্রীগৌরচন্দ্রের প্রকাশের সঙ্গে সঙ্গে নদীয়ায় আনন্দের ঢেউ উঠিল। নিত্যই নব-নব আনন্দের প্রস্রবণ ছুটিতে লাগিল। এই আনন্দ উপভোগ করিয়া, সুখের সাগরে সাঁতার দিয়া, ভক্তরা আত্মহারা হইয়া গেলেন। এই সময় এক দিন মুরারির মনে হইল—এ সুখ কতদিন থাকিবে? প্রভুর দর্শনে, স্পর্শনে, সুমধুর বাক্য শ্রবণে, মনের ময়লা মাটি মুছিয়া গিয়াছে। কিন্তু চিরদিন কি এইভাবে যাইবে? প্রভু আমার আর কতকাল এই মলিন জগতে থাকিবেন! ভুবনমোহন ভুবন আন্ধার করিয়া চলিয়া গেলে তখন কি হইবে! তাঁহার বিরহ-বেদনা কি করিয়া সহ্য করিব! এই সকল কথা ভাবিতে ভাবিতে মুরারির হৃদয় কাঁপিয়া উঠিল। তিনি মনে মনে বলিলেন,—তাঁহার অদর্শনের অগ্রেই ত চলিয়া যাওয়া ভাল! সেখানে যাইয়া তাঁহার প্রতীক্ষায় থাকিব। তাঁহার আশায় পথ পানে চাহিয়া থাকিলে বিরহ-বেদনা সেরূপ কষ্টকর হইবে না। ইহাই স্থির করিয়া একখানি ধারালো ছুরী প্রস্তুত করাইলেন এবং ঘরের এক কোণে লুকাইয়া রাখিলেন। ইচ্ছা রহিল,

শ্রীপ্রভুর ভুবনমোহন রূপ একবার প্রাণ ভরিয়া দেখিয়া, তাঁহার শ্রীমুখের মধুর কথা ভাল করিয়া শুনিয়া, তাঁহার শ্রীপাদপদ্মে মনে মনে বিদায় লইয়া, নিস্তব্ধ নির্জ্জন নিশিতে গলায় ছুরী বসাইয়া নিত্যধামে চলিয়া যাইবেন।

শ্রীমুরারি গোপনে এইরূপ স্থির করিয়া বসিয়া আছেন, এমন সময় শ্রীগৌরাঙ্গ আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়াই মুরারি যুগপৎ আনন্দে ও আতঙ্কে অভিভূত হইলেন। শ্রীপ্রভুকে লুকাইয়া এমন একটা গর্হিত কাজ করিতে যাইতেছেন, ইহা মনে হইবামাত্র তাঁহার হৃদয় কাঁপিয়া উঠিল। তিনি তৎক্ষণাৎ আপনাকে সামলাইয়া লইলেন এবং শ্রীপ্রভুর শীতল চরণতলে পড়িয়া দণ্ডবৎ করিলেন এবং তাঁহাকে বসিতে আসন দিলেন।

দুই এক কথার পর শ্রীগৌরাঙ্গ অতি কোমল-মধুর স্বরে বলিলেন,—"ভাই, আমার একটা কথা রাখবে?"

মুরারি। (তটস্থ হইয়া) কি বল্‌ছ? তোমার কথা রাখ্‌ব না? এ দেহ মন সবই ত তোমার।

প্রভু। এই কথা তবে ঠিক?

মুরারি। নিশ্চয়।

তখন প্রভুর বদন গম্ভীর হইল। তিনি মুরারিকে আপনার কাছে আনিয়া বসাইলেন এবং তাঁহার দেহে পদ্মহস্ত দিয়া কাণে কাণে বলিলেন, —"ছুরী খানা আমাকে আনিয়া দাও।"

প্রভুকে প্রথমে দেখিয়াই যদিও মুরারির বুক কাঁপিয়া উঠিয়াছিল, কিন্তু এ কথা তাঁহার আদপে বিশ্বাস হয় নাই যে, প্রভু তাঁহার মনের কথা জানিতে পারিয়াছেন। সুতরাং প্রভু যখন তাঁহার গুপ্ত কার্য্য ব্যক্ত করিলেন, তখন মুরারি একেবারে দিশাহারা হইয়া গেলেন, কি উত্তর

দিবেন তাহা ভাবিবার অবসর পর্য্যন্ত পাইলেন না। তখন একবারও তাঁহার মনে হইল না যে, যাঁহাকে স্বয়ং শ্রীভগবান্ বলিয়া বিশ্বাস করেন, তাঁহার পক্ষে জীবের মনের ভাব অবগত হওয়া কিছুমাত্র অসম্ভব নহে। কাজেই তখন আপনার দোষ ঢাকিবার জন্য সম্পূর্ণ মিথ্যা কথা বলিয়া ফেলিলেন। একটু যেন আশ্চর্য্যান্বিত হইয়া বলিতেছেন,—"সে কি প্রভু, কে তোমাকে এ-কথা বলিল? আমি ত ছুরীর কথা কিছুই জানি নে!"

প্রভু।—আমাকে আবার বলবে কে? আমি সব সংবাদই রাখি। ছুরী কোথায় তৈয়ার হয়েছে তা জানি, কি জন্য তৈয়ার করেছ তা জানি, কোথায় রেখেছ তাও জানি।"

ইহা বলিয়াই প্রভু উঠিয়া ঘরের মধ্যে গেলেন এবং ছুরী খানি আনিয়া মুরারির সম্মুখে রাখিলেন। তারপর আবেগভরে বলিলেন,—"মুরারি! তোমার এই কাজ?

মুরারির মুখ দিয়া আর কথা সরিল না, তিনি অধোবদনে বসিয়া রহিলেন।

তখন প্রভু সজলনয়নে বলিতে লাগিলেন,—"আচ্ছা মুরারি! আমি তোমার কাছে কি অপরাধ করেছি যে তুমি আমাকে ফেলে যেতে চাও?"

মুরারি আর কি বলিবেন, তিনি অঝোর-নয়নে ঝুরিতে লাগিলেন। তাঁহার সেই ভাব দেখিয়া প্রভু মুরারিকে টানিয়া আনিয়া আপন কোলে বসাইলেন এবং তাঁহার গায়ে কমল-কর বুলাইতে লাগিলেন। একটু পরে কোমল-স্বরে বলিলেন,—"মুরারি, কে তোমাকে এই বুদ্ধি দিয়াছে? আমার বিরহ সহ্য করতে পারবে না বলে তুমি এই ভয়ঙ্কর কাজ করতে-ছিলে, আর তোমার বিরহ আমি কি করে সহিব তাহা একবারও ভাবলে না? মুরারি! এই তোমার অহৈতুক প্রীতি?"

তখন মনের আবেগে উভয়েরই নয়ন দিয়া দরদরিত ধারায় অশ্রুবর্ষণ

হইতে লাগিল। একটু পরে আপনাকে সামলাইয়া প্রভু বলিলেন,—"আমাকে একটি ভিক্ষা দিতে হবে। বল, তুমি আমাকে ছেড়ে কোথায়ও যাবে না?" মুরারি তখন আত্ম-গ্লানিতে অস্থির হইয়া পড়িয়াছেন, মুখ দিয়া কথা বাহির হইতেছে না। কিন্তু প্রভুও ছাড়িতেছেন না। তিনি আবার বলিলেন,—"বল মুরারি বল, তুমি আমাকে ছাড়িয়া যাইবে না?" মুরারি অনেক কষ্টে রুদ্ধকণ্ঠে বলিলেন—"না"।

কিন্তু সেই "না" কথায় প্রভুর তৃপ্তি হইল না। তিনি মুরারির দক্ষিণ হস্তখানি লইয়া আপনার মাথার উপর রাখিলেন, রাখিয়া আবেগ-ভরে গদগদস্বরে বলিলেন,—"মুরারি, আমার মাথার দিব্য, বল যে এমন কাজ আর কর্‌বে না।"

নিমাই বলিতেছেন, আর মুরারি ফোঁপাইয়া ফোঁপাইয়া কাঁদিতেছেন। মুরারির স্ত্রী দোরের আড়ালে দাঁড়াইয়া সমস্ত কথা শুনিলেন। শেষে স্বামীর ক্রন্দনের শব্দ শুনিয়া নিজেও কাঁদিতে লাগিলেন। তাঁহাদের প্রতি প্রভুর যে কি অসীম করুণা তাহা বুঝিতে পারিয়া তিনি আত্মহারা হইয়া গেলেন,—মনে মনে প্রভুকে কোটি কোটি প্রণাম করিতে লাগিলেন।

মুরারি তখন অনেকটা প্রকৃতিস্থ হইয়াছেন। প্রভুর কোলে বসিয়া থাকা অপরাধের কাজ ভাবিয়া তাড়াতাড়ি কোল হইতে নামিলেন ও প্রভুর শীতল চরণে শরণ লইলেন; তারপর আবেগভরে রুদ্ধকণ্ঠে বলিলেন,—"প্রভু, তোমাকে ছেড়ে কোথায় যা'ব? পাছে তুমি ফেলিয়া যাও, তাই ভেবে পাগল হয়েছিলাম। প্রভু, আমাকে ক্ষমা কর।" ইহাই বলিয়া মনপ্রাণ উঘাড়িয়া কাঁদিতে লাগিলেন।

* * *

প্রভু সন্ন্যাস গ্রহণ করিয়া তিন দিন তিন রাত্র অনাহারে, অনিদ্রায়, আদপে বিশ্রাম না করিয়া, রাঢ়দেশে ঘুরিয়া বেড়াইয়াছেন। নিত্যানন্দ

কৌশল করিয়া তাঁহাকে শান্তিপুরে অদ্বৈতাচার্য্যের আলয়ে আনিয়া হাজির করিলেন এবং নিজে নদেবাসীদের আনিবার জন্য নবদ্বীপে যাত্রা করিলেন। মুরারি তখন নবদ্বীপে ছিলেন। নিত্যানন্দের সহিত যখন শচীমাতার সাক্ষাৎ হইল, তখন তিনি প্রভুর বাড়ীতে উপস্থিত। এই ঘটনাটি তিনি কবিতায় এইভাবে বর্ণনা করিয়াছেন—

ধানশী

প্রেমাবেশে প্রভুরে রাখিয়া শান্তিপুরে।
নিত্যানন্দ আইলেন নদীয়া-নগরে॥
ভাবিয়া শচীর দুঃখ নিত্যানন্দ রায়।
পথ মাঝে অবনীতে গড়াগড়ি যায়॥
ক্ষণেকে সম্বরি নিতাই আইলেন ঘরে।
শুনি শচী-ঠাকুরাণী আইলা বাহিরে॥
দাঁড়ায়ে মায়ের আগে ছাড়য়ে নিশ্বাস।
প্রাণ বিদরয়ে ভায়ের কহিতে সন্ন্যাস॥
কাতরে পড়িয়া শচী দেখিয়া নিতাই।
কাঁদি বলে "কোথা আছে আমার নিমাই.
"না কাঁদিহ শচীমাতা শুন মোর বাণী।
সন্ন্যাস করিলা প্রভু গৌর-গুণমণি॥
সন্ন্যাস করিয়া প্রভু আইল শান্তিপুরে।
আমারে পাঠায়ে দিলা তোমা লইবারে॥"
শুনিয়া নিতাইর মুখে সন্ন্যাসের কথা।
অচেতন হৈঞা ভূমে পড়ে শচীমাতা॥
উঠাইলা নিত্যানন্দ—"চল শান্তিপুরে।
তোমার নিমাই আছে অদ্বৈতের ঘরে॥"

শচী কান্দে নিতাই কান্দে নদীয়া-নিবাসী।
সবারে ছাড়িয়া নিমাই হইল সন্ন্যাসী॥
কহয়ে মুরারি, গৌরচাঁদে না দেখিলে।
নিশ্চয় মরিব প্রবেশিয়া গঙ্গাজলে॥

প্রভুকে দর্শন করিতে যাইবেন বলিয়া নদেবাসী প্রভুর বাটীতে মিলিত হইলেন। যিনি. শুনিলেন তিনিই আসিলেন। ভক্তবৃন্দ আসিলেন, অভক্তও আসিলেন। শেষে শচীদেবীকে অগ্রে করিয়া সকলে শান্তিপুরে যাত্রা করিলেন। যথা মুরারি গুপ্তের পদ—

ধানশী

চলিলা নদীয়ার লোক গৌরাঙ্গ দেখিতে।
আগে শচী আর সবে চলিলা পশ্চাতে॥
হা গৌরাঙ্গ হা গৌরাঙ্গ সবাকার মুখে।
নয়নে গলয়ে ধারা হিয়া ফাটে দুঃখে॥
গৌরাঙ্গ বিহনে ছিল জীবন্তে মরিয়া।
নিতাই বচনে যেন উঠিল বাঁচিয়া॥
হেরিতে গৌরাঙ্গ-মুখ মনে অভিলাষ।
শান্তিপুরে ধায় সবে হৈয়া উর্দ্ধশ্বাস॥
হইল পুরুষ-শূন্য নদীয়ানগরী।
সবাকার পাছে পাছে চলিলা মুরারি॥

শান্তিপুরে প্রভুকে পাইয়া সকলে হরিধ্বনি করিয়া উঠিলেন। সন্ধ্যার পরে কীর্ত্তন আরম্ভ হইল। সেখানে সকলে আসিয়া মিলিত হইলেন। নিত্যানন্দ আসিলেন বটে, কিন্তু তিনি নৃত্যগীতে পূর্ণমাত্রায় যোগদান করিতে পারিলেন না। পাছে প্রভু পড়িয়া যান, এই আশঙ্কায় নিতাই

দুই বাহু প্রসারণ করিয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ বিচরণ করিতে লাগিলেন।

কেবল একজন কীর্ত্তনে যোগ দিতে পারিলেন না, ইনি মুরারি গুপ্ত। মুরারি যাইতেছিলেন, পথিমধ্যে শচীমাতার দশা দেখিয়া কীর্ত্তনের আনন্দ তাঁহার হৃদয় হইতে অন্তর্হিত হইল। তিনি প্রভু-জননীর সন্নিকটে দাঁড়াইয়া তাঁহার অবস্থা দর্শন করিতে লাগিলেন। শচী সেখানে তাঁহার নিমাইচাঁদের নৃত্য দেখিতে আসেন নাই। সেখানে তাঁহার আসিবার দুইটী কারণ ছিল। প্রথমতঃ তাঁহার নিমাইকে আর দেখিতে পাইবেন না, তাই প্রাণ ভরিয়া দেখিয়া লইতেছেন। দ্বিতীয়তঃ তিন দিন তিন রাত্র আহার ও বিশ্রাম নিমাইয়ের ঘটে নাই। তাই শচীর ইচ্ছা তিনি কীর্ত্তন বন্ধ করিয়া বিশ্রাম করেন। কিন্তু সে ত দূরের কথা, নিমাই কীর্ত্তনানন্দে এরূপ উন্মত্ত হইয়া নৃত্য করিতেছেন যে, প্রায় পড়িয়া যাইবার যো হইতেছে। তাই শচীমাতা কখন অদ্বৈত, কখন নিতাই, কখন বা শ্রীবাসকে ডাকিয়া বলিতেছেন,—"তোমরা আমার নিমাইকে দেখ, যেন পড়ে হাড়গোড় ভেঙ্গে না যায়।"

যখন প্রকৃতই নিমাই পড়িয়া যাইবার মত হইতেছেন, তখন শচী চক্ষু বুজিয়া কাণে আঙ্গুল দিতেছেন। কখন ভক্তদিগকে ডাকিয়া বলিতেছেন,—"রাত্রি অনেক হয়েছে, কীর্ত্তন বন্ধ কর। আমার বাছাকে একটু ঘুমাতে দাও।" শচীর দশা দেখিয়া মুরারির হৃদয় বিদীর্ণ হইতেছে। তিনি মনে মনে প্রভুকে বলিতেছেন—"একবার মায়ের দশা দেখে যাও।" শচীর এই ভাব দেখিয়া মুরারি যে পদটি রচনা করেন, তাহা নিম্নে দিলাম—

ধর ধর ধররে নিতাই আমার গৌরে ধর।

আছাড় সময়ে অনুজ বলিয়ে

বারেক করুণা কর ॥

আচার্য্য গোঁসাঞি দেখিও নিমাই

আমার আঁখির তারা।

না জানি কি ক্ষণে নাচিতে কীর্ত্তনে

পরাণে হইবে হারা ॥

শুনহ শ্রীবাস কৈরাছে সন্ন্যাস

ভূমিতলে গড়ি যায়।

সোণার বরণ ননীর পুতলি

ব্যথা না লাগয়ে গায় ॥

শুন ভক্তগণ রাখহ কীর্ত্তন

হইল অধিক নিশা।

কহয়ে মুরারি শুন গৌরহরি

দেখহ-মায়ের দশা ॥

প্রভু শান্তিপুর হইতে নীলাচলে আসিলেন। সেখান হইতে দক্ষিণাঞ্চলে দুই বৎসর ভ্রমণ করিয়া পুনরায় নীলাচলে ফিরিলেন। তাঁহার প্রত্যাগমনবার্ত্তা নদীয়ায় পাঠান হইল। এই সংবাদ পাইয়া গৌড়ের ভক্তমণ্ডলী তাঁহাকে দর্শন করিতে নীলাচলে আসিবার জন্য শচীর অনুমতি লইয়া শান্তিপুরে সমবেত হইলেন, এবং অদ্বৈতাচার্য্যকে লইয়া নীলাচল অভিমুখে যাত্রা করিলেন। কয়েক দিবস বিশেষ পরিশ্রমের সহিত হাটিয়া ভক্তেরা নীলাচলে নরেন্দ্র-সরোবরতীরে

আসিলেন। সেখান হইতে কীর্ত্তন আরম্ভ করিয়া একেবারে প্রভুর বাটীতে উপস্থিত হইলেন।

প্রভু একে একে ভক্তদিগের সহিত মিলিত হইলেন। কিছুক্ষণ পরে ইতিউতি চাহিয়া কাহার অনুসন্ধান করিতে লাগিলেন। শেষে হতাশ ভাবে বলিলেন,—"মুরারিকে যে দেখ্‌ছিনে, মুরারি কোথায়?" এই কথা শুনিয়া কয়েকজন ভক্ত মুরারিকে আনিতে চলিলেন।

এদিকে মুরারি অন্যান্য ভক্তদিগের সহিত নরেন্দ্র-সরোবর তীরে আসিলেন এবং সাষ্টাঙ্গে দণ্ডবৎ করিতে যাইয়া বিবশীকৃত হইয়া পড়িলেন, আর উঠিবার সামর্থ্য রহিল না। তখন তিনি রোদন করিতে করিতে সঙ্গীদিগকে বলিলেন—"আমি অতি দীন, অধম, পামর। আপনাদিগের কৃপায় এই হতভাগা এতদূর আসিতে পারিয়াছে। আর অগ্রসর হইবার শক্তি সামর্থ্য বা সাহস নাই। আপনারা কৃপা করিয়া এই অধমের কথা প্রভুপদে জানাইয়া কৃতার্থ করিবেন।"

ভক্তেরা নরেন্দ্র-সরোবরতীরে যাইয়া মুরারিকে পাইলেন; দেখিলেন, তিনি যথাস্থানে পড়িয়া আছেন। তাঁহারা মুরারিকে বলিলেন—"শীঘ্র উঠ, প্রভু তোমাকে ডাক্‌ছেন।" প্রভুর তলব হইয়াছে শুনিয়া মুরারি, আর পড়িয়া থাকিতে পারিলেন না; কষ্টে শ্রষ্টে উঠিয়া, দুই গুচ্ছ তৃণ মুখে করিয়া আর দুই গুচ্ছ হাতে ধরিয়া, দীনাতিদীনের ন্যায়, ক্রমে প্রভুর সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়াই প্রভুর আনন্দের সীমা রহিল না। তিনি মুরারিকে আলিঙ্গন করিবার জন্য অগ্রসর হইলেন। মুরারি দূর হইতে প্রভুকে দণ্ডবৎ করিতে যাইতে-ছিলেন, কিন্তু প্রভু আলিঙ্গন করিতে আসিতেছেন দেখিয়া তাঁহার আর দণ্ডবৎ করা হইল না, তিনি ত্রস্তভাবে পিছু হটিতে লাগিলেন এবং করযোড়ে কাতর স্বরে বলিলেন—

"মোরে না ছুঁইহ, মুঞি অধম পামর। তোমা স্পর্শযোগ্য নহে এ পাপ কলেবর ॥"

প্রভুর কমললোচন ছলছল হইয়া উঠিল। মুরারির কথা তাঁহার কর্ণে প্রবেশ করিল না। তিনি জোর করিয়া মুরারিকে টানিয়া আনিয়া গাঢ় আলিঙ্গন করিলেন। তাহার পরে মুরারিকে আপনার কাছে বসাইয়া, তাঁহার ধূলিমাখা দেহ ঝাড়িতে ঝাড়িতে আবেগ-ভরে বলিলেন—

"মুরারি! কর দৈন্য সম্বরণ। তোমার দৈন্য দেখি মোর বিদীর্ণ হয় মন ॥"

* * *

শ্রীমন্মহাপ্রভুর মুখ্যশাখার মধ্যে মুরারিগুপ্ত অন্যতম। কৃষ্ণদাস কবিরাজ লিখিয়াছেন—

"শ্রীমুরারিগুপ্তশাখা প্রেমের ভাণ্ডার। প্রভুর হৃদয় দ্রবে শুনি দৈন্য যাঁর ॥
প্রতিগ্রহ না করেন, না লন কাহার ধন। আত্মবৃত্তি করি করে কুটুম্ব ভরণ ॥
চিকিৎসা করেন যারে হইয়া সদয়। দেহরোগ ভবরোগ দুই তার ক্ষয় ॥"

তথা শ্রীচৈতন্যভাগবতে—

"শুষ্ক কাষ্ঠ দ্রবে শুনি গুপ্তের ক্রন্দন। বিশেষে দ্রবিলা সব ভাগবতগণ ॥
মুরারির প্রতি সব বৈষ্ণবের প্রীত। সর্ব্বভূতে কৃপালুতা মুরারি-চরিত ॥
মুরারির প্রভাব বলিতে শক্তি কার। 'মুরারি-বল্লভ' প্রভু সর্ব্ব অবতার ॥"

* * *

একটী কথা বলিয়া এই প্রস্তাব শেষ করিব। মুরারির করচার শেষে আছে ১৪৩৫ শকে এই গ্রন্থ সম্পূর্ণ হইল। কিন্তু শ্রীগৌরাঙ্গ ১৪৩১ শকে সন্ন্যাস গ্রহণ করেন। ইহার চারি বৎসর পরে, অর্থাৎ ১৪৩৫ শকে তিনি জননী জন্মভূমি ও জাহ্নবী দেখিবার জন্য শ্রীনবদ্বীপে গমন করেন। তাহা হইলে এই সময় পর্য্যন্ত প্রভুর লীলা এই গ্রন্থে

থাকিবার কথা। কিন্তু প্রকৃতপক্ষে শ্রীপ্রভুর শেষ দ্বাদশবর্ষের গম্ভীরা-লীলার কথাও এই গ্রন্থে আছে। ইহাতে বোধহয় ১৪৩৫ শকে এই গ্রন্থ সমাপ্ত হয় নাই, তাহার বহু বৎসর পরে মুরারি ইহা শেষ করিয়াছিলেন।

৪৪৫ গৌরাব্দ

শ্রীমৃণালকান্তি ঘোষ।

চতুর্থ সংস্করণের অবতরণিকা।

আশৈশব শ্রীশ্রীগৌরাঙ্গচন্দ্রের চরিত্রবিলাসবিজ্ঞ তত্ত্ববিৎ মহাত্মা শ্রীল শ্রীমুরারি গুপ্তই এই "শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত" নামক লীলাসূত্রগ্রন্থের রচয়িতা। গ্রন্থখানি বিবিধ মধুর ছন্দোবিন্যাসে সহজ ভাষায় লিপিবদ্ধ হইয়াছেন। ইঁহার নামান্তর—'শ্রীমুরারি গুপ্তের করচা'; সাধারণতঃ 'করচা' বলিতে স্মারকলিপিজাতীয় লেখারই সূচনা করিলেও ইহাতে বৈলক্ষণ্য আছে। যেহেতু ইহাতে শ্রীশ্রীগৌরসুন্দরের প্রায় সকল লীলারই যথেষ্ট পরিবেষণ রহিয়াছে। কেবল চতুর্থ প্রক্রম চতুর্বিংশ সর্গ ব্যতীত অন্যত্র সকল লীলাই স্ফুটতররূপে অভিব্যক্ত হইয়াছে।

শ্রীল লোচনদাস ঠাকুর মহাশয়কৃত 'শ্রীচৈতন্যমঙ্গল' নামক গ্রন্থরত্নের প্রধানতঃ এই করচাই উপাদান বা অবলম্বন। শ্রীল কবিকর্ণপূর গোস্বামিচরণ তদীয় শ্রীচৈতন্যচরিতামৃত মহাকাব্যে ত্রয়োদশ সর্গ পর্য্যন্ত ইঁহারই অনুসরণ করিয়াছেন। শ্রীমদ্‌বৃন্দাবনদাস ঠাকুরও শ্রীচৈতন্য-ভাগবতে ইঁহার বহু স্থলের সাহায্য লইয়াছেন। স্থলবিশেষে ইহারই

বঙ্গানুবাদ করিয়াছেন। অন্যান্য পদকর্ত্তা বা লীলালেখকগণও অল্পবিস্তর ইহার সহায়তা পাইয়াছেন। এমন কি 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থকারও বলিয়াছেন—

'আদিলীলামধ্যে প্রভুর যতেক চরিত্র।
সূত্ররূপে মুরারিগুপ্ত করিলা গ্রথিত॥'

অন্যত্র—'দামোদর-স্বরূপ-আর গুপ্ত মুরারি।
মুখ্য মুখ্য লীলাসূত্র লিখিয়াছে বিচারি॥
সেই অনুসারে লিখি লীলাসূত্রগণ।' ইত্যাদি। [আদি ১৩]

বস্তুতঃ এই করচাই শ্রীগৌরাঙ্গলীলার আদি ও প্রামাণিক গ্রন্থ। প্রত্যক্ষ-দৃষ্ট লীলাচরিত্র অঙ্কিত হওয়ায় ইহাতে বিন্দুমাত্রও অতিরঞ্জন বা স্বকপোল-কল্পিতত্বের আশঙ্কা নাই। ভাষাটিও অতি মধুর ও প্রাঞ্জল; স্থল-বিশেষের রচনা-পারিপাট্য অতি প্রশংসনীয়। দুঃখের বিষয় গ্রন্থখানি বহুভ্রমে বিজৃম্ভিত, স্থলবিশেষে বিকৃত (৩।১৪), কোথাও বা ত্রুটিত (১।১৫।১৪এর পরে, ২।১৫।৯এর পরে, ৩।১০।৪½এর পরে, ৩।১৪।২৬এর পরে, ৪।১১।৭-৮) ইত্যাদি।

সে যাহাই হউক, শ্রীমন্ মহাপ্রভুই যে তাঁহাকে লীলাগ্রন্থ-লেখনে অনুমতি ও অনুপ্রেরণা দিয়াছেন, তাহা মুরারি স্বয়ংই (২।৪।২৪-২৬) স্বীকার করিয়াছেন এবং শ্রীচৈতন্যচরিতমহাকাব্যেও (৬।৪৪-৪৫) বর্ণিত হইয়াছে। মুরারিগুপ্ত-সম্বন্ধে শ্রীচৈতন্যভাগবতের বহুস্থলে অত্যুচ্চ প্রশংসাবাক্য বিদ্যমান আছে। ঐতিহাসিকগণের চক্ষে এই গ্রন্থ নাতি-প্রশংসিত হইলেও কিন্তু ভক্তগণের নিকট ইহার মৌলিকতা ও মহাপ্রিয়তা বিষয়ে অস্বীকার করিবার উপায় নাই। শ্রীল লোচনদাস করচার ৪র্থ প্রক্রমের ১৬শ সর্গ পর্য্যন্ত আনুগত্য স্বীকার করিয়াছেন—অধিকাংশস্থলে অনুবাদ করিয়াছেন—স্থলবিশেষে অস্পষ্ট ঘটনাগুলিকে অধিকতর সুব্যক্ত

করিয়াছেন। ৪।১৭ হইতে ২০শ সর্গ পর্যান্ত শ্রীলোচনদাসের চৈতন্য-মঙ্গলে পাওয়া যায় না, তৎপরে ২১শ সর্গের রামদাস নামক দ্রাবিড়বিপ্রের প্রসঙ্গটি অনুবাদ করিয়াই শ্রীলোচন নিজগ্রন্থ শেষ করিয়াছেন। পূর্ব্বেই উক্ত হইয়াছে—শ্রীচৈতন্যচরিত মহাকাব্য ত্রয়োদশ সর্গ পর্য্যন্ত ইহার আনুগত্যে চলিয়া তৎপর অন্য পন্থা ধরিয়াছেন। শ্রীচৈতন্যভাগবতকারও ইহার বহুল তাৎপর্য্যানুবাদ করিয়া স্বগ্রন্থকলেবর পুষ্টি করিয়াছেন। শ্রীভক্তিরত্নাকরেও প্রথমপ্রক্রমের ছয় শ্লোক, দ্বিতীয় প্রক্রমের দুই শ্লোক এবং চতুর্থ প্রক্রমের দুই শ্লোক অঙ্গীকৃত হইয়াছে।

এক্ষণে মুরারিগুপ্তের কড়চার **রচনাকাল**-সম্বন্ধে যৎকিঞ্চিৎ আলোচনা করিতেছি। ইহার দ্বিতীয় সংস্করণে ছিল ১৪২৫ শকাব্দার আষাঢ় মাসে শুক্লাসপ্তমীতে এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছেন। কিন্তু তৃতীয় সংস্করণে ১৪২৫এর পরিবর্ত্তে ১৪৩৫ করা হইয়াছে। অনেকেরই মনে হয় যে এই শ্লোকটি প্রক্ষিপ্ত বা কাল্পনিক। মহাকাব্য ১৪৬৪ শাকে রচিত হইয়াছে বলিয়া গ্রন্থশেষেই উক্ত হইয়াছে। শ্রীচৈতন্যমঙ্গলের রচনাকালও আনুমানিক ১৪৭৫ হইতে ১৪৮৫ শাকের মধ্যে ধরা যায়। শ্রীচৈতন্য-ভাগবত কিন্তু শ্রীমন্ নিত্যানন্দ প্রভুর অপ্রকটের পরে ১৪৬৫ হইতে ১৪৭০ শাক মধ্যে রচিত হইয়া থাকিবে। চৈতন্যমঙ্গলে কড়চার ৪।১৭ হইতে ৪।২০ এবং ৪।২২ হইতে ৪।২৪ পর্য্যন্ত অধ্যায়-কয়েকটার কোনই ইঙ্গিত না থাকায় যদি ইহাদিগকে পরবর্ত্তীকালের সংযোজনা বলিয়াও মনে করা যায়,* তথাপি ১।২।১৪ শ্লোকে শ্রীমন্ মহাপ্রভুর অপ্রকট লীলার

---

* সন্দেহের একটি কারণ এই যে ৪।১৭।১১ শ্লোকে গৌড়ীয়ভক্তগণ সঙ্গে মুরারির নাম গণনা করা হইয়াছে—'বৈদ্যসিংহ মুরারিকঃ' এই উক্তি দেখিয়া মনে ধারণা হয় যে দৈন্যভূষণ গৌরভক্ত কখনই নিজেকে গৌরবান্বিত সপ্রমাণ করিতে পারেন না।

নির্দেশ-সূচনা করায় এই গ্রন্থ ১৪৫৫ শাকের পরেই রচিত হইয়াছে বলিতে হইবে। কিন্তু যে মুরারি (চৈতন্যভাগ—মধ্য ২০) শ্রীগৌরাঙ্গের প্রকটকালেই ভাবিয়াছিলেন—

'অতএব যাবৎ আছয়ে অবতার।
তাবৎ আমার দেহত্যাগ প্রতিকার॥'

এবং ইহার জন্য 'খরসান কাতি এক আনিল যতনে' এবং 'নিশায় এড়িব দেহ হরিষ অন্তরে।' ইত্যাদি—সেই মুরারি গুপ্ত যে মহাপ্রভুর বিরহে দীর্ঘ দিন প্রকট থাকিবেন—তাহাও অনুমান করা চলে না। মহাকাব্য যখন ১৪৬৪ শাকে রচিত, তখন অন্ততঃ তিন চার বৎসর পূর্বে এই গ্রন্থ রচনা হইয়াছিল, ইহা বেশ অনুমিত হয়। কাজেই ১৪৫৬ হইতে ১৪৬০ শকাব্দাই ইহার রচনাকাল বলিয়া আমার বিশেষ ধারণা।

শ্রীমুরারি গুপ্তের শ্রীচৈতন্য—

যুগাবতাররূপে শ্রীচৈতন্য মহাপ্রভু পৃথিবীতে অবতীর্ণ হইয়া কীর্ত্তন-ধর্ম্ম প্রচার করিয়াছেন (১।৪।২৫-২৭)। আবার (১।৫।৪) শ্লোকে 'হরেরংশং' বলিয়া (১।১২।১৯) শ্লোকে 'ভগবান্ স্বয়ং' বলিয়াছেন। (১।১।১৪) শ্লোকের বন্দনায় চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মধারী, শ্রীবৎস-চিহ্নিত হরিই চৈতন্য—এই উক্তিও দেখা যায়। অন্যত্র বহুস্থলে তিনি জনার্দন, বিষ্ণু, অচ্যুত, অজ, হরি ও কৃষ্ণ শব্দে চৈতন্যদেবকেই বুঝাইয়াছেন।

২।৫।১৫-১৬ শ্লোকে গৌরাঙ্গ শ্রীবাসের দক্ষিণ ভুজে স্বীয় দক্ষিণ ভুজ অর্পণ করিয়া গদাধরে বাম হস্ত দিলেন এবং শ্রীরামপণ্ডিতের ক্রোড়ে চরণকমল দান করিয়া ক্রীড়াবিনোদ করিলেন। ২।১০।১৪-১৭ শ্লোক-গুলিতে গৌরাঙ্গের বস্ত্রহরণ-লীলানুকরণ দেখান হইয়াছে।

মুরারি রঘুনাথের উপাসক হইলেও কিন্তু শ্রীচৈতন্যকেই শ্রীরামবুদ্ধিতে দেখিতেন (৪।২৬।৩০)।

শ্রীগৌরাঙ্গ যে 'নন্দকিশোর' (৪।২।২১), তাহাও মুরারির ভাবচক্ষুতে ধরা পড়িয়াছে। তাঁহার ভক্তরূপে অবতার-কথাও মুরারি বলিয়াছেন—(৩।১৫।২৩) 'জ্ঞাতোঽসি ভগবান্ সাক্ষাৎ শ্রীকৃষ্ণভক্তরূপধৃক্' ইত্যাদি; আবার ইনি যে 'রাধাভাবদ্যুতি-সুবলিত' তাহারও স্পষ্টোক্তি আছে—'রাধিকারসবিনোদ' (৩।১৫।১৮) এবং 'শ্রীরাধাভাবমাপন্নো মাধুর্য্যরস-লম্পটঃ' (৩।১৫।২৩)। শ্রীরাধাকৃষ্ণমিলিততনু গৌরাঙ্গ সম্বন্ধেও তাঁহার সবিশেষ জ্ঞান ছিল (৩।১।১৮, ৪।৮।১০, ৪।৯।২০, ৪।১০।২৩ ইত্যাদি)। মুরারির মতে শ্রীগৌরাঙ্গ তিনভাবেই প্রায়শঃ বিহার করিতেন—'গোপীভাবৈ র্দাসভাবৈ রীশভাবৈঃ ক্বচিৎ ক্বচিৎ' (২।৩।১৭)। শ্রীগৌরাঙ্গ প্রকাশমূর্ত্তি ধরিয়া বিষ্ণুপ্রিয়া দেবী, গদাধর পণ্ডিত, শ্রীবাসাদি নবদ্বীপবাসিগণ, শ্রীধর প্রভৃতির সহিত অবস্থান করেন (৪।১৪।৮-১০)। শ্রীগৌরীদাসের গৃহে শ্রীনিত্যানন্দসহ মহাপ্রভুর শ্রীমূর্ত্তি-স্বরূপে অবস্থান-বিবরণও ইহাতে (৪।১৪।১২-১৫) বর্ণিত হইয়াছে। রাজা প্রতাপরুদ্রের নিকট গৌর শৃঙ্গাররসময় ষড়্‌ভুজ মূর্ত্তি দেখাইয়াছেন (৭।১৬।১৩)।

করচাতে যদিও শ্রীগৌরাঙ্গের শেষলীলা পর্য্যন্ত বর্ণিত হইয়াছে দেখা যায়, তথাপি ইহাতে শ্রীরামানন্দের সহিত মিলন বর্ণনা নাই, অথচ চৈতন্যমঙ্গলেও মহাকাব্যে বর্ণিত হইয়াছে। শ্রীরূপসনাতনের সঙ্গে মিলন-বর্ণনা হইলেও কিন্তু তাঁহাদের সহিত কৃষ্ণকথা উল্লিখিত হয় নাই। ইহাতে শ্রীগোপালভট্ট, শ্রীদাসগোস্বামি বা শ্রীজীব গোস্বামির নাম নাই। কাশী হইতে বনপথে পুরীধামে না গিয়া (৪।১৪) একেবারে গৌড়মণ্ডলে আগমনের বর্ণনা আছে—চৈতন্যমঙ্গলেও ইহার অনুবাদ আছে, কিন্তু চৈতন্যচরিতামৃতে এইভাবের বর্ণনা নাই। মুরারি গুপ্ত শ্রীচৈতন্যচরিতের

সূপং তৎ পায়সাদ্যঞ্চ তমন্নং পরমাদ্ভুতম্ ॥ ৬ ॥
তস্মৈ সর্ব্বং বিনিবেদ্য পশ্যন্তী মুখপঙ্কজম্ ।
বুভুজে সানুজঃ সোঽপি প্রহসন্ ভক্তবৎসলঃ ॥ ৭ ॥

দৃষ্ট্বা স রামকৃষ্ণৌ চ ভুক্তবন্তৌ সুখার্ণবে।
মগ্না বভূব তাং দৃষ্ট্বা নিত্যানন্দদয়ানিধিঃ ॥ ৮ ॥
প্রাহ মাতঃ সত্যমেব বচঃ কিং মে বদাধুনা।
সা প্রাহ তাত তে সত্যমীশ্বরস্য বচো যথা ॥ ৯ ॥
তথাপি সানুজং ত্বাং হি দ্রষ্টুমিচ্ছামি সর্ব্বদা।
যথাজ্ঞা তে সুখং মাতঃ কর্ত্তব্যং মে নিরন্তরম্ ॥ ১০ ॥
এবং তত্র স্থিতো নিত্যানন্দঃ সর্ব্বসুখপ্রদঃ।
জনয়ন্ পরমানন্দং নবদ্বীপনিবাসিনাম্ ॥ ১১ ॥
কুর্ব্বন্ সর্ব্বজনান্ কৃষ্ণচৈতন্যরসভাবিতান্।
গৌরাঙ্গকীর্ত্তনানন্দো ননর্ত্ত স্বজনৈঃ সহ ॥ ১২ ॥
গন্ধচন্দনলিপ্তাঙ্গো নীলাম্বরসমাবৃতঃ।
স্বর্ণরৌপ্যপ্রবালাদ্যৈরলঙ্কারৈশ্চ মণ্ডিতঃ ॥ ১৩ ॥
কর্পূরতাম্বুলাদ্যৈশ্চ পূর্ণশ্রীমুখপঙ্কজঃ।
লৌহদণ্ডধরো রূপ্যহারকৌস্তুভভূষণঃ ॥ ১৪ ॥
কুণ্ডলৈকধরঃ শ্রীমান্ বনমালাবিভূষিতঃ।
বেণুপাণিঃ সদা কুর্ব্বন্ গৌরাঙ্গগুণকীর্ত্তনম্ ॥ ১৫ ॥
চৌরদস্যুগণাঃ সর্ব্বে দৃষ্ট্বা তস্য বিভূষণম্।
হর্ত্তুং কুর্ব্বন্তি তে নানা স্বযত্নমাততায়িনঃ ॥ ১৬ ॥
তানেব কৃপয়া পূর্ণো নিত্যানন্দো মহাপ্রভুঃ।
গৌরাঙ্গকীর্ত্তনানন্দপরিপূর্ণান্ চকার হ ॥ ১৭ ॥
এবং স বিহরন্ কৃষ্ণচৈতন্যরসভাবুকঃ।
করোতি বিবিধাং ক্রীড়াং গোপালবাললীলয়া ॥ ১৮ ॥
গঙ্গাতীরং সমাসাদ্য স্বভক্তানাং গৃহে প্রভুঃ।
বিহরন্ স্নেহসম্পূর্ণঃ কৃষ্ণদাসগৃহং যযৌ ॥ ১৯ ॥

বড়গাছীনিবাসী স প্রাপ্য দুষ্প্রাপ্যমীশ্বরম্ ।
আনন্দেনাকুলো ভূত্বা ধুম্বন্ বাসো ননর্ত্ত হ ॥ ২০ ॥
মহাপুণ্যতমো গ্রামো বড়গাছীতিসংজ্ঞকঃ ।
নিত্যানন্দস্বরূপস্য বিহারো ভাবি যত্র বৈ ॥ ২১ ॥
কৃষ্ণদাসেন সার্দ্ধং শ্রীনবদ্বীপং সমাগতঃ ।
বিহরন্ কীর্ত্তনানন্দো রামদাসাদিভির্বৃতঃ ॥ ২২ ॥
শ্রীকৃষ্ণচৈতন্যনাম্না পরিপূর্ণং জগত্রয়ম্ ।
কৃত্বা ররাজ গোপালৈঃ সমং নন্দব্রজে যথা ॥ ২৩ ॥
বেত্রবংশীশৃঙ্গবেণুগুঞ্জমালাবিভূষিতৈঃ ।
পার্ষদৈরাবৃতঃ কৃষ্ণকীর্ত্তনামৃতবর্ষকৈঃ ॥ ২৪ ॥
বলদেবঃ স্বয়ং গোপো বৃন্দারণ্যবিলাসবান্ ।
তদ্রূপং দর্শয়ন্ লোকে গৌরাঙ্গপ্রাণবল্লভঃ ॥ ২৫ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতে চতুর্থপ্রক্রমে শ্রীনিত্যানন্দ-
বিলাসো নাম ত্রয়োবিংশতিতমঃ সর্গঃ ।

চতুর্ব্বিংশতিতমঃ সর্গঃ ।

—*—

ততঃ শ্রীগৌরাঙ্গচন্দ্রঃ স্বরূপাদ্যৈঃ সমন্বিতঃ ।
শ্রীরাধাভাবমাধুর্য্যৈঃ পূর্ণো ন বেদ কিঞ্চন ॥ ১ ॥
রামানন্দেন সহিতঃ কৃষ্ণমাধুর্য্যবৈভবম্ ।
আস্বাদ্যাস্বাদয়দ্ ভক্তান্ ভক্তবশ্যঃ স্বয়ং হরিঃ ॥ ২ ॥
বৃন্দাবনস্মারকাণি বনান্যুপবনানি চ ।
শ্রীকৃষ্ণান্বেষণং তত্র যমুনাস্মারকেণ চ ॥ ৩ ॥

সমুদ্রপতনঞ্চাপি স্বরূপাদ্যৈর্নিদর্শিতম্ ।
কৃষ্ণপঙ্কগুণেনৈব পঞ্চেন্দ্রিয়বিকর্ষণম্ ॥ ৪ ॥
সুরভীমধ্যপাতেন কূর্ম্মাকারেণ ভাবনম্ ।
শ্রীরাসলীলাস্মরণাৎ প্রলাপাত্তনুবর্ণনম্ ॥ ৫ ॥
গোবর্দ্ধনভ্রমেণৈব চটকগিরিদর্শনম্ ।
কৃষ্ণাধরামৃতাস্বাদং গোপীভাবেন সর্ব্বতঃ ॥ ৬ ॥
মথুরাস্মৃতিমাত্রেণ দিব্যোন্মাদবিচেষ্টিতম্ ।
জাতং স্বয়ং ভগবতো ভক্তিপ্রেমরসাত্মনঃ ॥ ৭ ॥
সাত্ত্বিকাদ্যৈরষ্টাভিশ্চ ভাবৈঃ সম্পূর্ণবিগ্রহঃ ।
রামানন্দস্বরূপাভ্যাং সেবিতো রাসসংজ্ঞয়া ॥ ৮ ॥
ভাবাস্বরূপশ্লোকেন রাসসংকীর্ত্তনাদিনা ।
শ্রীরাধাকৃষ্ণয়োর্লীলারসবিদ্যানিদর্শনম্ ॥ ৯ ॥
শ্রীরাধাশুদ্ধপ্রেম্না হি শ্রবণামৃতমদ্ভুতম্ ।
পীত্বা নিরন্তরং শ্রীমচ্চৈতন্যরসবিগ্রহঃ ॥ ১০ ॥
সচ্চিদানন্দসান্দ্রাত্মা রাধাকান্তোঽপি সর্ব্বদা ।
তদ্ভাবভাবিতানন্দরসমগ্নো বভূব হ ॥ ১১ ॥
যাং যাং লীলাং প্রকুর্ব্বন্তি কৃষ্ণঃ সর্ব্বেশ্বরেশ্বরঃ ।
তাং তাং কো বক্তুং শক্নোতি তৎকৃপাভাজনং বিনা ॥১২॥
রামানন্দঃ স্বরূপশ্চ পরমানন্দনামকঃ ।
কাশীশ্বরো বাসুদেবো গোবিন্দাদ্যাশ্চ সর্ব্বদা ॥ ১৩ ॥
অপরৈশ্চ রসাভিজ্ঞৈঃ কৃষ্ণসংকীর্ত্তনাত্মকৈঃ ।
সেব্যমানঃ স চ কৃষ্ণো ভক্তভাববিভাবিতঃ ॥ ১৪ ॥
শ্রীনবদ্বীপমাসাদ্য শ্রীনিত্যানন্দ ঈশ্বরঃ ।
শ্রীচৈতন্যরসোন্মত্তস্তন্নামগুণকীর্ত্তনৈঃ ॥ ১৫ ॥

পরিপূর্ণঃ সদা ভাতি গৌরাঙ্গগুণগর্ব্বিতঃ।
তদাজ্ঞাপালনাদ্‌গৌড়ে স্থিতোঽপি তৎপ্রকাশতঃ॥ ১৬॥
স্বেচ্ছাময়ো রসজ্ঞোঽসৌ কো বেদ তস্য চেষ্টিতম্।
তদ্দর্শনসমুৎকণ্ঠো যযৌ শ্রীপুরুষোত্তমম্॥ ১৭॥

... ...

পুষ্প[illegible]ং সমাসাদ্য ধ্যায়ন্ গৌরাঙ্গসুন্দরম্।
উত্থায় প্রাণমদ্ভূমৌ নিপত্য প্রণমন্মুহুঃ॥ ২০॥
হুঙ্কারগম্ভীরারাবৈর্জয়গৌরাঙ্গনিঃস্বনৈঃ।
তুষ্টাব পরমপ্রীতো গৌরচন্দ্রং মহাসুখী॥ ২১॥
এবং পরস্পরং কৃষ্ণরামৌ হি পরমেশ্বরৌ।
প্রেমভক্তিরসাকৃষ্টৌ চক্রতুরভিবন্দনম্॥ ২২॥
শ্রীশচীনন্দনঃ প্রাহ শ্রীনিত্যানন্দমীশ্বরম্।
নন্দপুত্র ভবান্নন্দগোষ্ঠভক্তিপ্রদঃ সদা॥ ২৩॥
অলঙ্কারাদিরূপেণ নবধা ভক্তিমুত্তমাম্।
পশ্যামি তব দেহে চ কৃষ্ণকেলিসুখার্ণবে॥ ২৪॥
নন্দগোকুলবাসিনাং ভক্তিরেব সুদুর্লভা।
ভাব্যতে শুদ্ধভাবৈশ্চ লভ্যতে বা নরৈঃ কচিৎ॥ ২৫॥
তাং ভক্তিং ত্বঞ্চ প্রীত্যা হি স্ত্রীবালাদিভ্যঃ স্বেচ্ছয়া।
দদাসি কো ভবাংস্তত্র দাতাস্তীতি বদাশু মে॥ ২৬॥
স প্রাহ প্রহসন্নাথ দাতা হর্ত্তা চ রক্ষিতা।
প্রেমদঃ করুণস্তেষাং ত্বমেব সর্ব্বপ্রেরকঃ॥ ২৭॥
একঃ সপার্ষদো নিত্যানন্দো বিশ্বম্ভরোঽপরঃ।
স্বরূপাদ্যৈঃ সদা প্রেমপূর্ণ-আনন্দবিগ্রহৌ॥ ২৮॥
গদাধরেণ চ সমং সেব্যমানৌ নিরন্তরম্।
ক্রীড়তঃ স্বসুখং কৃষ্ণকীর্ত্তনপ্রেমবিহ্বলৌ॥ ২৯॥

যশোদানন্দনঃ কৃষ্ণঃ শ্রীগোপীপ্রাণবল্লভঃ।
শ্রীরাধারমণো রামানুজো রাসরসোৎসুকঃ॥ ৩০॥
রোহিণীনন্দনঃ কৃষ্ণো যজ্ঞো রামো বলো হরিঃ।
রেবতীপ্রাণনাথশ্চ রাসকেলিমহোৎসবঃ॥ ৩১॥
ইতি নাম প্রগায়ন্তৌ ভক্তবর্গসমন্বিতৌ।
শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দরামৌ স্মরেত্তু তৌ॥ ৩২॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতে চতুর্থপ্রক্রমে ভক্তমণ্ডল-
বিলাসো নাম চতুর্বিংশতিতমঃ সর্গঃ।

পঞ্চবিংশতিতমঃ সর্গঃ।

—*—

এতত্তে কথিতং সূত্রং শ্রীকৃষ্ণচরিতং দ্বিজ।
বর্ণয়িষ্যন্তি বিস্তারৈঃ শ্রীবাসাদ্যা মহত্তমাঃ॥ ১॥
অত্রানুবর্ণ্যতেঽভীক্ষ্ণং শ্রীগৌরাঙ্গো মহাপ্রভুঃ।
ফলাস্বাদনিমিত্তেন কথ্যতে তদনুক্রমঃ॥ ২॥
অবতারকারণঞ্চ শ্রীকৃষ্ণস্য বিচেষ্টিতম্।
বহির্ম্মুখান্ জনান্ দৃষ্ট্বা নারদস্যানুতাপনঃ॥ ৩॥
বৈকুণ্ঠগমনং চাপি শ্রীকৃষ্ণেনাপি সান্ত্বনম্।
সর্ব্বেষামবতারাণাং কথনং কৃষ্ণজন্ম চ॥ ৪॥
বাল্যলীলাদিকঞ্চৈব ব্রাহ্মণস্যান্নভোজনম্।
বিশ্বরূপস্য সন্ন্যাসং নিত্যানন্দাত্মকস্য চ॥ ৫॥
জগন্নাথস্য সংস্থানং দুঃখশোকানুবর্ণনম্।
বিদ্যাবিলাসলাবণ্যং মাতৃদুঃখবিমোচনম্॥ ৬॥

লক্ষ্মীপরিণয়ঞ্চৈব পূর্ব্বদেশে গতে প্রভৌ।
তস্যাঃ সংস্থিতিরেব স্যাৎ শচীশোকাপনোদনম্॥ ৭
বিষ্ণুপ্রিয়াপরিণয়ং পরমানন্দবৈভবম্।
পুরীশ্বরদর্শনঞ্চ গয়াকৃত্যসমাপনম্॥ ৮॥
ভাবপ্রকাশনঞ্চৈব বরাহবেশধারণম্।
সংকীর্ত্তনশুভারম্ভং মেঘনিঃসারণং তথা॥ ৯॥
নামার্থকল্পনাদেব গঙ্গাপতননির্গমম্।
অধীনং ভক্তবর্গাণাং শ্রীলাদ্বৈতস্য মেলনম্॥ ১০॥
ভক্তাঙ্গকম্পনঞ্চৈব শ্রীনিত্যানন্দদর্শনম্।
ষড়্ভুজদর্শনানন্দং বলরামপ্রকাশকম্॥ ১১॥
ভক্তিরসসমাকৃষ্টং হরের্ম্মন্দিরমার্জ্জনম্।
ভক্তদত্তগ্রহণঞ্চ মহৈশ্বর্য্যপ্রদর্শনম্॥ ১২॥
নৃত্যগানবিলাসাদি গঙ্গামজ্জনমেব চ।
ব্রহ্মশাপবরঞ্চৈব জীবনিস্তারহেতুকম্॥ ১৩॥
বলরামরসাবেশমধুপানাদিনর্ত্তনম্।
গোপীবেশধরং নৃত্যগানমাধুর্য্যবর্ণনম্॥ ১৪॥
সন্ন্যাসোপক্রমে গুপ্তমুরার্য্যাদিকসান্ত্বনম্।
নবদ্বীপকণ্টকাখ্যপুরবাসিবিলাপনম্॥ ১৫॥
সন্ন্যাসনামগ্রহণং প্রেমানন্দ-প্রকাশনম্।
রাঢ়দেশকৃতার্থঞ্চ চন্দ্রশেখরপ্রেষণম্॥ ১৬॥
নবদ্বীপস্য চ নিত্যানন্দেন দুঃখনাশনম্।
শান্তিপুরবিলাসঞ্চ ভক্তবর্গসমন্বিতম্॥ ১৭॥
ততো দণ্ডভঞ্জনং শ্রীগোপীনাথস্য দর্শনম্।
বরাহদর্শনং পুণ্যং বিরজাদর্শনং তথা॥ ১৮॥

বৈতরণীযাজপুরশ্রীশিবলিঙ্গদর্শনম্।
নানাভাবপ্রকাশং শ্রীভুবনেশ্বরদর্শনম্॥ ১৯॥
নির্ম্মাল্যগ্রহণস্যাপি বিধানকথনং শুভম্।
শ্রীমন্দিরস্থগোপালদর্শনং রোদনং প্রভোঃ॥ ২০॥
মার্কণ্ডেয়সরস্যেব শিবলিঙ্গপ্রদর্শনম্।
ততঃ শ্রীমজ্জগন্নাথদর্শনানন্দবৈভবম্॥ ২১॥
সার্ব্বভৌমাদিভিঃ সার্দ্ধং পুনঃ শ্রীমুখদর্শনম্।
শ্রীমন্মহাপ্রসাদস্য বন্দনং ভোজনং শুভম্॥ ২২॥
সার্ব্বভৌমসমুদ্ধারং দক্ষিণগমনং হরেঃ।
কূর্ম্মনাথদর্শনঞ্চ কূর্ম্মবিপ্রানুকম্পনম্॥ ২৩॥
বাসুদেবসমুদ্ধারং শক্তিসঞ্চারণং তথা।
জিয়ড়াখ্যনৃসিংহস্য-চরিত্রাস্বাদনং সুখম্॥ ২৪॥
শ্রীলরামানন্দরায়মিলনং শুভদং শুভম্।
পুরীশ্রীমাধবশিষ্য-পরমানন্দদর্শনম্॥ ২৫॥
পঞ্চবটীরঙ্গক্ষেত্ররঙ্গনাথপ্রদর্শনম।
তত্র শ্রীপরমানন্দপুরীপ্রস্থাপনং প্রভোঃ॥ ২৬॥
সেতুবন্ধে শ্রীলরামেশ্বরলিঙ্গপ্রদর্শনম্।
ততঃ শ্রীমজ্জগন্নাথদর্শনানন্দবর্ণনম্॥ ২৭॥
বৃন্দারণ্যং সমুদ্দিশ্য গৌড়াভিগমনং শুভম্।
বাচস্পতিগৃহে কৃষ্ণং বৈভবং পরমাদ্ভুতম্॥ ২৮॥
দেবানন্দং সমুদ্দিশ্য শ্রীভাগবতকীর্ত্তনম্।
তদ্বক্তুর্লক্ষণঞ্চাপি শ্রোতুশ্চ কথিতং শুভম্॥ ২৯॥
শ্রীনৃসিংহানন্দেন যৎ কৃতং জজ্মালমুত্তমম্।
তেন যথা রামকেলিকৃষ্ণনাট্যস্থলাবধি॥ ৩০॥

গমনঞ্চ পুনঃ শ্রীলাদ্বৈতগেহশুভাগমঃ।
নবদ্বীপভক্তবর্গমেলনং পুনরেব চ ॥ ৩১ ॥
শ্রীভোজনসুখং তত্র মাতুশ্চরণবন্দনম্।
পুরুষোত্তমমাসাদ্য শ্রীগোপীনাথদর্শনম্ ॥ ৩২ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতে চতুর্থপ্রক্রমে গ্রন্থানুকথনে শ্রীকৃষ্ণ-জন্মাদিগোপীনাথদর্শনপর্য্যন্তকথনং নাম
পঞ্চবিংশতিতমঃ সর্গঃ।

ষড়্বিংশতিতমঃ সর্গঃ।

—*—

বৃন্দাবনস্য গমনে ভক্তবর্গবিলাপনম্।
সান্ত্বনঞ্চাপি তেষাং বৈ বর্ণিতং প্রভুণা কৃতম্ ॥ ১ ॥
বনপথি ক্রমেণৈব কাশীপুর্য্যাশ্চ দর্শনম্।
তথা বিশ্বেশ্বরস্যাপি তপনাদেশ্চ মেলনম্ ॥ ২ ॥
প্রয়াগে মাধবদেবদর্শনং যমুনামপি।
অগ্রবনরেণুকাদিমথুরালোকনং তথা ॥ ৩ ॥
কৃষ্ণদাসেন চ সমং ঘট্টকূপাদিদর্শনম্।
বৃন্দারণ্যাদিকং সর্ব্বং দ্বাদশবনমেব চ ॥ ৪ ॥
প্রতিগ্রামং প্রতিবনং প্রতিকুণ্ডং সনাতনম্।
কৃষ্ণনানাপ্রকাশঞ্চ লীলানুকরণং তথা ॥ ৫ ॥
কৃষ্ণজন্ম সমারভ্য তথা কংসবধাদিকম্।
বর্ণনং শ্রবণঞ্চাপি তত্তদ্রূপপ্রকাশনম্ ॥ ৬ ॥

ভাবোন্মাদবিকারাদির্বর্ণনং পরমাদ্ভুতম্ ।
সর্ব্বব্রজনিবাসিনাং গৃহে গৃহে প্রকাশনম্ ॥ ৭ ॥
পুনরাগমনঞ্চৈব প্রয়াগে রূপমেলনম্ ।
কাশ্যাং সনাতনস্যাপি তপনাদ্যনুরোধতঃ ॥ ৮ ॥
কাশীবাসিজনোদ্ধারচরিতং কিল্বিষাপহম্ ।
তক্রপানঞ্চ গোপস্য নবদ্বীপস্তভাগমঃ ॥ ৯ ॥
তত্র নিত্যবিহারঞ্চ গৌরীদাসগৃহেঽপি চ ।
পুনরাচার্য্যগেহে চ গমনং শুভদর্শনম্ ॥ ১০ ॥
ভক্তবর্গরসোল্লাসো মাতুশ্চরণবন্দনম্ ।
মাধবারাধনং তত্র নীলাদ্রিগমনং ততঃ ॥ ১১ ॥
প্রতাপরুদ্রসন্ত্রাণং রথযাত্রাদিদর্শনম্ ।
নরেন্দ্রসরসি ভক্তমেলনং হরিকীর্ত্তনম্ ॥ ১২ ॥
তৈর্দ্দত্তং ভোজনঞ্চাপি গৌরাঙ্গগুণকীর্ত্তনম্ ।
কৃতমদ্বৈতপ্রভুণা রামদাসানুকম্পনম্ ॥ ১৩ ॥
নিত্যানন্দবিহারাদি-গৌরাঙ্গগুণকীর্ত্তনম্ ।
দিব্যোন্মাদাদিভাবানাং প্রাকট্যং স্যাদনন্তরম্ ॥ ১৪ ॥
রামানন্দস্বরূপাদ্যৈ রাসসংকীর্ত্তনাদিকম্ ।
নিত্যানন্দবিহারাদিবর্ণনং গৌরদর্শনম্ ॥ ১৫ ॥
গুণ্ডিচায়াং পুষ্পবাট্যাং বিরাজঞ্চ সভক্তয়োঃ ।
গদাধরসমং নিত্যানন্দগৌরাঙ্গচন্দ্রয়োঃ ॥ ১৬ ॥
এবং সঞ্চিন্তয়ন্ কৃষ্ণচৈতন্যচরিতং বুধঃ ।
শুদ্ধপ্রেমামৃতনিধৌ নিমগ্নো ভবতি সদা ॥ ১৭ ॥
ঈশ্বরোঽপি স্বয়ং কৃষ্ণো যতো ভক্তিরসাশ্রয়ঃ ।
আস্বাদয়তি স্বপ্রেমনামমাধুর্য্যমদ্ভুতম্ ॥ ১৮ ॥

তল্লীলাস্বাদনাদেব কিং ন স্যাৎ প্রেমবৈভবম্ ।
অতো নির্ম্মৎসরো ভূত্বা শৃণু গৌরাঙ্গকীর্ত্তনম্ ॥ ১৯ ॥
চত্বারঃ প্রক্রমা অস্য সর্গাদি অষ্টসপ্ততিঃ ।
প্রথমঃ ষোড়শশ্চাপি দ্বিতীয়োঽষ্টাদশস্তথা ॥ ২০ ॥
তৃতীয়স্তু তথৈব স্যাৎ চতুর্থঃ ষড়্‌বিংশতিঃ ।
একোনবিংশশতশঃ সপ্তবিংশাধিকানি চ ॥ ২১ ॥
শ্লোকানি সুপঠন্নেব রসিকঃ পরমাদরাৎ ।
প্রেমপূর্ণো ভবেন্নিত্যং শ্রবণাদপি ভাবুকঃ ॥ ২২ ॥
শ্রুত্বা সর্ব্বং নিত্যানন্দগৌরাঙ্গগুণকীর্ত্তনম্ ।
মুরারিং সংপ্রণম্যাহ শ্রীদামোদরপণ্ডিতঃ ॥ ২৩ ॥
কৃতার্থোঽহং কৃতার্থোঽহং কৃতার্থোঽহং ন সংশয়ঃ ।
ধন্যোঽসি হি ভবান্ কৃষ্ণচৈতন্যরসপূরকঃ ॥ ২৪ ॥
শ্রীলাদ্বৈতপ্রভুরপি সুখং শ্রীলগৌরাঙ্গচন্দ্র-
লীলাবত্ত্বসমঞ্জসং সুমধুরমাশ্রুত্য হর্ষাদসৌ ।
তং প্রাহ শ্রীমুরারিং ত্বমপি খলু সদা রামচন্দ্রস্য * *
তস্মাদেতত্ত্বয়ি প্রকটিতং গ্রন্থরত্নং হি তেন ॥ ২৫ ॥
শ্রীরামো গৌর ইহ জগতি প্রাদুরাসীদ্ যতোঽসৌ
গ্রন্থেনৈতেন জনয়তি হি প্রেমমাধুর্য্যসারম্ ।
শ্রুত্বা সর্ব্বে পরমরসিকাঃ প্রেমপূর্ণান্তরাশ্চ
গায়ন্তস্তং পরমসুখদং মোক্ষমেবাক্ষিপন্তি ॥ ২৬ ॥
শ্রীবাসপণ্ডিতঃ প্রাহ প্রেমগদ্গদয়া গিরা ।
গ্রন্থমাসাদ্য হর্ষেণ মুরারিং পরমোৎসুকঃ ॥ ২৭ ॥
ত্বমেব জগতাং বন্ধমোক্ষায় কৃতবান্ হরেঃ ।
লীলাং ভগবতো গ্রন্থং শ্রুত্বা মুচ্যেজ্জনো ভয়াৎ ॥ ২৮ ॥

এবং ভক্তগণাঃ সর্ব্বে গ্রন্থবর্ণনমদ্ভুতম্।
শ্রুত্বা মুরারিং সংনম্য প্রাহুঃ তস্য কথা মিথঃ ॥ ২৯ ॥
সোঽপি প্রণম্য বিধিবন্মুরারির্ধৃত্বা তু তেষাং চরণারবিন্দম্।
প্রেম্না জয় কৃষ্ণচৈতন্যনাম ইতি ব্রুবন্নৃত্যতি রোরবীতি ॥ ৩০ ॥
অন্যোঽন্যমালিঙ্গ্য শ্রীগৌরচন্দ্র-রসেন পূর্ণাঃ কিল তে বভূবুঃ।
শ্রীপতিরেকেন জগদ্ধিতায় প্রাকাশি লীলাং সুরহস্যামেতাং ॥ ৩১ ॥
চতুর্দ্দশশতাব্দান্তে পঞ্চত্রিংশতিবৎসরে।
আষাঢ়সিতসপ্তম্যাং গ্রন্থোঽয়ং পূর্ণতাং গতঃ ॥ ৩২ ॥*

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতে চতুর্থপ্রক্রমে ষড়্বিংশতিতমঃ সর্গঃ।
সম্পূর্ণোঽয়ং গ্রন্থঃ।

—০—

* প্রাচীন পাণ্ডুলিপিতে এই শ্লোকটি যেরূপ আছে সেইরূপই মুদ্রিত হইল। কিন্তু উহা ঠিক কাল নির্দ্দেশক বলিয়া গ্রহণ করা যায় না।

শ্রীশ্রীগৌরগদাধরৌ
বিজয়েতাম।

পরিশিষ্ট

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য-চরিতামৃতের বঙ্গানুবাদ

প্রথম প্রক্রম।

প্রথম সর্গ।

(১) অতিশুদ্ধ বিক্রম-(শৌর্য্যাতিশয়)যুক্ত, স্বর্ণবর্ণ, পদ্মপলাশ-লোচন, আজানুবিলম্বিতভুজ এবং ভক্তিরসে বহু প্রকারে নর্ত্তন-পরায়ণ সেই গৌরসুন্দরের জয় হউক।

(২) তিনি জগন্নাথ মিশ্রের নন্দন, জগতের পতি (পালক), বিশ্ব-কারণ, বিশ্বের আর্ত্তি-বিনাশন ও বিভু (ব্যাপক); তিনি কলিপাতা (কলির আশ্রয়দাতা বা কলিকলুষ হইতে রক্ষণকারী) এবং কলির ভার-(পীড়া) নাশন। নিজ (উন্নত উজ্জ্বলরসগর্ভা) ভক্তি বহন করতঃ [অর্থাৎ বিতরণ জন্য সঙ্গে লইয়া] শচীর গর্ভে প্রাদুর্ভূত হইয়াছেন।

(৩-৪) নবদ্বীপযুক্ত ভূমিখণ্ডে (অন্তর্দ্বীপ, মধ্যদ্বীপাদি নয়টি দ্বীপযুক্ত) ব্রাহ্মণবর্য্যগণ কর্ত্তৃক অভিনন্দিত সেই হরি, গৃহে সুখে বাস করিয়া নিজ পিতামাতা জগন্নাথ ও শচীদেবীকে সুখ দান করিয়াছেন এবং গুরু গঙ্গাদাস পণ্ডিতের গৃহে বাস করিয়া শিক্ষা কল্পাদি ষড়ঙ্গযুক্ত সমগ্র বেদ-সংহিতাদি অধ্যয়ন করিয়াছেন। তিনি তৎকালে পবিত্রভাবে গুরুদেবের পরিচর্য্যায় রত ছিলেন। সেই হরির প্রকটলীলার নাম—**বিশ্বম্ভর**। তিনি যুগোচিত ধর্ম্মাচরণ করিবার জন্য (৫) ধার্মিকগণকে

হরি-সংকীর্ত্তন করিতে উপদেশ দিয়াছেন, যেহেতু তিনি মনে ভাবিলেন যে, পুরুষার্থ-শিরোমণি প্রেম লাভের জন্য শ্রীহরির অতিপ্রিয় নাম-সংকীর্ত্তনই মুখ্য কর্ত্তব্য। তিনি নিজে হরিপাদাঙ্কিত ভূমি গয়াতে গিয়া পিতৃশ্রাদ্ধাদি ক্রিয়া সম্পাদন করিতে করিতে (৬) নিত্য কৃষ্ণস্মরণ-মননে বিভোর হইয়া পুলকাদি ভাবোদ্‌গম ও প্রেমে স্তব্ধ হইয়াছিলেন। তখন অশরীরী বাণী (দৈববাণী) শ্রবণ করিয়া শীঘ্রই আবার নবদ্বীপে নিজ মন্দিরে আগমন করিয়াছেন। (৭) সেই প্রভু মুখ্য মুখ্য ভক্তবর্গ-কর্ত্তৃক পরিবেষ্টিত থাকিতেন; তাঁহার দেহ সর্বদাই প্রেমের বিবিধ অবস্থায় (অশ্রু-কম্পাদি ভাব-ভূষণে) পরিপূর্ণ হইত। দৈত্যেন্দ্রদলন সেই গৌরাঙ্গ হরি-কীর্ত্তনে ও হরিকথার সুখে আনন্দ করিতে লাগিলেন।

(৮) এই পরমযশস্বী মহাপ্রভুর কীর্ত্তি-কলাপ সাধুসজ্জনদিগের শ্রবণরসায়ন; কাজেই তাঁহাদের পিপাসু কর্ণরন্ধ্রে উহার প্রবেশ ইচ্ছা করিয়া শ্রীমুরারি গুপ্ত আনন্দাশ্রু-পরিপূর্ণ হইয়া এই পরমমঙ্গল সুন্দর কথার অবতারণা করিলেন।

(৯) ব্রাহ্মণকুলকমলের প্রকৃষ্টরূপে উল্লাসদায়ক বিচিত্র সূর্য্যস্বরূপ শ্রীবাসনামক ভক্ত শ্রীমুরারিকে বলিলেন,—'তুমি শ্রীগৌরহরির নবনবায়-মান পরমসুন্দর চরিত-কথা কীর্ত্তন কর।' তাঁহার আজ্ঞা পাইয়া কৃতকর-পুটাঞ্জলি মুরারি তাঁহাকে পুনঃ পুনঃ প্রণাম করিলেন এবং স্বয়ং শ্রীশ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভুর কলিকলুষ-নাশন কীর্ত্তিগাথা গান করিতে লাগিলেন।

(১০) তৎপরে বৈদ্যনন্দন সেই মুরারি চিন্তা করিতে লাগিলেন, "কি প্রকারে আমি অর্থবহুলা শ্রীচৈতন্যকথা কীর্ত্তন করিব? (১১) যেহেতু, সাক্ষাৎ বৃহস্পতিও এই লীলা বর্ণন করিতে সক্ষম নহেন; তথাপি আমার বিবেচনায় বৈষ্ণবাজ্ঞা পালন করাই যুক্তিযুক্ত। (১২) কৃষ্ণস্মরণরূপ সম্পত্তির সহিত বৈষ্ণবাজ্ঞা সততই নির্ম্মলা হইয়া

ফলদায়িকাই হইবে, ইহাতে অন্যথা হয় না।" (১৩) এই বলিয়া তিনি ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের জন্য এবং বিষ্ণুভক্তির নিমিত্ত ভগবদ্‌ভক্তি দ্বারা পরিপুষ্ট শ্রীগৌরাঙ্গকথা বলিতে প্রবৃত্ত হইলেন।

(১৪) যিনি অজ (জন্মরহিত) পুরাণ পুরুষ, যিনি চতুর্ভুজ এবং শঙ্খ, গদা, পদ্ম ও চক্রধারী, যাঁহার বক্ষোদেশে শ্রীবৎসচিহ্ন (রোমাবর্ত্ত-বিশেষ) বিদ্যমান, যাঁহার সুন্দর ললাটে মণি সংলগ্ন [অথবা কণ্ঠে মহাতেজস্কর মণি বিরাজমান] এবং যাঁহার পরিধানে অত্যুত্তম বসন— সেই চৈতন্য-হরিকে প্রণাম করি।

(১৫) সজ্জনদিগের আনন্দ লাভের উদ্দেশ্যে যৎসামান্য ভগবৎকথা বলিতেছি—যদি কোথাও কোনও চ্যুতি বা ত্রুটি হয়, তবে পরোপকারী মহত্তম সাধুগণ সংশোধন করিবেন—ইহাই আমার বিশ্বাস।

(১৬—১৮) **'নবদ্বীপ'** নামে প্রসিদ্ধ এক পরম-বৈষ্ণব ক্ষেত্র আছে। তাহাতে ব্রাহ্মণ, সাধু, শান্ত, বৈষ্ণব, সৎকুলীন, মহাজন ও কর্ম্মনিষ্ঠ ব্যক্তিগণ বাস করেন। ইঁহারা সকলেই শাস্ত্রার্থপারদর্শী। আবার উহাতে বহুবিধ চিকিৎসক, শূদ্র ও বণিকাদিও বিরাজ করেন। সেই বৈকুণ্ঠসদৃশ ধামে সকলেই নিজ নিজ আচারে নিরত, শুদ্ধ, বিদ্যোপজীবী এবং দেবব্রত (দেবপূজক) ছিলেন।

(১৯) এই ধামে শ্রীহরিপদকমলের আনন্দময় মত্ত মধুকর **শ্রীবাস** বিরাজ করিতেন; তিনি সদা সর্বদা প্রেমে (অশ্রু স্বেদাদিতে) আর্দ্র থাকিতেন এবং ঊর্দ্ধবাহু হইয়া পরম রসানন্দে উৎকণ্ঠিতচিত্তে প্রভুর নাম-গুণাদি গান করিতেন। আবার দ্বিজকুলতিলক **গোপীনাথ**ও তথায় বাস করিতেন; তাঁহার কর্ণপথে কৃষ্ণনাম প্রবেশ করা মাত্রই মত্ত হইয়া তিনি অতি উচ্চকণ্ঠে শব্দ করিতেন এবং পুনঃ পুনঃ লয় [গীত, বাদ্য ও

পাদন্যাসাদির ক্রিয়াকালের পরস্পর সাম্য] রক্ষার জন্য চঞ্চলকর হইয়া অর্থাৎ হস্তভঙ্গী করিয়া নিরতিশয় নৃত্য করিতেন।

(২০) এই ধামে শ্রীযুক্ত **অদ্বৈত** আচার্য্যবর্য্যও বিরাজমান ছিলেন। তিনি উদীয়মান তরুণ সূর্য্যের কান্তিমালা ধারণ করিয়া জ্ঞানিগণরূপ কমলকুলের প্রকাশন-ব্যাপারে মহানিপুণ ছিলেন। করুণা-সমুদ্র তিনি চন্দ্রের ন্যায় জনগণ-হৃদয়ের তাপশান্তির জন্যই যেন কেবল মূর্ত্তি ধারণ করিয়াছিলেন। প্রেমধ্যানে তিনি মহাদক্ষ ছিলেন, নৃত্যগীতাদি কলাবিদ্যায় ও মহা মহা গুণকদম্বে তিনি বরীয়ান্ মহাত্মা ছিলেন। অধিক কি বলিব? তিনি পরমরসকলার আচার্য্য ঈশ্বরই বটেন!!

(২১) এই ধামে দ্বিজরাজ **চন্দ্রশেখর** গুরুও বিরাজমান ছিলেন। তিনি সর্ব্বগুণমণ্ডিত ছিলেন—কৃষ্ণনামে তাঁহার প্রচুরতর রোমাঞ্চ হইত এবং নিরন্তর অশ্রুধারায় তিনি স্নাতদেহ হইতেন।

(২২) এই স্থানে মুনি **হরিদাস** নৃত্য করিতে থাকিলে আনন্দিত-মনে জগদীশ্বর (মহাপ্রভু) দাসের প্রতি বৎসল (স্নেহশীল) হইয়া মহেশ্বর সহ খেচর (আকাশচারী) দেবগণের সহিত শীঘ্রই সেই লাস্য (নৃত্য) পরিদর্শন করিতেন।

(২৩) এই ধামের প্রান্তদেশে বিষ্ণুপাদোদ্ভবা **ভাগীরথী** মহাবেগবতী ও করুণার্দ্রা হইয়া যমুনা ও সরযূ নদীর সহিত স্পর্দ্ধা করিয়াই যেন প্রবাহিত হইতেছেন ; [যে হেতু ইনিই তীরে নীরে] স্বর্ণোজ্জ্বল গৌরহরিকে ধারণ করিয়াছেন।

(২৪) আবার সেই ধামে দ্বিজকুল-সমুদ্রের চন্দ্রসদৃশ **জগন্নাথও** বাস করিতেন। তিনি বেদাচার্য্য, সকলগুণময় ও বৃহস্পতিসম ছিলেন। শ্রীকৃষ্ণের চরণকমল ধ্যানের প্রবলতর যোগযুক্ত মনে তিনি পবিত্র ও প্রেমাপ্লুত ছিলেন এবং নবীন চন্দ্রকলাবৎ শীঘ্রই বৃদ্ধিপ্রাপ্ত হইতেছিলেন।

ইতি **অবতারানুক্রম-নামক প্রথম সর্গ** ॥ ১ ॥

দ্বিতীয় সর্গ।

(১) তৎপরে তাঁহার তত্ত্বজ্ঞ গুরু (অধ্যাপক) তাঁহাকে সর্বশাস্ত্রার্থ-পারদর্শী জানিয়া 'শ্রীমন্ **মিশ্র-পুরন্দর**' এই পদবী দান করিলেন। (২) একদিন মহামনাঃ ও সমগ্র বংশমঙ্গলকারী শ্রীমন্**নীলাম্বর চক্রবর্ত্তী** সেই মহাকুলীন, পণ্ডিত ও ধার্মিকাগ্রগণ্য জগন্নাথ মিশ্রকে (৩) আহ্বান করিয়া তাঁহার হস্তে নিজ কন্যা **শচীকে** দান করিলেন। ইন্দ্র যেমন শচীকে পত্নীরূপে পাইয়া ক্রমশঃ শ্রীযুক্ত হইয়াছিলেন, তদ্রূপ এই মিশ্র-পুরন্দরও শচীদেবীকে বিবাহ করিয়া অবধি সর্বথা বর্দ্ধিষ্ণু হইতে লাগিলেন।

(৪) এইরূপে গৃহস্থ হইয়া বাস করিতে করিতে আতিথ্য-বিধানে, শান্তিস্বস্ত্যয়নাদির অনুষ্ঠানে, পবিত্রতায় এবং নিত্য-কাম্যাদি ক্রিয়ার আচরণের ফলে তাঁহার ধর্ম্মও বৃদ্ধি পাইতে লাগিল।

(৫) কতিপয় কালের (বৎসরের) মধ্যে ক্রমশঃ তাঁহার আটটি কল্যাণময়ী কন্যা জন্মিয়া দৈববশতঃ সকলেই অল্পকালেই পঞ্চত্বপ্রাপ্ত হইয়াছিলেন। (৬) শচী বাৎসল্যভরে দুঃখিতচিত্তে মনে মনে শ্রীহরির শরণ গ্রহণ করিলেন এবং শ্রীমন্মিশ্র পুরন্দরও পুত্র-কামনায় পিতৃযজ্ঞের অনুষ্ঠান করিলেন। (৭) কিছু কাল পরে তিনি দেবকুমারসদৃশ এক পুত্ররত্ন লাভ করিলেন এবং নির্ধন ব্যক্তি নিধি পাইলে যেমন আনন্দলাভ করে, তদ্রূপ সেই জগন্নাথও নিরতিশয় আনন্দ পাইলেন। (৮) পিতা জগন্নাথ সেই পরমসুন্দর পুত্রের **'বিশ্বরূপ'** নাম রাখিলেন। সেই মহাত্মা অতি অল্পকাল পাঠাভ্যাস করিয়াই (৯) বেদচতুষ্টয় ও ন্যায়শাস্ত্রে ব্যুৎপন্ন হইলেন। ভক্তিযোগেও তিনি উত্তম হইলেন। অহো! তিনি সর্বজ্ঞ, সুধী, শান্ত ও সর্বজীবের উপকারী ছিলেন। (১০) তিনি

নিরন্তর হরিধ্যানেই মগ্ন থাকিতেন, কদাচ বিষয়ে মনোনিবেশ করিতেন না ; নিত্য শ্রীমদ্‌ভাগবতের রসের আস্বাদনেই মত্ত থাকিতেন।

(১১) কশ্যপ ঋষি ও অদিতির গৃহে যেরূপ ইন্দ্রানুজ 'উপেন্দ্র' নামে সুতোৎপত্তি হইয়াছিল, তদ্রূপ তাঁহাদের গৃহে জগদ্‌যোনি অজ (জন্ম-রহিত) প্রভু স্বয়ং বিশ্বরূপের অনুজরূপে প্রাদুর্ভূত হইলেন।

(১২) তিনি নিজেই ত্রিভুবনকে হরিসংকীর্ত্তনময় করিয়া, 'পুরুষোত্তম' নামক ক্ষেত্রশ্রেষ্ঠে বাস করিয়া, (১৩) লোকশিক্ষার জন্য স্বয়ং হরি হইয়াও হরিভক্তি যাজন করিয়া, শ্রীবৃন্দাবনমাধুর্য্য নিজে আস্বাদন করিয়া জনগণকেও আস্বাদন করাইয়াছেন। (১৪) সমগ্র জগতের ত্রাণ করিয়া বৈকুণ্ঠবাসী জনগণ কর্ত্তৃক প্রসাধিত (আরাধিত) হইয়া নিজের মহা-মহৈশ্বর্য্যযুক্ত ধামে আনন্দিতমনে প্রয়াণ করিয়াছেন।

(১৫) এই অদ্ভুত কথা শুনিয়া ব্রহ্মচারী, জিতেন্দ্রিয় ও শ্রীচৈতন্য-কথামত্ত শ্রীদামোদর পণ্ডিত বলিলেন,—(১৬) 'ওহে মুরারি! যাহার শ্রবণে লোক ঘোরকলুষময় সংসার হইতে মুক্ত হইতে পারে, সেই দিব্য অদ্ভুত লোকপাবনী কথাই বল ত!' (১৭) "যাহাতে সর্ববিধ লোকের শ্রীকৃষ্ণের চরণকমলে পরম প্রেমসম্পত্তি লাভ হয়, সেই গৌরকথাই বল হে। (১৮) সেই সর্বেশ্বর প্রভু কি হেতু পৃথিবীতে আবির্ভূত হইলেন? সেই জগৎস্বামী এই ধরায় কি কি কার্য্যই বা করিয়াছেন? (১৯) তাঁহার শ্রবণরসায়ন মঙ্গলকর কর্মসমূহের কীর্ত্তন কর—যাহাতে জগৎসমূহের তাপশান্তি ত হইবেই ; আবার মহাত্মগণও প্রেমামৃত লাভ করিবেন।"

(২০) সেই মহাত্মা পণ্ডিত দামোদরের বাক্য শ্রবণ করিয়া মুরারি প্রীতি লাভ করিলেন এবং গৌরকথা বলিতে লাগিলেন—(২১) হে দ্বিজোত্তম! শ্রবণ কর, আমি যথাশক্তি উত্তমরূপে তোমাকে সংক্ষেপে

গৌরকথা বলিতেছি ; সাক্ষাৎ ভার্গব (বৃহস্পতিও) ঐ লীলা বিস্তারিত-ভাবে বর্ণনা করিতে পারেন না।

(২২-২৪) **ধর্মপ্রাণ নারদ** বৈষ্ণবাগ্রগণ্য, মহাতেজস্বী ও পূর্ণচন্দ্রের ন্যায় প্রভাবিশিষ্ট ; তাঁহার আকার কৈলাসপর্বতের শিখরের তুল্য, মেখলাই তাঁহার মহাভূষণ ; তিনি মৃগচর্ম পরিধান করিয়াছেন, বিষ্ণুর অংশ তিনি সকলেরই প্রিয়। একদিন তিনি সকলের উপকারের জন্য ভারতবর্ষে আকাশমণ্ডলে আনন্দিতচিত্তে হরিনাম-পরায়ণা মহতী বীণা বাদন করিয়া ভ্রমণ করিতে লাগিলেন। (২৫) 'আমি কোথায় বৈষ্ণব দেখিব ? তথায় সংপ্রতি বাস করিব।' এইরূপে মনে মনে চিন্তা করিতে করিতে তিনি এই পৃথিবী দর্শন করিলেন। (২৬) অহো ! পাপমিত্র কলি-কর্ত্তৃক এই পৃথিবী অধিকৃত হইয়াছিল, মল-(কলুষ) রাশিতে উহা পঙ্কিল হইয়াছিল, ম্লেচ্ছহস্তে ধেনুর যেরূপ দুর্দশা হয়, তদ্রূপ এই পৃথিবী কলিকর্ত্তৃক উপদ্রুত হইতেছিল ! প্রচণ্ডকিরণ (সূর্য্য) কর্ত্তৃক উহা শোষিতই বলিয়া দৃষ্ট হইল। (২৭) জনমণ্ডলী পাপে ও ব্যাধিতে সমাকুল বলিয়া দেখা গেল। তাহারা পরনিন্দায় নিরত, শঠ, ক্ষীণায়ু ও কৃশ হইয়াছিল। (২৮) রাজাগণ পাপকার্য্যে নিপুণ, যবনগণ সহ শূদ্র-সকল খল-প্রকৃতি, ম্লেচ্ছগণ অপকর্ম্মে নিরত এবং প্রজাগণের সর্ব্বস্বহারী হইয়াছিল। (২৯) শাস্ত্রজ্ঞগণও তখন সাধুগণের নিন্দক এবং আত্ম-শ্লাঘাপর হইয়াছিল !! এই সব বহুবিধ ব্যাপার দেখিয়া নারদ চিন্তা করিতে লাগিলেন।

ইতি **শ্রীনারদানুতাপনামক** দ্বিতীয় সর্গ।

তৃতীয় সর্গ।

(১) কলিযুগের প্রথম সন্ধিতে এই বসুন্ধরা (পাপরাশিতে) নিমগ্ন হইল। পাপদগ্ধ সকল জীবের পক্ষে হরিনাম-রসায়নই (২) তারক হইয়া থাকে, কিন্তু বৈষ্ণব বিদ্বেষ্টাগণ হরিনামের মাহাত্ম্য বুঝে না। যাহারা স্বশ্লাঘাপরায়ণ এবং বৈষ্ণবনিন্দক, (৩) যাহারা কৃষ্ণনাম বা কৃষ্ণবিগ্রহের প্রতি নিন্দা করে অথবা ঐ কৃষ্ণনাম বা কৃষ্ণতত্ত্বকে অনিত্য বলে, তাহারাই মন্দবুদ্ধি, তাহাদেরই নরক অনিবার্য্য। (৪) এই বিষয়ে কি উপায় বিধেয়—এই চিন্তা করিতে করিতে শুদ্ধবুদ্ধি করুণানিধি নারদ **বৈকুণ্ঠ**নামক পরধামে গমন করিলেন।

(৫) ঋক্, যজুঃ ও সাম নামক বেদত্রয় যাঁহাকে নিরন্তর স্তবস্তুতি করিতেছে, নিজ তেজে যাঁহা দশ দিকের রজঃ-(মালিন্য বা প্রকৃতির গুণ) সমূহকে বিধ্বস্ত করিয়াছে, মুনি নারদ সেই অখণ্ডশক্তি বৈকুণ্ঠের দর্শন লাভ করিলেন এবং গুণাতীত দশা প্রাপ্ত হইলেন। (৬) তত্রত্য পদ্ম-সমূহে মধুকররাজি নিত্য হরিগুণ গান করিতেছে—তথায় রত্নবদ্ধ-তটযুক্ত অতিরমণীয় বাপী-(দীর্ঘিকা)সমূহ বিরাজমান এবং তন্মধ্যে উৎপন্ন লতারাজির সদ্‌গন্ধে চতুর্দিক্ আমোদিত অথবা তত্রত্য (জাত) নীলোৎপল কহ্লারাদি লতাসমূহের পুষ্পসমূহে সুন্দর হইয়াছে। (৭) তথায় মাণিক্যময় গৃহরাজি বর্ত্তমান—তাহাতেও আবার বড়ভী-(চন্দ্রশালিকা)সমূহ বিরাজ করে, যাহাতে গজেন্দ্রমুক্তাসমূহ বিশেষ শোভাধায়ক হইয়াছে। সর্বঋতুর (ফলকুসুমবর্ষী) বৃক্ষরাজি শোভা করিতেছে—বিহগগণ বেশ কাকলিধ্বনি করিতেছে এবং উহার পথ-সমূহ চন্দ্রকান্তমণিসমূহে খচিত রহিয়াছে। (৮) তথায় লক্ষ্মী কর্ত্তৃক উপসেবিত অজ (জন্মরহিত) পুরাণ **পুরুষোত্তমকে** মুনিবর দর্শন করিলেন; তাঁহার ললাটদেশ পরমসুন্দর কিরীটের কান্তিমালায় রঞ্জিত

হইয়াছে—প্রস্ফুটিত দিব্য পদ্ম-বিজয়ী তাঁহার লোচনদ্বয়—মনোজ্ঞ চন্দ্রমা-কর্ত্তৃক আঘ্রাত তাঁহার সুন্দর মুখ প্রসন্ন দেখা যাইতেছে। (৯) মনোহর মহাকুণ্ডলদ্বয় গণ্ডযুগলে দোদুল্যমান হইয়া শোভাধার হইয়াছে—তাঁহার কণ্ঠদেশ সুন্দর শঙ্খবৎ রেখাত্রয়যুক্ত, পরিধানে স্বর্ণবর্ণবিজয়ী বসন—নীলাচলের শিখরদেশ যেরূপ কল্পবৃক্ষগণ কর্ত্তৃক শোভিত হইয়া থাকে, তদ্রূপ পরিঘোপম (লৌহলগুড়বৎ) ভুজচতুষ্টয়ধারী শ্রীকৃষ্ণকে নারদ দর্শন করিলেন। (১০) স্বর্ণময় অঙ্গদাদি, মুক্তাহারসমূহ এবং অত্যুত্তম হেমসূত্রাদি তিনি স্থানে স্থানে পরিধান করিয়াছেন—নিতম্বদেশ কিঙ্কিণী-সমূহের সহিত বস্ত্রদ্বারা শোভিত—তদীয় চরণে অত্যুত্তম পদ্মই যেন প্রস্ফুটিত হইয়াছে। (১১) সেই মুনি নারদ শ্রীকৃষ্ণ-পাদপদ্মের মনোজ্ঞ গন্ধ আঘ্রাণ করিয়াই আনন্দাশ্রুপাতে এবং পুলক-কদম্বে বিভূষিত-কলেবরে শীঘ্রই অচেতন হইয়া কৃষ্ণসমীপে দণ্ডবৎ নিপতিত হইলেন। (১২) তৎক্ষণাৎ কৃতজ্ঞ প্রভু রত্নাঙ্গুরীযুক্ত নখ-প্রভাবিশিষ্ট কর প্রসারণ করিয়া আনন্দে মুনির শিরোদেশ স্পর্শ করিলেন এবং মৃদুমধুর হাস্যশোভি বদনে মনোহর বাক্যে বলিলেন,—(১৩) 'হে ব্রহ্মনন্দন মুনে! হে মহাত্মন্! উত্থান কর; অদ্য আমাকে যাহা বলিবে, আমি তাহাই করিব; ধার্মিকদের ধর্ম্ম স্বয়ং আচরণ করিবার জন্য বহুযুগান্তে এই কালটি আমারই অবতারের সূচক হইয়া সমাগত হইয়াছে!!' (১৪) মহাজন-দিগের একান্ত শরণ শ্রীহরি তখন মহর্ষিপ্রবর নারদকে উঠাইয়া শীঘ্রই তাঁহাকে আসনে বসিতে আজ্ঞা দিলেন। আজ্ঞা পাইয়া মুনি আসনে বসিলেন। (১৫) অনন্তর ভগবান্ সেই মুনিকে জিজ্ঞাসা করিলেন,—'হে মুনে! তোমার আগমনের কারণ কি? তোমার বাঞ্ছিতই বা কি? হে সাধো! আমি তোমার জন্য সকল কার্য্যই করিতে প্রস্তুত আছি অথবা আমি পূর্ণতর অবতারের কার্য্যই করিতে ইচ্ছা করিয়াছি; মহাজনদের

সকল চেষ্টাই পরোপকারের জন্য।' (১৬) এই ভাবে কৃষ্ণরূপ কৃপামৃতসমুদ্রের সজল জলধরবৎ গম্ভীর ধ্বনিযুক্ত বাক্যামৃত পান করিয়া মুনিবর শ্রীহরির পূর্ণহাস্যযুক্ত (স্বপ্রার্থনা-পূর্ত্তিসূচক) কটাক্ষপাতের আশায় বলিলেন—"হে প্রভো! তোমাকে প্রণাম করি, দুঃখিত লোকগণকে পরিত্রাণ কর। (১৭) পাপরাশিযুক্ত লোকের ধারণ করিয়া পৃথিবী অত্য সমাকুলা হইয়া মহাকষ্টে পড়িয়াছে। সকল লোকই কলিকালদষ্ট এবং তোমার প্রসঙ্গাদি ত্যাগ করতঃ পাপেই নিরত হইয়াছে। (১৮) হে নাথ! এই সকল লোকের নিস্তার কর, তুমি ব্যতিরেকে তাহাদের ত্রাতা অন্য কেহ নাই। হে সর্ব্বলোকনাথ! এই বিচার করিয়া তুমি তাহাদিগকে নরক হইতে উদ্ধার করিয়া সদ্‌গতি প্রদান কর। হে ঈশ! তুমি স্বয়ংই সদ্‌গতি, অপর কেহই নহে।" (১৯) মুনির এই বাক্য শ্রবণ করিয়া হরি সর্ব্বতত্ত্ব জানিয়াও তাঁহাকে জিজ্ঞাসা করিলেন,—'কি করিতে হইবে, বল দেখি। কোন্ উপায়ে সকলের শান্তি বিধান হয় বল ত।' তখন আবার নারদ প্রভুকে বলিলেন—(২০) "তুমি শত শত চন্দ্রমার ন্যায় স্বয়ং সুশীতল হইয়া ব্রাহ্মণবংশে সৎকুলে বাৎস্য গোত্রে অবতীর্ণ হও, জগন্নাথ-সুত এই প্রখ্যাতি লাভ কর এবং ধরণীরও মঙ্গল বিধান কর। (২১) তুমি রামাদিরূপে পাপাত্মা রাক্ষস দানবাদির যে বধনাধনাদি করিয়াছ, হে ভগবন্! এবার কিন্তু তাহা করিতে পারিবে না; অথচ সকল মানবের মন পরিশোধন করিতে হইবে। (২২) যদি সেই সব আসুরভাবাপন্ন জনগণকেই হত্যা করিবে, তবে আর লোক কোথায় থাকিবে হে? এই বিবেচনা করিয়া নিজ বুদ্ধি-বলে নিজ কীর্ত্তি বিস্তার করিতে থাক এবং ইহাতেই লোকগণ সুখী হউক। (২৩) রুদ্র সহিত মুনিশ্রেষ্ঠগণও তোমার সাহায্যকল্পে পৃথিবীতেই অবতার গ্রহণ করিয়াছেন।" সুরর্ষির বাক্য শ্রবণে হরি

'তথাস্তু' বলিলেন এবং নারদও তাঁহাকে প্রণাম করিয়া হৃষ্টচিত্তে অন্যত্র চলিয়া গেলেন।

ইতি নারদপ্রশ্ন নামক তৃতীয় সর্গ।

চতুর্থ সর্গ।

(১) শ্রীদামোদর পণ্ডিত এই সব কথা শুনিয়া পরম প্রীত হইয়া বলিলেন,—"গৌরহরির কথা বল, বল। (২) অবতারগণের মধ্যে কে কে মহীতলে সুন্দররূপে অবতীর্ণ হইলেন? আর অবতারগণই বা কত প্রকার? এই সব তত্ত্ব আনুপূর্বিক বল দেখি!!"

(৩) শ্রীমুরারি গুপ্ত দ্বিজবরের এই বাক্য শ্রবণে পরম প্রীতির সহিত তাঁহাকে বলিলেন—'আপনি আদরপূর্বক শ্রবণ করুন। (৪) এক্ষণে আমি আপনাকে হরির স্বাংশাবতারগণের কথাই বলিতেছি। ইঁহারা শুদ্ধভক্তরূপেই প্রসিদ্ধ, ভক্ত হইলেও ইঁহারা ঈশ্বর-স্বরূপই বটে। (৫) সর্বাগ্রে দ্বিজশ্রেষ্ঠ **শ্রীমাধবেন্দ্র পুরী** আবির্ভূত হইলেন, ইনি ঈশ্বরাংশই। দ্বিতীয় ঈশ্বরাংশ হইলেন কল্যাণগুণময় **শ্রীঅদ্বৈতাচার্য্য**। (৬) তাঁহাদের শিষ্য হইলেন—চন্দ্রবৎ স্নিগ্ধকিরণ দেব **চন্দ্রশেখর,** ইঁহাকে আচার্য্যরত্ন বলিয়াই সকলে জানে, পৃথিবীতে ইঁহার মহাকীর্তি রটিত হইয়াছে। (৭) শ্রীনারদাংশ-রূপে শ্রীমান্ **শ্রীবাস** পণ্ডিত অবতীর্ণ হইলেন। বৈদ্য ও সুগায়ক **শ্রীমুকুন্দ**ও গন্ধর্বাংশে আবির্ভূত হইয়াছেন। (৮) নারদ মুনির অংশ শ্রীমান্ **শ্রীহরিদাস**ও আবির্ভূত হইলেন—নাগদষ্ট (সর্পক্ষত ডঙ্ক) ব্রাহ্মণ প্রাচীনকালে ইঁহার যে তত্ত্ব বলিয়াছেন, তাহা আপনি শ্রবণ করুন। (৯) পুরাকালে মহর্ষি শ্রীমান্ রাম নামক জনৈক মহাতপস্বী বৈষ্ণবক্ষেত্র দ্রাবিড়ে বাস করিতেন। তিনি পুত্রবৎসল ছিলেন। (১০) তাঁহার পুত্র তুলসী

প্রক্ষালন করিয়া পবিত্র পাত্রে রাখিলেন, কিন্তু তাহা ভূমিতেই পড়িয়া গেল। পুনরায় সেই তুলসী প্রক্ষালন না করিয়াই (১১) মুনিপুত্র পিতার হস্তে দিলেন। মহর্ষি শ্রীরামও সেই তুলসী শ্রীভগবান্‌কে সমর্পণ করিলেন। অধৌত তুলসী ভগবানে অর্পণ করার ফলে তিনি যবনকুলে জন্মগ্রহণ করিয়াছেন। (১২) তিনি ধার্মিক, সুধী, শান্ত ও সর্বজ্ঞ ছিলেন। স্বয়ং ব্রহ্মাংশ হইয়াও তিনি ভক্তরূপেই সুনিশ্চিত হইয়াছেন।

(১৩) বলদেবাংশরূপে অবধূত, মহাতেজস্বী, মহত্তম, মহাযোগী ও সাক্ষাৎ প্রভু **নিত্যানন্দ** আবির্ভূত হইয়াছেন। (১৪) তাঁহার কুল শীলাদি বা লীলাদি শত বর্ষেও আমি ত বলিতেই পারিব না, স্বয়ং বৃহস্পতিও পারিবেন না। (১৫) তখন আবার ক্ষুদ্র জীব আমরা বা অন্য কেহ কি বর্ণনা করিবে? ইনি শ্রীকৃষ্ণদ্বিতীয় এবং শ্রীগৌরাঙ্গের প্রাণবল্লভ অথবা শ্রীগৌরাঙ্গই ইঁহার প্রাণবল্লভ। (১৬) অন্যান্য শত শত দেবতা, মুনিপুঙ্গবগণও এই পৃথিবীতে অংশভাবে অবতীর্ণ হইযাছেন, তাঁহাদের সংখ্যা করিতেও আমি অসমর্থ।

(১৭) পুরুষাবতার দ্বিবিধ বলিয়া পরিকীর্ত্তিত হইয়াছেন। প্রথম হইতেছেন—**যুগাবতার** ও দ্বিতীয়—**কার্য্যাবতার** (লীলাবতার)। (১৮) যাঁহারা যুগে যুগে অবতার হইয়া যুগধর্ম্ম সংস্থাপন করেন, ক্রমশঃ তাঁহাদের তত্ত্ব শ্রবণ করুন। (১৯) **সত্যযুগে** ধ্যানই একমাত্র পুরুষার্থসাধক, এই জন্য চতুর্ভুজ ও জটাধর **শুক্ল** অবতীর্ণ হইয়াছেন। (২০) তাঁহার দেহকান্তি সহস্র চন্দ্রবৎ উদ্‌ভাস্বর, সর্বদাই ধ্যাননিরত মুনিরূপে তিনি সকল জীবের ধ্যানাচার্য্য হইয়াছিলেন। (২১) **ত্রেতায়** যজ্ঞই কেবল সর্বার্থসাধক ছিল, তাহার জন্য স্রুক্ স্রুবাদি হস্তে লইয়া স্বয়ং **যজ্ঞই** অবতীর্ণ হইলেন। (২২) যাজ্ঞিক ব্রাহ্মণগণের সহিত যজ্ঞভোক্তা সেই নারায়ণ যজ্ঞই করিয়াছেন এবং সকল জীবকে

শিক্ষাও দিয়াছেন। (২৩) **দ্বাপর যুগে** পূজাই পুরুষার্থদায়ক—এই বুঝিয়া সাক্ষাৎ বিষ্ণুই পৃথুরূপে অবতার করিলেন। (২৪) নিজে ধার্মিক হইয়া পূজা করিয়া লোকদিগকে উপদেশ দিয়াছেন এবং তাহাতেই সকল লোকের পূজাতে মনোনিবেশ হইয়াছিল। (২৫) **কলিকালে** কীর্ত্তনই মঙ্গলপ্রসূ সর্বোপকারক ধর্ম—ইহাই সর্বশক্তি-সমন্বিত ও সাক্ষাৎ পরমানন্দদায়ক। (২৬) এই জানিয়া সাধুদিগের সুখদান করিবার অভিলাষে পৃথিবীতে স্বয়ং **শ্রীচৈতন্য** মহাপ্রভুই অবতীর্ণ হইয়াছেন। (২৭) তিনি স্বয়ং কীর্ত্তন করিয়া ও কীর্ত্তন করাইয়া আনন্দ লাভ করিয়াছেন। ইঁহারাই যুগাবতার। কার্য্যার্থে অবতারগণের নামলীলাদি এক্ষণে শ্রবণ করুন। (২৮) মৎস্যাবতারে বেদোদ্ধার, কূর্মরূপে মন্দার পর্বতের ধারণ, বরাহাবতারে পৃথিবীর উদ্ধার এবং নরসিংহরূপে হিরণ্যকশিপুর বিদারণ করিয়াছেন। (২৯) বামনরূপে দানবেন্দ্র বলিকে ছলনা করিয়া ত্রিভুবনের সম্পত্তি অধিকার করিলেন এবং পরশুরামাবতারে স্তুর্মদ রাজাগণকে পরাজয় করিয়া পৃথিবী শাসন করিলেন। (৩০) লোকৈকতারণ বিষ্ণু ব্রাহ্মণের হস্তেই পৃথিবী সম্প্রদান করিয়াছেন—শ্রীরামাবতারে রাবণকে নিহত করিয়া জগৎকে যশঃ-সমূহে পূর্ণ করিলেন। (৩১) শ্রীকৃষ্ণাবতারে কিন্তু সর্বশক্তিসমন্বিত হরি স্বয়ংই পৃথিবীর ভার নাশ করিয়াছেন। (৩২) সেই পরম ভগবান্ বুদ্ধরূপে বেদসমূহের মোহন করিয়াছেন এবং কল্কিরূপে ম্লেচ্ছগণের নিধন করিয়াছেন। (৩৩) এই প্রকারে সেই বহুরূপী প্রভুর বহুবিধ কর্ম্মাবলী কথিত হইয়াছে এবং পরমর্ষিগণ শ্রীহরির এই এই কার্য্যাবতারের কথাই কীর্ত্তন করিয়াছেন।

ইতি **অবতারানুক্রম** নামক চতুর্থ সর্গ।

পঞ্চম সর্গ।

(১) হে ব্রহ্মন্! জগদীশ্বর করুণানিধান প্রভু শ্রীচৈতন্যের নবীন অবতার-কথা সাবধানে শ্রবণ কর। (২) দেবর্ষিবর্য্য নারদ স্বাশ্রমে গমন করিলে বিপ্রর্ষি জগন্নাথের চিত্তে অচ্যুত প্রবেশ করিলেন। (৩) কালক্রমে সেই মহাতেজঃ তৎকর্ত্তৃক আহিত হইয়া সতী শচী ধারণ করিলেন। (৪) গঙ্গা যেরূপ শম্ভুর তেজ ধারণ করিয়াছিলেন, তদ্রূপ কিয়দ্দিন পরে সাধ্বী পতি-পরায়ণা কল্যাণী শচীদেবী স্বগর্ভে হরির অংশ ধারণ করিলেন। তৎকালে তাঁহার তেজঃ সাতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হইল, যেমন শুক্লপক্ষে চন্দ্রকলা বৃদ্ধি পায়। (৫) গলিত-সুবর্ণকান্তি-রূপিণী তাঁহাকে দেখিয়া শ্রীযুক্ত জগন্নাথ হৃষ্টমনে আমোদ করিতে লাগিলেন। (৬) অতঃপর তাঁহাকে দেখিয়া ব্রহ্মাদি দেবগণ, গন্ধর্বগণ, ইন্দ্র সহ অপরাপর আকাশচারী দেবতা (৭) কৃতাঞ্জলিপুটে হর্ষভরে অশ্রুপূর্ণলোচনে অবনতশিরে প্রণাম ও স্তব স্তুতি করিয়া আনন্দিত হইতেন।

(৮) 'তুমি সদাকাল বিষ্ণুকে গর্ভে ধারণ কর, তুমি হরির জননী অদিতি, তোমাকে নমস্কার। তোমার গর্ভে চন্দ্র, সূর্য্য ও অগ্নি প্রভৃতির প্রভা বিদ্যমান, আত্মা বিদ্যমান, তুমি ধৃতি, তুমি ক্ষমা—তোমাকে নমস্কার। (৯) তোমার গর্ভে অজাতদ্বেষ্টা বর্ত্তমান, তুমি সম্যক্ সিদ্ধি, তোমার গর্ভে বেদের উৎপত্তি, তুমি স্বয়ং হরির সর্বথা প্রসূতি দেবকী, রোহিণী এবং যশোদা প্রভৃতি। (১০) যিনি যজ্ঞ বিস্তার করিবেন, সেই পুরুষবরকে তুমি গর্ভে ধারণ করিয়াছ। এই যজ্ঞ হইতেছে—কীর্ত্তন-যজ্ঞ, যাহা সহস্র সহস্র অন্য যাগে সমধিগম্য নহে। (১১) এই গৌরহরির কীর্ত্তন নিমিষার্দ্ধ কালমাত্র শ্রবণ করিয়াও আমাদের যে প্রীতিলাভ হয়, সেই প্রীতি কোটি যজ্ঞ দ্বারাও সম্পাদ্যমান নহে। (১২)

অহো! পুরাকালে সমুদ্রমন্থন করিয়া আমাকে স্বয়ং হরি অমৃত ত দিয়াছিলেন, কিন্তু তাহা হইতেও কোটিগুণে অধিকতর (১৩) রস শ্রীহরির যশঃ শ্রবণ করিয়া আমরা এই কীর্ত্তনে উপলব্ধি করিতেছি! মনে হয় যে, মোক্ষও কীর্ত্তনের তুলনায় অসত্যই বটে!!' (১৪) ইন্দ্রসহিত দেবগণ শচীকে প্রণাম করিয়া, ব্রহ্মাকে অগ্রগামী করতঃ শ্রীহরির যশোগাথা গান করিতে করিতে স্বধামে গমন করিলেন। (১৫) 'লক্ষ্মীপতির অংশ আনন্দিত হইয়া পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন!' এই বলিয়া তাঁহারা কলিভাগ্য প্রশংসা করিতে করিতে নৃত্য করিয়া করিয়া প্রেমবিহ্বল হইলেন! (১৬) তৎপরে ফাল্গুনী রাকা পূর্ণিমায় শুভ ও সর্বগুণোৎকর্ষযুক্ত সময়ে বিশুদ্ধ পবন প্রবাহিত হইতে থাকিলে—(১৭) দেবতা ও মনুষ্যের মন প্রসন্ন হইলে—সুরধুনীর শুদ্ধ জলও সুশীতল হইলে—স্বয়ং হরি প্রাদুর্ভূত হইলেন।

(১৮) শ্রীজগন্নাথ মিশ্রপুরন্দর পুত্ররূপে সেই প্রফুল্লকমলনয়ন, মনোজ্ঞপূর্ণচন্দ্রবদন, সুবর্ণকান্তি, এবং নিজতেজে দশ দিক্ উদ্ভাস্বরকারক তাঁহাকে পাইয়া (১৯) প্রীতিসাগর-রসের অন্ত পাইলেন না। নির্ধন ব্যক্তি যেমন পদ্মনিধি পাইয়া পরমানন্দসাগরে নিমজ্জিত হয়, অদ্য মিশ্রপুরন্দরেরও সেই অবস্থা। সদাকাল প্রেমে তাঁহার মুখে গদ্‌গদ বাণী উচ্চারিত হইত। (২০) তাঁহার জন্মসময় আসন্ন দেখিয়া রাহু চন্দ্রকে গ্রাস করিল। বোধ হয়, চন্দ্রমা শ্রীকৃষ্ণপদ্মবদনে নির্জ্জিত হইয়া মহালজ্জিত হইয়াই স্বয়ং দেবারির মুখবিবরে প্রবেশ করিয়াছে। (২১) সেই পুণ্যসময়ে সকল লোক নরহরির নামকীর্ত্তন করিতেছিলেন এবং পবিত্র গঙ্গাজলে শীঘ্রই স্নান দান, অঘমার্জন, পূজাদি করিতে লাগিলেন। (২২) ব্রহ্মা শিবাদি মহেন্দ্র সহ দেবগণ হৃষ্ট হইলেন। অপ্সরাগণ মহানৃত্যে নিরত হইলেন—

নায়কগণ কুসুমরাশি বর্ষণ করিতে লাগিলেন। (২৩) সর্বশাস্ত্রবিৎ নীলাম্বর চক্রবর্ত্তী তাঁহার জন্ম দেখিয়া আনন্দিতচিত্তে জামাতার গৃহে শীঘ্রই উপস্থিত হইলেন। (২৪) দৌহিত্রের জন্মকালবিৎ সেই সুধী চক্রবর্ত্তী জগন্নাথ ও শচীকে আহ্বান করতঃ এই বাক্য বলিলেন—(২৫) "ওহে! বৃহস্পতি তুঙ্গে আছে—এই বালক পুরুষসিংহই হইবে। ইনি নিত্যই সকল লোকের রক্ষক হইবেন। (২৬) ইনি সুশীল, সর্বধর্ম্মের আশ্রয়, সন্ন্যাসি-চূড়ামণি, সর্বজীবের প্রীতিদায়ক পূর্ণচন্দ্রবৎ হইবেন। (২৭) ইনি সদাই পিতৃমাতৃকুলদ্বয়কে সমুদ্ধার করিবেন।" সেই ব্রাহ্মণ এই কথা বলিলে সকল লোকেই প্রমুদিত হইল। (২৮) পিতার বাক্য শ্রবণে শচীমাতা পরমানন্দ লাভ করিলেন। বাৎসল্য জগন্নাথ পুত্রের জন্মোৎসবকার্য্য সুসম্পাদন করিলেন। (২৯) তাম্বূল, গন্ধ, মাল্য ও চন্দনাদি তিনি ব্রাহ্মণগণকে দান করিলেন এবং ক্রমে ক্রমে বালকের উত্থান-পর্বাদি সব নিষ্পাদন করিলেন।

ইতি শ্রীচৈতন্যাবির্ভাবনামক পঞ্চম সর্গ।

ষষ্ঠ সর্গ।

(১) কিছু কাল পরে কলভাষী বালকের জানুচংক্রমণ (হামাগুড়ি) দেখিয়া সেই মিশ্র-দম্পতী প্রহৃষ্ট হইলেন। (২) সেই দ্বিজরাজ গৌরের সুন্দর হাস্যশোভি রক্তপদ্মাভ মুখে কিরণমালা প্রকাশিত হইল, তাহাতে সাধুদের মনের অন্ধকার দূরীভূত হইল। (৩) প্রাচীন কালে ইনি বিশ্বের ভরণ (ধারণ ও পোষণ) করিয়াছেন বলিয়া পিতা স্বয়ং ইঁহার শ্রীমদ্‌'বিশ্বম্ভর' এই সুন্দর নামকরণ করিলেন। (৪) এই হরি তপ্তকাঞ্চনবৎ গৌরাঙ্গ, সুন্দর পদ্মের ন্যায় বিশালনয়ন, দিগ্‌বসন,

রৌপ্যালঙ্কারধারী এবং মাল্য ও অলকে (কুঞ্চিত কেশকলাপে) সুশোভিত হইলেন। (৫) তাঁহার মুখখানি যেন রাকাচন্দ্রমা, বাক্য অস্পষ্ট অথচ মধুর অমৃতবৎ, আকৃতি মধুর এবং ইনি কঙ্কণ, অঙ্গদাদি ভূষণ পরিধান করিয়াছেন। (৬) তাঁহার করতল ও পদতল দলিতহিঙ্গুলের ন্যায় রক্তবর্ণ ও পবিত্র। শুক্লপক্ষের চন্দ্রের ন্যায় কলা কলা (ক্রমশঃ) ইনি বৃদ্ধিপ্রাপ্ত হইতেছেন। (৭) তৎকালে কিছুকাল মধ্যে রক্তাভ চরণ-যুগলে পর্য্যটন করিতে করিতে এই অমিতদ্যুতি বালকটি পৃথিবীর বিরহ-জনিত তাপ সংহার করিলেন। (৮) তৈর্থিক বিপ্রের অন্ন ভক্ষণ করিয়া এই জনার্দন তাহাকে নন্দগৃহের কুতূহলই স্মরণ করাইয়া দিলেন। (৯) বয়স্য বালকগণের সহিত বিহার করিতে করিতে তরুপল্লবাদির দ্বারা শিশুগণকে আঘাত করিলে তাহারা তাঁহার সম্মুখে বিবিধ ভাববিকার প্রাপ্ত হইয়াছিল। (১০) এই মায়া-মনুজ হরি মর্কটলীলার অনুকরণে এক চরণে পৃথিবীতে দাঁড়াইয়া, নিজ জানু দ্বারা অন্য বালকের জানু স্পর্শ করিতেন। (১১) একদিন জননী ক্রোধে তাঁহাকে ধরিতে আসিতেছেন দেখিয়া তিনি ক্রোধ-পূর্ণ হইয়া গৃহের ভাণ্ডসমূহ ভাঙ্গিয়া দিলেন। (১২) দ্বাপরের ভগ্ন ভাণ্ড দেখিয়া মা যশোদা যাঁহাকে বন্ধন করিয়াছিলেন, অদ্য তাঁহার মুখ দেখিয়া শচীমাতা ভয়ে কাঁপিতে লাগিলেন। (১৩) পরিত্যক্ত মৃদ্‌ভাণ্ডসমূহকে উপরি উপরি সজ্জিত করিয়া, সেই অশুচি স্থলে আসন করিয়া ইনি মাতার সম্মুখে হাসিতে লাগিলেন। (১৪) তাঁহাকে তথায় উপবিষ্ট দেখিয়া শচীমাতা বলিলেন,—"বৎস! নিন্দনীয় (অপূত) স্থল ত্যাগ কর, পুনর্ব্বার স্নান করিয়া শুদ্ধ হইয়া আমার ক্রোড়ে আরোহণ কর।" (১৫) মাতার এই বাক্য শ্রবণে সর্ব্বতত্ত্ববিৎ ভগবান্ তখন দত্তাত্রেয়ের ভাবে বিভাবিত সর্ব্বপণ্ডিতশিরোমণিরূপে মাতাকে বলিলেন,—(১৬) "শুন

মাতা, শুচি বা অশুচি, এই বিচার কল্পনামাত্রই, যেহেতু এই জগৎ—পৃথিবী, জল, বায়ু, অগ্নি ও আকাশনামক পঞ্চ ভূতে নির্মিত। প্রচুরতর ঐশ্বর্য্যসম্বলিত অনন্যসাধারণপাদপদ্মবিশিষ্ট করুণাময় শ্রীহরিই একমাত্র সর্বত্র প্রতিভাত হইতেছেন—অন্য কিছুই বিশ্বাস করিও না। (১৭) অতএব আমি পবিত্রই আছি, অপবিত্র কখনই নহি—ইহা তুমি জানিবে। মা, তুমি এ বিষয়ে অন্য শঙ্কা করিতে পার না।" (১৮) পুত্র এই কথা বলিলে মাতা তাঁহাকে শীঘ্রই হস্তে ধরিয়া আনিলেন এবং সুরধুনীর স্বচ্ছ সলিলে স্নান করাইলেন। (১৯) আবার কয়েক দিন পরে পুনরায় ত্যক্ত মৃদ্ভাণ্ডের উপরি উপবিষ্ট পুত্রকে দেখিয়া শচী বাক্যদ্বারা তাড়না করিলেন। (২০) 'অপবিত্র ও নিষিদ্ধ স্থানে মন্দবুদ্ধি তুমি কেন বসিয়াছ হে!'—মাতার এই বাক্য শ্রবণে ক্রোধান্বিত (২১) হইয়া শ্রীমদ্বিশ্বম্ভর বলিলেন,—'মূঢ়ে! কোথাও ত অশুচি নাই—আমি ত এ কথা তোমাকে পূর্ব্বেই বলিয়াছি। তবে কেন তুমি আমাকে নিন্দা করিতেছ?' (২২) এই বলিয়া মাতার বদনে তিনি রোষাবেশে এক খণ্ড ইষ্টক ছুড়িলেন—তাহার আঘাতে শচীমাতা ব্যথিত ও মূর্চ্ছিত হইয়া ভূপতিত হইলেন। (২৩) তখন স্ত্রীগণ সকলে সমাগত হইয়া তাঁহাকে শীতল জলে সিঞ্চিত করিলেন। তখন মানুষলীলার অনুকরণকারী হরি (২৪) তথায় শীঘ্র আসিয়া 'মা মা' বলিয়া উচ্চৈঃস্বরে রোদন করিলেন এবং স্বয়ং সর্বদুঃখনাশন শ্রীহস্ত মাতার মুখে দিলেন। (২৫) তাহাতেই শচী প্রবুদ্ধ হইয়া তৎক্ষণাৎ পুত্রকে ক্রোড়ে করিলেন এবং পুত্রস্নেহে সাতিশয় বিহ্বলা বৎসলা মাতা আনন্দ লাভ করিলেন। (২৬) কোনও পরিহাসপরা নারী আনন্দিতচিত্তে জগদ্গুরু বিশ্বম্ভরকে বলিলেন—'দুইটি নারিকেল ফল আনিয়া (২৭) তোমার মাতাকে দিলেই ইনি সুস্থ হইবেন, নচেৎ ইনি মরিবেন। তবে তুমি কি

উপায় করিবে?' (২৮) এই কথা শুনিয়াই সত্বর মাতার ক্রোড় হইতে অবতরণ করিয়া গৌরহরি গৃহের বহির্দেশে গেলেন এবং দুইটি নারিকেল আনিয়া মাতাকে দিলেন। (২৯) ঐ ফলদ্বয় তৎক্ষণাৎ বৃক্ষ হইতে পাতিত হওয়াতে তাহাদের বৃন্তে (বোঁটায়) অম্বু (ক্ষীর)ও সংলগ্ন ছিল। এই ব্যাপার দেখিয়া নারীগণ বিস্মিতা হইয়া জিজ্ঞাসা করিলেন,—"নিমাই! বল ত, ফল দুইটি কোথায় পাইয়াছ হে?" (৩০) ইহাতে সেই মহামনাঃ বিশ্বম্ভর হুঙ্কার করিয়া সকল নারীকে নিবারণ করিলেন এবং মাতার সমীপে নিজের হাস্যশোভিত বদন-পদ্ম দান করিলেন। (৩১) তৎপরে ঐ মহাত্মা, কৃপানিধান ও পরমাত্মা হরির অন্যান্য লোকাতীত বিচিত্র সাধু (অত্যুত্তম) বীর্য্যের (প্রভাবের) কাহিনী শ্রবণ করুন। (৩২) একদা রাত্রিকালে সুষুপ্তা শচী দেখিলেন যে, নিজের গৃহ যেন জনগণে পূর্ণ হইয়া গেল—দেখিয়া শচী শঙ্কিতা ও সমুদ্বিগ্না হইয়া ক্রোড়স্থ পুত্রকে (৩৩) পতির গৃহে সত্বর পাঠাইয়া দিলেন। পথে দেবগণ শ্রীমদ্‌বিশ্বম্ভর হরিকে পূজা করিলেন। (৩৪) পুত্র যখন পথে চলিতেছেন, তখন তাঁহার রিক্ত চরণযুগলেও মুহুর্মুহু নূপুরধ্বনি হইল শুনিয়া জগন্নাথ সশঙ্ক হইয়া শচীকে জিজ্ঞাসা করিলেন— 'ব্যাপার কি? কোথা হইতে ধ্বনি আসিল?' আবার শচীও নিজ পতিকে তাহাই জিজ্ঞাসা করিলেন। (৩৫) পুত্র নিকটে গেলে মিশ্র পুত্রের পাদপদ্ম রিক্ত দেখিয়া এবং কোথা হইতে নূপুরের মনোজ্ঞ ধ্বনি শুনিলেন, এই চিন্তা করিয়া অতিশয় বিস্মিতই হইলেন। কিন্তু তিনি বিশ্বম্ভরকে আলিঙ্গন করিয়া পরমানন্দ লাভ করিলেন।

ইতি বাল্যক্রীড়ায় জন্মাদিলীলাবর্ণনা ষষ্ঠ সর্গ।

সপ্তম সর্গ।

(১) মুরারির মুখে গৌর-কথা শ্রবণে শ্রীহরির পাদপদ্মধ্যানে নিবৃ্ত (পরমানন্দিত) দামোদর গৌরের জ্যেষ্ঠভ্রাতার সৎকাহিনীও জিজ্ঞাসা করিলেন। (২) 'ওহে মুরারি! **বিশ্বরূপের** মহা আখ্যান তত্ত্বতঃ বল দেখি।' এই বাক্য শ্রবণে মুরারি বলিলেন,—'ওহে দ্বিজবর! শ্রবণ করুন, আমি তাহাই কীর্ত্তন করিতেছি।' (৩) বৈদ্য মুরারি এই বলিয়া বলদেবের অংশী বিশ্বরূপের হৃদয়গ্রাহী কল্যাণময়ী পাবনী কথা বলিতে আরম্ভ করিলেন। (৪) শ্রীমৎশ্রীবিশ্বরূপ নিখিলগুণসমুদ্র, ষোড়শ-বর্ষবয়স্ক ও অতিশুদ্ধ এবং পরমাত্মার বিষয়ে শ্রবণ-মননাদি করিয়া এই সুধী প্রেমভক্ত আচার্য্যত্ব লাভ করিয়াছেন। তিনি সর্ব্বজ্ঞ, সর্বদার তরে শ্রীকৃষ্ণচরণে আসক্তচিত্ত এবং অতিহৃষ্ট ছিলেন; শান্ত (বিজিতেন্দ্রিয়), সন্তোষশীল, পার্থিব-বিষয়ে বৈরাগ্যবান্, বেদবিৎ এবং রসজ্ঞ ছিলেন। (৫) পিতা জগন্নাথ নির্জনে এই কথা চিন্তা করিয়া পুত্রের বিবাহোপযুক্ত বধূর বিষয়েও মনে মনে চিন্তা করিতে লাগিলেন। স্বয়ং বিশ্বরূপ এই ব্যাপার সব অনুভব করিলেন। (৬) সেই বিশ্বরূপ পিতার এইরূপ আন্তরিক চেষ্টা জানিয়া এবং শীতোষ্ণাদি দ্বন্দ্বসকলসহিষ্ণু হইয়া গৃহত্যাগ করিলেন। ভাগীরথী পার হইয়া অন্য সকলের অসম্ভব সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করিলেন। (৭) তৎপর পিতা এই কথা শুনিয়া বিহ্বল হইলেন এবং পতিব্রতা মাতাও দুঃখিতা হইয়া বিলাপ করিতে লাগিলেন। পুত্রবৎসল ঐ মিশ্র-দম্পতী বলিলেন,—'আমার পুত্র সন্ন্যাসধর্ম্মেই নিরত থাকুক।' (৮) তাঁহারা পুত্রোদ্দেশ্যে এই আশীর্বাদ দান করিয়া মুনিব্রতাবলম্বনে ধৈর্য্য ধারণ করিলেন। বিষাদ ত্যাগ করতঃ জগৎপতি পুত্র নিমাইকে ক্রোড়ে করিয়া শীঘ্রই তাঁহারা পরমানন্দ লাভ করিলেন। (৯) তখন গৌরহরি বলিলেন,—'পিতঃ! আপনাকে ত্যাগ করিয়া ভ্রাতা দূরদেশে

গিয়াছেন। আমিই আপনার এবং মাতার নিত্য সেবা করিব—আপনি সুখে থাকুন।' (১০) নিজপুত্রের এতাদৃশ মহাগম্ভীর, মনোজ্ঞ ও সার্থক বাক্য শ্রবণে মাতা পিতা আনন্দাশ্রুপাত করিতে করিতে তাঁহাকে আলিঙ্গন করিয়া আনন্দ লাভ করিলেন। (১১) স্নেহসিক্ত জনগণ ইঁহার অঙ্গসংস্পর্শামৃতে মহাতৃপ্ত হইয়া সহসা অপর সকল বস্তুই বিস্মৃত হইতেন। যোগবলে পরমাত্মায় প্রস্তচিত্ত যোগিগণবৎ ইঁহারাও ইহলোক-পরলোক-সন্ধানরহিত হইয়াছিলেন। (১২) ইনি পিতৃসেবনে আসক্তচিত্ত হইয়াও পাঠাভ্যাস করিতেন, বালকগণ সহ খেলা করিতেন, কখনও বয়স্যগণ সহ ক্রীড়া করিতে করিতে ধূলিধূসরাঙ্গ হইয়াছেন, ক্ষুধিত হইয়াও ভোজনের জন্য মনোযোগ করিতেন না। (১৩) এক দিন পিতা ইঁহাকে স্বতন্ত্র (অবাধ্য) দেখিয়া, হিতাভিলাষী হইয়া ভৎর্সনা করিতে লাগিলেন—'লেখাপড়া সব ছাড়িয়া তুমি সদাকাল বালকগণে পরিবৃত থাক এবং ক্ষুধিত হইয়াও ক্রীড়া করিতেছ?' (১৪) তৎপরে রজনীযোগে শয়নশেষে স্বপ্নে কোনও দ্বিজবর্যচূড়ামণি তাঁহাকে নিন্দা করিয়া বলিলেন, —'তুমি পুত্রকে বহু সম্মান কর না কেন হে? অথবা পশু কি কখনও স্পর্শমণির আদর করিতে জানে? (১৫) কিম্বা ঐ পশু যদি রত্নজড়িত বস্ত্র দ্বারা আবৃতগাত্রও হয়, তথাপি কি সে ঐ বস্ত্রখানাকে চর্বণ করে না?' তখন তাঁহাকে মিশ্রচন্দ্র স্বয়ং অকুতোভয়ে বলিলেন,—'আমার পুত্র যদি নারায়ণও হয়, (১৬) তথাপি তাহার তাড়না করাই আমার ধর্ম।' ব্রাহ্মণ এই কথা শুনিয়া তাঁহাকে সাধুবাদ দান করিলেন। অনন্তর দ্বিজবর প্রয়াণ করিলে বাৎস্য মিশ্রবর জাগ্রত হইয়া সকলের নিকট পুনঃ পুনঃ স্বপ্নবৃত্তান্ত বলিতে লাগিলেন। (১৭) তখন স্বপ্নকথা-শ্রবণে জনগণ শীঘ্রই আনন্দিত হইলেন এবং সেই বিশ্বম্ভরকে মহাপুরুষোত্তম বলিয়া মনে করিলেন। পিতা আনন্দে নিজকে পূর্ণমনোরথ ভাবিলেন

এবং জননীও পরিতুষ্টা হইলেন। (১৮) অনন্তর একদিন নিজমন্দিরে বাস করিতে করিতে তিনি সমুদীয়মান সূর্য্যের কিরণে যেন অতিশয় রক্তবর্ণ হইলেন এবং নিজ কান্তিমালায় পূরিতদেহ হইয়া প্রকাশ পাইতে লাগিলেন ও শচীমাতাকে বলিলেন—'মা! আমার বাক্যানুসারে একটা কাজ কর।' (১৯) নিজতেজে জাজল্যমান নিজপুত্রকে দেখিয়া ভীতচিত্তা ও বিস্মিতা মাতা বলিলেন—'বৎস! তুমি যাহা বলিবে, আমি তাহাই করিব। তোমার মনে যাহা আছে, তাহা স্বয়ং বল দেখি।' (২০) মাতার এই বাক্যামৃত শ্রবণপুটে পান করিয়া বিশ্বম্ভর পুনরায় তাঁহাকে বলিলেন,—'মা! তুমি হরিবাসরে (একাদশীতে) ভোজন করিবে না।' এই কথা শুনিয়া শচীদেবীও 'তাহাই করিব' বলিয়া আনন্দিতচিত্তে স্বীকার করিলেন। (২১) তৎপরে এক ব্রাহ্মণ আসিয়া তাঁহাকে গুবাক, তাম্বূল ও ফলাদি নিবেদন করিলে তিনি তাহা ভোজন করিয়া পুনরায় মাতাকে বলিলেন—'মা, আমি যাইতেছি; স্বীয় পুত্রের এই নিশ্চেষ্ট দেহটিকে ক্ষণার্দ্ধকাল পালন করুন।' (২২) এই বলিয়া সহসা দণ্ডায়মান হইয়া পুনরায় পৃথিবীতলে দণ্ডবৎ নিপতিত হইয়া রহিলেন। বিশ্বম্ভরকে অচেতন দেখিয়া মাতা দুঃখিতা হইলেন। (২৩) অমৃত-কল্প গঙ্গাজলে তাঁহাকে স্নান করাইলে পর তিনি জাগ্রত, সুস্থ ও সহজকান্তি প্রকাশ করিয়া সুখী হইলেন। (২৪) এই ব্যাপার শুনিয়া জগন্নাথ মিশ্র বিস্মিত হইলেন এবং শচীকে বলিলেন—'এ কি দৈবমায়া, বুঝিতেছি না।' (২৫) এই দিব্য কথা শ্রবণ করিয়া দ্বিজ দামোদর জিজ্ঞাসা করিলেন—"ও মুরারি! এ কি কথা বলিলে? জগদ্গুরু স্বয়ং কৃষ্ণ আবির্ভূত হইয়াছেন; (২৬) তিনি কেন বলিলেন—'আমি যাইতেছি, হে কল্যাণি! তুমি নিজ পুত্রকে পালন কর' ইত্যাদি। এ বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। (২৭) জগদীশ্বরের আবার মায়া

কি? ইহা তোমাকে বলিতে হইবে। শ্রীহরির সকল চরিত্রই ত জগতের হিতের জন্যই হইয়া থাকে।"

ইতি বাল্যক্রীড়া নামক সপ্তম সর্গ।

অষ্টম সর্গ।

(১) দামোদরের প্রশ্ন শুনিয়া, মুরারি চিন্তা ও বিচার করিয়া, শ্রীহরির চরণে দণ্ডবৎ প্রণতিপূর্ব্বক পুনরায় বলিলেন,—'সাবধানে শ্রবণ করুন। (২) ভগবানের ধ্যানে, কীর্ত্তনে ও শ্রবণে মহাভাগ্যবান্ ভক্তজনের হৃদয়ে হরি প্রবেশ করেন। (৩) প্রভু এই লীলারই অনুকরণ করিলেন। তাঁহার তেজ—তাঁহার পরাক্রম। আত্মদেহাদি-বিস্মৃত মানব ঐ পরাক্রমকে নিত্যই ধারণ করেন। (৪) এই বোধ হয় যুক্তিযুক্ত কথা। তার পরে আবার কালক্রমে তাঁহার বাহ্যাবেশও হয় এবং সাহজিক কর্ম্মাদিও করিয়া থাকেন। যেমন পুরাকালে এই প্রভু প্রহ্লাদের সহিত (৫) সমুদ্রমধ্যে তাদাত্ম্য প্রাপ্ত হইয়াছিলেন, পুনরায় তটে আসিলে দেহস্মৃতি হইয়াছিল। এইরূপেই গোপীগণেরও কখনও ভগবানের সহিত তাদাত্ম্য হইতে শুনা যায়। (৬) ঈশ্বর এই শিক্ষাই দিবার জন্য সেই [ফলদানকারী ভক্ত ব্রাহ্মণের দেহে প্রবেশ করিয়া] লীলা করিয়াছেন। রহস্য এই যে, কৃষ্ণভক্ত লোকের ঈশ্বরসারূপ্য প্রাপ্তি হয় অর্থাৎ ভক্তদেহে ভগবদধিষ্ঠান হইলে ভক্তদেহে আর ভগবদ্দেহে ভিন্নভাব থাকে না। (৭) যাহাতে লোক এই কথায় বিমুগ্ধ না হয়—এই শিক্ষাই প্রভু দান করিলেন। **ভক্তদেহই ভগবানের আত্মা**—ইহাতে সংশয় নাই। (৮) কৃষ্ণ কেশিবধ করিয়া নারদ মুনিকে নিজ যশঃ ও তেজঃ (পরাক্রম) দেখাইলে মুনিবর (৯) পৃথিবীতে দণ্ডবৎ নিপতিত হইয়াছিলেন। বৈষ্ণব, মথুরাপুরীর

ঐ স্থানে গমন করিলে শতগুণ অধিক ফল লাভ করেন। (১০) এইরূপে জগদ্‌যোনি রামচন্দ্রও শিবকে বিশ্বরূপ দেখাইয়া পুনরায় মানুষী লীলা করিয়াছিলেন।

(১১) হে দ্বিজ! এক্ষণে আবার কল্যাণময়ী শ্রীচৈতন্যকথা শ্রবণ করুন, যাহা শ্রদ্ধাপূর্বক শ্রবণ করিলে মানব ভব-বন্ধন হইতে মুক্ত হইতে পারে। (১২) গুরুর গৃহে বাস করিয়া এই বিষ্ণু সমগ্র বেদ অধ্যয়ন করিলেন এবং সেই সরস্বতীপতি স্বয়ং শিষ্যগণকেও পড়াইতে লাগিলেন। (১৩) বেদান্তাদি পড়িয়া সুখী হইয়া তাঁহার পিতা দ্বিজমণি জগন্নাথও গৃহে প্রত্যাবর্তন করিলেন। (১৪) দৈবযোগে তাঁহার দেহে প্রাণ-নাশক জ্বর আসিল। কাজেই তাঁহাকে তদবস্থায় দেখিয়া মাতার সহিত স্বয়ং হরি শ্রীমান্ বিশ্বম্ভর (১৫) ভক্তগণে পরিবৃত হইয়া গঙ্গাতীরে গমন করিলেন। ভক্তগণ হরিনাম কীর্তনে রত হইলেন। (১৬) তৎপরে গৌরহরি তাঁহার পিতার চরণযুগল আলিঙ্গন করিয়া গদ্‌গদ স্বরে বলিলেন—'হে পিতঃ! হে প্রভো! এক্ষণে আমাকে ত্যাগ করিয়া আপনি কোথায় যাইতেছেন?' (১৭) তিনি পুত্রের এই বাক্যামৃত শ্রবণপুটে পান করিয়া আদরের সহিত বলিলেন—'বৎস! তোমাকে আমি শ্রীরঘুনাথের পাদপদ্মেই সম্যক্‌প্রকারে সমর্পণ করিলাম।' (১৮) দিবাভাগে মহেন্দ্র সহ দেববরগণ আকাশে সমুপস্থিত হইলে এবং জনমণ্ডলী হরিসংকীর্তন করিতে থাকিলে দ্বিজমণি গঙ্গাজলে অবনমিত হইলেন। (১৯) তিনি তনু ত্যাগ করিয়া দেবগণের রথে আরোহণ-পূর্বক শ্রীহরিধামে প্রয়াণ করিলেন। মহাত্মা জগন্নাথ নিত্যসিদ্ধদেহ হইলেও লোকহিত আচরণের জন্য মহাসুখে (লোকানুকরণে) বৈকুণ্ঠে প্রয়াণ করিলেন (বলা হইল)। (২০) পতির সিদ্ধিপ্রাপ্তি দেখিয়া দুঃখিতা ও মহাদীনা শচী স্বামীর চরণে পড়িয়া প্রমদাগণে বেষ্টিত হইয়া

কুররী পক্ষীর ন্যায় বিলাপ করিতে লাগিলেন। (২১) কৃপানিধান গৌরহরি পিতৃশোকে বিলাপ করিতে থাকিলে মুহুর্মুহু তাঁহার নয়নযুগল হইতে জলধারাপাত হইতে লাগিল; দেখিয়া মনে হয়, যেন তাঁহার বুকের উপরে গজমতির হারই শোভা বিস্তার করিতেছিল। (২২) অনন্তর বন্ধুগণ কর্ত্তৃক প্রশান্তিত প্রভু বেদনান্বিত হইয়া ঔর্দ্ধদেহিক সকল ক্রিয়া-কলাপ বিধিমতে ব্রাহ্মণগণের নির্দ্দেশে নির্বাহ করিলেন। (২৩) বিমনস্ক হইয়াই যেন পিতৃবৎসল গৌরহরি সঞ্চিত ধনাদি ব্যয় করিয়া পিতৃযজ্ঞ করিলেন। ক্রমে ক্রমে জলাধার মৃণ্ময় পাত্রাদি দান করিয়া ব্রাহ্মণসেবা সৎক্রিয়াদি তিনি সম্পাদন করিলেন। (২৪) শ্রীপ্রভুর পিতার এই বৈকুণ্ঠগমনকথা অনলস হইয়া যে মানব পাঠ করে, সে শীঘ্রই মালিন্যাদি দূর করিয়া গঙ্গায় দেহত্যাগে হরিধামে গমন করিবে।

ইতি **জগন্নাথ মিশ্রের সিদ্ধিলাভনামক** অষ্টম সর্গ।

নবম সর্গ।

(১) অনন্তর নিমাই আবার শ্রীবিষ্ণু পণ্ডিত, সুদর্শন পণ্ডিত এবং শ্রীগঙ্গাদাস পণ্ডিতের নিকট অধ্যয়ন করিতে প্রবৃত্ত হইলেন। (২) যে সকল পণ্ডিত মহাশয়গণ ব্রাহ্মণসমূহকে বিদ্যাদান করিতেন, তাঁহাদেরই মহোপকার সাধন করিতে মহাপ্রভু তাঁহাদের নিকট অধ্যয়ন করিলেন। (৩) লোকশিক্ষার আচরণ করিয়া সেই মায়ামনুষ্যবিগ্রহ শ্রীমৎসুদর্শন প্রভৃতি পণ্ডিতের নিকট পাঠাভ্যাস করিতে করিতে (৪) হাস্যপরায়ণ সতীর্থ ব্রাহ্মণগণের সহিত পরিহাসরস বিস্তার করিয়া হাসিতে হাসিতে বঙ্গদেশীয় বাক্যে কথা বলিতেন। (৫) কিয়দ্দিন পরে সেই রসিক-শিরোমণি মৃদুমধুর হাস্যশোভিত বদনে বনমালী আচার্য্যের মন্দিরে তাঁহার সহিত দর্শনাভিলাষে গমন করিলেন। আচার্য্য কৌতুকভরে

তাঁহাকে প্রণাম করিলেন। (৬) আচার্য্যের সহিত কথাবার্ত্তা কহিতে কহিতে গমন করিতেছেন, এমন সময় গৌরহরি পথে বল্লভাচার্য্যের কন্যাকে সখীজন-পরিবেষ্টিতা দেখিলেন। (৭) সেই মনোজ্ঞবদনা লক্ষ্মী গঙ্গায় স্নান করিতে যাইতেছিলেন। তাঁহাকে ঐ অবস্থায় দেখিয়া মনে মনে তাঁহার জন্মকারণ জানিলেন এবং (৮) শ্রীমান্ বিশ্বম্ভর দেব বিস্তারসকুতূহলী হইয়া নিজ পরিজনগণ সহ স্বভবনে প্রত্যাবর্ত্তন করিলেন। (৯) অপর একদিন সেই দ্বিজবর্য্য বনমালী আচার্য্য শ্রীগৌরহরির মন্দিরে আসিয়া শ্রীশচীমাতাকে প্রণামপূর্ব্বক মধুর বাক্যে তাহাকে বলিলেন—'তোমার বিশ্বম্ভরের (১০) বিবাহের জন্ম বল্লভাচার্য্যবরের দেবকন্যাসদৃশী কন্যা লক্ষ্মীকে বরণ কর—যদি তোমার ইচ্ছা হয়।' (১১) তাঁহার কথা শুনিয়া শচী মাতা বলিলেন—'নিমাই আমার অতিবালক, পিতৃশূন্য; সে দিন কতক পড়ুক্, তাহাতেই উদ্‌যোগ করুন।' (১২) শচীর কথায় বিষণ্ণমনে বনমালী আচার্য্য চলিয়া যাইতে সেই পথে আনন্দিত গৌরহরিকে দর্শন করিলেন। (১৩) ভগবান্ তাঁহাকে তৎক্ষণাৎ প্রণাম ও গাঢ় আলিঙ্গন করিয়া মধুর বাক্যে বলিলেন—'অদ্য কোথায় গিয়াছিলেন?' (১৪) তিনি উত্তর দিলেন—'তোমার মাতার শ্রীচরণ দর্শন করিয়া আসিলাম। তাঁহাকে তোমার বিবাহের কথা নিবেদন করিয়াছিলাম; তাহাতে তিনি (১৫) শ্রদ্ধা করিলেন না; তাহাতেই দুঃখিত হইয়া গৃহে প্রত্যাবর্ত্তন করিতেছি।' বনমালী আচার্য্যের এই কথার কোনই উত্তর না দিয়াই বিশ্বম্ভর মৃদু হাস্য করিয়া প্রস্থান করিলেন। (১৬) স্বভবনে আসিয়া তিনি মাতাকে জিজ্ঞাসা করিলেন—'মা! তুমি আচার্য্যকে কি কথা বলিয়াছ, যাহাতে তিনি দুঃখিত হইয়া পথে চলিয়া যাইতেছেন? (১৭) মা! কেন তুমি তাঁহাকে মিষ্ট বাক্য বলিয়া সংপ্রীতি দর্শন করিলে না?' কল্যাণী

শচীমাতা পুত্রের অভিপ্রায় বুঝিয়া পুনরায় (১৮) আপ্তজন ডাকিয়া আচার্য্যকে শীঘ্র আনয়ন করিতে প্রেরণ করিলেন। আচার্য্যও সহসা আসিয়া তাঁহাকে প্রণাম করিয়া নিবেদন করিলেন—(১৯) 'ঈশ্বরি! আমার প্রতি কি আজ্ঞা হয় বলুন দেখি। আপনার আদেশবাক্য শুনিয়া, আমি আনন্দিতচিত্তে আপনার সমীপে আগত হইলাম।' (২০) তৎপরে শচী বলিলেন—'তুমি যে নিমাইর জন্য বিবাহ প্রস্তাব করিয়াছিলে, তাহার এক্ষণে সংঘটন করিতে চেষ্টা কর। (২১) তুমি নিরতিশয় সুহৃদ্‌বৎসল, পুত্রের বিবাহকথা তুমিই স্নেহে স্বয়ং পূর্বে আমাকে বলিয়াছ, এ বিষয়ে তোমাকে আমি আর কি বলিব?' (২২) তাঁহার এই বাক্য শুনিয়া আচার্য্য দণ্ডবৎ করিয়া বলিলেন—'ঈশ্বরি! তোমার আদেশ আমি নিত্যই শিরোধার্য্য করিব।' (২৩) এই বলিয়া তিনি উদ্যমের সহিত সত্বর মিশ্রসত্তম বল্লভের মন্দিরে উপনীত হইলেন। (২৪) বল্লভ স্বয়ংই আসন আনিয়া উঁহাকে যথাবিধি উপবেশন করাইয়া বিনয়ভরে আচার্য্য বনমালীকে জিজ্ঞাসা করিলেন—(২৫) 'আমাকে অনুগ্রহ করিবার জন্যই কি আপনার এ স্থলে আগমন হইয়াছে?. অথবা অন্য কিছু কার্য্য আছে—তাহা আদেশ করুন।' (২৬) মিশ্রের এই কথা শ্রবণে আচার্য্য তখন বলিলেন,—'আমার কথা শুন, মিশ্র পুরন্দরের পুত্র নিখিলকল্যাণগুণময় শ্রীবিশ্বম্ভর পণ্ডিতই (২৭) তোমার কন্যার যোগ্য পতি; কাজেই এক্ষণে এই বলিতেছি যে, তুমি তাঁহার হস্তে কল্যাণী কন্যাকে সমর্পণ কর।' (২৮) মিশ্র তাঁহার বাক্য-শ্রবণে কর্ত্তব্য বিচার করিলেন এবং বলিলেন—'শুনুন, ভাগ্যবশতঃ এই সম্বন্ধ হইবে। (২৯) আমি ত নির্ধন, কিছুই দিতে পারিব না, কেবল কন্যাই দিব—এ বিষয়ে আপনার কি আজ্ঞা হয়? (৩০) যদি ভগবান্ শ্রীহরি আমার ও কন্যার প্রতি প্রীত হইয়া থাকেন, তবেই সেই পণ্ডিতবর বিশ্বম্ভর জামাতা হইবে।

(৩১) রত্নের সহিত মুক্তাসংযোগ করিতে যেমন গুণের (সূত্রের) আবশ্যক, তদ্রূপ আপনারই গুণে এই দুইজনের সংযোগ (মিলন) হইবে।' (৩২) বল্লভ এই কথা বলিলে, পরমপ্রীত হইয়া আচার্য্য বনমালী আদরের সহিত বলিলেন—'তোমার বিনয়ে ও বাৎসল্যে সকল কার্য্য মঙ্গলমতে নির্বাহ হইবে।' (৩৩) তাঁহাকে এই বলিয়া পুনর্বার শচীর সমীপে আসিয়া সকল বৃত্তান্ত নিবেদন করিলেন। এইরূপে আচার্য্য গৌরচন্দ্রের বিবাহের আনন্দে পরম সুখী হইলেন। (৩৪) সেই শচী সকল বৃত্তান্ত অবগত হইয়া পুত্রকে বলিলেন—'বৎস! এই সময় বিবাহের জন্য নির্দ্ধারিত হইয়াছে, এক্ষণে বিবাহের যোগ্য আয়োজন কর।' (৩৫) মাতার বাক্যশ্রবণে গৌরহরি মনে মনে চিন্তা করিয়া, মাতার আজ্ঞাক্রমে শীঘ্রই সকল দ্রব্যের যোগাড় করিলেন। (৩৬) অনন্তর বিবাহের উপযুক্ত মঙ্গলময় সর্বসদ্গুণাশ্রয় সর্বশুভঙ্কর সময় আসিলে মৃদঙ্গ পণবাদি ধ্বনিত হইয়াছিল—(৩৭) ব্রাহ্মণগণ যূথে যূথে বেদধ্বনি করিতেছিলেন—দিঙ্মণ্ডল দীপমালা ও পতাকাদি দ্বারা সুশোভিত হইল—(৩৮) দেবদারু, অগুরু, বেনামূল ও চন্দনাদি ধূপের সদ্গন্ধে ব্রাহ্মণবর্য্যগণ শ্রীহরির বিবাহের অধিবাস করিলেন।

ইতি **শ্রীলক্ষ্মীবিবাহে অধিবাসবর্ণনাত্মক** নবম সর্গ।

দশম সর্গ।

(১) অনন্তর ব্রাহ্মণগণকে মুহুর্মুহু গুবাক, তাম্বূল, সুগন্ধি মাল্যরাজি এবং সচন্দন ও অপরূপ সুরভি গন্ধাদি দান করিলেন। সকল লোক হৃষ্ট হইল এবং আনন্দে গান করিতে লাগিল। (২) সেই বল্লভ মিশ্র মঙ্গলনিধান ব্রাহ্মণ, মানবগণ এবং দ্বিজপত্নীদিগের সহিত সমাগত হইয়া জামাতাকে গন্ধ ও সুগন্ধি মাল্যাদি দ্বারা অর্চনা করিয়া শুভাধিবাস

করিলেন। (৩) তৎপরদিন প্রভাতে বিমল ও অরুণবর্ণ সূর্য্য উদিত হইলে যথাবিধি স্নানাদিকৃত্য সমাধান করিয়া স্বয়ং হরি পিতৃলোক এবং দেবতাদিগকে সম্যক্ অর্চনা করিলেন এবং ব্রাহ্মণগণের সাহচর্য্যে নান্দীমুখশ্রাদ্ধও সমাধা করিলেন। (৪) তৎপরে দ্বিজগণমুখে যজুর্বেদের সুন্দর ধ্বনি, মৃদঙ্গ ভেরী ও পটহাদির নিনাদ এবং বরাঙ্গনাদের মুখপদ্ম হইতে উত্থিত মঙ্গলময় উজ্জ্বল উলু উলু শব্দে মহোৎসবঘটা হইতে লাগিল। (৫) শচীদেবী কুলস্ত্রীগণকে এবং সমাগত বন্ধুমণ্ডলীকে আনন্দে সুন্দররূপে অভ্যর্থনা করিলেন। অবশেষে বলিলেন—'আমি ভর্ত্তৃবিহীন হইয়া কি করিতে পারি? আপনারাই স্বয়ং সর্ব্বকার্য্য সমাধান করুন।' (৬) নিজ মাতার মুখে এই করুণ বাক্য শ্রবণ করিয়া গৌরাঙ্গ পিতার বিরহে পরিতপ্তচিত্ত হইয়া বক্ষঃস্থলের হার-স্বরূপে মুক্তাফলবৎ স্থূল অশ্রুবিন্দুসমূহের প্রবাহ ধারণ করিলেন। (৭) শচী পুত্রকে কারুণ্যরসে আপ্লাবিত দেখিয়া সুবিস্মিতা হইয়া সতীগণ সহ জিজ্ঞাসা করিলেন—'বাপ নিমাই! এই মঙ্গলকর্ম্মে তুমি কেন অশ্রুবিন্দু বর্ষণ করিতেছ হে?' (৮) মাতার বাক্য শ্রবণে পিতার বিরহ-স্মৃতিতে মুখ মলিন করিয়া বিশ্বম্ভর নবগম্ভীরমেঘশব্দবৎ ধ্বনি করিয়া মাতাকে বলিলেন—(৯) 'মা! আমার কি ধন বা জনবল নাই যে, তুমি অত্য দুঃখিতা হইয়া এই কথা বলিলে? আমার পিতা অদর্শন হইয়াছেন বলিয়া কি তোমাকে পরের আশ্রয় গ্রহণ করিতে হইবে? (১০) মা! তুমিই ত দেখিয়াছ যে, ব্রাহ্মণ-সজ্জনগণকে উত্তম উত্তম গুবাকাদিপূর্ণ ভাণ্ডসমুদয় এবং সর্ব্বোৎকৃষ্ট ও সর্ব্বাঙ্গে সংলেপনযোগ্য গন্ধাদি তিন বার করিয়া দেওয়া হইয়াছে। (১১) অন্যান্য যোগ্য যোগ্য বিষয়ে সুন্দরভাবে ব্যয়ও করা হইয়াছে। তুমি ত তত্ত্বকথা উত্তমরূপেই অবগত আছ যে, আমার অলৌকিক কার্য্যসকল সম্পাদনে

প্রচুর শক্তি আছে, তথাপি আমি লৌকিকবৎ আচরণ করিতেছি। (১২) পিতৃবিহীন হইলেও আমার মহাশক্তি আছে। তথাপি মা, তোমার বাক্যে আমি বড়ই তাপ পাইলাম।' শচীমাতা পুত্রের এই কথা শুনিয়া তাঁহাকে মধুর বাক্যে শান্ত করিলেন। (১৩-১৪) অত্যুত্তম বস্ত্ররত্নদ্বয়ে, প্রসাধনে এবং মহামূল্য মাল্যাদি সমর্পণে তখন সমাগত ব্রাহ্মণকুমারগণ জগদেকবন্ধু পুরুষপ্রবর শ্রীগৌরচন্দ্রকে ভূষিত করিলেন—যাহাতে স্ত্রীদিগের মনোমোহন হইল এবং শ্রীহরিও মৃদুমধুর হাস্যে শোভা ধারণ করিলেন। তাঁহারা মহাশ্রদ্ধান্বিত হইয়া আবার চন্দন-সহ অগুরু প্রভৃতির বিনির্য্যাসে তাঁহার শ্রীঅঙ্গ সংলেপন করিলেন। (১৫) সেই শুভক্ষণে মিশ্রবর্য্য বল্লভাচার্য্যও পিতৃকার্য্য ও দেবার্চনা ইত্যাদি সমাপন করিয়া উত্তম-হেমগৌরী কন্যাকে বিবিধ আভরণে বিভূষিত করিলেন। (১৬) তৎপরে তিনি বরের আনয়নে প্রবীণ ব্রাহ্মণগণকে প্রেরণ করিলে তাঁহারা শচীর মন্দিরে আসিয়া নিবেদন করিলেন,—'শুভ কার্য্যের জন্য মঙ্গলপুরঃসর সাম(বেদ)ধ্বনি সহকারে যাত্রা করিতে আজ্ঞা হয়।' (১৭) শিব যেরূপ হিমালয়শিখরে বিবাহ-পর্বে যাত্রা করিয়াছিলেন—স্বয়ং শ্রীহরিও এক্ষণে সজ্জনগণসমভিব্যাহারে জয়ধ্বনিপূর্বক মনুষ্যযানে (দোলায়) আরোহণ করতঃ দ্বিজবর বল্লভ মিশ্রের ভবনে যাত্রা করিলেন। তখন ইতস্ততঃ দীপাবলি প্রজ্বলিত হইয়া উঠিল। (১৮) অনন্তর বল্লভাচার্য্য স্বয়ং সম্মুখে আসিয়া নিজ মন্দিরে নেওয়ার জন্য তাঁহাকে পাদ্যাদি উত্তমোত্তম গন্ধ, বস্ত্র, মাল্যাদি সমর্পণে এবং অগুরুর বিনির্য্যাসযুক্ত ধূপদানে বরণ করিলেন। (১৯) তখন পূর্ণচন্দ্রের প্রভা বিকীরণ করিয়া বর প্রকাশ পাইলেন—তাঁহার সুহাস্য মুখের কান্তিতে কামদেব পরাজিত হইলেন। মনে হয়, যেন সুমেরু পর্বতের ন্যায় শুদ্ধ-উজ্জ্বল-সুন্দর দেহখানি গলিত-কাঞ্চনবর্ণ ধারণ

করিয়াছে। (২০) পদ্মপুষ্প হইতেও সমধিক শোভামণ্ডিত এবং অঙ্গদ-কঙ্কণ-অঙ্গুরীয়কাদি-বিরাজিত করদ্বয়ের সুষমায় সমাশ্রিতগণের বাঞ্ছা-কল্পতরু হরি সুবহুল কল্পতরুকেও পরাজয় করিলেন। (২১) তৎপরে চন্দ্রবৎ উজ্জলা, স্বপ্রভায় জগতের অন্ধকার-বিনাশিনী এবং সুন্দররূপে অলঙ্কৃতা কন্যাকে আনিয়া জগদ্‌গুরু গৌরাঙ্গের চরণে সমর্পণ করিলেন; অনন্তর তাঁহাদের যুগলশোভা বিরাজ করিতে লাগিল। (২২) তাঁহাদের মুখচন্দ্র উজ্জলশোভাবিষয়ে যুদ্ধাভিলাষেই যেন রোহিণী ও চন্দ্রের মহাশোভা ধারণ করিল; তাঁহারা পরস্পরকে হরগৌরীবৎ কুসুমসমূহ বর্ষণ করিতে লাগিলেন। (২৩) অনন্তর লক্ষ্মীপতি উপবিষ্ট হইলে লজ্জিতা লক্ষ্মীও সেই স্থলে উপবেশন করিলেন। তদনন্তর বিধিজ্ঞ বল্লাভাচার্য্য পবিত্র হইয়া বিধিমতে কান্যাদান করিতে সেই স্থলে সম্মুখবর্ত্তী হইলেন। (২৪) যাঁহার পাদপদ্মে পাদ্য নিবেদন করিয়া প্রজাপতি ব্রহ্মা জগৎসৃষ্টির শক্তি পাইয়াছেন—নখমণিকান্তিচ্ছটায় অন্ধকার-বিনাশী সেই পাদপদ্মে বল্লভমিশ্র পাদ্য দান করিলেন। (২৫) যাঁহাকে মহেন্দ্র মহারাজের সিংহাসন দান করিয়াছেন—সেই উত্তমপীতবসনধারী গৌরাঙ্গকে বল্লভাচার্য্য রত্ন-জটিতসিংহাসন ও কম্বলাবরণ, নীলবর্ণ রেশমীবস্ত্র, সুন্দর পীঠাসনাদি দান করিলেন। (২৬) ক্রমে ক্রমে সেই বিধিজ্ঞ মিশ্রবর বিধানমতে হর্ষরোমাঞ্চ প্রভৃতি ভাবোদ্‌গম সহকারে অর্ঘ্যাদি সমর্পণ করিয়া, পরে পদ্মপলাশ-লোচনা কন্যাকেও কৃতজ্ঞতার সহিত শ্রীহরির হস্তে দান করিলেন। (২৭) তার পরে শুভ মহামহোৎসব নিবৃত্ত হইলে বিশ্বের আর্ত্তিনাশন বিশ্বম্ভর প্রভু মানবগণ কর্ত্তৃক অভিনন্দিত হইয়া লক্ষ্মীর সহিত মনুষ্যযানে (দোলায়) আরোহণপূর্ব্বক নিজমন্দিরে গমন করিলেন।

ইতি **শ্রীগৌরচন্দ্রবিবাহনামক** দশম সর্গ।

একাদশ সর্গ।

(১) তৎপর শচীমাতা ব্রাহ্মণপত্নীগণ-সহ মহামহোৎসব করিয়া বধূকে ও পুত্রকে নিজগৃহে প্রবেশ করাইলেন। (২) ভক্তিসহকারে ব্রাহ্মণদিগকে অন্ন ও গন্ধমাল্যাদি দান করিলেন এবং অন্যান্য শিল্পি-প্রভৃতি নটগণকে ধন দিলেন। (৩) কুটুম্বগণ-সহ আনন্দিত প্রভু মঙ্গল-গৃহে বাস করিয়া স্বচ্ছ-গগনে নক্ষত্রগণ-সহ চন্দ্রমাবৎ বিরাজমান হইলেন। (৪) লক্ষ্মীনারায়ণের দৃষ্টিমাত্রই সর্বস্থমঙ্গল নিজ-নিজ ভাগ্য খ্যাপন করিবার জন্য স্বয়ং শ্রীশচীমাতার গৃহে আগমন করিতে লাগিল। (৫) কিছু কাল আশ্রমে থাকিয়া প্রভু ধনোপার্জন করিতে সজ্জনগণ-সহ সকল দেশকে পরম পবিত্র করিয়া পূর্বদেশে যাত্রা করিলেন। (৬) এই চন্দ্রবদন বিষ্ণু যে যে দেশেই গমন করিয়াছেন, সেই সেই স্থলেই তত্রত্য জনগণ ইঁহাকে দেখিয়া আনন্দলাভ করিলেন। (৭) তাঁহার মুখচন্দ্র দর্শন করিয়া পুরুষগণ তৃপ্তি-সমুদ্রের পার-গমনে অসমর্থ হইলেন এবং নারীগণ বলিতে লাগিলেন—'এই শুভদর্শন মহাপুরুষটি কোন্ দেশের হে? (৮) ইঁহার মাতা কোন্ পুণ্যে এই নরোত্তমকে গর্ভে ধারণ করিয়াছে হে? কাম-বিজয়ী ইঁহাকে ত পূর্বে কখনও (বা কোথায়ও) দেখি নাই!! (৯) কোন্ ভাগ্যবতী সুচিরকাল শঙ্কর আরাধনা করিয়া ইঁহাকে পতিরূপে প্রাপ্ত হইয়াছে গো? ইনি নারায়ণ আর তিনি লক্ষ্মীই হইবেন—ইহাতে আর সংশয় নাই।' (১০) এইরূপে জনগণ-মুখে বহুবিধ বাক্য শ্রবণ করিয়া করুণ-নয়নে তাঁহাদের প্রীতি জন্মাইয়া গৌরহরি প্রস্থান করিলেন। (১১) পদ্মাবতী নদীর তীরে গিয়া যথাবিধি স্নান করিলেন এবং শ্রদ্ধান্বিত সাধুগণ কর্তৃক পূজিত হইয়া তথায় বাস করিতে লাগিলেন। (১২) তদবধি সেই পদ্মাবতী

গঙ্গাতুল্য পাবনী, মহাবেগবতী ও মহাপুলিনশালিনী সুন্দর মহানদীরূপে পরিণত হইল। (১৩) তাহাতে কুম্ভীর, মকর ও মীন-(মৎস্য) রাজি বিদ্যুতের ন্যায় চঞ্চলায়মান হইয়া শোভা করিত, তাহারই মহত্তটে তিনি সজ্জনগণ-সহ বাস করিলেন। (১৪) বিশ্বম্ভরের স্নানে ও অঙ্গাদির ধৌতকরণে সেই পদ্মার জলরাশি পাপনাশক ও কল্যাণকর হওয়াতে উহা মহাতীর্থতম হইয়াছিল। তাহারই তটে শ্রীহরি নিবাস করিতে লাগিলেন। (১৫) মহাত্মা পুণ্যবান্ জনদিগের নয়নসুখ দান করিয়া সেই মধুসূদন সাধুদর্শনের লালসায় নিরতিশয় আনন্দ লাভ করিলেন। (১৬) দয়ালু স্বামী বিদ্যারসকুতূহলী হইয়া ব্রাহ্মণসকলকে পড়াইয়া কয়েক মাস অতিবাহিত করিলেন। (১৭) এদিকে মহাভাগ্যবতী পতিপ্রাণা লক্ষ্মী নিয়ম করিয়া শচীমাতার পাদ-সম্বাহনাদি করিয়া শুশ্রূষা করিতে প্রবৃত্তা হইলেন। (১৮) দেবমন্দিরে লেপ, মার্জনাদি করিয়া তিনি স্বস্তিকাদি রচনা করিতেন এবং সুন্দররূপে সংস্কারাদিপূর্ব্বক ধূপ-দীপাদি, নৈবেদ্য ও মাল্য প্রদান করিতেন। (১৯) তাঁহার সেবায়, কথায়, সচ্চরিত্রে এবং কর্ম্মে সেই শচী পরমপ্রীত হইয়া বহুদিন যাবৎ মহাপূর্ণকামই ছিলেন। (২০) তিনি স্নেহবশতঃ পুলকমণ্ডিত হইয়া পুত্রবধূকে নিজপুত্রবৎ—অন্যতমা কন্যাবৎ পরমস্নেহে লালন করিতেন। (২১) এই ভাবে কিছু দিন গেলে হঠাৎ এক সর্প আসিয়া লক্ষ্মীর পাদমূলে দংশন করিল। সেই অবস্থায় লক্ষ্মীকে দেখিয়া শচীমাতা (২২) মহাভীতা হইলেন, বিষ-বৈদ্যগণকে ডাকাইয়া বধূকে বিষনির্ম্মুক্ত করিবার জন্য বহু যত্ন করিলেন। (২৩) কিন্তু বহুবিধ মন্ত্রপ্রয়োগেও তাঁহার বিষমার্জন হইল না। তার পরে বধূর কালপ্রাপ্তি হইয়াছে মনে করিয়া প্রযত্ন সহকারে (২৪) জাহ্নবীজলমধ্যে তুলসীমালায় ভূষিতা বধূকে রাখিলেন এবং নারীগণ সহ হরিকীর্ত্তন

করিতে লাগিলেন। (২৫) বিমল আকাশে গন্ধর্বগণের রথে রথে সন্তুষ্ট হইতে থাকিলে, যোগসিদ্ধ ব্রহ্মাদি দেবগণ সুমঙ্গল গান করিতে থাকিলে—(২৬) জগন্মাতা মহালক্ষ্মী নিজ প্রাণনাথের নিকটে যাইতে ইচ্ছা করিয়া কৃষ্ণপাদপদ্ম স্মরণ করিতে করিতে সুরধুনীজলে দেহ বিসর্জন করিলেন। (২৭) অনন্তর লক্ষ্মী পরমশোভাময়, ইন্দ্রাদির অগম্য, সর্বমঙ্গলস্বরূপ নিজালয়ে গমন করিলেন। (২৮) পরমশোভাসমৃদ্ধি-যুক্তা লক্ষ্মীপ্রিয়া লোকনমস্কৃত ধামে মহাপ্রয়াণ করিলেন।

ইতি **শ্রীলক্ষ্মীবিজয়োৎসবনামক** একাদশ সর্গ।

দ্বাদশ সর্গ।

(১) ধর্ম্ম-পরায়ণা সেই বধূর বিরহে শচী দুঃখিতা হইয়া বিলাপ করিতে লাগিলেন। নয়ন হইতে নির্গলিত জলধারায় তাঁহার স্তনদ্বয় প্রক্ষালিত হইত। (২) শচীমাতা সর্পকে বলিলেন—"হা রে সর্পাধম! তুই কি দুষ্কার্য্যই না করিয়াছিস্! আমার বধূকে ত্যাগ করিয়া কেন তুই আমাকে বিকট দশনসমূহে দংশন করিলি না? (৩) আমার সুধামিক পুত্র, বধূকে আমার সেবায় নিযুক্ত করিয়া ধনধান্য উপার্জন করিবার জন্য ছাত্রগণ সমভিব্যাহারে বিদেশে গিয়াছে। (৪) বধূ-বিরহিতা হইয়া এক্ষণে কি প্রকারে আমি পুত্রমুখ দেখিব?" এইরূপে শচীমাতা মহাশোকাকুলা হইয়া কুলবতী লক্ষ্মীকে গঙ্গাতীরে চিরবিদায় দিয়া বান্ধবদিগকে বলিলেন— (৫) 'কুলাচারমতে নিজ নিজ সৎক্রিয়াদি সমাধান কর।' তৎপরে জ্ঞাতিবান্ধবাদি অন্ত্যেষ্টি কার্য্যাদি সমাধা করিয়া শোকাশ্রুধারা মোচন করিতে করিতে নিজগৃহে গমন করিলেন। (৬) তখন আত্মীয়স্বজনাদি মিলিয়া শচীমাতাকে প্রবোধ দিলে বহু দিন পরে তিনি কথঞ্চিৎ প্রকৃতিস্থ হইয়াছিলেন। নিজের পুত্রবদন স্মরণ

করিয়া শচী মুখে কেবল কৃষ্ণনামই করিতে লাগিলেন। (৭) কিছু দিন পরে পরমেশ্বর আনন্দিতমনে তত্রত্য পরমভক্তগণ কর্ত্তৃক নিবেদিত রজত, সুবর্ণ, বস্ত্রাদিসমন্বিত বস্তুসমুদয় লইয়া স্বগৃহে আসিলেন। (৮) অনন্তর শচী রাকাচন্দ্রবিজয়ী প্রভাশীল পুত্রকে গৃহে সমাগত দেখিয়া শীঘ্রই মনে মনে বিশেষ তুষ্ট হইলেন না, পরন্তু বধূবিরহজনিত বহুতর ব্যথাই হৃদয়ে বহন করিতে লাগিলেন। (৯) তৎপরে পদ্ম-পলাশনয়ন প্রভু শচীকে দেখিয়া চরণে নিপতিত হইলেন এবং মস্তকে চরণ-রেণু ধারণ করিলেন। কিন্তু জননীর মুখ বিমলিন দেখিয়া মহা-বিস্মিত হইলেন। (১০) বিদেশে যে সব ধনাদি প্রাপ্ত হইয়াছেন, তাহা জননীর নিকট সম্যক্‌রূপে সমর্পণ করিতে করিতে মৃদুমধুর হাস্য-মিশ্র বাক্যে বলিলেন—"বল দেখি মা! তোমার মুখ আজ এত মলিন দেখিতেছি কেন? তোমার বধূ…" (১১) এই অমৃতমধুর বাক্যে আনন্দ পাইয়া শচী কল্যাণীয়া বধূর বিরহ-স্মৃতিতে গদ্‌গদকণ্ঠে বিগলিতাশ্রুধারায় বক্ষঃ প্লাবিত করিয়া বধূর সকল বৃত্তান্তই নিবেদন করিলেন। (১২) তখন জননীর করুণনয়ন দেখিয়া এবং পূর্ব্ববৃত্তান্ত সব শ্রবণ করিয়া শোকে ও হর্ষে পরিপূর্ণদেহ হইয়া মধুসূদন করুণনয়নে জননীকে বলিলেন—(১৩) জগদীশ্বর আত্মসংগোপন-সূচক বাক্যে সকল বৃত্তান্ত গোপন করিয়া বলিলেন— "মাতঃ! ইনি দেববধূ অপ্সরা ছিলেন, সংপ্রতি পৃথিবীতে যেরূপ ভাবে অবতরণ করিয়াছিলেন, তাহা শুন। (১৪) ইন্দ্রের সভায় এই চন্দ্রবদনা নৃত্য করিতে করিতে দৈবাৎ একক্ষণের জন্য স্খলিতপদ হইয়াছিলেন অর্থাৎ তালভঙ্গ করিয়াছিলেন। দেবেন্দ্র এই ব্যাপার দেখিয়া শাপ দিলেন—'মনুজ-কন্যা হইয়া জন্ম গ্রহণ কর।' (১৫) ইন্দ্রের মুখে শাপ শুনিয়া ইনি তাঁহার চরণে পড়িলে ইন্দ্র সদয় বচনে বলিলেন— 'হে কল্যাণীয়ে! তুমি ঈশ্বর-বধূ হইবে।

এই পৃথিবীতে স্বর্গ-দুর্লভ মহাসুখ আস্বাদন করিয়া পুনরায় এই উজ্জ্বল ইন্দ্রপুরী আসিবে। হে সুন্দরি! এক্ষণে যাও।' (১৬) সুরপতির এই বাক্যে তিনি সাতিশয় আনন্দিতা হইলেন। সুরধুনীর জলে দেব-শাপজ পাপ পরিত্যাগ করিয়া তিনি স্বধামে গমন করিয়াছেন। (১৭) অথবা লক্ষ্মীস্বরূপা জগদীশ্বরী স্বয়ং নিজ প্রভুর চরণপদ্মেই বিশ্রাম-লাভ করিয়াছেন। কাজেই বৃথা শোক করিও না, বিধির নির্বন্ধ অবশ্যই ঘটিবে, সকল জগৎ ত কালেরই অধীন।" (১৮) শচীমাতা চন্দ্রমুখ পুত্রের এই বাক্য শ্রবণে শোক ত্যাগ করিলেন। মনুষ্যভাবধারী হরির বৈভব (ঐশ্বর্য্য) প্রকটিত হইলেও তাহার গোপনের হেতু এই ঘটনা বিবৃত করিলাম। (১৯) স্বয়ং ভগবান্ যে এই ইন্দ্রসম্বন্ধীয় কথাবার্ত্তা বলিলেন, ইহা কিন্তু বিচিত্র ব্যাপার নহে; যেহেতু ইঁহারই অনুভাবরসে অনুপ্রাণিত হইয়া ব্রহ্মা জগতের সৃষ্টি করেন ও মহেশ্বর ইহার বিনাশ করেন।

ইতি **শচীশোকাপনোদননামক** দ্বাদশ সর্গ।

ত্রয়োদশ সর্গ।

(১) অদিতি ও দেবগণের সহিত ইন্দ্র যেরূপ আনন্দলাভ করেন, তদ্রূপ শচীমাতাও স্বজনবন্ধুদিগের সহিত রমণীয় গৃহে বাস করিয়া আনন্দ পাইতেছিলেন। (২) তার পরে শচীমাতা পুত্রের বিবাহ জন্য চিন্তা করিয়া দ্বিজবর কাশীনাথকে বলিলেন—'সংপ্রতি (৩) শ্রীমৎ সনাতন মিশ্রনামক পণ্ডিত ও ধার্মিকবরের নিকট গিয়া বল—তিনি যেন আমার পুত্রের সহিত তাঁহার কন্যার যথাবিধি বিবাহ দেন। (৪) তাঁহার এই বাক্যশ্রবণে দ্বিজোত্তম কাশীনাথ মহাত্মা পণ্ডিত সনাতনের নিকট সকল কথাই বিজ্ঞাপন করিলেন। (৫) তিনি বলিলেন—

"হে দ্বিজবর! আপনি এক্ষণে গমন করুন, যাহা অত্যাবশ্যক কর্ত্তব্য, তদ্বিষয়ে সময় নির্ণয় করিয়া ব্রাহ্মণোত্তম প্রেরণ করিব।" (৬) কাশীনাথের কথায় পত্নী ও বান্ধবের সহিত বিবেচনা করিয়া ইহাই করণীয়রূপে নিশ্চিত করতঃ কাশীনাথকে বলিয়া দিলেন। (৭) তাঁহার বিবাহ-নিশ্চয়-বচন শুনিয়া শচীর নিকট সম্যক্ আনুপূর্বিক নিবেদন করিলেন, শচীও খুবই আনন্দ লাভ করিলেন। (৮) কিয়ৎকাল মধ্যেই শুদ্ধ, সদাচার, লোকপালক, বৈষ্ণব, (৯) দয়ালু, আতিথেয়, সুশীল, প্রিয়বাক্ ও শুদ্ধ শ্রীসনাতন পণ্ডিত একজন ব্রাহ্মণকে শচীদেবীর নিকট পাঠাইলে তিনি শচীদেবীকে দণ্ডবৎ করিয়া (১০) বলিলেন—'হে সাধ্বি! মহাত্মা তোমার পুত্র বিশ্বম্ভর পণ্ডিতকে সর্বগুণযুক্তা ও রূপৌদার্য্যসমন্বিতা কন্যা (১১) দান করিতে শ্রীসনাতন পণ্ডিত তোমার নিকটে প্রার্থনা জানাইয়াছেন।' আনন্দমনে সাধ্বী শচী তাঁহার বাক্য অঙ্গীকার করিলে (১২) তিনি বলিলেন—'এই সদ্‌গুণ-মণ্ডিত সম্বন্ধ নিত্যই আমার সম্মত, তাহা অবশ্যই করণীয়।' অনন্তর তাঁহাকে বিবাহের শুভ দিন নির্ধারিত করিয়া দিলেন। (১৩) ব্রাহ্মণও আনন্দিত হইয়া মধুর বাক্যে বলিলেন—'বিষ্ণুপ্রিয়া সর্বশোভাসম্পন্ন তোমার পুত্রকে পতিরূপে প্রাপ্ত হইয়া (১৪) স্বনাম সার্থক করুন, আর শ্রীমদ্‌বিশ্বম্ভর প্রভুও কৃষ্ণ যেরূপ রুক্মিণীলাভে পরমানন্দিত হইয়াছিলেন—তদ্রূপ বিষ্ণুপ্রিয়াকে বিবাহ করিয়া (১৫) পরম সুখী হউন। এই সত্য কথাই তোমাকে বলিলাম।' ব্রাহ্মণপ্রবরের এই কথা শ্রবণে শচী আনন্দিত হইলেন। (১৬) এই ব্রাহ্মণও শ্রীসনাতনের নিকট গিয়া সব কথা নিবেদন করিলেন। তৎপরে শ্রীসনাতন পণ্ডিতও হৃষ্ট হইয়া (১৭) সত্বর সর্বদ্রব্যাদি, অলঙ্কারাদি আহরণ করিলেন। তৎপরে সুকৃতি সময় জানিয়া অধিবাস করিতে উদ্যত হইলেন। (১৮) কিয়ৎকাল পরে জনৈক গণক আসিয়া

বিনয়ান্বিত হইয়া বলিলেন—'পথে আমি শ্রীমদ্‌বিশ্বম্ভর প্রভুর সহিত আনন্দে সাক্ষাৎকার লাভ করিয়া (১৯) তাঁহাকে জিজ্ঞাসা করিলাম—"হে ভগবন্! অদ্য তোমার বিবাহের অধিবাস হইবে, হে বৎস! তাহাতে বিলম্ব করিতেছ কেন?" (২০) ইহা শুনিয়া প্রস্ফুটিতমুখপদ্ম দেব বিশ্বম্ভর বলিলেন—'বল দেখি, তুমি কোথায় কাহার বিবাহ-বার্ত্তা জানিলে হে?' (২১) তাঁহার এই কথায় আমি তোমার নিকট আসিলাম; এক্ষণে যাহা যুক্তিযুক্ত, তাহারই আচরণ কর। (২২) গণকের এই বাক্যশ্রবণে শ্রীল সনাতন মহাদুঃখিত হইয়া ধৈর্য্যাবলম্বনে বলিলেন—(২৩) 'আমি এই সকল দ্রব্য ও আভরণাদি যোগাড় করিয়াছি, তথাপি আমার দুরদৃষ্টবশতঃ ইহাতে তাঁহার আদর হইল না!! (২৪) ইহাতে আর আমি কি করিব? আমি ত কাহারও নিকট অপরাধ করি নাই।' তৎপরে সন্ত্রস্তহৃদয়া, শুচিব্রতা (২৫) কুলজ্ঞা, বিষ্ণুভক্তিসম্পন্না ও পতি-সেবারতা পত্নী দুঃখিতা হইয়া দুঃখিত পণ্ডিতবর পতিকে বলিলেন—(২৬) 'যদি স্বয়ং শ্রীমদ্‌বিশ্বম্ভর বিবাহ নাই করেন, তবে ইহাতে অপরাধ আবার হবে কেন? আপনি দুঃখিত হইবেন কেন? (২৭) আমরা কিন্তু বিন্দুমাত্রও কিছু বলিব না যে, ইহা করণীয় অথবা করণীয় নহে। দুঃখ ত্যাগ করিয়া আনন্দ করুন।' (২৮) পত্নীর বাক্যে বন্ধুগণের সহিত পরামর্শ করিয়া প্রেয়সীর প্রীতি সম্পাদন করিয়া পণ্ডিত বলিলেন—'এই কথাই সুন্দর ও নিশ্চিত। (২৯) বিপ্রবর যদি বিবাহ না করেন, তবে আমরা বিবাহ দিব না।' তৎপরে এই ভগবান্ বিশ্বম্ভর অবগত হইলেন যে, ব্রাহ্মণদম্পতী দুঃখিত হইয়াছেন। (৩০) তাঁহারা ক্রোধে ও লজ্জায় অভিভূত হইয়াছেন, অথচ বিষ্ণুভক্ত ও বিমৎসর; ব্রহ্মণ্য ভগবান্ এই বিশ্বম্ভরদেব তখন তাঁহাদের দুঃখ হরণ করিলেন।

ইতি **শ্রীসনাতন-সান্ত্বনানামক** ত্রয়োদশ সর্গ।

চতুর্দশ সর্গ।

(১) তৎপরে ভগবান্ কৃষ্ণ করুণাপরায়ণ হইয়া তাঁহাদের দুঃখ স্মরণ করত নিজ ব্রাহ্মণ পাঠাইয়া দিলেন। (২) মধুর বাক্যে ব্রাহ্মণমুখে প্রাকৃত মানবের ন্যায় তাঁহাদিগকে অনুনয় বিনয় করিয়া কন্যা-বিবাহে ইচ্ছা প্রকাশ করিলেন। (৩) অনন্তর শুভ-লগ্নে, শুভ-চন্দ্রনক্ষত্রান্বিত অধিবাসদিনে সাধু-বিপ্রগণ সমাগত হইলেন। (৪) মৃদঙ্গ পণবাদি বাদ্য বাজিতে লাগিল, বেদধ্বনি উচ্চারিত হইল। ধূপ, দীপ ও পতাকাদি দ্বারা দিগ্‌বিদিক্ অলঙ্কৃত হইল। (৫) সেই প্রভু তখন স্বস্তিবাচন করত পিতৃদেবাদির পূজা করিয়া ব্রাহ্মণগণ-সহ অধিবাসক্রিয়া সমাধান করিলেন। (৬) তৎপরে মহাযশস্বী হরি, ব্রাহ্মণ-সজ্জনগণকে প্রচুর পরিমাণে চন্দন, গন্ধ, তাম্বূল, মাল্যাদি দান করিলেন। (৭) সেই সময়ে পণ্ডিতবর্য্য শ্রীযুক্ত শ্রীসনাতন মিশ্র শ্রদ্ধান্বিত ও প্রহৃষ্টান্তঃকরণ হইয়া তথায় উপস্থিত হইলেন। (৮) ব্রাহ্মণ ও ব্রাহ্মণীগণকে পাঠাইয়া তিনি যথাবিধি **মহাত্মা জামাতার অধিবাসকার্য্য** সমাধান করাইলেন। (৯) আবার এদিকে স্বয়ং মহানন্দরসে নিমগ্ন হইয়া তিনি নিজদুহিতার অধিবাসকার্য্যও বিধিমতে নির্বাহ করিয়া ভববেদনা দূর করিলেন। (১০) তৎপরদিন প্রাতঃকালে ভগবান্ গঙ্গাজলে স্নান ও আহ্নিকাদি সমাধা করিয়া সাধুগণ-সহ গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন। (১১) সাবধানে নান্দীমুখ পিতৃগণকে সমর্চনা করিলেন, এমন সময়ে সহসা কতিপয় মহোজ্জ্বল (১২) ব্রাহ্মণবালক আসিয়া কামকোটিসমবর্ণ শ্রীবিশ্বম্ভর-দেবকে বস্ত্র, অলঙ্কার, মাল্য ও গন্ধাদি দ্বারা ভূষিত করিলেন। (১৩) আবার সেই ক্ষণে শ্রীসনাতন পণ্ডিতও বস্ত্রালঙ্কার মাল্যচন্দনাদি দ্বারা ঝটিতি স্বীয় কন্যাকে সমলঙ্কৃত করিলেন। (১৪)বিবাহের সময় আসন্ন জানিয়া তিনি উত্তমোত্তম ব্রাহ্মণগণকে ডাকিয়া জামাতার আদরপূর্ব্বক

আনয়ন জন্য প্রেরণ করিলেন। (১৫) তৎপরে ব্রাহ্মণবর্য্যগণ গিয়া বিনয়ভরে বলিলেন—'তোমার বিবাহের এই শুভ কাল উপস্থিত হইয়াছে। (১৬) এক্ষণে বিজয় হউক, পণ্ডিতের গৃহে শুভযাত্রা করিতে মন কর। অহো! তাঁহার ভাগ্য কে বর্ণনা করিতে পারে?' (১৭) ব্রাহ্মণের সেই বাক্য শ্রবণ করিয়া ভগবান্ মুখভঙ্গীতে আদর সূচনা করিলেন। তখন জয়ধ্বনি, বেদধ্বনি ও মৃদঙ্গপটহাদিধ্বনি হইল। (১৮) বীণা, পণব ও কাংস্যযন্ত্রাদি বাজিতে লাগিল, আর আনন্দিতচিত্তে প্রভু মাতাকে দণ্ডবৎ প্রণতি করিয়া শীঘ্রই দোলায় আরোহণ করিলেন। (১৯) চারি দিকে দীপাবলি জ্বলিতে লাগিল, নক্ষত্রমালামণ্ডিত চন্দ্রমার ন্যায় তিনি শারদ চন্দ্রকিরণবৎ শুভ্র শিবিকায় বিরাজ করিতে লাগিলেন। (২০) সুবর্ণগৌর ক্ষীরসমুদ্রে দ্বিতীয় সুমেরুশৃঙ্গবৎ জগন্মোহন লাবণ্য প্রকাশ করিয়া স্বয়ং হরি বিরাজ করিতে লাগিলেন। (২১) জামাতা নিকটবর্ত্তী হইয়াছেন দেখিয়া মিশ্রবরের হর্ষাতিরেকে রোমাঞ্চ হইতে লাগিল; অভ্যুপগম করিয়া তাঁহাকে আনয়ন করিলেন এবং বিধানমতে পাদ্য ও আসনাদি আদরে দান করিলেন। (২২) তিনি বস্ত্র, মাল্য এবং অনুলেপনাদি সমর্পণে গলিত-কাঞ্চনবর্ণ মালতীমাল্যে শোভিতবক্ষ গৌরহরিকে বরণ করিলেন। (২৩) মনে হয়, যেন গঙ্গার ধারাদ্বয়-সমন্বিত সুমেরুশৃঙ্গই শোভা করিতেছে। উদীয়মান পূর্ণচন্দ্রের ন্যায় বদনযুক্ত, পদ্মপলাশ-নয়ন জামাতাকে দেখিয়া শ্বশ্রূ (২৪) আনন্দিত হইলেন এবং সুহাস্যবদনে দীপমালা লইয়া স্বস্তিক, লাজ (খই) প্রভৃতি মঙ্গলদ্রব্য সহযোগে তিনি (২৫) ও দ্বিজপত্নীগণ প্রীতিভরে জামাতার নির্ম্মঞ্ছন করিলেন। তাঁহারা সকলেই জামাতার হৃদয়বিজ্ঞ, পরমানন্দে পরিপূর্ণ এবং কৌতূহল-সমন্বিত হইয়াছিলেন। (২৬) তৎপরে শ্রীল সনাতন পণ্ডিত দিব্য কন্যাকে আনিয়া সমাহিতচিত্তে জামাতার চরণতলে

নিবেদন করিলেন। (২৭) তৎপর জয় জয় নাদে, বিপ্রগণের বেদ-ধ্বনিতে, এবং বিবিধ বাদ্যের নিনাদে মহোৎসব সম্পন্ন হইল। (২৮) বিষ্ণু ও বিষ্ণুপ্রিয়া পরস্পরকে পুষ্প-বর্ষণ করিতে লাগিলেন। সাক্ষাৎ মহানন্দই যেন অবতীর্ণ হইল। (২৯) তার পরে স্বয়ং প্রভু সেই বিশালভুজ হরি এবং কল্যাণীয়া বধূ বিষ্ণুপ্রিয়া শুদ্ধাস্তরণসংযুক্ত শুভ্র আসনে উপবিষ্ট হইলেন। (৩০) দ্বারকায় যেমন কৃষ্ণ ও রুচিরবদনা রুক্মিণী শোভাবৃদ্ধি করিতেছিলেন, তদ্রূপ এই বিষ্ণুপ্রিয়া-গৌরাঙ্গেরও কান্তি রোহিণী-চন্দ্রের ন্যায় বৃদ্ধিশীল হইল। (৩১) সেই সনাতন মিশ্র আসিয়া বিধিমতে কন্যাকে তাঁহার হস্তপদ্মে সমর্পণ করত নিজেকে কৃতার্থ মনে করিলেন। (৩২) তৎপরে বিবাহকার্য্য সুসম্পন্ন হইলে মহামহোৎসব করিয়া জগদ্‌গুরু ভার্য্যার সহিত নিজ মন্দিরে আগমন করিলেন। (৩৩) ব্রাহ্মণগণ কর্ত্তৃক বন্দনীয় গৌরকে বধূর সহিত শীঘ্র গৃহে সমাগত দেখিয়া তখন বিশ্বম্ভর-জননী শচীমাতা হাস্যশোভিত বদনে সাধ্বীগণ সহ আনন্দে গৃহ-প্রবেশবিধি সমাধান করিলেন।

ইতি **শ্রীবিষ্ণুপ্রিয়া-বিবাহ-নামক** চতুর্দশ সর্গ।

পঞ্চদশ সর্গ।

(১) তৎপর হরি পুরজনগণ কর্ত্তৃক অভিনন্দিত হইয়া গৃহে বাস করিতে করিতে ব্রাহ্মণ, বৈশ্য ও সজ্জনদিগকে বিদ্যা দান করিতে লাগিলেন। লৌকিক সৎক্রিয়াদি বিধি প্রভৃতি বিষয়ে শিক্ষা দিয়া অদ্ভুত কারুণ্যই প্রকাশ করিলেন। (২) তিনি বাগ্মিতায় বৃহস্পতির তেজ, কাব্য-রচনায় কাব্যের (শুক্রাচার্য্যের) প্রতিভা এবং কান্তিতে চন্দ্রের সৌন্দর্য্য হরণ করিলেন। মনে হয়, যেন স্বয়ং প্রভু পৃথিবীতে

অবতরণ করিলে বৃহস্পতি প্রভৃতিতে অর্পিত বাগ্মিতাদি গুণ তাঁহারা হরিকে পুনরায় অর্পণ করিলেন। (৩) যাঁহারা পূর্বজন্মে পুণ্যরাশি অর্জন করিয়াছিলেন, সেই বিপ্রমহাজনদিগকে তিনি অধ্যাপনা করিতে লাগিলেন। অহো! জগদ্গুরু যাঁহাদের সাক্ষাৎ উপদেষ্টা হইয়াছেন, সেই ভাগ্যবান্ বিপ্রদের মহাগুণ কি প্রকারে বর্ণনা করিতে পারিব? (৪) গলিতহেমকান্তি গৌর সৌন্দর্য্য, মাধুর্য্য, বিলাসবিভ্রমাদিযুক্ত হইয়া বিরাজ করিতে লাগিলেন। বিষ্ণুপ্রিয়া দেবী তাঁহার পাদপদ্ম লালন (সম্বাহন) করিতেন আর রসিকচূড়ামণি রসের পূর্ণতা প্রকট করিলেন। (৫) শিষ্যগণ সহ বিদ্যাবিলাসরসে বাহু দোলাইয়া দোলাইয়া হরি পথে যাইতেন। গৃহে আসিয়া বিষ্ণুপ্রিয়া দেবীর সহিত নিজ জননী-সমীপে বসিয়া নিত্য তাঁহার সুখ সম্পাদন করিতেন। (৬) অনন্তর সেই অচ্যুত লোকশিক্ষার জন্য পিতৃকার্য্য করিতে ইচ্ছা করিলেন। বিধিজ্ঞ হরি বিধানমতে শ্রাদ্ধ করিয়া ব্রাহ্মণগণ সহ গয়ায় গমন করিলেন। (৭) পথে যাইতে যাইতে তিনি প্রাকৃত জীবের অনুকরণে হাসিয়া নর্মোক্তি করত সজ্জনগণের কৌতুকপ্রদ হইলেন। হরিণসমূহকর্ত্তৃক রাজিত স্থলীরাজিতে তাহাদের কৌতুক দেখিয়া দেখিয়া আনন্দ লাভ করিতেন। (৮) 'চোরান্ধয়ক' নামক হ্রদে স্নানাহ্নিক করতঃ দেব-পিতৃলোকের যথাবিধি তর্পণাদি করিলেন এবং শীঘ্রই প্রিয়গণ সহ মন্দারে আরোহণ করিয়া দেবতা দর্শন করিলেন। (৯) তৎপরে সত্বর মন্দার পর্বত হইতে অবতরণ করিয়া পর্বতের তলদেশে জনৈক ব্রাহ্মণের গৃহে উপস্থিত হইলেন। লোকশিক্ষা করাইবার জন্য প্রভু হঠাৎ জ্বরের আক্রমণে ব্যথিত হইলেন। (১০) 'অহো! পথমধ্যেই দৈবাৎ আমার শরীর অবশ হইয়া পড়িল। সুতরাং কিরূপে গয়ায় পিতৃশ্রাদ্ধ সমাধা হইবে? মঙ্গলময় কার্য্যে বিঘ্ন উপস্থিত হইল।' এইরূপে প্রভু

মহাচিন্তান্বিত হইলেন। (১১) তার পরে নিজেই চিন্তা করিয়া উপায় উদ্ভাবন করিলেন এই যে, জ্বর শান্তির জন্য দ্বিজপদসেবাই বিধি। ইহা অবগত হইয়া ভগবান্ দ্বিজপদসেবা করিয়া তাঁহার চরণজল পান করিলেন। (১২) যে সকল ব্রাহ্মণ কৃষ্ণাশ্রয় করিয়াছিলেন—নিরন্তর শ্রীকৃষ্ণচরণ চিন্তা করিতেন—সেই কৃষ্ণভক্তাভিমানী প্রভু তখন তাঁহাদেরই কিন্তু চরণজল পান করিলেন। (১৩) তাহাতেই জ্বর নিবৃত্তি হইল। সঙ্গের লোকগণকে দ্বিজপাদভক্তি দেখাইয়া প্রভু তখন পুনঃপুনা তীর্থে গিয়া সেখানে পিতৃদেবতাদির অর্চনা করিলেন। (১৪) তৎপরে নদী পার হইয়া তিনি পুণ্যময় রাজগিরি নামক তীর্থোত্তমে গমন করিলেন। লোকশিক্ষার জন্য তিনি ব্রহ্মকুণ্ডে পিতৃদেবপূজা করিলেন। (১৫) * * * * গয়ায় গদাধরের চরণদর্শনলোভে ধীরে ধীরে গমন করিলেন। (১৬) তথায় তিনি ঈশ্বর পুরী নামক এক হরিপদভক্ত কল্যাণময় ন্যাসিচূড়ামণির সন্দর্শন লাভ করেন। পরমেশ তখন পরম ভক্তিসহকারে সন্তুষ্ট সন্ন্যাসিবরকে দণ্ডবৎপূর্ব্বক বলিলেন—(১৭) 'হে ভগবন্! অদ্য মহাভাগ্যে ভবদীয় পাদপদ্মের দর্শন লাভ হইল। হে করুণাময় প্রভো! যাহাতে ভবসমুদ্র পার হইয়া কৃষ্ণচরণ-পদ্মের অমৃত আস্বাদন করিতে পারি—তাহাই আপনি দয়া করিয়া উপদেশ করুন।' (১৮) শ্রীহরির এবম্বিধ বাক্যামৃত পান করিয়া সেই অন্তর্য্যামী পুরী আনন্দভরে মন্ত্রবর বলিয়া দিলেন। তখন ভক্তি-বিভাবিতচিত্ত গৌরচন্দ্র ঐ দশাক্ষর মন্ত্রবর প্রাপ্তি করিয়া স্বয়ং তাঁহাকে স্তব করিতে লাগিলেন। (১৯) হে দয়ালো ন্যাসিন্! অদ্য আপনার চরণসঙ্গলাভে দুর্লভ কৃতার্থতা লাভ করিলাম। অদ্য শ্রীকৃষ্ণপাদপদ্মে মধুমদ আস্বাদনে পূর্ণকাম হইলাম। ইহাতেই দুরন্ত সংসার হইতে ত্রাণ পাইব।

ইতি **শ্রীমদীশ্বরপুরীদর্শন-নামক** পঞ্চদশ সর্গ।

ষোড়শ সর্গ।

(১) সেই প্রভু স্বয়ং গুরুভক্তি প্রদর্শন করাইয়া ফল্গুতীর্থে পিতৃদেবতার অর্চন করিলেন। * * * * প্রেতশিলায় পিতৃপিণ্ড দান করিলেন। (২) দেবার্চনা করিয়া পিতৃলোকের উদ্দেশ্যে ব্রাহ্মণগণকে তিনি যথেষ্ট দক্ষিণা দান করিলেন। তার পরে ঐ পর্বত হইতে শীঘ্র অবতরণ করিয়া উদীচী গেলেন। দক্ষিণমানসে পিতৃক্রিয়া সমাধা করিয়া আবার (৩) উত্তরমানসে শ্রাদ্ধাদি করিলেন। ব্রাহ্মণগণে বেষ্টিত হইয়া জিহ্বাচপল নামক তীর্থে পিতৃশ্রাদ্ধ ও দেবতার্চনা করিয়া, পরে আনন্দিতচিত্তে গয়াশিরে গমন করিলেন। (৪) দ্বিজোত্তমগণের সাহায্যে ষোড়শ বেদীতে পিতৃকার্য্য নিষ্পাদন করিলে শ্রীমজ্জগন্নাথ পুরন্দর সাক্ষাৎ হইয়া আনন্দিতচিত্তে পিণ্ড গ্রহণ করিলেন। (৫) শ্রীরামকর্ত্তৃক প্রদত্ত পিণ্ড যেরূপ তাঁহার পিতা প্রত্যক্ষীভূত হইয়া গ্রহণ করিয়াছিলেন—তদ্রূপ এ স্থলেও সংঘটিত হইল। সর্বত্রই এই প্রকার শ্রীহরির চরিত্র হইলেও কিন্তু উহা দুর্লভতমই বটে !! (৬) তিনি বিষ্ণুপদে শ্রীহরিপাদচিহ্ন দেখিয়া আনন্দিত হইলেন এবং মনে মনে বলিলেন—'হরির পাদপদ্মচিহ্ন দেখিয়াও কেন আমার প্রেমোদয় হইল না !' (৭) ঠিক সেই ক্ষণে দৈবাৎ সুশীতল জলে মুহুর্মুহ বিষ্ণুপদ প্রক্ষালিত হইলে ভগবান্ কম্প ও রোমাঞ্চব্যাপ্ত হইয়া প্রেমজলের শত শত ধারায় বক্ষঃ স্নান করাইলেন। (৮) কৃষ্ণপাদপদ্মের প্রেমোৎসবে তিনি শীঘ্রই বিহ্বল হইয়া নিঃসঙ্গ হইলেন এবং সাধুনিষেবিত রমণীয় সেই গয়াধাম ত্যাগ করিয়া বৃন্দাবন যাইতে ইচ্ছা করিলেন। (৯) তখন নবমেঘবৎ ধ্বনি করিয়া দৈববাণী হইল—'হে দেব ! এক্ষণে তুমি নিজগৃহে প্রত্যাবর্ত্তন কর, পরে কালক্রমে বৃন্দাবন ও অন্যত্র নিজ চেষ্টায় গমন করিবে। (১০) আপনি সর্বেশ্বর ত বটেই, সর্বকার্য্য করিতে বা না

করিতে সর্বথাই সমর্থ। তথাপি ভৃত্যগণ যাহা বলিতেছে, হে প্রভো! তাহা সম্পাদন করিতে এক্ষণে আজ্ঞা হয়।' (১১) প্রভু এই মহাদিব্যবাণী শ্রবণ করিয়া নিজ বন্ধুগণ সহ গৃহে প্রত্যাবৃত্ত হইলেন, মাতার চরণে দণ্ডবৎ প্রণতি করিলে মাতা তখন আনন্দাশ্রু বিসর্জন করিতে লাগিলেন। (১২) প্রেমভরে ধৈর্য্যরহিত হইয়া প্রভু গৃহে বাস করিলেও কখনও ক্রন্দন, কখনও বা উচ্চ শব্দ করেন। মুহুর্মুহু ভীষণ চীৎকার করেন, কখনও বা কম্পান্বিত হইয়া গদ্‌গদবাক্যে 'হরে কৃষ্ণ হরে রাম' নাম কীর্ত্তন করিতে থাকেন। (১৩) কখনও বা শ্রীবাসাদি বিপ্রগণের সহিত নূতন কীর্ত্তন করেন কিম্বা ভাবপূর্ণ হইয়া যথেষ্ট নৃত্য করেন। কখনও বা লোকশিক্ষা দিবার জন্য নানাবিধ অবতারের অনুকার করিয়া বিলাস করেন। (১৪) অনন্তর তিনি হরিপাদপদ্মে সর্বক্রিয়া ত্যাগ করত ন্যাসিচূড়ামণি হইলেন। তৎপরে মুকুন্দাদি মহত্তর হরিপ্রিয়জনগণে পরিবৃত হইয়া ক্ষেত্রবর পুরুষোত্তমে গমন করিলেন। (১৫) তথায় নীলাচলনাথকে দর্শন করিলেন এবং বহুদিন যাবৎ মহা মহা আনন্দরাশি প্রাপ্ত হইয়া তিনি প্রাজ্ঞ সাধুগণ-সমভিব্যাহারে পথে পথে রামচন্দ্রনির্মিত সেতুবন্ধ গমন করিলেন। (১৬) তত্রত্য সপ্ত তমালবৃক্ষ দেখিয়া তিনি তাহাদিগকে আলিঙ্গন করত মুহুর্মুহু রোদন করিলেন। তার পর সেই প্রভু কূর্মক্ষেত্রে আসিয়া কূর্মরূপী জগদীশ্বরকে দর্শন করিলেন। (১৭) তার পরে আবার শ্রীজগন্নাথক্ষেত্রে আসিয়া শ্রীশ্রীজগন্নাথদেবের মুখচন্দ্র দর্শন করিলেন। তথায় কিছু কাল বাস করিয়া, পরে আবার মধুসূদন মথুরাদর্শনে যাত্রা করিলেন। (১৮) পাদাব্জচিহ্নসমূহে অলঙ্কৃত স্থলীরাজির দর্শনে তিনি মুহুর্মুহু ভূমিতে পড়িয়া লুণ্ঠন করিতে করিতে রোদন করিয়াছিলেন। জগদ্‌গুরু সেই ধামে প্রেমামৃত আস্বাদনেই উৎসুক হইয়া বাস করিলেন।

(১৯) এই ভাবে প্রভু মধুপুরীতে পরমানন্দ বিস্তার করত আনন্দে হর্ষাতিরেক প্রাপ্তি করিলেন এবং পুনরায় সাধুজন সঙ্গে পরমধাম দিব্য পুরুষোত্তমক্ষেত্রে পদব্রজে আগমন করিলেন। (২০) শ্রীহরির এই তীর্থ-পর্য্যটনকাহিনী প্রভৃতি শ্রবণ করিলে মহত্তম গয়াতীর্থের ফল লাভ করা যায় এবং শ্রদ্ধাবান্ মানব দেহাবসানে পূর্ণলালসায় বিশুদ্ধা গতি লাভ করেন।

ইতি **গয়াগমন-নামক** ষোড়শ সর্গ।

ইতি প্রথম প্রক্রম ॥

দ্বিতীয় প্রক্রম।

প্রথম সর্গ।

(১) এই সব আখ্যান শ্রবণ করিয়া শ্রীদামোদর পণ্ডিত বলিলেন—"লীলানিধি প্রভু নবদ্বীপে কি কি লীলা করিয়াছেন, (২) তাহা বিস্তারিত ভাবে বর্ণন কর। যেহেতু এই লীলা সকলেরই কর্ণরসায়ন।" তার পরে ঐ মুরারি, ব্রাহ্মণকে সন্তুষ্ট করিবার উদ্দেশ্যে বলিতে লাগিলেন,—(৩) "মহাশ্চর্য্যজনক কথা আমি সংক্ষেপে বর্ণন করিতেছি—আপনি শ্রবণ করুন। মহাপ্রভু শ্রীচৈতন্যচন্দ্রের চরণকমলে দণ্ডবৎ করিয়া বলিতেছি—(৪) হে চৈতন্যচন্দ্র! তোমার চরণের নখচন্দ্রকান্তি—শরণাগত আমার একাদশেন্দ্রিয় ও জীবকোষ (আত্মা) সহিত অন্তর ও বাহির পরিপূর্ণ করুক, নিত্য পোষণ করুক এবং আনন্দ দান করুক। (৫) হে চৈতন্যচন্দ্র! তোমার চরণকমলযুগল দেখিয়াও যাহারা তোমাকে পরমেশ্বর-বুদ্ধি করে না, হে প্রভো! তাহারাই মোহবশবর্ত্তী,

রসভাববিহীন এবং তোমার মহা ঐশ্বর্য্যময়ী মায়ায় মোহিত হইয়াছে।" (৬) হে চৈতন্যচন্দ্র! দেবগণও যখন তোমার চরণারবিন্দযুগল- (মাহাত্ম্য) জানেন না, তখন অন্য লোকের কথা আর কি বলিব? হে করুণাসিক্তবিগ্রহ! হে মুকুন্দ! তুমি যাঁহাদিগকে দয়া কর, তাঁহারাই কেবল তোমাকে নিত্য ভজন ও প্রণাম করে এবং তোমার তত্ত্ব বুঝে। (৭) হে বরেণ্য নৃহরি! হে করুণামৃতসাগর! তোমার চরণকমলে প্রণাম করিয়া তোমার লীলা বর্ণন করিতেছি। প্রভো হে! তাহাতে আজ্ঞা দাও—শক্তি সঞ্চারণ কর, যাহাতে তোমার কথামৃতরসে পরিপূর্ণা বাণী উচ্চারিত হয়।" (৮) শ্রীকৃষ্ণচৈতন্য হরি নিজগৃহে আসিয়া নিত্যই প্রেমাশ্রুধারা পাত করিতেন। করুণানিধি প্রভু নিজমন্দিরে ব্রাহ্মণগণকে সর্বদা বিদ্যা দান করিলেন। (৯) একদিন নিজগৃহে সুপ্ত রোদনপরায়ণ নিজ পুত্রকে দেখিয়া সাধ্বী শচী বিস্মিতা হইয়া বলিলেন—'বৎস! কেন তুমি রোদন করিতেছ?' (১০) প্রেমবিহ্বল নাথ শ্রীমদ্বিশ্বম্ভর মাতার বাক্য শুনিয়াও কোনই উত্তর দিলেন না। তখন হইতে শচীমাতা চিন্তান্বিতা হইলেন। (১১) কিছু কাল পরে যখন জানিলেন যে, গৌরের ঐ ভাব হরির অনুগ্রহবশতঃ প্রেমই বটে, তখন বিনয়ভরে শচীমাতা গোবিন্দচরণে ভক্তি যাচ্ঞা করিলেন। (১২) "বৎস নিমাই! যেখানে যেখানে যে কিছু ধন পাইয়াছ, তাহা তাহাই আনিয়া আমার হাতে দিয়াছ। তুমি গয়ায় গিয়া প্রেমনামক দেবদুর্লভ কি ধন লাভ করিয়াছ—(১৩) তাহা এক্ষণে আমাকে দান কর—যদি আমাতে তোমার করুণা থাকে, [তবে সেই প্রেমই দাও]। তাহা হইলে আমি নিরন্তর কৃষ্ণরস-সমুদ্রে বিহার করিব।" (১৪) মাতার এই বাক্য শ্রবণে মাতৃস্নেহে তিনি বলিলেন—'মা! বৈষ্ণবানুগ্রহ হইলে তোমারও সেই প্রেমলাভ হইবে।' (১৫) পুত্রের এই বাক্যে শচীদেবী আনন্দিতা ও

ভক্তিযুক্তা হইলেন। শ্রীমচ্চৈতন্যদেবও ব্রাহ্মণদিগকে সাদরে বলিলেন—(১৬) 'আমার মাতা শ্রীহরিতে প্রেম প্রার্থনা করিতেছেন—আপনারা নির্ণয় করুন, যাহাতে সুদুর্লভা হরিভক্তি ইনি লাভ করিতে পারিবেন।' (১৭) এই বাক্যে তাঁহারা সকলে বলিলেন—'ইহার জগন্নাথে মুনি-দুর্লভা প্রেমভক্তি তোমার কথাতেই উদিত হইবে।' (১৮) ইহা শুনিয়া সাক্ষাদ্‌ভক্তিস্বরূপিণী শ্রীশচীদেবী শ্রীহরিতে দৃঢ়া ভক্তি লাভ করিয়া প্রেমপূর্ণা হইলেন। (১৯) কখনও গৌরাঙ্গ বহুপ্রকারে অশ্রুধারাপাত করিয়া রোদন করিতে লাগিলেন। তাঁহার নাসাদ্বয় শ্লেষ্মধারায় আপ্লুত হইয়া গেল। (২০) শুক্লাম্বর ব্রহ্মচারীর গৃহে প্রভু একদিন ভূতলে লুণ্ঠন করিতেছিলেন—নিরন্তর শ্লেষ্মধারা প্রবাহিত হইতেছিল আর (২১) শুক্লাম্বর ঐ ধারা আকর্ষণ করিয়া করিয়া দূরে নিঃক্ষেপ করিলেন। পবিত্র গৌরচন্দ্র সদাকাল রসে পরিপূর্ণ হইয়া থাকিতেন। (২২) সমগ্র দিন কাঁদিয়া কাঁদিয়া তিনি প্রদোষকালে প্রবুদ্ধ হইতেন এবং নিকটবর্ত্তী লোকগণকে জিজ্ঞাসা করিতেন—'এখন কি দিবা?' তাহারা বলিত—'এই যে রাত্রি হইয়াছে!' (২৩) এইরূপে সমগ্র রাত্রি কাঁদিয়া কাঁদিয়া তিনি পরদিন এক প্রহর বেলা অতীত হইলে বাহ্য ভাব প্রকাশ করিতেন। (২৪) তখন তিনি কাহাকেও জিজ্ঞাসা করিতেন—'রাত্রি কতক্ষণ আছে?' উত্তর হইত—'এক্ষণ যে দিন!' এইরূপে তিনি মহাপ্রেমে দিনযামিনী জানিতে পারিতেন না। (২৫) কখনও হরিনাম বা সঙ্গীত শ্রবণ করিয়াই বিহ্বল হইয়া ভূমিতলে দণ্ডবৎ পতিত হইতেন, কখনও বা কম্পিত হইতেন। (২৬) কখনও বা গোবিন্দ কৃষ্ণ কৃষ্ণ প্রভৃতি নাম গদ্‌গদকণ্ঠে সাদরে গান করিতেন, কখনও বা মুহুর্মুহু কম্পিত ও রোমাঞ্চিত হইতেন। (২৭) এইরূপে কখনও বিহ্বল হইতেন, কখনও বাহ্য ভাব প্রকাশ করিতেন। কখনও

স্নান করিয়া জগৎস্বামী পূজা করিতেন। (২৮) ভগবানে অন্ন নিবেদন করিয়া পরে তিনি ভোজন করিতেন, কখনও বিপ্রগণকে বিদ্যাভ্যাস করাইতেন এবং রাত্রিকালে নৃত্যগীতাদি করিতেন। (২৯) এইরূপে বহুবিধ আকারে শ্রীহরিপ্রেম প্রকট হইত'। (৩০) সমাদরে লোক-শিক্ষার জন্য লোকগুরু নিত্য প্রেমাচরণ করিয়া শিক্ষা দিতেন। লোকানুগ্রহকামনাতেই সেই ভগবান্ কৃষ্ণ এবম্বিধ ভাব প্রকাশ করিয়াছেন।

ইতি **ভাবপ্রকাশ-নামক** প্রথম সর্গ।

দ্বিতীয় সর্গ।

(১) সুসজ্জিত শ্রীবাস পণ্ডিত ও তাঁহার ভ্রাতাগণের সহিত পথে যাইতে যাইতে একদিন হঠাৎ হরি বংশীনাদ শ্রবণে বিহ্বল হইলেন। (২) দণ্ডবৎ হইয়া ভূতলে পতিত ও মূর্চ্ছিত হইলেন। ক্ষণকাল পরে আবার প্রবুদ্ধ হইয়া নানাভাবে রোদন করিতে লাগিলেন। (৩) দ্বিজবরগণকে আশীর্বাদ করত প্রসন্নমুখে হাসিতে হাসিতে শিষ্ট-জনগণকর্ত্তৃক মিলিত হইয়া আমোদ করিতেন। (৪) কখনও বা কমলাপতি লৌকিক লীলা প্রবর্ত্তন করেন, কখনও বা সেই জগদীশ্বর দেহযাত্রা-নির্বাহচ্ছলেও নবদ্বীপ-বিলাস দেখাইয়াছেন। (৫) শ্রীবাস পণ্ডিত প্রভৃতি, মহাত্মা শ্রীরাম পণ্ডিত এবং অন্য মুকুন্দ বৈদ্য সহ সেই প্রভু শ্রীবাস-মন্দিরে (৬) প্রতি রাত্রিতে ও দিবসেও প্রেমে পুলকাঞ্চিতবিগ্রহে ভক্তগণ সহ কৃষ্ণগীত গাহিয়া গাহিয়া নৃত্য করিতেন। (৭) একদা নিজগৃহে অবস্থানকালেই তিনি প্রেমে মহাবিহ্বল হইয়া রোদন করিতে লাগিলেন—"কোথায় থাকিব, কোথায় যাইব? শ্রীহরিতে কি উপায়ে আমার রতিমতি হইবে?" (৮) এই বলিয়া বিহ্বল হইলে দৈববাণী

তাঁহাকে সাদরে নাম ধরিয়া ডাকিয়া বলিল—'হে ভগবন্! তুমি নিজেকে শ্রীহরির অংশ বলিয়াই জানিবে, (৯) জীবগণকে প্রেমভক্তি বিতরণ করিবার জন্যই তুমি ধরাতলে অবতীর্ণ হইয়াছ। খেদ করিও না। এই কীর্ত্তনাখ্য যজ্ঞ কলিকালে পৃথিবীতে (১০) তোমার প্রসাদেই সুসম্পন্ন হইবে, ইহাতে সংশয় নাই।' এই দৈববাণী শুনিয়া প্রভু হর্ষান্বিত হইলেন। (১১) একদিন সেই হরি দীনজনের প্রতি অনুকম্পা-বিতরণে প্রেমার্দ্রলোচনে মুরারি গুপ্তের গৃহে গিয়াছিলেন। (১২) দেব-মন্দিরে প্রবেশ করিয়া প্রভু উপবেশন করিলেন। পর্বত যেরূপ ঝরণার জলে আপ্লুত হয়, তদ্রূপ তিনিও প্রেমধারার অজস্র বর্ষণে সংসিক্তদেহ হইলেন। (১৩) 'অহো! মহাবল পর্বতাকার এই বরাহ যে দন্তদ্বয় দ্বারা আমাকে মারিতে আসিতেছে'—এই বলিয়া ক্রমশঃ পশ্চাৎপদ হইতে লাগিলেন। (১৪) 'অহো! আমাকে যে এই শূকরোত্তম বড়ই পীড়া দিল হে!!' এই বলিয়া পুনরায় মহাপ্রভু শীঘ্রই অপসৃত হইলেন। (১৫) অনন্তর ক্ষণকাল মধ্যেই প্রভু স্বয়ং ভাবে বরাহমূর্ত্তি প্রদর্শন করাইলেন—জানুদ্বয়ে ভূমি অবলম্বন করত হস্তদ্বয় দ্বারা চলিতে লাগিলেন। (১৬) নয়নপদ্ম তৎকালে ঘূর্ণিত হইতে লাগিল, ভীষণ হুঙ্কারধ্বনি হইতেছিল! দন্তাগ্রে একটি পিত্তলের জলপাত্র উত্তোলন করিলেন। (১৭) ক্ষণকাল উহাকে উর্দ্ধমুখে ধরিয়া, পরে ঐ পাত্রটি রাখিয়া মুরারিকে আজ্ঞা করিলেন—'আমার স্বরূপের বর্ণনা কর।' (১৮) ঈশ্বর-সাক্ষাৎকারে মুরারি বিস্মিত হইয়া ভূমিতলে দণ্ডবৎ নিপতিত হইলেন এবং বলিলেন—'হে পদ্মলোচন ভগবন্! আমি তোমার স্বরূপ অবগত নহি।' (১৯) 'হে পুরুষোত্তম! তুমি স্বয়ং তোমার নিজেকে জান, অন্য কেহই জানে না।' এই গীতোক্ত বাক্যই পুনঃ পুনঃ সেই মুরারি প্রভুকে বলিলেন। (২০) অনন্তর ভগবান্

তাঁহাকে সুমধুর স্বরে সম্বোধনপূর্বক বলিলেন—'বেদ কি আমাকে জানিতে পারে?' সেই বৈদ্যও আবার প্রভুকে বলিলেন—(২১) 'হে প্রভো! তোমাকে জানিতে বেদেরও শক্তি নাই, তুমি সর্বদা গুহ্য।' এই কথা শুনিয়া ভগবান্ বলিলেন—'বেদ আমার যথেষ্ট বিড়ম্বনাই করে। (২২) আমাকে 'অপাণিপাদ' বলিয়া থাকে।' এই বলিয়াই বেদসারজ্ঞ সর্ববেদার্থনির্মাতা ভগবান্ স্মরণ করিয়া উপনিষদের এই শ্লোকটি বলিলেন—(২৩) "পরাত্মা (প্রাকৃত)হস্তপদাদিশূন্য হইয়াও গ্রহণ ও ধারণ করেন—(প্রাকৃত)নয়ন-শূন্য হইলেও দর্শন করেন, কর্ণরহিত হইয়াও শ্রবণ করেন—তিনি বিশ্বের সকল বৃত্তান্ত জানেন অথচ তাঁহার কেহ বেত্তা (জ্ঞাতা) নাই। তত্ত্বজ্ঞগণ তাঁহাকেই শ্রেষ্ঠ পুরাণ পুরুষ বলিয়া থাকেন।" (২৪) এই বেদমন্ত্রটি হাসিয়া হাসিয়া প্রভু পড়িতে লাগিলেন আর বলিলেন—'বেদ যে আমাকে জানে না—এ কথা নিশ্চিতই বটে।' (২৫) তখন বৈদ্য বলিলেন—'হে ভগবন্! আমার প্রতি করুণা প্রকাশে আজ্ঞা হয়।' তখন দয়াময় ভগবান্ বিশ্বম্ভর তাঁহাকে বলিলেন—'আমাতে প্রেম হউক।' (২৬) এই কথা বলিয়াই শ্রীমান্ হরিকীর্ত্তনতৎপর বিশ্বম্ভর দেব সহাস্যবদনে নিজ মন্দিরে গমন করিলেন। (২৭) আর একদিন শ্রীবাস পণ্ডিতের মন্দিরে অবস্থানকালে প্রভু এই শ্লোকটির যে ব্যাখ্যা করিয়াছিলেন—তাহা শ্রবণ করুন। (২৮) "কলিযুগে একমাত্র হরিনামই সাক্ষাৎ পুরুষোত্তমস্বরূপে বিরাজমান আছেন, সুতরাং এই হরিনামই কেবল আশ্রয় করিবে—কলিসন্তরণ করিতে আর অন্য উপায় (জ্ঞান, কর্ম বা যোগাদি) নাইই।" (২৯) [এই শ্লোকের ব্যাখ্যা করিতেছেন—] 'না' শব্দের অর্থ পুরুষ অর্থাৎ আদি-পুরুষ শ্রীহরি। তিনি কলিকালে মূর্ত্তি পরিগ্রহ করিয়াই বর্ত্তমান আছেন। তাঁহাকে নাম-স্বরূপই জানিবে। তিনি কিন্তু কেবল অর্থাৎ এক

অদ্বিতীয় তত্ত্ব। (৩০) তিন বার 'হরিনাম' বলিবার তাৎপর্য্য হইতেছে [জ্ঞানী, কর্ম্মী, যোগী বা ভক্ত প্রভৃতি] সর্ববিধ জীবের দার্ঢ্য সম্পাদন। 'এব'কার সকল জীবের পাপরাশির নাশ করিবার উদ্দেশ্যে উক্ত হইয়াছে। (৩১) 'কেবল' শব্দ দ্বারা সর্বতত্ত্বপ্রকাশ বুঝাইল (অর্থাৎ নামরূপী কৃষ্ণই অন্যান্য সকল তত্ত্বের প্রকাশভূমি)। কিন্তু অদ্বৈতবাদিগণ 'কেবল' শব্দে প্রারব্ধকর্মনির্বাণ বলেন। (৩২) 'কৈবল্য হয়' এই কথা বুঝাইবার জন্য শাস্ত্রে 'কেবল' শব্দ উক্ত হইয়াছে। [স্বমতে কিন্তু] ইহাতে কৃষ্ণপ্রেমরসাস্বাদ-প্রাপক করুণাময়কেই বুঝায়। (৩৩) শ্রীহরিনাম তাঁহারই (শ্রীহরিরই) স্বরূপ—ইহাই বিনিশ্চিত হইল। যে লোক অন্যপ্রকার ব্যাখ্যা করে—তাহার গতি নাই, গতি নাই। এই কথা স্বয়ং (৩৪) সর্বদেবময় পুরুষ শূকরাবেশে বলিয়াছেন। এই বলিয়া তিনি নৃত্য এবং মহাকীর্ত্তন আরম্ভ করিলেন। (৩৫) এই কথা যিনি সমাহিতচিত্তে নিত্য শ্রবণ বা কীর্ত্তন করেন, তিনি নিশ্চিতই পাপমুক্ত হয়েন এবং শ্রীহরিতে প্রেম লাভ করেন। (৩৬) তাঁহার শ্রীচৈতন্য-পাদপদ্মে প্রভুবুদ্ধি সুদৃঢ়া হয় এবং দেহান্তে শ্রীচৈতন্যের অক্ষয়া স্মৃতি থাকে।

ইতি **বরাহাবেশ-নামক** দ্বিতীয় সর্গ।

তৃতীয় সর্গ।

(১) অনন্তর প্রভু নিজ মন্দিরে প্রবেশ করিয়া, সহস্র সহস্র চন্দ্রমার কিরণমালায় প্রকাশিত হইয়া জিজ্ঞাসা করিলেন—'এখানে চতুর্ম্মুখ (ব্রহ্মা), পঞ্চমুখ (শিব), ষণ্মুখ (কার্ত্তিকেয়) প্রভৃতি কে কে আসিয়া অবস্থান করিতেছে হে?' (২) দ্বিজবর্য্যাগ্রগণ্য শ্রীবাস প্রভুর কথার উত্তরে বলিলেন—'হে প্রভো! প্রেমরসামৃত-সমুদ্র

তোমার সেবাভিলাষে ব্রহ্মা, শিব ও কার্ত্তিকেয় প্রভৃতি দেবগণ সমাগত হইয়াছেন।' (৩) তৎপরদিন মহাপ্রভু দিব্যাসনে উপবেশন করিয়া নিজভক্তের অঙ্গে চরণস্পর্শ দিয়া বিরাজ করিতেছেন। (৪) শ্রীবাস পণ্ডিত প্রভৃতি তত্রত্য সকলেই শ্রীগৌরহরিকে মস্তক অবনত করিয়া প্রণাম করিয়া, তাঁহার চরণে প্রেমলক্ষণা সুদুর্লভা ভক্তি প্রার্থনা করিলেন। (৫) তখন ভক্তবৎসল প্রভু তাঁহাদিগকে যথেষ্ট বরাদি দান করিলেন। **শুক্লাম্বর** ব্রহ্মচারী সেই মহাপুরুষকে বলিলেন— (৬) 'হে ভগবন্! আমি মথুরা দ্বারকাদি তীর্থ পর্য্যটন করিয়াও অতি দুঃখিতই আছি। আমার এই দুঃখাপনোদন জন্য আমাকে প্রেমভক্তি দান করুন।' তখন প্রভু তাঁহাকে বলিলেন—(৭) 'মথুরা দ্বারকায় কি শৃগালাদিও যাইতেছে না? তাহাতে আমার কি হইবে হে?' এই বাক্য শ্রবণেই তিনি মূর্চ্ছিত হইয়া ধরাশায়ী হইলেন। তখন জনার্দ্দন তাঁহাকে বলিলেন—(৮) 'অদ্যই তোমার প্রেম হউক।' তৎক্ষণাৎই তিনি প্রেমবিহ্বল চিত্তে প্রভুর চরণে নিপতিত হইয়া রোদন করিতে লাগিলেন। (৯) তার পরে শ্রীবাসাদি ভক্তগণ হৃষ্টমনে প্রমোদভরে তাঁহার সহিত মিলিয়া কৃষ্ণনাম কৃষ্ণগুণাদি মুহুর্মুহু গান করিতে লাগিলেন।

(১০) সৎকুলজাত মহাপ্রাজ্ঞ ব্রাহ্মণ শ্রী**গদাধর** তাঁহার প্রেমভক্ত এবং সর্বদাই তাঁহার চরণ-সন্নিধানে বাস করেন। (১১) গদাধরের সহিত গৌরাঙ্গ রজনীযোগে একত্র শয়ন করিয়া প্রাতঃকালে মধুরাক্ষরে তাঁহাকে বলিলেন—'বৈষ্ণবগণকে এই এই প্রসাদ দান করিবে।' (১২) এই বলিয়া শ্রীগৌরহরি গদাধরের হস্তে গাত্রমাল্যাদি দান করিলেন। অনন্তর বিমল প্রভাতে তাঁহারা সকলেই সমাগত হইলেন। (১৩) শ্রীগদাধরও যাঁহাকে যাহাকে যে যে প্রসাদ দিতে প্রভু ইঙ্গিত

করিয়াছেন, তাঁহাকে তাঁহাকে সেই সেই প্রসাদই অর্পণ করিলেন। তার পরে তাঁহারাও হৃষ্টমনে সুরধুনীর জলে স্নান করিয়া (১৪) জগন্নাথের পূজা করিলেন এবং বিষ্ণুনৈবেদ্য ভোজন করিয়া পুনরায় দেবাদিদেব সেই মহাপ্রভুর সমীপে আনন্দিতমনে আগমন করিলেন। (১৫) শ্রীগদাধর প্রত্যহ চন্দন দ্বারা তাঁহাকে অনুলিপ্ত করেন এবং আনন্দে নিরন্তর প্রভুর শ্রীঅঙ্গে মাল্যাদি সমর্পণ করেন। (১৬) শ্রীপ্রভুর শয়নমন্দিরে তিনি শয্যা রচনা করিয়া তাঁহারই সন্নিধানে সুখে শয়ন করেন। এক্ষণে শ্রদ্ধা সহকারে গদাধর-সম্বন্ধে অমৃত-মধুর বাক্য শ্রবণ করুন—(১৭) ব্রজে যেরূপ কোনও সময়ে (দ্বাপরে) রত্নমন্দিরে শ্রীরাধা শয্যা রচনা করিয়া শ্রীকৃষ্ণপার্শ্বে প্রেমাপ্লুতকলেবরে শয়ন করিতেন, [শ্রীগদাধরও সেইরূপেই নবদ্বীপে শ্রীগৌরাঙ্গের শয়ন-কক্ষে শয্যা রচনা করিয়া শ্রীগৌরপার্শ্বে প্রেমসুখে শয়ন করিতেন।] (১৮) সায়াহ্ন-কালে সেই প্রভু আনন্দিত ও কীর্ত্তনোৎসুক হইলেন। (১৯) তাঁহারাও সকলে শ্রীমদ্‌বিশ্বম্ভরের সঙ্গে সংকীর্ত্তনানন্দে মত্ত হইয়া নৃত্য গীত করিলেন এবং পরমানন্দে নিমজ্জিত হইয়া গেলেন। (২০) তার পর একদিন ঘনঘটা ও গম্ভীর নিনাদ করিয়া আকাশে মেঘের উদয় হইল। বিদ্যুৎরাশি চতুর্দিকে চমকাইতে লাগিল। (২১) বৈষ্ণবগণ এই বিঘ্ন সমুপস্থিত দেখিয়া দুঃখিত হইলেন—হরিকীর্ত্তনে বাধা দিতে মেঘোদয় হইল মনে করিয়া চিন্তান্বিতও হইলেন। (২২) তখন সেই গৌরহরি সেই স্থানে সমাগত হইয়া একটি মন্দিরা হস্তে নিয়া সুর ও রাগসমূহকে কৃতার্থ করিতে ইচ্ছা করিয়া স্বজনগণ সহ কৃষ্ণ-কীর্ত্তন করিলেন। (২৩) তৎক্ষণাৎ মহাবাত্যাঘাতে খণ্ডিত হইয়া মেঘমালা দিগন্তরে আশ্রয় লইল; আকাশ নির্ম্মল ও চন্দ্রকিরণে রঞ্জিত হইল। (২৪) তার পরে সেই প্রভু চরণপদ্মে নূপুর ধারণ করিয়া

সংকীর্ত্তন-পরায়ণ সাধুগণ সমভিব্যাহারে নৃত্য করিয়াছেন। (২৫) বিপ্রপত্নীগণের মুখপদ্ম হইতে ঘন ঘন উলু উলু ধ্বনি উঠিতেছিল— পুষ্পরাশির মহাসুগন্ধে দিক্‌বলয় আমোদিত হইয়াছিল। (২৬) দেবগণ আকাশে অবস্থান করিয়া আনন্দ করিতে লাগিলেন। তখন সকলেরই কর্ণ-রসায়ন শ্রীকৃষ্ণকীর্ত্তনানন্দ মহোৎসব হইতে লাগিল। (২৭) দেবগণ যেমন অচল হইয়া আকাশে অবস্থানপূর্বক এই কীর্ত্তনোৎসবে সুখী হইয়াছিলেন, তদ্রূপ যাঁহারা বহু জন্ম ব্যাপিয়া পুণ্যসমুদ্র সঞ্চয় করিয়াছেন, সেই মহাশান্ত ভক্তগণই অদ্য সাক্ষাৎ কৃষ্ণদেবের সহিত হর্ষ, পুলক ও অশ্রু প্রভৃতিতে ভূষিতদেহ হইয়া নৃত্য করিতেছেন !!

ইতি **মেঘনিবারণ-নামক** তৃতীয় সর্গ।

চতুর্থ সর্গ।

(১) তত্রত্য শুক্লাম্বরনামক দ্বিজ নিত্যই রোদন করেন এবং দণ্ডবৎ ধরাতলে নিপতিত হইয়া মুহুর্মুহু এই মাত্র বলেন—(২) 'হে তাত ! তুমি এক্ষণে নবদ্বীপকে মথুরাপুরী করিয়াছ!' এইরূপে তিনি বিলাপ করিয়া করিয়া, ভূমিতে লুণ্ঠন করিয়া করিয়া প্রেমবিহ্বলচিত্তে রোদন করেন। (৩) কখনও পরমপুরুষ বয়স্যের স্কন্ধে কর সংস্থাপন করত নৃত্য করেন—কখনও বা সর্বাঙ্গে পুলকাবলি দেখা যায়। (৪) কখনও বা ঈশ্বরাবেশে ভৃত্যগণকে বিবিধ বর প্রদান করেন—এইরূপে নানাবিধ ভাবাবেশ প্রকট করত নৃত্য করিয়া ইনি লোকশিক্ষা দিয়াছেন। (৫) কখনও বা নিজজনের স্কন্ধারোহণ করত তাঁহাকে আনন্দ দান করেন এবং রাত্রিযোগে আনন্দিত হইয়া মহোৎসব করিয়া নিজজন-মনোরঞ্জন করেন। (৬) অপর একদিন ভূমিতে উপবেশন করিয়া করতালি দিয়া চারি দিক্ অনুনাদিত করিলেন এবং বলিলেন—'তোমরা

আমার নটরঙ্গ দেখ হে! (৭) এই দেখ—আমি এই অদ্ভুত বীজটি ভূমিতে রোপণ করিতেছি। এই দেখ, নিমিষমধ্যেই ইহা হইতে অঙ্কুর উৎপন্ন হইয়া এক্ষণে বৃক্ষ হইয়াছে। (৮) এই দেখ, ইহাতে পুষ্পরাশি প্রস্ফুটিত হইল—দেখ দেখ ফল ধরিল। এই দেখ, ফল পরিপক্ক হইল—এই দেখ, ফল সংগ্রহ করিলাম। (৯) এই এক্ষণে ফলও নাই, বৃক্ষও অন্তর্হিত হইল—যেহেতু এই সবই মায়া (ইন্দ্রজাল) দ্বারা রচিত হইয়াছিল। প্রান্তরে (শূন্য স্থানে) এই সব মায়াকার্য্য আর এক্ষণে কিছুই রহিল না! (১০) এই ভাবে মায়াকৃত সকল কর্ম্ম অনর্থক হইলেও কিন্তু ঈশ্বরকে সম্মুখে রাখিয়া (সেবার জন্য) অনুষ্ঠান করিলে তাহা হইতে বিপুল (প্রেম)ধনই লাভ হয়। (১১) ঈশ্বরের জন্য যে সকল কার্য্যই করা হউক না কেন, তৎসকলই সার্থক হইয়া থাকে। কাজেই ঈশ্বরসেবার জন্যই সুধীজন সর্বকার্য্য করিবেন।' (১২) তখন ভগবান্ বৈদ্য মুকুন্দকে সম্মুখে অবস্থিত দেখিয়া বলিলেন—'তুমি নাকি ব্রহ্মবিদ্যায় সম্মতি দান কর?' (১৩) এই বলিয়াই সেই অরিন্দম এই শ্লোকটি পাঠ করিলেন—ইহাতে শ্রীরামচন্দ্রের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে এবং নিগূঢ় বেদার্থের সমাহার আছে। (১৪) যোগিগণ অনন্ত সত্যানন্দ চিদাত্মায় রমণ (বিহার) করেন বলিয়া 'রাম' পদে পরব্রহ্মই ধ্বনিত হয়। (১৫) পুনরায় ঐ বৈদ্যকে অনুশাসন করিয়া ভগবান্ বলিলেন—'তুমি নাকি আবার চতুর্ভুজ মূর্ত্তির ধ্যানই বড় বলিয়া মনে কর? (১৬) দ্বিভুজ মূর্ত্তির ধ্যান তোমার মতে সামান্য জ্ঞান হয়। এই ভাবে পরমেশ্বরে ভেদবুদ্ধি কেবল দুঃখকরই হয়। (১৭) যদি নিজের কল্যাণ ইচ্ছা কর, তবে যত্নপূর্বক দ্বিভুজ মূর্ত্তিরই ধ্যান কর—তাহাতে সর্বফলোদয় হইবে।' (১৮) তার পরে গৌরাঙ্গচরণের মধুকর গায়কপ্রবর মুকুন্দ নতশির হইয়া সেই মহাপ্রভুকে বলিলেন—(১৯) 'সুরধুনীর জলে যথেষ্ট

স্নান করিয়াছি, শ্রীবৈষ্ণবচরণ-রজে দেহ অলঙ্কৃত করিয়াছি; এক্ষণে তোমার পাদপদ্মস্বরূপ এই মহাছত্র আমার মস্তকে প্রদান করিয়া আমাকে দাস্যপদে অভিষিক্ত কর।' (২০) তাঁহার মুখে এই বাক্য শুনিয়া ভগবান্ সন্তুষ্টচিত্তে তাঁহার মস্তকে নিজ পাদপদ্ম অর্পণ করিলেন। বৈদ্য মুকুন্দও তখন মহানন্দে ভাসিয়া গেলেন। (২১) তাঁহার সর্বাঙ্গ রোমাঞ্চিত ও নয়নযুগল অশ্রুধারায় পরিপূর্ণ হইল। তৎপরে পদ্মলোচন ভগবান্ মুরারিকে সম্বোধন করত বলিলেন—(২২) 'হে বৈদ্য! তুমি কেন অধ্যাত্মপর গীত রচনা করিয়াছ? যদি জীবিত থাকিতে বাঞ্ছা হয় কিম্বা শ্রীহরির প্রেমলাভে স্পৃহা থাকে, (২৩) তবে ঐরূপ (অধ্যাত্ম) সঙ্গীত ত্যাগ করিয়া শ্রীহরির গুণমহিমাসূচক শ্লোক রচনা কর।' প্রভুর বাক্যশ্রবণে তখন শ্রীমন্নারায়ণ গুপ্ত নামক সুধী বৈদ্য বিনয়ভরে তাঁহাকে নিবেদন করিলেন—(২৪) 'হে মহাপ্রভো! ইঁহাকে এক্ষণে এই আজ্ঞা করুন, যাহাতে তোমারই (ভক্তরূপে) অবতার এই মুরারি, স্নেহসমুদ্র গুরুদেবেরই নামগুণ গান করিতে পারেন।' (২৫) এই কথা শুনিয়া সহাস্যবদনে ভগবান্ বলিলেন—'মুরারির তাহাই হইবে। (২৬) এই বৈদ্য যাহা বলিবে, তাহাই সুসত্য হইবে।' প্রভুর বাক্য শুনিয়া তিনি ভয়াতুর হইয়া কিছুই বলিলেন না। (২৭) মুরারি আনন্দিত হইলেন। তত্রত্য শুদ্ধ সদাচার-নিরত হরিসেবাপরায়ণ শ্রীশ্রীবাস পণ্ডিত (২৮) প্রাতঃকালে স্নান করিয়া সম্যক্ বিধানে হরিপূজাদি সমাপন করিতেন। তিনি ভ্রাতৃগণ-সহ নিত্যই হরির উপাসনা করিতেন। (২৯) ভক্তগণ সহিত তিনি শ্রীহরির নামগুণাদি গান করিয়া আনন্দিত হইতেন। সুগন্ধ শুভ শীতল জলে হরিকে স্নান করাইয়া সেই দ্বিজবর (৩০) ফল গব্যাদি সহিত উত্তম দ্রব্য অর্পণপূর্বক ভোজন করাইয়া হৃষ্টচিত্ত হইতেন। তাঁহার অনুজ শ্রীরাম পণ্ডিতও ভ্রাতৃভক্ত ছিলেন।

(৩১) তিনি সর্বজীবের প্রিয় ও জ্যেষ্ঠসেবানিরত ছিলেন। ভ্রাতার সহিত নিত্য সেই সুধী শ্রীরাম হরিসেবা করিতেন। (৩২) শ্রীবাস ও শ্রীরাম দুই ভাই বিশ্বম্ভরের প্রিয় ছিলেন। প্রভু সর্বদা তাঁহাদের সহিত ক্রীড়া করিতেন। তাঁহাদেরই মন্দিরে শ্রীপ্রভু ঋষিগণ-পরিবৃত মহাত্মা কপিলের ন্যায় নৃত্য করিতেন। (৩৩) অন্য একদিন প্রভু বহু শিষ্য অধ্যাপনা করিতেছিলেন—এমন সময় জনৈক ব্রাহ্মণবালক তাঁহাকে বলিল—'যাঁহার নাম শ্রীকৃষ্ণ, তিনিও ত মায়া হইতে হইয়াছেন। খল জনের এই বাক্য শ্রবণ করিয়া মহাপ্রভু (৩৪) কর্ণদ্বয় হস্তদ্বয়ে অবরুদ্ধ করিয়া শিষ্যগণ সহিত সুরধুনীতে গিয়াছিলেন। সচেল স্নান করিয়া শিষ্যগণের সহিত পুনরায় তিনি নিজ কেলিনিধান গৃহে আগমন করিলেন। (৩৫) শ্রীহরির সুরধুনীজলে এই মজ্জনপ্রসঙ্গ যে জন পাঠ করিবেন—তিনিও ক্রতুফল লাভ করিবেন। এবং শ্রীহরিতে বিমলা ভক্তি ও স্মৃতি প্রাপ্ত হইবেন। আর যিনি এই লীলা শ্রবণ করিবেন, তিনিও এই প্রকার ফলই পাইবেন।

ইতি **গঙ্গামজ্জন-নামক** চতুর্থ সর্গ।

পঞ্চম সর্গ।

(১) অনন্তর শ্রীবাসাদি ভক্তগণ-সমভিব্যাহারে নিজভক্ত অদ্বৈতাচার্য্য-বর্য্যের দর্শনোৎকণ্ঠায় প্রভু তাঁহার গৃহে গমন করিলেন। (২) পথে যাইতে যাইতে তিনি আনন্দিত মনে মুহুর্মুহু হরিসংকীর্ত্তন করিতে লাগিলেন। কখনও বা নৃত্যপরায়ণ নিজভক্তের সঙ্গে তিনিও নাচিতে-ছিলেন। (৩) তার পরে আচার্য্যসমীপে গমন করিয়া বৈষ্ণবে বিষ্ণুবুদ্ধি স্থাপনা করতঃ স্বগণকে শিক্ষা দিতে প্রভু আচার্য্যকে ভূমিতলে পড়িয়া দণ্ডবৎ প্রণাম করিলেন। (৪) জগদ্‌গুরু আচার্য্য মহাপ্রভুকে দেখিয়া

সহসা গাত্রোত্থানপূর্বক তাঁহার নিকটে গিয়া সসম্ভ্রমে প্রভুর চরণে দণ্ডবৎ নিপতিত হইলেন। (৫) তাঁহারা পরস্পরকে আলিঙ্গন করিয়া প্রেমে ও উৎকণ্ঠায় ব্যাকুল হইলেন। তাঁহাদের সুন্দর দেহ কম্প, অশ্রু ও পুলকাদি ভাব-কদম্বে পরিপূর্ণ হইল। (৬) তৎপরে মহাপ্রভু উপবেশন করিয়া মনোহর, পাপহর, প্রেমভক্তিপ্রদ ও প্রিয় হরিকথা বলিতে লাগিলেন। (৭) তখন অদ্বৈত বলিয়া উঠিলেন—'কলিকালে পৃথিবীতে ভক্তি নাই বলিয়া যে সকল মূঢ় (পাষণ্ডী) বলিয়া থাকে, তাহারা অদ্য চক্ষুদ্বারা দেখুক দেখি !!' (৮) এই কথায় শ্রীভগবান্‌ও প্রকম্পিতাধরে বলিতে লাগিলেন—'যদি পৃথ্বীতে কলিযুগে হরিভক্তিই না থাকে, তবে আর আছে কি ? (৯) সর্বসার সুখাকর ভক্তিই এই সংসারে বর্ত্তমান আছে। যে বলে, ভক্তি নাই—তাহার জন্মই নিরর্থক। (১০) সুতরাং যাঁহার কৃষ্ণে ভক্তি আছে এবং যাঁহার প্রতি সনাতনী ভক্তিদেবী সুপ্রসন্না হন, তাঁহার কর্মবন্ধ নাশ হয় এবং শ্রীহরিতে প্রেমও লাভ হয়।' (১১) এমন সময়ে কোনও অবৈষ্ণব ব্রাহ্মণকে প্রভুর অগ্রে আগমন করিতে দেখিয়া শ্রীবাস দুঃখিতচিত্তে প্রভুর চরণে জানাইলেন—(১২) 'শ্রীকৃষ্ণোৎসবে বিঘ্ন করিবার জন্য এই ব্রাহ্মণ উপস্থিত হইল বুঝি !!' এই বাক্য-শ্রবণে প্রভু বলিলেন—'সে এখানে আসিতে পারিবে না। (১৩) হে ব্রাহ্মণবর ! তোমার ইহাতে চিন্তার কারণ নাই, সুখী হও।' সেই ব্রাহ্মণও কিন্তু বিষ্ণুমায়া-বিমোহিত হইয়া সেইখানে আসিল না। (১৪) এইরূপে মহাপ্রভু স্বয়ং শান্তিপুরে গিয়া অদ্বৈতমহেশ্বরকে দর্শন করিলেন এবং ঐশ্বর্য্য বলিতে বলিতে কৃষ্ণাবিষ্ট হইয়া গেলেন। (১৫) তৎপরে তিনি ক্রীড়াপর হইয়া শ্রীবাসের দক্ষিণ ভুজে স্বীয় দক্ষিণ হস্ত স্থাপন করিয়া গদাধরে বাম কর দিলেন। (১৬) শ্রীরাম পণ্ডিতের ক্রোড়ে পাদপদ্ম অর্পণ করিয়া গৌরহরি

শ্রীমদদ্বৈতাচার্য্যের সম্মুখে তাঁহাদের সহিত আনন্দ করিতে লাগিলেন। (১৭) অদ্বৈতগৃহে উত্তম অন্নব্যঞ্জনাদি ভোজন করিয়া তিনি চন্দনাদি অঙ্গে লেপন করিলেন। সকল লোকের আনন্দ জন্মাইয়া, পরে কৃষ্ণ-সংকীর্ত্তন করিয়া নৃত্য করিলেন। (১৮) পণ্ডিত অদ্বৈত আচার্য্য নিজেকে কৃতার্থ মনে করিলেন যে, তিনি নিজ গৃহে শ্রীগৌরচন্দ্রের প্রেমানন্দ-মহোৎসব দর্শন পাইলেন। (১৯) আচার্য্যের সহিত জগদ্গুরু শ্রীকৃষ্ণকীর্ত্তন করিতে করিতে তখন দেববৎ ক্রীড়া করিয়া পুনরায় নিজ মন্দিরে চলিয়া আসিলেন। (২০) তার পরে ঈশ্বর গৌরাঙ্গ অধ্যাত্মতত্ত্ব ব্যাখ্যা করিতে আরম্ভ করিলেন—'জগৎস্বামী একই হরি পৃথক্ পৃথক্ আধারে ব্যষ্টিরূপে বর্ত্তমান আছেন। (২১) সংহারকালেও আনন্দময় আত্মা স্বয়ং একাই অবস্থান করেন—তিনি সর্বজীবের আন্তর বাহ্য অবস্থাসমূহের সাক্ষী (দ্রষ্টা) এবং সকল কারণের কারণ।' (২২) ইহা বলিয়া প্রভু একবার হস্ত প্রসারণ করিয়া পুনরায় মুষ্টিবদ্ধ করিলেন—নৃত্য করিতে করিতেই যেন সেই ঈশ্বর হস্ত প্রদর্শন করাইলেন। (২৩) পুনর্বার তিনি ভগবানের সত্তামাত্র-স্বরূপ-বিষয়ক তত্ত্বকথা বলিলেন—'জগতে উৎপত্তিশীল পদার্থনিচয়ই অনর্থরূপ, ইহারও ভিতরে নিত্য সদ্রূপেরই অবধারণ করিতে হয়। (২৪) পরব্রহ্মের একত্ব(একস্বরূপত্ব)জ্ঞানেই মুক্তি হয়। কিন্তু এই জ্ঞান ব্যতিরেকে তাঁহার বহুরূপত্ব দেখিতে গেলে কাহারও মুক্তি হইতে পারে না। (২৫) আমার হস্তের এই অঙ্গুলী দুইটিকে দেখ—তার মধ্যে একটি মধুপ্লুত করা গেল, তাহাকে তুমি বেশ লেহন করিতে পার; কিন্তু অন্যটি যদি পূয়ে ব্যাপ্ত থাকে, (২৬) তবে তাহার দিকে তাকাইয়া ঘৃণায় ক্ষণকালের জন্যও অন্য দিকে তাকাইতেও তোমার ইচ্ছা হয় না। [ইহার তাৎপর্য্য এই যে, উপাধি-সহযোগে বস্তুমাত্রই ভাবান্তর আনয়ন

করে।] অতএব নির্ভেদ (উপাধিরহিত) ব্রহ্মজ্ঞান হইলেই সকল সামঞ্জস্য হয়। (২৭) এইরূপে একই ভগবান্ অনাদি অব্যয় পুরুষ সর্বত্র সর্বথা বর্ত্তমান আছেন—এই ভাবে সামগ্রীর (বস্তুর) রসবোধ হইলেই জীব মুক্ত হইতে পারে—অন্যথা তাঁহার বহুবিধ রূপের দর্শন করিতে গেলে মতিভেদ ঘটিবার সম্ভাবনা আছে।' (২৮) এই ভাবে দয়ালু গৌরহরি জ্ঞানযোগের বহুপ্রকার ব্যাখ্যা করিয়া বিশ্রাম করিলেন। তখন আচার্য্যের হৃদয়েই তাঁহার চরণকমল বিরাজ করিতেছিল। (২৯) জ্ঞানযোগ শ্রবণ করাইয়া পরে জ্ঞানগম্য জগৎপতি কৃষ্ণের জ্ঞানে কৃষ্ণ-পদকমল-স্মৃতি হইলে তিনি পুলকাঞ্চিত হইলেন। (৩০) 'সম্যক্‌প্রকারে উৎকৃষ্টা ভক্তিই কৃষ্ণপ্রেমপ্রকাশ-কারিণী'—এই তত্ত্বই জগদীশ্বর সর্বদা উৎকণ্ঠাভরে গদ্‌গদবাক্যে বলিতেন। (৩১) ভগবান্ প্রেমাশ্রুকণ্ঠে এই কথাই বলিলেন—"আমার ভক্তের চিত্ত দ্রুত (আর্দ্র) হইয়া, বাক্যও গদ্‌গদ হয়, তিনি ক্ষণে বহু রোদন ও ক্ষণে হাস্য করিতে থাকেন। (৩২) কখনও বা যথেচ্ছ নৃত্য করেন, গান করেন। অহো! আমার ভক্ত ত্রিভুবন পবিত্র করেন, এবং সতত সকল আপদ্ হইতে সকলকে রক্ষা করেন।" (৩৩) এই বলিয়া স্বজনগণ সহিত নিজভক্তি-প্রকাশক শ্রীমদ্‌বিশ্বম্ভর দেব আনন্দিত মনে নৃত্য করিতে লাগিলেন।

ইতি **ভাব-কথন-নামক** পঞ্চম সর্গ।

ষষ্ঠ সর্গ।

(১) তার পর অন্য দিন অদ্বৈত আচার্য্য মহাশয় ঈশ্বর বিশ্বম্ভরকে দর্শন করিবার উদ্দেশ্যে সেই নবদ্বীপে আসিলেন। (২) স্নান ও ভগবৎ-পূজাদি সমাপন করিয়া অদ্বৈত প্রভু যখন ভগবানের দর্শনে গিয়াছিলেন, তখন তিনি শ্রীবাসভবনে অবস্থান করিতে লাগিলেন। (৩) মহাপ্রভু

দণ্ডাগ্রে একটি পুষ্প দিয়া সহাস্যবদনে বলিলেন—'আমি এই গদার পূজা করিলাম—আমি ইহাদ্বারা দুষ্ট লোকের শাসন করিব। (৪) আমার ভক্তবিদ্বেষ্টাই দুষ্ট—তাহাকেই আমি নিত্য শাসন করিব। সদাকালের জন্য ভক্তই আমার প্রাণাধিক—ইহাতে কোনই সন্দেহ নাই। (৫) এই স্থানে একজন দুষ্ট আছে। সে আমার ভক্তদ্বেষী। তাহাকে আমি কুষ্ঠরোগী করিব। পুনর্বার তাহাকে বহু যোনি পর্য্যন্ত পৈশাচ নরকে বাস করাইব। (৬) আমি এ কথা সত্যই বলিতেছি। তাহার শিষ্যগণকেও আমি বিষ্ঠাভোজী শূকরযোনি প্রাপ্তি করাইয়া দণ্ড করিব। (৭) বনে যাইতে আমার ইচ্ছা হইয়াছিল, কিন্তু এখানেই ত দেখিতেছি মহাবন উপস্থিত! কোনও কোনও মানব ব্যাঘ্র-সদৃশ, কেহ বা পাষাণ-তুল্য। (৮) কেহ বৃক্ষের সমান, কেহ বা তৃণের ন্যায়। আবার কেহ বা পশুতুল্য, অতএব এই জগৎই ত মহারণ্য হে!! (৯) যাঁহারা সর্ব-জীবের উপকারী এবং শ্রীকৃষ্ণের চরণপদ্মের মধুপানরত, তাঁহারাই মানব বলিয়া খ্যাত হইতে পারেন। (১০) শুনিয়াছি যে, অদ্বৈত আচার্য্যবর্য্য এ স্থলে সমাগত হইয়াছেন, এখনও কেন আসিতেছেন না? তিনি যথায় আছেন, আমরা তথায় যাইব।' (১১) এই সময়ে সেইখানে অদ্বৈত আচার্য্য স্বয়ং শ্রীপ্রভুর চরণপ্রান্তে উপঢৌকনাদি সহ উপনীত হইলেন। (১২) দ্রব্যাদি দিয়া আচার্য্য ভূমিতে পড়িয়া দণ্ডবৎ প্রণাম করিলে প্রভু তাঁহার হাতে ধরিয়া বলিলেন—'তোমারই জন্য আমি এই পৃথিবীতে আসিয়াছি।' (১৩) এই বলিয়া তাঁহাকে আনন্দিত করিয়া খট্টার উপরে প্রভু উপবিষ্ট হইলেন এবং তাঁহারই আজ্ঞায় অদ্বৈতাচার্য্য নৃত্য করিলেন। (১৪) নৃত্য দেখিয়া ভগবান্ প্রীত হইয়া তাঁহাকে বলিলেন,—'তোমার এই বালকগণ আমার নিকট সুদুর্লভা প্রেমভক্তিই প্রার্থনা করিতেছে। (১৫) হে বৎস! তোমারই কারণে ইহাদিগকে

প্রেমভক্তি দান করিব।' এই কথা শুনিয়া আনন্দভরে আচার্য্য বলিলেন—'হে ভগবন্! ইহারা আপনার চরণানুগত। হে করুণাময় আপনার স্নেহ হইলে জগতে সুদুর্লভ আর কি থাকে?' (১৬) অনন্তর তাঁহারা সকলে প্রভুর চারি পার্শ্বে বেষ্টন করিয়া বসিলেন। জ্যোৎস্নাবতী রজনী—বিশালভুজ প্রভু আবার বলিতে লাগিলেন—(১৭) 'হে কমলাক্ষ! তুমি আমার পরম ভক্ত, তোমার জন্যই আমি অবতীর্ণ হইয়াছি। এক্ষণে নৃত্যগীত করিয়া তুমি বেশ সুখী হও।' (১৮) ভগবানের এই বাক্যে শ্রীমৎ শ্রীবাসপণ্ডিত মধুর বাক্যে বিনীত-ভাবে তাঁহার পাদপদ্মে নিবেদন করিলেন—(১৯) 'উনি (অদ্বৈতাচার্য্য) কি আর তোমার ভক্ত? হে প্রভো! ইহা ত কেবল আপনারই কৃপা।' এই কথা শুনিয়া ভগবান্ ক্রুদ্ধ হইয়া তাঁহাকে ভর্ৎসনা করত বলিলেন—(২০) উদ্ধব আর অক্রুর কি আমার অতিপ্রিয় ভক্ত? আচার্য্য তাঁহাদের হইতেও ন্যূন—এ কথা তুমি কি প্রলাপ বলিতেছ হে? (২১) কিম্বা এই ভারতবর্ষে আচার্য্যের সমান আমার অপর কোনও ভক্ত আছে কি? ব্রাহ্মণ, তুমি বড়ই অজ্ঞ!' (২২) ভগবানের এই কথা শুনিয়া তিনি ভয়ে নীরব হইয়া রহিলেন। (২৩) তার পরে ভগবান্ বলিলেন—'তোমরা কখনও কোথায়ও অধ্যাত্ম-চর্চ্চা করিও না; যদি ইহাতে তোমাদের রুচি থাকে, তবে (২৪) তোমাদিগকে প্রেম দান করিব না—এ কথা আমি সত্যই বলিতেছি।' (২৫) এ কথায় পণ্ডিত শ্রীবাস জগদীশ্বরকে বলিলেন—'আমি যাহাতে ঐ প্রসঙ্গ বিস্মৃত হইতে পারি এবং আর না বলি—এইরূপ বর দিন।' (২৬) মুরারি বলিলেন—'হে ভগবন্! আমি ত অধ্যাত্মচর্চা জানি না।' প্রভু তখন তাঁহাকে বলিলেন—'হাঁ, তুমিও জান, কমলাক্ষ হইতে তুমি শিখিয়াছ।' (২৭) প্রভুর মুখনিঃসৃত বাক্য শুনিয়াই সেই সরলচিত্ত ভক্তবৃন্দ

আনন্দিতমনাঃ হইলেন। হরিহর-পাদপদ্মের মধুমত্ত তাঁহারা আনন্দোৎসবে পরিপূর্ণকাম হইয়া দেবতাবৎ নৃত্য করিতে লাগিলেন।

ইতি ষষ্ঠ সর্গ।

সপ্তম সর্গ।

(১) মস্তকে শুভ্র নবীন বসনের বেষ্টন, কণ্ঠে তরুণ প্রবালের ন্যায় সুন্দর হার, বিশাল ভুজে মহাদীপ্তিশীল কঙ্কণ এবং করে স্ফুটিত নবীন কমল ধারণ করিয়া প্রভু প্রকাশ পাইতেছিলেন। (২) চঞ্চল বস্ত্রনিবদ্ধ ধটী ধারণ করিয়াছেন—অরুণবর্ণ বহির্বাস উড়িতেছে—বেশটি ঠিক নটের তুল্য। উত্তম নিতম্বে বিলম্বিত বাহু দেখিয়া মনে হয়, যেন নিশ্চয়ই নাগপতি (সর্প) আসিয়া দুলিতেছে। (৩) শ্রীচরণপদ্মে নূপুর শোভিত হইয়াছে—অত্যুজ্জ্বল নখকান্তিতে চন্দ্রও রঞ্জিত হইতেছে। পদতলের দ্যুতিমালায় বিদ্রুম (কিসলয়) রঞ্জিত হয়—গলিতসুবর্ণকান্তি সেই প্রভু ধীরে ধীরে গমন করিয়া (৪) নৃত্য করিতে লাগিলেন—তৎকালে তাঁহার মুখপদ্মের অত্যুজ্জ্বল কান্তি প্রকাশিত হইয়াছিল। আকাশে ইন্দ্র যেরূপ মুরারির মধুর সঙ্গীতগায়ক দেবগণে বেষ্টিত হইয়া নৃত্য করেন—তদ্রূপ মহাপ্রভুও নিজনামপরায়ণ নিজ ভক্তজনে বেষ্টিত হইয়া নৃত্য করিতেছেন। (৫) [রমণীদের] কলকণ্ঠ রবে মিশ্রিত হস্তদ্বয়ে আহত সুন্দর মন্দিরার অত্যুত্তম রবসুধা পৃথিবীবাসী জনগণের, স্বর্গে দেবগণের এবং স্বয়ং লক্ষ্মীপতিরও দিবানিশি আনন্দ দান করিতেছিল। (৬) দেবমন্দিরে নিজগণে পরিবেষ্টিত হইয়া নবীন কম্বলে সমাবৃত আসনে উপবিষ্ট বিচিত্র হরিহর বিরাজ করিলেন—প্রভু তখন বরোন্মুখ হইয়া নিজ তেজোরাশি অধিকতর প্রকট করিলেন। (৭) তৎপরে প্রভু শ্রীবাসকে মধুর স্বরে বলিলেন—[শ্রীবাস নামের ব্যুৎপত্তি করিতেছেন।]

শ্রী-শব্দে ভক্তিকে বুঝায়। তুমি ভক্তির আবাস বলিয়া তুমি শ্রীবাস নামে কথিত হইয়াছ। (৮) গোপীনাথকে বলিলেন—'তুমি আমার দাস', মনে হয় কি? (৯) অনন্তর করুণা করিয়া মুরারিকে বলিলেন—'তোমার রচিত সেই কবিতাটি পাঠ কর ত।' মুরারি তাহা শুনিয়া সুললিত পদাবলীযুক্ত শ্রীরামাষ্টক পাঠ করিলেন।

শ্রীরামাষ্টক।

(১০) যাঁহার দীপ্তিশীল কিরীটস্থ মণির কিরণমালা-সম্পাতে দশ দিক্ আলোকিত হইয়াছে—যাঁহার কর্ণদ্বয়ে ধৃত উজ্জ্বল কুণ্ডলদ্বয় দেখিয়া মনে হয়, যেন বৃহস্পতি ও শুক্রগ্রহের উদয় হইয়াছে—যাঁহার বদন নিষ্কলঙ্ক চন্দ্রমার ন্যায় পরম সুন্দর—সেই ত্রিজগদ্‌গুরু রামচন্দ্রকেই সতত ভজন করি। (১১) উদীয়মান সূর্য্যের কিরণমালায় সদ্যঃপ্রকাশিত পদ্মের ন্যায় অতি সুন্দর যাঁহার নেত্রদ্বয়—যাঁহার অধর বিম্বফলের ন্যায় সুন্দর এবং নাসিকা সুচারু—যাঁহার মনোহর হাস্যে চন্দ্রকিরণও পরাজিত হয়—সেই জগত্রয়-গুরু রামচন্দ্রকেই সতত ভজন করি। (১২) যাঁহার কণ্ঠ শঙ্খবৎ রেখাত্রয়-শোভিত, যিনি অব্জ এবং নীলপদ্মের তুল্য আভাধারী, যিনি মুক্তাবলী ও সুবর্ণহার ধারণ করিয়া প্রকাশমান হইতেছেন, যাঁহাকে দেখিয়া মনে হয়, যেন বিদ্যুৎ ও বলাকা (বকপঙ্‌ক্তি)-সমন্বিত মেঘই হইবে—সেই জগত্রয়গুরু শ্রীরামচন্দ্রকেই সতত ভজন করি। (১৩) যাঁহার উত্তোলিত হস্তস্থিত সহস্রদল (পদ্মটি)ও স্বীয় অত্যুত্তম অঙ্গুলিপঞ্চকের সহিত মিলিয়া পঞ্চাধিক শতদলের প্রতীতি করাইতেছে এবং উহাকে উত্তপ্ত সুবর্ণের কান্তি ধারণ করাইয়াছে, সেই সীতাদেবী যাঁহার বাম পার্শ্বে বিরাজিতা আছেন—সেই রঘুবরকেই আমি সতত ভজনা করিতেছি। (১৪) যাঁহার সম্মুখে—ধনুর্ধারীদের অগ্রগণ্য,

সুবর্ণের স্থায় উজ্জ্বলদেহ, জ্যেষ্ঠের অনুকূল সেবায় নিরত, উজ্জ্বল অলঙ্কারে ভূষিত, 'শেষ'নামক বিগ্রহ, শ্রেষ্ঠ লক্ষ্মণনামক মহাপুরুষ বিরাজমান আছেন—সেই জগত্রয়গুরু রামচন্দ্রকে সতত ভজন করি। (১৫) যিনি রঘুবংশরূপ সমুদ্রের চন্দ্রমা-স্বরূপ, যিনি মারীচ ও সুবাহু প্রভৃতি রাক্ষসগণকে বিনষ্ট করিয়া বিশ্বামিত্রের পুণ্যপুঞ্জসদৃশ যজ্ঞ রক্ষা করিয়াছেন—সেই জগত্রয়ের গুরু শ্রীরামচন্দ্রকেই সতত ভজনা করি। (১৬) যিনি সবান্ধবে খর ও ত্রিশিরা নামক রাক্ষসদ্বয়কে ও কবন্ধনামক নিশাচরকে নিহত করিয়া দণ্ডকারণ্যকে অদূষণ অর্থাৎ দূষণ রাক্ষস হইতে রক্ষা করিয়াছেন—যিনি বালিবধ করিয়া সুগ্রীবের সহিত মিত্রতা করিয়াছেন—সেই রাবণান্তক রাঘবকেই নিয়ত ভজন করি। (১৭) যিনি হরধনু ভঙ্গ করিয়া জনকদুহিতা সীতাদেবীর পাণিগ্রহণরূপ উৎসবাদি করিয়াছেন এবং পথিমধ্যে পরশুরামকেও জয় করিয়া পিতা দশরথের আনন্দ বর্দ্ধন করিয়াছেন—সেই ককুৎস্থকুলমণি জগত্রয়গুরু রামচন্দ্রকেই নিরন্তর ভজন করি। (১৮) ভগবান্ শ্রীচৈতন্ত মুরারির মুখে রঘুনন্দন রাজসিংহ শ্রীরামচন্দ্রের এই শ্লোকাষ্টক শ্রবণ করিয়া বৈষ্ণ মুরারির মস্তকে স্বচরণ অর্পণ করিয়া তাঁহার ললাটে 'রামদাস' লিখিলেন এবং বলিলেন, 'তুমি আমার প্রসাদে রামদাস হও।'

(১৯) তৎপরে ভগবান্ একটি শ্লোক পাঠ করিলেন—হে শ্রীনিবাস দ্বিজ! আমার মুখে সেইটি শ্রবণ করুন। (২০) "হে উদ্ধব! যোগ, সাংখ্য কিম্বা বেদপাঠ, তপস্যা বা ত্যাগবৈরাগ্যে আমার সাধন হয় না, কিন্তু পরমবলবতী ভক্তিই আমাকে সর্বথা বশীভূত করে।" (২১) এই শ্লোক পাঠ করিয়া প্রভু পুনরায় তত্রত্য সমাগত ভক্তগণকে বলিলেন—'তোমরা সকলে শ্রীবাসের বুদ্ধি অনুসারে নিয়ত কার্য্য করিবে। (২২) তাহাতেই তোমাদের কুশল হইবে।' 'হে শ্রীরাম পণ্ডিত! জ্যেষ্ঠ

ভ্রাতার সেবা আমারই অর্চনা—এই বুদ্ধি (২৩) বিনিশ্চয় করিয়া শ্রীবাসের সেবা কর, তাহাতেই নিত্য তোমার সর্বথা কুশল হইবে।' (২৪) এই বলিয়া প্রণতবৎসল প্রভু সকলকেই আনন্দ দান করিয়া বিরাজ করিলেন। তাঁহার ভক্তবাৎসল্য দেখিয়া সকলেই সুখী হইলেন। (২৫) শ্রীবাস কর্ত্তৃক উপহৃত দুগ্ধ, তাম্বুলগুবাকাদি প্রভু অঙ্গীকার করিলেন। তাঁহার নিবেদিত মাল্য ধূপাদিও উপভোগ করিয়া ভক্তগণে অবশিষ্ট দান করিলেন। (২৬) শ্রীবাসের ভ্রাতৃদুহিতা অভর্ত্তৃকা মধুরকান্তিমতী কল্যাণীয়া নারায়ণী হরির প্রসাদ পাইয়া আনন্দে চীৎকার করিতে লাগিলেন। (২৭) নিজ ভক্তগণের চিত্তবিনোদনে এই ভাবে সকল রাত্রি অতিবাহিত করিয়া সেই মহাপ্রভু একটি মহাবৎসরকেও ক্ষণবৎ মনে করিলেন। ভক্তবর্য্যগণও প্রভুর সঙ্গে অনবরত সুখই আস্বাদন করিতে লাগিলেন।

ইতি **ভক্তানুগ্রহ নামক** সপ্তম সর্গ।

অষ্টম সর্গ।

(১) তার পরদিন বিমল প্রভাতে সেই মহাপুরুষকে দর্শন করিয়া তাঁহারা সকলে স্নান ও দেবার্চনাদি (২) ও ভোজন সমাপন করিয়া নিয়মিত সময়ে তাঁহার পাদপদ্ম-সমীপে উপস্থিত হইলেন। ভগবান্ মধুসূদন তাঁহাদিগকে দেখিয়া হর্ষপূর্ণ হইলেন (৩) এবং বলিলেন— "'নিত্যানন্দ' নামে খ্যাত মহাত্মা ভগবান্ অবধূতবেশে এ স্থানে আসিয়াছেন। তাঁহাকে অভ্যর্থনাপূর্বক আনয়ন কর। (৪) হে রাম, হে মুরারি, নারায়ণ, হে মুকুন্দ, তোমরা শীঘ্রই যেখানে সেই মহাত্মা বিরাজ করিতেছেন—সেখানে যাও।" (৫) তাঁহার আজ্ঞানুসারে সকলে গ্রামের দক্ষিণে গিয়া অনুসন্ধান করত তাঁহাকে না দেখিয়া প্রভুর

নিকটে আসিলেন। (৬) মহাপ্রভুকে প্রণাম করিয়া তাঁহারা বলিলেন —'অদ্য আমরা তাঁহাকে দেখিতে পাইলাম না।' তাঁহাদিগকে প্রভু বলিলেন—'আচ্ছা, এক্ষণে যাও, (৭) সায়ংকালে নিজের আশ্রমেই সেই মহাত্মাকে দেখিতে পাইবে।' প্রভুর বাক্যে তাঁহারা আনন্দমনে আহ্নিকাদি করিয়া যথাস্থানে গমন করিলেন। (৮) তৎপরে সায়ংকালে জগদ্‌গুরু পথে যাইতে যাইতে মুরারিকে দেখিয়া বলিলেন, 'চল, যেখানে সেই অবধূতবর (৯) আসিয়াছেন, সেই নন্দনাচার্য্য-মন্দিরে আমিও সেই পুরুষপ্রবরকে দেখিতে যাইব।' (১০) মুরারি ও ভক্তবর্গ সমভিব্যাহারে প্রভু প্রেমানন্দরসে মগ্ন হইয়া নন্দনাচার্য্যের সুন্দর গৃহে (১১) গিয়া দেখিলেন যে, নিত্যানন্দ প্রভু সুখে বসিয়া আছেন। (১২) অনন্তর ভগবান্ তাঁহাকে ভক্তিভরে প্রণাম করিয়া মধুর স্বরে হরিসংকীর্ত্তন করিতে লাগিলেন এবং আনন্দে মধুর নৃত্য করিলেন। (১৩) তাঁহার পশ্চাৎ পশ্চাৎ মহাযশস্বী নিত্যানন্দও নৃত্য করিলেন। হুঙ্কার ও হাস্যে তাঁহার বদন পরিপূর্ণ হইল এবং পুলকে সর্ব্বাঙ্গ পরিব্যাপ্ত হইয়াছিল। (১৪) নৃত্যশেষে প্রভু লক্ষ্মীপতি নিত্যানন্দের পদরজঃ মাথাইয়া সকল দাসের মস্তক পবিত্র করিলেন। (১৫) তৎপরে প্রভু নিজগৃহে প্রত্যাবর্ত্তনকালে কল্যাণময় নিত্যানন্দ-কথাই বলিতে লাগিলেন—'অহো! এই মহাত্মা বলিতেছেন যে, লোকের আগে কৃষ্ণবিষয়ক মঙ্গলময় (১৬) জ্ঞান হয়, তৎপরে ক্রমে ক্রমে হরিভক্তি এবং সর্ব্বভোগে বিরক্তি উপস্থিত হইয়া থাকে।' (১৭) পথে এই কথা বলিয়া মহাপ্রভু নিজ মন্দিরে গমন করিলেন এবং এই সব ব্যাপার নিজ জননীর চরণপ্রান্তে নিবেদন করিলেন। (১৮) অন্য একদিন নিত্যানন্দ প্রভুকে নিজগৃহে ভিক্ষা দিয়া চন্দনদ্বারা সর্বাঙ্গ লেপন করিলেন। (১৯) এবং মাল্য ও অর্ঘ্যাদি নিবেদন করিয়া তাঁহার পূজা করিলেন।

নিত্যানন্দ মহাপ্রভু এইরূপে সংপূজিত হইয়া সেই দিন (২০) সেই স্থলে অবস্থান করত পরদিনে শ্রীবাসমন্দিরে গমন করিলেন। শ্রীবাস অবধূতকে ভিক্ষার জন্য নিমন্ত্রণ করিলেন। (২১) শ্রীবাস পণ্ডিত প্রণয়ভরে সুসংস্কৃত অন্নাদি ভিক্ষা দিলেন। শ্রীপ্রভুও শ্রদ্ধার সহিত অত্যুত্তম মহাপাবন অন্ন ব্যঞ্জনাদি ভোজন করিয়া (২২) সেই ভবনেই বিশ্রাম করিলেন। তৎক্ষণাৎ ভগবান্ গৌরহরি আসিয়া শুভ দেবালয়ে উত্তমাসনে উপবিষ্ট হইলেন। (২৩) তৎপরে তিনি প্রিয় পূর্বলীলা অনুস্মরণ করত মধুর বাক্যে নিত্যানন্দকে বলিলেন—'তুমি আমার জন্য বহু শ্রম স্বীকার করিয়াছ, অতএব আমাকে দেখ।' (২৪) অবধূত সেই মহাত্মার মনের কথা (ইঙ্গিত) শুনিয়া ভক্তিভবে তাঁহার দিকে নিরীক্ষণ করিলেন বটে, কিন্তু বিশেষ কিছুই বুঝিলেন না। (২৫) ইহা বুঝিয়া ভগবান্ তত্রত্য সকল বৈষ্ণবকেই গৃহ হইতে বহির্দেশে গমন জন্য আদেশ করিলে তাঁহারা গৃহ হইতে অন্যত্র চলিয়া গেলেন। (২৬) তাহার পরে সেই সর্বাধীশ্বর প্রভু নিত্যানন্দকে নিজের ঐশ্বর্য্য, মাধুর্য্যাদি সকল কৌতুকভরে দেখাইলেন। (২৭) তার পরে তিনি প্রথমতঃ কৃষ্ণের (গৌরের) ষড়্ভুজ রূপ, ক্ষণকাল পরে চতুর্ভুজ রূপ ও তার পরে আবার দ্বিভুজ মূর্ত্তি দর্শন করিলেন। (২৮) অত্যদ্ভুত ঐ রূপ দর্শন করিয়া তিনি হর্ষে ও বিস্ময়ে অভিভূত হইয়া পুনঃ পুনঃ হাসিতে লাগিলেন এবং আনন্দে বুদ্ধিমান্ সেই প্রভু মুহুর্মুহু নৃত্য করিলেন। (২৯) মুহুর্মুহু রোমাঞ্চিতবপু হইলেও কিন্তু প্রভুর আজ্ঞায় তিনি কাহাকেও রহস্যকথা ব্যক্ত করিলেন না যে, 'তুমি ত আমার সেই বৃন্দাবনবিনোদী আনন্দময় ভ্রাতা কৃষ্ণই।' (৩০) গৌরহরির এই লীলাকাহিনী যিনি শ্রবণ করেন, সকল যজ্ঞফলই তিনি লাভ করিবেন এবং তিনি মুকুন্দের চরণপদ্মে রতি লাভ করিবেন ও তাঁহার জিহ্বায় নিরন্তর হরিনাম স্ফুরিত হইবে।

ইতি **অবধূতানুগ্রহ নামক** অষ্টম সর্গ।

নবম সর্গ।

(১) এই কথা শুনিয়া মহাত্মা দামোদর সাতিশয় আনন্দিত হইয়া পুনরায় মুরারি গুপ্তকে বলিলেন,—'মহাপ্রভু স্বপ্নে যে প্রভু (কৃষ্ণের) অত্যদ্ভুত স্বরূপ দর্শন করিয়াছিলেন—তাহার আখ্যানটি বল দেখি।' (২) মুরারি পুনরায় তাঁহাকে লক্ষ্য করিয়া, পবিত্রমনা লোকগণের আনন্দ-মহোৎসবের নিমিত্ত কৃষ্ণের পুণ্যচরিত্র বলিতে প্রবৃত্ত হইলেন। আবার একদিন এই নবীন কৃষ্ণ মহাপ্রভু স্বপ্নে বিবিধ বস্ত্রভূষণে শোভিতদেহ কৃষ্ণের স্বরূপ দর্শন করিলেন। (৩) রাত্রিকালে ভগবান্ অতিবিহ্বল হইয়া রোদন করিতেছিলেন—শচীদেবী পুত্রের অবস্থা দেখিয়া আশ্চর্য্যান্বিত হইয়া পুত্রকে জিজ্ঞাসা করিলেন—'বৎস! কেন তুমি অদ্য এত বিহ্বল হইতেছ?' শুনিয়া প্রভু ক্ষণকাল ধৈর্য্য ধারণপূর্বক শচীকে বলিলেন—(৪) 'অদ্য স্বপ্নে আমি এক নবীননীরদতুল্যকান্তিবিশিষ্ট বালককে দেখিয়াছি—মস্তকে তাঁহার ময়ূরপিচ্ছ, গাত্রে অত্যুত্তম স্বর্ণকঙ্কণ প্রভৃতি—কুটিল (কুঞ্চিত) অলকাবলী ললাটদেশে শোভা পাইতেছে—হস্তে বংশী এবং পরিধানে স্বর্ণের ন্যায় উজ্জ্বল পীতবস্ত্র। (৫) ঐ মূর্ত্তি দেখিয়া অবধি অতিবিহ্বল হইয়া আমি অশ্রুধারাব্যাপ্ত হইতেছি—তৎপরে আমার প্রচুরতর সুখও হইয়াছে।' পুত্রের মুখের এই বাক্যামৃত কর্ণপুটে পান করিয়া, সেই শচী হর্ষভরে হাস্য করিলেন এবং তাঁহার মুখে সৌন্দর্য্য ফুটিয়া উঠিল। (৬) বিশ্বম্ভর অত্যুচ্চ পুলকাবলিতে ব্যাপ্তদেহ হইলেন—নয়নদ্বয় হইতে অবিরল অশ্রুধারাপাতে যেন দুইটি প্রেমাশ্রু-সমুদ্রের সৃষ্টি করিয়াছে। শীঘ্রই আবার তিনি পূত ও সুন্দর শ্রীবাস-মন্দিরে সমাগত হইলেন। (৭) সেই স্থলেই কিন্তু সর্বজগতের সুখমাত্রাভিলাষী অবধূত নিত্যানন্দ প্রেমাশ্রুপূর্ণ বদনে শোভা করিতেছিলেন। তিনি শ্রীগৌরহরির তেজোময়, পদ্মপলাশনয়ন, উদারবেশধারী

ও পৃথিবীর পক্ষে মহাদুর্লভ রূপের দর্শন করিলেন। (৮) গৌরাঙ্গ দক্ষিণ করত্রয়ে গদাবর, চক্র ও শঙ্খ ধারণ করিয়াছেন এবং বাম করত্রয়ে মোহন বেণুবর, ধনু ও পদ্ম গ্রহণ করিয়াছেন। তপ্ত কাঞ্চনের কান্তি— হৃদয়ে অত্যুজ্জ্বল কৌস্তুভাদি এবং গণ্ডদ্বয়ে দিব্য মকর-কুণ্ডলদ্বয় শোভা করিতেছে। (৯) তাঁহার ললাটে অত্যুজ্জ্বল মণিবর, সুন্দর কণ্ঠতটে নীল পদ্ম ও মালা এবং মরকতমণিখচিত হার শোভা করিতেছে। তিনি রৌপ্যনির্মিত শুভ্র হারাবলি ধারণ করিয়াছেন এবং সূর্য্যকিরণবৎ গৌর বস্ত্র পরিধান করিয়াছেন—এই ষড়্‌ভুজ মূর্ত্তি দেখিয়া অবধূত বিবশ হইলেন। (১০) পুনরায় মুরলিকা ও আবরণ (ঢাল অর্থাৎ ধনু)হীন অত্যুত্তম বাহুচতুষ্টয়ধারী রূপ দর্শনে আনন্দিত হইলেন। পরক্ষণেই আবার লোকানুরূপ চরিত্রপ্রকটনে দ্বিভুজ মূর্ত্তি দর্শন করিয়া নিত্যানন্দ হাস্য করিলেন। (১১) এই ভাবে দেবলোকেও দুর্লভ শ্রীহরির এই মহাসুন্দর স্বরূপ দর্শন করিয়া তৎক্ষণাৎ সেই অবধূতমণিও নৃত্য করিতে লাগিলেন। নিজ ভক্তগণকে আলিঙ্গন করতঃ তিনি রসসমুদ্রে নিমজ্জিত হইলেন। (১২) অট্ট অট্ট হাস্যভরে তাঁহার গণ্ডদ্বয় উল্লসিত হইল— মদিরাপানভরে যেন নয়নযুগলের অধিকতর সৌন্দর্য্য দেখা দিল। পরিধানে নীল বসন, হস্তে মুষল, লাঙ্গল ও বেত্র—এই ভাবে কৃষ্ণাগ্রজ বলরাম অন্ত গৌররসে পরিপূর্ণ হইয়া বিজয় করিলেন। (১৩) তদনন্তর প্রভু শ্রীবাস, শ্রীরাম, নারায়ণ এবং মুরারিকে ডাকিয়া বলিলেন—"তোমরা অদ্বৈত-মন্দিরে যাও ত, এই অবধূত তথায় দ্বিজেন্দ্র অদ্বৈতকে সমাচার দিতে যাইবেন।" (১৪) শ্রীহরির এই কথা শুনিয়া তাঁহারা আনন্দে শুভ সুরধুনীতটে অদ্বৈতচরণসমীপে গমন করিলেন এবং দণ্ডবৎ প্রণাম করিয়া তাঁহার নিকটে শ্রীহরির অনন্তপুণ্যজনক আদেশ নিবেদন করিলেন। (১৫) আচার্য্য মহাপ্রভুর উজ্জ্বল অদ্ভুত ঐশ্বর্য্য-কথা শুনিয়া আনন্দে

কীর্ত্তন ও নৃত্য করিয়া করিয়া আনন্দ-মহাসাগরে মুহুর্মুহু নিমজ্জন ও উন্মজ্জন করিতে লাগিলেন। (১৬) তাঁহারা শান্তিপুরে অদ্বৈতমন্দিরে দুই দিন থাকিয়া প্রভুর চরণকমল চিন্তা করিয়া নিজ নিজ গৃহে আসিলেন। তখন আচার্য্য প্রভৃতি সকলেই গৌরচরণকমলে সকল বৃত্তান্ত নিবেদন করিয়া আনন্দিত হইলেন। (১৭) তার পর শুভ সময়ে অদ্বৈতাচার্য্য আসিয়া পদ্মপলাশলোচন হরির দর্শন লাভ করিলেন। মুখ দেখিয়া আচার্য্য সিংহনিনাদ করিতে করিতে সেই প্রপন্নজনার্ত্তিহর মুকুন্দের চরণসমীপে উপনীত হইলেন। (১৮) তখনই শ্রীগৌরহরি শ্রীবাস-মন্দিরস্থ দিব্যাসনে বিরাজমান হইলেন। প্রভাতকালে সূর্য্য যেমন সকলের নয়নরঞ্জন করে, তদ্রূপ গলিত সুবর্ণের কান্তিধারী এই গৌরও সকলের নয়নরসায়ন হইলেন। (১৯) তাঁহার বদনচন্দ্রমা দেখিয়া আচার্য্যাদি মহান্তগণ আনন্দিত হইয়া দ্রুতচিত্তে গান ধরিলেন এবং নৈবেদ্য, অর্ঘ্য ও উত্তমোত্তম বস্ত্রাদি দান করিয়া—ভূমিলুণ্ঠিত দণ্ডবৎ প্রণাম করিয়া হর্ষযুক্ত হইলেন। (২০) ভগবান্ সেই ব্রাহ্মণগণের পূজাদি গ্রহণ ও ভোগ করিলেন এবং আনন্দে তাঁহাদিগকে প্রসাদ, বসন ও উত্তম মাল্যাদি অর্পণ করিলেন। তাঁহারা এই সব বস্তু পাইয়া অধিকতর নৃত্যে প্রবৃত্ত হইলেন। (২১) মহানন্দে তাঁহাদের সর্বাঙ্গে পুলক-কদম্ব বিকশিত হইল, আনন্দ-সমুদ্রে মগ্নচিত্ত হইয়া তাঁহারা নিজকে এবং পরকেও অশুভশূন্য (সর্বমঙ্গলময়) বলিয়া ধারণা করিলেন, অধিক কি, মোক্ষকেও তাঁহারা অত্যল্পতর (তৃণবৎ) মনে করিলেন। (২২) আনন্দভরে তাঁহারা দিবারাত্রি জানিতেন না, সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত এবং সেই রাত্রিও ইঁহারা নৃত্যপরায়ণই থাকিতেন। পুনরায় প্রাতঃকালে মহাপ্রভুর আজ্ঞানুসারে (২৩) সেই দ্বিজবর্য্যসত্তমগণ ও বৈদ্য প্রভৃতি সকলে গৃহে আসিয়া হরিনাম করিতেন এবং জগদ্গুরু

শ্রীগৌরাঙ্গের সকল কাহিনী আনন্দভরে স্ব স্ব স্ত্রীদের নিকট নিবেদন করিতেন।

ইতি **ভক্তপূজাগ্রহণ** নামক নবম সর্গ।

দশম সর্গ।

(১) তাঁহারা গঙ্গাস্নান করিয়া দেবপূজাদি সমাধান করত পুনরায় পদ্মলোচন বিশ্বম্ভরের সন্নিকটে সমাগত হইলেন, সেই প্রভুও তাঁহাদিগকে আনন্দভরে দর্শন করিলেন। (২) তৎপরে শ্রীকৃষ্ণপাদপদ্মের মত্তমধুকর, সুশীতল, সাধুদের নয়নানন্দদায়ক, নবীন চন্দ্রবৎ সুন্দর, সুমঙ্গল ও মহাশয় শ্রীহরিদাসকে (৩) দেখিয়া প্রভু দুই ভুজে সুদৃঢ় আলিঙ্গন করিলেন এবং সেই ভক্তবরকে মহাকীর্ত্তি প্রভু বসিতে আসন প্রদান করাইলেন। হরিদাসও পুনরায় তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিলেন। (৪) মহাপ্রভু তখন তাঁহাকে চন্দনে বিলেপন করিয়া মাল্য ও মহাপ্রসাদ, চর্ব্য, চোষ্য, লেহ্য ও পেয়, চারি প্রকার সুরসাল অত্যুত্তম অন্নাদি দান করিলেন। হরিদাস প্রভুর আজ্ঞায় তাহা ভোজন করিলেন। (৫) সেই প্রসন্নচন্দ্রবদন সুধী হরিদাসও শ্রীহরির গৃহে দেবতাবৎ সুখে বাস করিলেন—তিনি মুহুর্মুহু শ্রীহরির কীর্ত্তনমঙ্গল গান করিতেছেন এবং ধীরচিত্তে ও আত্মসুখে নিত্যই পরমানন্দ উপভোগ করিতে লাগিলেন। (৬) অনাদি ভগবান্ তাঁহার সহিত ও অদ্বৈতাচার্য্য প্রভুর সহিত ক্রীড়া করিয়া অদ্বৈতসিংহকে নিজ মন্দিরে যাইতে অনুমতি দিলে তিনিও আনন্দে গৃহে আগমন করিলেন। (৭) তবে ধীর মহাপ্রভু বিনয়ভরে সুদূর দেশ পর্য্যন্ত অবধূতের অনুব্রজ্যা করিতে করিতে তাঁহাকে বলিলেন—'এই ব্রাহ্মণ সজ্জনদিগকে তোমার এক খণ্ড কৌপীন দাও।' (৮) প্রভুর বচনে ও ইচ্ছায় সেই অবধূত তখন তাঁহার হাতে একখানি কৌপীন দিলে

মহাপ্রভু স্বয়ং উহাকে খণ্ড খণ্ড করিয়া ভৃত্যগণকে দান করিলেন। তাঁহারা আনন্দের সহিত তাহা গ্রহণ করত (৯) নিত্যানন্দের প্রসাদ বলিয়া মস্তকে ধারণ করিলেন এবং প্রভুর সহিত নিজ নিজ মন্দিরে প্রত্যাবর্ত্তন করিয়া ভূমিতলে পড়িয়া সুদুঃখিত হইয়া রোদন করিতে লাগিলেন। (১০) তৎপরে ব্রাহ্মণগণ সুরধুনীজলে নিমজ্জন ও স্নানাদি করিয়া হরিপূজাদিও সমাধা করিলেন এবং সায়ংকালে পুনর্বার গৌরাঙ্গের ভবনে আসিয়া তাঁহারা শ্রীহরির সহিত গান নৃত্যাদি সম্পাদনে বিহার করিতে লাগিলেন। (১১) পদ্মহস্তে সেই ভৃত্যগণকে ধরিয়া আলিঙ্গন করত প্রভু ভূমিতলে লুণ্ঠন করিতেছেন। অহো! অনন্তকীর্ত্তি হরি নিরতিশয় আনন্দধারার প্রবাহ ছুটাইয়া সিংহগতি নৃত্য করিতে প্রবৃত্ত হইলেন। (১২) তাঁহাদের মধ্য হইতে শ্রীবাসকে দুই হাতে ধরিয়া দূরতর দেশে লইয়া গেলেন। এ দিকে হরিদাসাদি ভক্তবর্য্যগণ তাঁহাকে না দেখিয়া সুবিস্মিত ও বিবশ হইয়া পড়িলেন। (১৩) সেই মহাজনগণ ইতস্ততঃ অন্বেষণ করিয়াও তাঁহাকে দেখিতে পাইলেন না; তাঁহাদিগকে ক্ষুব্ধ জানিয়া স্বয়ং স্বাধীন অজ (প্রভু) আসিয়া সম্মুখীন হইলেন। তাঁহারাও তখন উৎসুকচিত্তে তাঁহার পার্শ্বে গিয়া পরিবেষ্টন করিয়া ফেলিলেন। (১৪) গোপীস্বভাবে উদ্দীপিত নিখিলভক্তিভরে তাঁহারা তখন প্রভুকে বনমালী কৃষ্ণরূপেই দর্শন করিয়া প্রার্থনা করিলেন—'ভগবান্ মহেশ্বর আমাকে এই কৃপা করুন, যাহাতে ইনিই আমার বল্লভ হয়েন।' (১৫) গোপাঙ্গনার ভাবে বিভাবিতমতি রসময় এই শ্রীকৃষ্ণই এক্ষণে আশ্রিত ভক্তগণের উদ্দীপিত গোপীভাব অনুভব করত বস্ত্রহরণাদি লীলা আরম্ভ করিলেন। (১৬) তার পর একদিন প্রদোষকালে সেই রসজ্ঞ, নরগণে রসপ্রদ, চক্রী মহাপ্রভু ভক্তবর্গের বস্ত্র হস্তপদ্মযুগলে আকর্ষণ করিয়া তাঁহাদিগকে বিনগ্ন করিলেন। (১৭) কিয়ৎক্ষণ প্রভু এইরূপে

ক্রীড়া করিয়া আবার সকলকে বস্ত্র দিলেন, তাঁহারাও পুনরায় বস্ত্র পরিধান করত আনন্দিত হইয়া মহাপ্রভুর সহিত বিহার করিতে লাগিলেন। (১৮) যথার্থ অন্তঃকরণস্বরূপ সেই ভক্তবর্গের সহিত হরিনাম কীর্ত্তন করিতে করিতে পুনর্বার লীলাগতি-স্বীকারে মহোজ্জ্বল কনকবর্ণ দ্বারা লোকমালিন্য দূর করিয়া প্রভু নৃত্য করিতে লাগিলেন। (১৯) সেই সময় পুনরায় অবধূত আসিয়া আনন্দোৎসবে যোগদান করিলেন, হরিগুণগান ও নৃত্য করিলেন। কৃষ্ণ ও বলরামের সঙ্গে যেমন বালকগণ বিহার করিতেন, তদ্রূপ এ স্থানেও গৌরের সঙ্গে ভক্তগণ বিজয় করিতে লাগিলেন। (২০) নৃত্যশেষে পদ্মলোচন ভগবান্ ব্রাহ্মণবর্য্য-গণকে বলিলেন—'তোমরা অবধূতের চরণযুগল প্রক্ষালন করিয়া সেই জল পান কর।' তাঁহারা প্রভুর এই আজ্ঞা শিরোধার্য্য করিলেন। (২১) পাদোদক পান করিয়াই তাঁহারা আনন্দে নৃত্য ও রসভরে গান করিতে লাগিলেন এবং শ্রীগৌরচন্দ্রের সহিত আক্রোশন করিলেন। অবধূতও এ দিকে হাস্য করিতে করিতে ভূপতিত হইলেন। (২২) অতঃপর তিনি অমৃতপূর্ণ বাক্য, গমন ও হাস্য করিতে করিতে পদ্মলোচনের দৃষ্টিপাতে সকল প্রাণীর হৃদয়ের বিষম দুঃখ দূর করিয়া আনন্দবিলাস করিলেন। (২৩) সুন্দরবেশধর ঐ প্রভু এই ভাবে আনন্দোৎসব করিতেছেন জানিয়া দেবগণ আকাশে থাকিয়া নমস্কার করিলেন এবং সুবিস্মিত ও কীর্ত্তনানন্দে পূর্ণকাম হইয়া ঐ দেবগণ স্তবস্তুতি সহকারে প্রহৃষ্টচিত্তে দর্শন করিতে লাগিলেন। (২৪) সেই কালে মুনি শ্রীহরিদাসবর্য্য বক্ষঃস্থলে স্ফটিকরত্নচন্দ্র ও চরণযুগলে সুন্দর নূপুরের শোভা ধারণ করিয়া আসিলেন এবং মহাপ্রভুর সমীপে নৃত্য করিলেন। (২৫) সুধী অদ্বৈতাচার্য্য পুনরায় আসিলেন। সেই ভক্তজনপ্রিয় প্রভু হরি তাঁহাকে স্বয়ং পাদ্য, অর্ঘ্য, গন্ধ, অক্ষত (তণ্ডুল), চন্দনাদি দ্বারা সম্যক্ অর্চনা

করিয়া ভোজন করিতে নির্দেশ করিলেন। (২৬) অদ্বৈতাচার্য্য তখন সম্ভ্রমে ও আদরে সেই মহাপ্রসাদ ভোজন করিয়া উচ্চ ধ্বনি করিতে লাগিলেন। এইরূপে হরির সহিত সেই উদারকীর্ত্তি আচার্য্যবর্য্য মহোৎসবে নিরত হইয়া মহানন্দ লাভ করিলেন। (২৭) যিনি এই শুভ হরিকথা শ্রবণ করিবেন, তিনি প্রেমান্বিত হইবেন, বিশুদ্ধ ভাব ও অখণ্ডিত পাণ্ডিত্য লাভ করিবেন এবং দেহাবসানে শ্রীহরিধামেই গমন করিবেন।

ইতি **নৃত্যবিলাস নামক** দশম সর্গ।

একাদশ সর্গ।

(১) **বনমালী** নামে এক ভিক্ষুক ব্রাহ্মণ নিজ পুত্রকে সঙ্গে লইয়া সেই স্থলে আসিয়া মহাপ্রভুকে দর্শন করিয়া নৃত্য করিতে লাগিলেন। (২) তাঁহাকে দেখিয়া ভগবান্ প্রীতিভরে তাঁহার সহিত হরিকীর্ত্তন করিলেন। ব্রাহ্মণও পুত্র-সহিত গৌরহরির কৃপায় পরমানন্দে ভাসিয়া গেলেন। (৩) একদিন গৌরাঙ্গ কীর্ত্তন করিতে করিতে নৃত্য করিতেছিলেন আর সেই ব্রাহ্মণ দেখিলেন যে, একটি শ্যামবর্ণ বালক পীতাম্বর পরিধান করিয়া বিদ্যমান রহিয়াছে। (৪) "আমি প্রভুর দর্শন পাইয়াছি, পাইয়াছি" বলিয়া তিনি আনন্দিত হইলেন। ভিক্ষুক ব্রাহ্মণবর তাহাতেই নিজের জন্ম সার্থক বলিয়া মানিলেন। (৫) দুই হস্তে পুত্রকে ধরিয়া, প্রভুর নিকট আসিয়া সেই ভিক্ষুক ব্রাহ্মণ আনন্দিত ও পুলকাঞ্চিত হইলেন। (৬) প্রেমাশ্রুধারায় সিক্তদেহ হইয়া তিনি মহাপ্রভুর সহিত নৃত্য করিতে লাগিলেন। একদা শুদ্ধমতি শ্রীবাস পণ্ডিত পৈতৃক ক্রিয়া করিয়া (৭) কৃষ্ণের বৃহৎ সহস্রনামস্তোত্র শ্রবণ করিতেছিলেন—এমন সময়ে ভগবান্ হরিনাম

শ্রবণ করিয়া সেই স্থলে উপনীত হইলেন। (৮) অনন্তর নৃসিংহের আকার ও বিক্রম প্রকাশ করত ঐ আবেশেই সম্যক্ ক্রুদ্ধ হইয়া প্রভু শীঘ্রই এক গদা লইয়া ধাবিত হইলেন। (৯) প্রভুর এই মূর্ত্তি দেখিয়া সকলে ভয়ে পলায়ন করিতে লাগিল। নৃহরি সকলকে পলায়নপরায়ণ দেখিয়া (১০) ক্ষণকাল পরে গদা ত্যাগ করত সুস্থচিত্তে আসন পরিগ্রহ করিয়া বলিলেন—'জানি না, কোথায় আমার অপরাধ হইল কি না'; (১১) এই কথা শ্রবণে সকল লোক বলিলেন—'হে জগন্নাথ! আপনার কোথাও অপরাধ নাই। (১২) হে মানদ! যে নরসিংহ প্রভুর দর্শনের অনুস্মরণ করিয়া পাপবীজ পর্য্যন্ত দগ্ধ হইয়া যায়, সে তোমার কখনও অপরাধ হইতে পারে না।' (১৩) অন্য একদিন এক গায়ন আসিলেন। শ্রীহরির চরণে ভক্তিভরে প্রণাম করত সেই স্থলে ভূমিতে বসিয়া (১৪) মধুরাক্ষরে মধুর পদাবলীযুক্ত শিব-সঙ্গীত করিলেন। ভগবান্ সেই সঙ্গীত শ্রবণে প্রীত হইয়া শিবাবেশে নৃত্য করিলেন। (১৫) অনন্তর তিনি সহসা এক লম্ফে গায়নের স্কন্ধে আরোহণ করিলেন। শ্রীবাস পণ্ডিত তখন শিবস্তোত্র পাঠ করিলেন। সেই গৌরাঙ্গও এক প্রকাণ্ড বৃষের স্কন্ধে আরূঢ় হইয়া নয়নপদ্ম ঘুরাইতে লাগিলেন—(১৬) মস্তকে জটা দেখা গেল, শৃঙ্গ ও ডমরুবাদ্য চলিতে লাগিল, মুখে রামনাম গান হইতেছিল—অধিক কি, সর্বদেবময় জগন্নাথ সাক্ষাৎ হরই হইয়া গেলেন! (১৭) অতি সুমধুর স্বরে সেই শ্রীমুকুন্দ মহিম্ন স্তোত্র পাঠ করিলেন। তার পরে প্রভু গায়নের স্কন্ধ হইতে অবতরণ করিয়া আসনে বসিলেন। তত্রত্য সকল ভক্তই হরিলীলারসে ডুবিয়া আনন্দিত হইলেন। (১৮) তাঁহারা আনন্দভরে কীর্ত্তন করিতে লাগিলেন আর জগদ্গুরু তাঁহাদের সহিত মিলিয়া হরিকীর্ত্তন করিয়া আনন্দিত হইলেন এবং ভক্তিভাব-সমন্বিত শ্রীমদ্বিশ্বম্ভর দেব মুহুর্মুহু

নৃত্য করিতে লাগিলেন। (১৯) তার পরদিন নৃত্যশেষে প্রভু ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিয়া পড়িয়া ছিলেন, (২০) ইঁহার চরণকমল হইতে (২১) এক ব্রাহ্মণী আসিয়া উত্তম রজঃ গ্রহণ করিলেন। প্রভু উত্থিত হইয়া সেই ব্রাহ্মণীর বিচেষ্টা দেখিয়া (২২) মহাদুঃখাবিষ্ট হইয়া বহু প্রকারে অনুতাপ করিতে লাগিলেন। পুনরায় সেই স্থান হইতে উঠিয়া বেগে গঙ্গাজলে (২৩) পড়িয়া মগ্ন হইলেন। তখন মহাবল মহাবাহু অবধূত তাঁহাকে ধরিয়া জল হইতে তীরে উঠাইলেন। (২৪) শ্রীবাস ও হরিদাস প্রভৃতি আসিয়া ত্রাসযুক্ত ও উদ্বিগ্ন হইয়া ভয়ে ভয়ে প্রভুকে বেষ্টন করিলেন। (২৫) শুক্লাম্বর ব্রাহ্মণ প্রভৃতি প্রেমোৎকণ্ঠায় রোদন করিতে লাগিলেন, পরে প্রভুকে সুশান্ত ও সুখী দেখিয়া তাঁহারা পরস্পর কৃষ্ণকথায় প্রবৃত্ত হইলেন।

ইতি **জাহ্নবীপতন নামক** একাদশ সর্গ।

দ্বাদশ সর্গ।

(১) তার পর মহাপ্রভুর সহিত তাঁহারা শীঘ্রই মুরারির গৃহে আসিয়া বসিলেন এবং ক্ষণকাল পরেই বিজয়ের গৃহে গমন করিলেন। (২) এই স্থলে রজনী অতিবাহিত করিয়া প্রাতঃকালে ভগবান্ গঙ্গার উত্তর কূলে দ্রুতবেগে গমন করিলেন। (৩) ব্রাহ্মণগণ, সাধু সজ্জনগণ এবং অন্যান্য দ্বিজবর্য্যগণ বিনয়সহকারে বলিলেন—'হে ভগবন্! প্রসন্ন হও, এক্ষণে আবার নিজগৃহে আগমন কর।' (৪) তাঁহাদের বিনয়বাক্য শ্রবণে করুণাময় স্বভক্তহৃদয়ানন্দ শ্রীমান্ বিশ্বম্ভর প্রভু প্রত্যাবর্ত্তন করিলেন। (৫) তখন তাঁহারা আনন্দিতমনে শোক পরিহার করত শ্রীগৌরহরির সহিত পুনরায় শ্রীবাসভবনে সমাগত হইলেন। (৬) সকলেরই সাক্ষাতে শ্রীভগবান্ বলিলেন—'ওগো কৃষ্ণরসপ্রদ ভাগবতগণ! তোমরা আমার

প্রীত্যর্থে একটি বাক্য শুন। (৭) আমি যদি মাতাকে পরিত্যাগ করিয়া অন্য দিকে যাই, তবে সকল লোকে এই নিন্দা করিবে যে, গৌরাঙ্গ বিরুদ্ধাচার করিয়াছে।' (৮) ইহার শ্রবণে মুরারি বলিলেন—'হে নাথ! কেহই কিছু বলিবে না, সনাতন প্রভুর সম্বন্ধে জীব কিছুই বলিতে সক্ষম নহে।' (৯) মুরারির মুখে এই কথা শুনিয়া ভগবান্ বিশাল বাহুদ্বয়ে মুরারিকে আলিঙ্গন করিয়া আনন্দিতচিত্তে গৃহে প্রবিষ্ট হইলেন। (১০) তাহাতে মুরারি পুলকাঙ্কিতবিগ্রহে যে একটি প্রাচীন শ্লোক পাঠ করিয়াছিল—তাহা তুমি শুন। (১১) "অহো! কোথায় আমি পাপীয়ান্ ও দরিদ্র আর কোথায় সেই শ্রীনিকেতন শ্রীকৃষ্ণ! উভয়ের বন্ধুতা কিন্তু এক বিচিত্র ব্যাপারই বটে!! তথাপি আমি ব্রাহ্মণবংশে মাত্র জন্মগ্রহণ করিয়াছি বলিয়াই তিনি আমাকে বাহুদ্বয়ে আলিঙ্গন করিয়াছেন!!" (১২) এই কথা শ্রবণে প্রভু তখন আশ্চর্য্যকর নিখিল ভাব প্রকাশ করিয়া মুরারিকে দেখাইতে সহসা সূর্য্যের ন্যায় আভা বিকীরণ করত বিরাজমান হইলেন। (১৩) আসনে উপবিষ্ট হইয়া প্রভু মধুর স্বরে বলিলেন—'এই দেহটিকে তোমরা সচ্চিদানন্দঘন অত্যুত্তম বলিয়া জানিবে।' (১৪) তাঁহারা আনন্দিত ও পুলকব্যাপ্ত হইলেন। শ্রীবাস পণ্ডিত সেই প্রভুকে (১৫) সুরধুনীর স্বচ্ছ জলে স্নান করাইয়া যথাবিধি পূজা করিলেন। মহাতেজস্বী নিত্যানন্দ শিরে ছত্র ধারণ করিলেন। (১৬) গদাধর শ্রীমুখে তাম্বূল তুলিয়া দিতেছেন—কেহ কেহ প্রভুকে চামর ব্যজনাদি দ্বারা সেবা করিলেন। (১৭) তাঁহারা সংকীর্ত্তনরসে মগ্ন হইয়া সর্বত্র হরিকীর্ত্তন গান করিতে লাগিলেন এবং কৌতুকান্বিত ও বিস্মিত হইয়া নৃত্যগীতে মাতিয়া রহিলেন।

ইতি **মহাপ্রকাশাভিষেক** নামক দ্বাদশ সর্গ।

ত্রয়োদশ সর্গ।

(১) আর একদিন মহাপ্রভু নিজগণকে ভক্তি শিক্ষা দিবার জন্য ব্রাহ্মণগণ সহ সম্মার্জনী করে দেবালয়ে গমন করিলেন। (২) প্রভুর স্কন্ধে কোদালি, প্রশস্ত কটিদেশে ধটী, মস্তকে নূতন বস্ত্রের উষ্ণীষ দেখিয়া মনে হয়, যেন নবীন সূর্য্যই প্রভা বিকীরণ করিতেছে। (৩) আচার্য্যাদি মহাত্মগণও হস্তে কোদালি ও সম্মার্জ্জনী লইয়া শ্রীকৃষ্ণের হুড়িড়কা (হাড়ি)-স্বরূপে দেবালয়ের দ্বারদেশে উপনীত হইলেন। (৪) স্বয়ং কৃষ্ণচৈতন্যের সহিত সেই কল্যাণীয় গুণসাগর ভক্তগণ দেবগৃহের ভিত্তি সংমার্জন করিলেন। শ্রীগৌরহরি এইরূপে শত সহস্র প্রকারে শিক্ষা দিতে লাগিলেন। (৫) শ্রীমান্ গৌরচন্দ্র স্বয়ং ভগবান্, স্বতন্ত্র ও বিশ্বব্রহ্মাণ্ডের পরম কারণ হইলেও করুণাপরবশ হইয়া শিক্ষা দিয়াছেন।

(৬) এক সময়ে মহাপ্রভু পথে যাইতেছিলেন—তাঁহাকে দেখিয়া জনৈক কুষ্ঠী বিনয়নম্রমস্তকে নমস্কার করিয়া (৭) বলিলেন—"সকলে তোমাকে সনাতন পুরুষ দেবদেবাধীশ বলে; হে ভগবন্! এই মাদৃশ পাপীকে উদ্ধার কর। (৮) হে নাথ! দুঃসহ সুদারুণ কুষ্ঠরোগ হইতে আমাকে পরিত্রাণ কর।" ভগবান্ এই বাক্যে ক্রুদ্ধ হইলেন এবং তাঁহার পদ্মলোচন রক্তবর্ণ ধারণ করিল। (৯) বলিলেন—'হা রে দুরাচার! বৈষ্ণবদ্বেষ্টা তুই, শ্রীবাস পণ্ডিতকে দ্বেষ করিয়া তুই কি কখন সুখে থাকিবি? (১০) সেই বিজ্ঞ বৈষ্ণবোত্তম শ্রীবাসকে অবাচ্য বাক্য বলিয়া শত শত জন্মে তুই কুষ্ঠরোগী হইয়া বিকলাঙ্গ হইবি! (১১) আমি কখনও বৈষ্ণবদ্বেষ্টাদিগকে উদ্ধার করি না; আমার এই দেহে বাহির-প্রাণ আছে আর আমার অন্তরপ্রাণ আছে বৈষ্ণবে। (১২) সেই বৈষ্ণবকে যাহারা বিদ্বেষ করে, তাহারাই অমেধ্য নরকে নিমজ্জিত হয়; পক্ষান্তরে যাহারা বৈষ্ণবদিগের নিকট নত হইয়াও কোন প্রকারে

আমাকে দ্বেষ করে, (১৩) আমি তাহাদিগকে সর্বত্র মহাপাতকরাশি হইতেও উদ্ধার করিব।' এই বলিয়া প্রভু শুভ শ্রীবাস-মন্দিরে গমন করিলেন। (১৪) তথায় স্বজনগণ সহ ভগবান্ উপবিষ্ট হইয়া সুখবিলাস করিতে লাগিলেন। করুণাসিক্ত জগদ্‌গুরু শ্রীবাস পণ্ডিতকে বলিলেন— (১৫) 'পথে এক কুষ্ঠরোগীকে দেখিলাম, সেই দুষ্ট তোমার নিকট অপরাধ করিয়া সর্ব্বপ্রকার নরকযন্ত্রণা ভোগ করিতেছে, তাহার উদ্ধার ত দেখি না!' (১৬) শ্রীবাস বলিলেন—"হে প্রভো! যে জন আমার নিকট সামান্য অপরাধ করে, তাঁহাকে তুমি উদ্ধার কর—ইহাই আমি নিত্য বর প্রার্থনা করিতেছি। (১৭) তুমি পাপপূর্ণ জগন্নাথ মাধবাদিকেও সমুদ্ধার কর।" সর্বপাতকের মূলনাশন সেই ভগবান্ তাহাই অঙ্গীকার করিলেন।

(১৮) এক দিন জনৈক ব্রাহ্মণ সেই পুরুষোত্তমের নৃত্য দেখিতে গিয়া কিন্তু বাহিরে দ্বারপাল কর্ত্তৃক নিবারিত হইয়া দেখিতে পাইল না। (১৯) পরদিনে সে স্বদুর্মুখ গঙ্গাতীরে জগদ্‌গুরু শ্রীগৌরাঙ্গকে দেখিয়া রুষ্ট হইয়া শাপ দিতে লাগিল। (২০) ক্রোধে বুকের যজ্ঞোপবীত ছিন্ন করিয়া সে এই শাপ দিল—'যখন তোমার নৃত্যকালে ঐ স্থলে যাইতে আমি তোমার দ্বারপাল কর্ত্তৃক নিবারিত হইয়াছি, (২১) তখন তুমি সত্বই সংসার ত্যাগ করিয়া বাহিরে আস।' ব্রাহ্মণের এই বাক্য শ্রবণে পরম ভগবান্ আনন্দ লাভ করিলেন। (২২) ভাবিলেন, এই ক্রুদ্ধ ব্রাহ্মণের শাপই আমার পক্ষে বর হইল। আমি সন্ন্যাস আশ্রম স্বীকার করিয়া সকল জীবকে উদ্ধার করিব। (২৩) শ্রীহরির এই শাপকথা যিনি পরম শ্রদ্ধার সহিত শ্রবণ করেন, তিনি ব্রহ্মশাপ হইতে বিমুক্ত হইয়া নূতন সুখ প্রাপ্তি করেন।

ইতি **ব্রহ্মশাপবর** নামক ত্রয়োদশ সর্গ।

চতুর্দশ সর্গ।

(১) অনন্তর একদা প্রভাতকালে বিমল সূর্য্যের উদয় হইলে মহাপ্রভু গৌরচন্দ্র ইষ্টমন্ত্র স্মরণ করিয়া মুনি, ব্রাহ্মণ ও সজ্জনগণকে পাঠাভ্যাস করাইতে করাইতে বলদেবের ভাবে বিভাবিত হইলেন। (২) সকল লোককে হাসাইয়া প্রভু 'এক্ষণে কিছু মধু দাও' বলিয়া পুনঃ পুনঃ এক মেঘ-গম্ভীর ধ্বনি শ্রবণ করিলেন এবং ঠিক সেই সময়ে আবার তিনি দেখিলেন, প্রভু বলরাম নীল বস্ত্র পরিধান করিয়া রজতপর্বতবৎ (৩) হস্তে হল ধারণ করত অত্যুত্তম পদ্মলোচন ঘূর্ণন করিতেছেন। এই অদ্ভুত মূর্ত্তির দর্শনে নিজে আনন্দিত হইয়া আবার সকলকেই আনন্দ দান করিতে অখিলভুবননাথ স্বয়ং হরি নৃত্য করিতে লাগিলেন। (৪) হরি-নামগায়ক মুনিগণ এবং বিপ্রসকলের সহিত মিলিত হইয়া সুন্দর বেশে প্রভু তখন বৈদ্য মুরারির ভবনে উপস্থিত হইলেন এবং পূর্বশৈলে উদীয়মান তরুণ সূর্য্যবৎ অতিরক্তবর্ণ ধারণপূর্বক বলিলেন—'মধুপূর্ণ উৎকট (মত্ততাজনক) সুধা দান কর।' (৫) তৎপরে সেই প্রভু স্বয়ং জলে পরিপূর্ণ একটি সুন্দর পাত্র হস্তে ধরিয়া পবিত্র জল পান করিলেন এবং মত্ত হইয়া নাচিতে লাগিলেন, মহাহাস্য করিতে করিতে ধরাতলে লুণ্ঠন করিলেন। তাঁহাকে দেখিয়া সেই দ্বিজগণ তখন হলধরস্বরূপের স্তব করিতে প্রবৃত্ত হইলেন ও (৬) তাঁহার চরণকমলদ্বয়ে পড়িয়া ভূলুণ্ঠিত দণ্ডবৎ প্রণতি করিলেন। জনমণ্ডলী মুহুর্মুহু মহানন্দরাশি ভোগ করিলেন। এইরূপে সেই প্রভু বলদেব-লীলা করিয়া নৃত্য করিলেন এবং সান্ত্বনাবাক্যে বলিলেন—(৭) 'আমি ত আর কৃষ্ণ নহি যে বাক্যমাত্রেই সুখী হইব। আমাকে কিন্তু তোমরা সুন্দর অদ্ভুত পানীয় (মধু) দান কর।' একজন মল্ল ব্রাহ্মণকে দেখিয়া প্রভু তখন

তাহাকে অঙ্গুলিদ্বারা স্পর্শ করিয়া দূরে ধরাতলে ফেলিয়া দিলেন। (৮) সেই ব্রাহ্মণও ভীতভীত হইয়া রহিল। এইরূপে সেই ভগবান্ বলদেবলীলাবেশে প্রাতঃকাল হইতে সন্ধ্যাকাল পর্য্যন্ত বিহার করিলেন। (৯) এই অদ্ভুত রূপে ও বেশে ক্রীড়া করিয়া জগৎপতি প্রভু গৌরচন্দ্র স্বয়ং স্নানাদি সমাধানান্তর গৃহে গমন করিলেন এবং নিজের গণে পরিবেষ্টিত হইয়া ভোজন করিলেন। (১০) তার পরদিনও প্রভু বৃন্দাবনে সেই বলরামকে স্মরণ করিয়া করিয়া পরিতপ্তদেহ এবং মুহুর্মুহু মূর্চ্ছিত হইলেন। তখন ব্রাহ্মণগণ আলুলায়িত কেশেই তাঁহাকে জলদ্বারা সিঞ্চন করিতেছিলেন। (১১) সংপ্রতি সংজ্ঞা লাভ করিয়া প্রভু স্বয়ং গদ্‌গদবাক্যে গদাধরকে বলিলেন—'সকল বন্ধু ও সাধুবৈষ্ণবদিগের নিকট গিয়া তাঁহাদিগকে এখানে আনয়ন কর—তাঁহাদিগকে দেখিতে ইচ্ছা করি।' (১২) তাঁহার আজ্ঞালাভে আচার্য্যরত্ন প্রভৃতি মহাত্মগণ আনন্দিতচিত্তে সমাগত হইলেন এবং শ্রীহরিকে বিহ্বল ও গদ্‌গদ বাক্যযুক্ত দেখিয়া তাঁহারা বিমূঢ় হইয়াই যেন মহাপীড়িত হইলেন। (১৩) তাঁহারা প্রভুকে জিজ্ঞাসা করিলেন—'হে তাত! তোমার বিহ্বলতার কি কারণ, স্বয়ংই এক্ষণে বল ত।' তাঁহাদের বাক্যে মহাবিহ্বল প্রভু বলিলেন—'আমি রজতগিরি-সন্নিভ হলায়ুধের দর্শন লাভ করিয়াছি। (১৪) তাঁহার হস্তে সুবর্ণনির্মিত হল, তিনি প্রভাতকালীন সূর্য্যবৎ দীপ্তি বিস্তার করিতেছিলেন এবং সর্বাঙ্গে স্বর্ণভূষণ পরিধান করিয়াছেন।' তখন শ্রীযুক্ত চন্দ্রশেখরাচার্য্য তাঁহাকে বলিলেন—'হে প্রভো! তুমি যাহা দেখিয়াছ, (১৫) তাহাই বল ত'; তখন সহসা গৌরহরি সেই স্থানেই গিয়া বলরামকে দেখিলেন এবং ঐ আবেশে হৃষ্ট প্রভু বলদেব-বেশ ধারণ করিয়াই নৃত্য করিতে লাগিলেন। (১৬) কৌতুক, নৃত্য ও বাক্যবিন্যাসে করভঙ্গি (হস্তকনৃত্যাদি) প্রভৃতির প্রদর্শনে

এবং স্বর্গসুখ-বিজয়ী স্বকীয় পাদবিন্যাসভঙ্গিতে বা বাক্যবিন্যাস-পরিপাটিতে পুণ্যপর্বতসদৃশ জ্যোতিষ্মান্ মহাবৈষ্ণবগণ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া গৌরচন্দ্র পরমানন্দিত হইলেন। (১৭) এই ভাবে জগন্মঙ্গল হরিসংকীর্ত্তন-যজ্ঞ করিয়া সেই যজ্ঞভূক্ মহাপ্রভু দিবাভাগ অতিবাহিত করিয়া অপরাহ্ণে পুনর্বার নৃত্য করিতে প্রবৃত্ত হইলে বারুণির (মদ্যের) দিব্য গন্ধরাশি (১৮) প্রসৃত হইয়া দিঙ্মণ্ডল পরিব্যাপ্ত করিল; তাহার ঘ্রাণে সকল লোক আনন্দিত হইল। তখন শ্রীরামনামক জনৈক বিপ্রবর্য্যাগ্রণী তথায় সমাগত বহু বহু মহাজন দেখিলেন। (১৯) তাঁহাদের একটিমাত্র কর্ণে পদ্মভূষণ ছিল, চক্ষুদ্বয় পদ্মবৎ বিশাল, একটি কর্ণে বিন্যস্ত সুন্দর কুণ্ডলের কান্তিতে তাঁহারা উজ্জ্বল হইয়াছিলেন। মস্তকে পট্টবস্ত্রের উষ্ণীষ বদ্ধ রহিয়াছে। তাঁহার মুখে এই কথা শুনিয়া অন্যান্য বৈষ্ণবগণ আনন্দে নৃত্য করিতে লাগিলেন। (২০) সেই স্থানেই আবার বনমালী নামক জনৈক বিপ্র দেখিলেন যে, ভূতলে স্বর্ণনির্ম্মিত, সূর্য্যকিরণে মহোজ্জ্বল একখানি লাঙ্গল রহিয়াছে। তাহার দর্শনেই তিনি পুলকব্যাপ্ত হইলেন এবং নয়নজলে তাঁহার দেহও সিক্ত হইল। (২১) অনন্তর বলদেবের আবেশরসে মত্ত হইয়া ত্রিজগতের নাথ নৃত্য করিলেন। অবধূত এই ব্যাপার দেখিয়া, সেই রসেই ঐ গৌরচন্দ্রকে বক্ষে ধারণ করিলেন। (২২) আকাশচারী সলোকপাল দেবগণ অত্যুত্তম ভাবে তৃপ্ত হইয়া প্রণাম করিতে লাগিলেন। তাঁহারা প্রেমাশ্রু-ধারায় পূর্ণ হইয়া পুলকমালা ধারণ করিলেন এবং নিরন্তর 'শ্রীরাম, নারায়ণ ও কৃষ্ণ' ইত্যাদি নাম উচ্চারণ করিতেছিলেন। (২৩) এইরূপে সেই রাত্রি যাপন করিয়া প্রভু উষাকালে সুরধুনীজলে মজ্জন করতঃ গঙ্গাজলে স্বজন সহ ধীরে ধীরে হাস্য সহকারে জলখেলা করিলেন। (২৪) তৎপরে প্রভু নিজগৃহে গেলেন আর ভক্তগণও গৌরহরিকে

নমস্কার করতঃ নিজ নিজ আশ্রমে চলিয়া গেলেন। আবার প্রভাত হইলেই তাঁহারা গৌরাঙ্গের চরণকমল দর্শন লালসায় সমাগত হইলেন। (২৫) এইরূপে হলায়ুধের আবেশ ধরিয়া নিজে ভক্তিপূর্ণ হইয়াও জগতের হিতার্থে স্বয়ং শ্রীকৃষ্ণচৈতন্য হরি বহুবিধ বিনোদ করিলেন। (২৬) সেই প্রভু বিচিত্র বেশ ধারণ করিয়া শ্রীবলদেবের যে লীলা প্রকট করিয়াছেন, তাহা যে জন শ্রবণ করে, সেই সদাকালের জন্য ভক্তিরসে মত্ত হয় এবং মৃত্যু হইলে শ্রীহরির চরণ-কমলসুধা লাভ করে।

ইতি **বলভদ্রাবেশ নামক** চতুর্দশ সর্গ।

পঞ্চদশ সর্গ।

(১) শ্রীগৌরাঙ্গ প্রশংসনীয় গদ্‌গদ স্বরে ও মধুর ধ্বনিতে কর্ণরসায়ন বাক্যামৃত দান করিলেন—'যজ্ঞবপু পৃথিবীধারক ভগবান্ বরাহদেব আমাকে আলিঙ্গন করিয়াছেন। (২) আর হলায়ুধ আমার হৃদয়ে সন্নিবিষ্ট হইয়াছেন এবং সেই বেণুপাণি কৃষ্ণ আমার নয়নাঞ্জন হইয়াছেন।' তাঁহার এই বাক্য শ্রবণে মহান্ত ব্রাহ্মণগণ আনন্দিত হইয়া নৃত্য করিতে লাগিলেন। (৩) সেই গৌরকৃষ্ণ তখন হাস্য করিতে করিতে শ্রীবাসকে বলিলেন—'এক্ষণে আমার উত্তম (মোহন) মুরলী দাও।' তখন তিনিও উত্তর দিলেন—'প্রভো! তোমার গৃহে ভীষ্মনন্দিনী কর্ত্তৃক ঐ বেণু পরিরক্ষিত আছে। (৪) এই সময়ে সেই বেণু ত পাওয়া যাইবে না; কেন না, এই রাত্রিকালে গৃহমধ্যদেশ কবাট দ্বারা নিরুদ্ধ হইয়াছে।' এই কথা শ্রবণে লোকগুরু বিশ্বম্ভর হাসিতে হাসিতে ভক্তগণের সহিত সেই রাত্রি যাপন করিলেন। (৫) প্রাতঃকালে সেই বিপ্রবর্য্যগণ আবার প্রমুদিতচিত্তে শ্রীহরির প্রণাম করিয়া চলিয়া গেলেন। গঙ্গাস্নান

করত সুখেই হরিপূজাদি করিয়া প্রসাদ অঙ্গীকারে পরম সুখী হইলেন। (৬) শ্রীগৌরাঙ্গের এইরূপ মহালীলাবিনোদের কথা শ্রবণে মানব ভবার্ণব হইতে বিমুক্ত হয় এবং যিনি পাঠ করেন, তিনিও তাঁহার চরণ-কমলে শীঘ্রই রতি লাভ করেন এবং মহারোগগণ হইতেও বিমুক্ত হন। (৭) যাঁহার পাদপদ্মে কমলার প্রীতি-মহাসমুদ্র মুহুর্মুহু উচ্ছলিত হইত, তাঁহারই মন অদ্য কৃষ্ণপাদপদ্মাশ্রয়ে গোপীভাববিভাবিত হইল। (৮) একদিন সহাস্যবদনচন্দ্র প্রভু নারীজনোচিত সুন্দর বেশ পরিগ্রহ করিয়া চন্দ্রশেখর-মন্দিরে নিজ ভক্তগণ সহ নৃত্য করিয়াছিলেন। (৯) শ্রীপতির জ্যেষ্ঠ ভ্রাতা দ্বিজবর শ্রীবাস মহাশয় নারদ-রূপে শোভা পাইলেন। ব্রহ্মার পুত্র দেবর্ষি ভূমিতলে পড়িয়া বিষ্ণুর উদ্দেশ্যে দণ্ডবৎ প্রণাম করিলেন। (১০) 'আমার কথা বিশ্বাস কর' মৃদুমন্দ স্বরে এই কথা বলিয়া ব্রাহ্মণবর্য্য শ্রীগদাধরকে বলিলেন—"হে গোপিকে! তুমি দেবর্ষির চরণে ভক্তিভরে মস্তক নত করিয়া বলিয়াছ, (১১) 'এই যুগে পিতামাতার চরণ ত্যাগ করিয়া, সেই করুণাসমুদ্র শ্রীকৃষ্ণপাদপদ্মের সেবা যাহাতে উত্তমরূপে করিতে পারি—আপনার চরণকমলের এবম্বিধ করুণাই মৎপ্রতি উদিত হউক!' (১২) এই বিশ্বস্ত কথা বলিয়া সেই মুনি পুনরায় তাঁহাকে প্রসন্নবদনে বলিলেন—'হে অপ্সরে (গান্ধর্বে ?) তুমি গঙ্গাজলে মাঘ মাস ব্যাপিয়া শত শত বর্ষ যাবৎ একমনে সদাকাল স্নান করিবে, (১৩) তবেই তুমি কৃষ্ণপাদপদ্মসেবা পাইবে।' তুমি এই মুনিবাক্য যথাযথ পালন করিয়াছ এবং তাহারই কারণে এই গোকুলে জন্ম লাভ করিয়াছ। (১৪) যে অত্যুত্তম হরিভক্তির কথা মুনিবর শুকদেব আনন্দে পুনঃ পুনঃ গান করিয়াছেন—সেই ত্রিজগতের দুর্লভ অত্যুজ্জ্বলা হরিভক্তিই তুমি প্রেমনির্ভর রসতরঙ্গে অভিষিক্ত হইয়া লাভ করিয়াছ। (১৫) শ্রীমদ্ভাগবতে (১০।৪৭) উক্ত হইয়াছে—'আমি

নন্দব্রজবাসিনী রমণীদের পাদরেণু পুনঃ পুনঃ বন্দনা করিতেছি—যেহেতু, ইঁহাদের হরিকথাপূর্ণ উচ্চ গীতিকা ত্রিভুবনকে পবিত্র করে।' (১৬) হরিভক্তির মাহাত্ম্য আর কি বলিব? ব্রাহ্মণতনয় হইয়াও সর্বপাপী অজামিল দুঃখরাশিতে উপদ্রুত হইয়া,পুত্রমাত্রকে চিন্তা করিয়া (১৭) নামমাত্র-সম্পত্তিবলেই পরমদুস্তর ভব-সমুদ্রের পরপারেই গমন করিয়াছিলেন। অতএব তুমি সপরিকরই কৃপাময়ের ধামে গমন কর। সেই অজ্ঞ ভগবানের উত্তমরূপে সেবা করিলে যে কি হয়, তাহা বলাই যায় না!!" (১৮) বিপ্রবর্য্য শ্রীবাস এই কথা বলিলে তত্রত্য ব্রাহ্মণবর্য্যগণ শীঘ্রই প্রেমসাগরের রসতরঙ্গমালায় সিক্ত ও মহারসপূর্ণ হইয়া পরমানন্দিত হইলেন। (১৯) সহচর-গণসহিত ব্রহ্মাদি দেবশ্রেষ্ঠগণ, সুরেন্দ্র ও মুনিবর্য্যগণ যাঁহার চরণনখরকান্তিচ্ছটামাত্রই প্রার্থনা করেন—গোপগোপীদের নামামৃতের সহিত তাঁহারই সর্বথা নির্ম্মল অপ্সরারূপের (পূর্ব্ব)বৃত্তান্তাদি মানবভাবোচিত অবস্থাকেই স্ফুটতর করিয়া দিল!!

ইতি **গোপীভাববর্ণনা নামক** পঞ্চদশ সর্গ।

ষোড়শ সর্গ।

(১) তৎপরে সম্মুখে পূর্ণচন্দ্রতুল্য হরিদাস দণ্ড ধারণ করতঃ প্রবেশ করিলেন। তিনি ত্রিভুবনের পরিতপ্ত জীববৃন্দকে সম্বোধন করিয়া বুঝাইতেছেন—'ওগো, তোমরা হরিকীর্ত্তন কর।' (২) সেই পদ্মবদন হরিদাসের এই বচন শ্রবণ করিয়া ঐ বৈষ্ণবগণ রোমাঞ্চিতদেহে নৃত্য করিতে লাগিলেন। তাঁহাদের নয়নধারায় সকল অঙ্গ অভিষিক্ত হইতে লাগিল। (৩) তৎপশ্চাৎ সূর্য্যসদৃশ দীপ্তিমান্ সেই মহাত্মা বৈষ্ণবরাজ, প্রসন্নবদন, পদ্মধারী, ঈশ্বরাংশ অদ্বৈতবর্য্য (৪) অন্যান্য অনুচরগণ সহ কান্ত্যামৃত পরিবেশন করিতে করিতেই যেন প্রবেশ

করিলেন এবং হরিচরণ-পদ্মরসে সংসিক্ত হইয়া মত্ত সিংহবৎ দুর্দম্য অন্তঃকরণে নাচিতে লাগিলেন। (৫) তত্রত্য সভাসদ্‌গণ তাঁহাকে আনন্দপূর্ণ নয়নপদ্মে দর্শন করিয়া তাঁহার অদ্ভুত মুখচন্দ্র পান করিতে প্রবৃত্ত হইলেন এবং অবশহৃদয়ে তাঁহারা প্রেমসাগরের রসরাশিতে নিমজ্জিত হইলেন। (৬) রসবিশেষ-বিনোদী বলদেবও তৎপরে গোপীবেশ ধারণ করতঃ প্রবেশ করিলেন। তিনি প্রাণনাথের করপল্লব উত্তমরূপে ধরিয়াছেন এবং নয়নবারিতে তাঁহার সুন্দর দেহলতা পরিষিক্ত হইয়াছে। (৭) তৎপরে স্বয়ং বাসুদেব হইলেও অন্ত বিশেষ (গোপিকার) বেশবিন্যাস করিয়া গলিতকাঞ্চনবর্ণ ভগবান্ গৌরচন্দ্রও প্রবেশ করিলেন—মনে হয়, যেন সুমেরু পর্বতের শৃঙ্গরাজই জঙ্গম (গতিশীল) হইয়া পর্য্যটন করিতেছে !! (৮) তিনি গোপিকার ন্যায় উত্তম কঞ্চুলিকায় বক্ষঃ আচ্ছাদন করিয়াছেন, শঙ্খ-কঙ্কণাদি ধারণ করিয়াছেন—পরিধানে অরুণ বস্ত্র—সুন্দর চরণকমলে নূপুর বিরাজিত, দেহমধ্যটি বেশ সূক্ষ্ম—এই ভাবে তিনি নৃত্যরসে আবিষ্ট হইলেন। (৯) তদীয়-দেহকান্তিতে পৃথ্বীতল পরিব্যাপ্ত হইলে তখন গৌরহরির সুখসম্পাদনের জন্য মলয়জ দিব্যগন্ধ পবন মালতীবন কম্পন করিয়া মুহুর্মুহু প্রবাহিত হইল। (১০) সগণ সুরেশ, মহেশ ও লোকপালগণ কর্তৃক আবৃত আকাশপথে পূর্ণমণ্ডল চন্দ্রমার ন্যায় তিনি খেদশোকাদি-রহিত হইয়া পরমানন্দে বিরাজমান হইলেন। (১১) প্রচুরতেজাঃ সেই ভগবান্ আনন্দিতমনে যথেষ্ট কীর্ত্তন ও নর্ত্তন করিলেন। শীঘ্রই আবার তিনি লক্ষ্মীদেহের কান্তি ও ভাব ধারণ করিলেন। (১২) তৎপরে দেবগৃহের মধ্যস্থলস্থিত শ্রীকৃষ্ণপ্রতিমার সন্নিকটে গিয়া ইনি বিনয়ভরে নূতন বস্ত্রের প্রান্তভাগ দ্বারা (১৩) শ্রীবিগ্রহ হইতে কুসুমরাজি অপসারিত করিলেন এবং সেই পুষ্পই আবার শ্রীকৃষ্ণে সমর্পণ করিলেন। তদনন্তর

তিনি প্রেমভক্তিরসপূর্ণা কোটি মাতৃস্নেহে পরিপূর্ণ হইলেন। (১৪) সর্বদেবময় তাঁহার আজ্ঞানুসারে দ্বিজবর্য্যগণ তখন আনন্দিতমনে সেই জননীমূর্ত্তিকে প্রণাম করত বিবিধ স্তবপাঠে এবং বেদবাক্য উচ্চারণদ্বারা স্তব করিলেন। (১৫) তৎক্ষণাৎ আবার কিন্তু সর্বশক্তি-সমন্বিতা ভগবতীভাবের আবেশ হইলে সাধুগণ তাঁহাকে দেবগণকৃত (চণ্ডীর) স্তবরাজে স্তব করিয়া আনন্দ লাভ করিলেন। (১৬) সুরচিত দিব্যাসনে সমুপবেশন করত পুনরায় দেবীপ্রতিমার পরমাবেশে বলিলেন—'তোমাদের নৃত্য দেখিতেই কুতুকভরে এ স্থানে আসিয়াছি!' (১৭) তাঁহারা পুনর্বার প্রার্থনা করিলেন—'হে দেবি! তোমার চরণ-কমলে প্রেমভক্তি দান কর।' প্রভু তাঁহাদিগকে বলিলেন—'যদি আমাতে তোমাদের ভক্তি হয়, তবে লোকসকল (১৮) তোমাদিগকে বলিবে যে, এই লোক চাণ্ড অর্থাৎ শাক্ত'—হাসিতে হাসিতে দেবীমূর্ত্তি তাঁহাদিগকে এই কথা বলিলে ব্রাহ্মণগণ ভূমিষ্ঠ দণ্ডবৎ প্রণতি করিলেন। তৎপরে তিনি সূর্য্যচন্দ্রসদৃশ (ভাস্বর) হরিদাসকে ক্রোড়ে করিলেন। (১৯) তখন এক অত্যাশ্চর্য্য ব্যাপার এই হইল যে, শ্রীহরিদাসও পঞ্চবর্ষ বালকের ন্যায় তাঁহার ক্রোড়ে বিরাজ করিলেন। তখন প্রভুকে কেহ বলিলেন—'হে দেবি! এই দীন জনের প্রতি কৃপাদৃষ্টিপাত কর।' (২০) এ কথা শ্রবণে তিনি করুণার্দ্রচিত্তে নয়নযুগল হইতে প্রেমাশ্রুপাত করিলেন। তৎক্ষণাৎ সুন্দরবেশা সেই দেবী নিজজনের পূজাদি গ্রহণ করিয়া (২১) সেই অসুরসেনাশত্রু (বিষ্ণু) সুরশ্রেষ্ঠগণকে স্তন্যপান করাইলেন। সেই ঈশ্বরকে করুণার্দ্রনয়ন দেখিয়া ভক্তগণ পরমানন্দিত হইলেন। (২২) আবার তৎক্ষণাৎ ভগবানের ঐশ্বর ভাব হইল এবং ব্রাহ্মণবর্য্যগণ তাঁহার আবেশ বুঝিয়া নয়নজলে জগদীশকে আনন্দিতচিত্তে স্তব করিতে প্রবৃত্ত হইলেন। (২৩) এই ভাবে ভগবান্ সমগ্র রাত্রি অতিবাহিত করিয়া

প্রাতঃকালে নিজ মন্দিরে গমন করিলেন। তখন সেই চন্দ্রবদন গৌরহরিকে দেখিয়া লোকগণ মনে করিল যে, ইনি বোধ হয় স্বহস্তে বর ও দণ্ড ধারণ করিয়াছেন। কেহ কেহ ভাবিল যে, বোধ হয় প্রচণ্ডকিরণ সূর্য্যেরই শিখা জাজ্বল্যমান হইয়াছে।

ইতি **সর্বশক্তিপ্রকাশ**নামক ষোড়শ সর্গ।

সপ্তদশ সর্গ।

(১) আচার্য্যরত্ন শ্রীচন্দ্রশেখরের বাটীতে মহাপ্রভু যে স্থলে নৃত্য করিয়াছিলেন—সেই স্থলে সপ্তাহকাল স্বরূপবৎ অদ্ভুত তেজ বিদ্যমান ছিল। (২) উহা চন্দ্রকিরণের ন্যায় সুশীতল, অথচ সূর্য্য ও বিদ্যুদ্বৎ মহাদুষ্প্রেক্ষ্য, কিন্তু উহাতে চিত্তের আহ্লাদ হয় এবং পরম পবিত্র। (৩) সমাগত লোকগণ সকলকে জিজ্ঞাসা করিত—'পৃথিবীতে দৃষ্টিপাত করিয়াও কেন বিদ্যুতের ন্যায় আমরা নয়ন উন্মীলন করিতে পারিতেছি না?' (৪) এই কথা শ্রবণে বৈষ্ণবগণ আনন্দে কাহাকেও কিছুই বলিলেন না। সেই মহাভাগ্যবান্‌গণ সকল তত্ত্ব জানিলেও বহির্মুখ লোকদের নিকট ব্যক্ত করিলেন না। (৫) অনন্তর শ্রীবাস জগদ্‌গুরু ভগবান্‌কে জিজ্ঞাসা করিলেন—'প্রভো! আপনি এই কলিযুগেই কেবল হরিনাম সংকীর্ত্তনের কথা বলিয়াছেন। (৬) কিন্তু সত্যাদি যুগত্রয়ে কি এই নামের ফল ন্যূনই হয়?' ইহা শুনিয়া ভগবান্ বলিলেন—'শুন, আমি তোমায় উত্তর দিতেছি। (৭) সত্যযুগে ধর্ম্ম পূর্ণমাত্রায় বিরাজমান থাকে বলিয়া ধ্যানেতেই সুসিদ্ধ হয়, ত্রেতায় যজ্ঞমাত্রেই সেই ফল লাভ হইত, দ্বাপর যুগে. (৮) পূজাদ্বারা তাহা সমধিগত হইত; কিন্তু কলিযুগে পাপবাহুল্যে জীবগণ ঐ সকল আচরণ করিতে অসমর্থ, অতএব স্বয়ং প্রভু হরি নামস্বরূপে উদয় হইয়া শোভা পাইলেন। (৯) সত্যাদি তিন যুগে

ধ্যান, যজ্ঞ ও অর্চনা, এই তিনটাই শক্তিবলে সুসম্পন্ন হইত, কিন্তু দারুণ পাপ কলিতে প্রভু স্বয়ংই (নামরূপে) উপনীত হইয়াছেন।' (১০) প্রভুর বাক্যশ্রবণে পণ্ডিতবর শ্রীবাস বিপ্র আনন্দিত হইলেন এবং শ্রীনামমঙ্গলই সর্বপুরুষার্থশিরোমণি বলিয়া গ্রহণ করিলেন। (১১) নগরে নগরে হরিসংকীর্ত্তন করিয়া জগদীশ্বর প্রভু হরি ম্লেচ্ছাদি সকলকেই উদ্ধার করিয়াছেন। (১২) একদিন ভগবান্ অশ্রুভারাক্রান্ত হইয়া বলিলেন—'আর আমি গৃহে থাকিতে পারিতেছি না। মথুরাপুরীতে চলিয়া যাইব।' (১৩) শ্রীকৃষ্ণবিরহে কাতর হইয়া, নিজের যজ্ঞোপবীত ত্যাগ করিয়া বৃন্দাবনদর্শনে যাইব।' প্রভুর এই বাক্যে মুরারি গুপ্ত বলিলেন—(১৪) 'হে ভগবন্! সর্বতত্ত্ববিৎ তুমি সকল কার্য্যই করিতে পার। তুমি গৃহে থাকিতে বা উদাসীন পন্থা অবলম্বন করিতে সমর্থ হইলেও কিন্তু এক্ষণে তাহা নিশ্চয়ই করিতে পারিবে না। (১৫) হে নাথ! তুমি যদি স্বাতন্ত্র্যবশতঃ এক্ষণে সন্ন্যাস কর, তবে সকল লোকই স্বতন্ত্রবুদ্ধিতে সন্ন্যাস করিবে এবং পুনরায় অমেধ্য সংসারে নিপতিত হইবে! (১৬) হে তাত! এই বিবেচনা করিয়া তুমি স্বয়ং স্বীয় আশ্রম ত্যাগে সন্ন্যাসধর্ম্ম স্বীকার করিতে পার। এ লোকসকলকে আর কেই বা মহত্তম বলিবে? [যদি তুমি ইহাদিগকে স্বতন্ত্রাচরণ হইতে রক্ষা না কর।] (১৭) তোমার গমনেই অন্য সকল জীবেরও বিনাশ হইবে। চৈতন্যরহিত জীবের কি হয়, তাহা তোমাকে আর কি বলিব?' (১৮) তৎপরে ভক্তগণকর্ত্তৃক সংবেষ্টিত, নিত্যানন্দ সঙ্গে গদাধর কর্ত্তৃক গন্ধমাল্যাদি দ্বারা নিত্যই সেবিত হইয়া ভক্ত-গতি হরি (১৯) মুরারির বাক্যের কোন উত্তর না দিয়া প্রেমবিহ্বল হইলেন এবং স্বয়ং কৃষ্ণ-সংকীর্ত্তনানন্দে পূর্ণমনোরথ হইলেন।

ইতি **শ্রীমুরারিগুপ্তানুশাসন**নামক সপ্তদশ সর্গ।

অষ্টাদশ সর্গ।

(১) তাহার পর কিয়দ্দিন গত হইলে লীলামনুষ্য ভগবান্ বলিলেন—"স্বপ্নে দেখিলাম—একজন ব্রাহ্মণবর্য্য আসিয়া (২) আমার কর্ণে হাসিতে হাসিতে সন্ন্যাসমন্ত্র দান করিলেন। তাহার শ্রবণাবধি ব্যথিতচিত্তে আমি দিবানিশি রোদন করিতেছি। (৩) প্রাণনাথ প্রিয়তম হরিকে ত্যাগ করিয়া অন্য কার্য্য করা কি প্রকারে আমার উচিত হয়?" প্রভুর বাক্যে মুরারি বলিলেন—"হে ভগবন্, (৪) সেই মন্ত্রে ('তত্ত্বমসি' এই মহাবাক্যে) তুমি ষষ্ঠীতৎপুরুষ সমাস ভাবিয়া সুখী হইতে পার।" (৫) তাহাতে প্রভু বলিলেন—'তাহা হইলেও মনের খেদ দূর হয় না! শব্দশক্তি দ্বারা আমি কি করিব?' এই বলিয়াই তিনি রোদন করিতে লাগিলেন। (৬) ব্রজসুন্দরীগণ যেরূপ ভাবী মাথুর বিরহে বিহ্বল হইয়াছিলেন, তদ্রূপ তত্রত্য সকলেই শ্রীগৌরকৃষ্ণের বিচ্ছেদে..কাতর ও ব্যথিত হইলেন। (৭) তার পর কয়েক দিন গেলে নবদ্বীপে ন্যাসিশ্রেষ্ঠ.শ্রীমৎ কেশব ভারতী আসিলেন। তিনি মহাতেজস্বী সূর্য্যবৎ কান্তিমালা বিস্তার করিতেছিলেন। (৮) পূর্বজন্মার্জিত সকল পুণ্যের ফলে তিনি স্বয়ং আসিয়া ভাগ্যবশতঃ নবদ্বীপে গলিত-স্বর্ণের বর্ণ (৯) পুণ্ডরীকনয়ন প্রেমবিহ্বল হরিকে দর্শন করিলেন। ঐ ন্যাসিবর প্রভুকে দেখিয়াই আনন্দে পরিপূর্ণ হইলেন। (১০) ন্যাসিপ্রবরকে সম্মুখে দেখিয়া ঈশ্বর স্বয়ং ভগবান্ প্রেমানন্দে পরিপূর্ণ ও দণ্ডায়মান হইয়া তাঁহাকে প্রণাম করিলেন। (১১) প্রভুকে কৃষ্ণপ্রেমাশ্রুধারায় অভিষিক্ত হইতে দেখিয়া সেই মহাবুদ্ধি শ্রীল কেশব ভারতী তুষ্ট হইয়া বলিলেন—(১২) "আমার মনে হয়, তুমি নিশ্চয়ই শুক বা প্রহ্লাদই হইবে। অথবা তুমি সাক্ষাৎ ভগবান্ ঈশ্বর ও সকলের কারণ।" (১৩) স্বীয় প্রশংসা শুনিয়া মহামতি নাথ ব্যথিত হইয়া দ্বিগুণ রোদন করিতে লাগিলেন এবং প্রেমাশ্রুধারায় সর্বাঙ্গ সিঞ্চিত করিলেন।

(১৪) তার পর প্রভুর ভাববৈকল্যদর্শনে বিস্মিত হইয়া ন্যাসি-চূড়ামণি প্রভুকে বলিলেন, 'আপনি ঈশ্বর কৃষ্ণই বটেন, ইহাতে আর সংশয় নাই।' (১৫) মহা আত্মপ্রশংসা শুনিয়া প্রভু বিক্লবগ্রস্ত হইয়া ন্যাসিবরকে প্রণাম করত নিজ মন্দিরে গমন করিলেন। (১৬) সর্বভূত-পাবন শ্রীনিকেতন ভগবান্ নিজ সমৃদ্ধিশীল গৃহ ত্যাগপূর্বক সন্ন্যাস করিতেই ইচ্ছা করিলেন। (১৭) মুকুন্দ প্রভুর ভাব দেখিয়া বৈষ্ণবগণকে বলিলেন—'হে দ্বিজবর্য্যগণ! যত দিন পর্য্যন্ত এ স্থানে থাকেন, তত দিন তোমরা জগৎকারণ প্রাণনাথকে দর্শন কর। (১৮) কিছু দিন পরেই জগদ্গুরু গৃহ ত্যাগ করিয়া অন্যত্র গমন করিবেন।' সেই বুদ্ধিমান্ মুকুন্দের কথায় তাঁহারা সকলেই ব্যথিত হইলেন। (১৯) তদনন্তর ভগবান্ দ্বিজবর্য্য শ্রীবাসকে বলিলেন—'তোমাদের প্রেমার্থে আমি দেশান্তরে যাইব। (২০) বণিক্গণ যেরূপ নৌকাযোগে দেশান্তরে গিয়া অর্থ উপার্জন করত বন্ধুদিগকে প্রদান করে, আমিও তদ্রূপ (২১) দেশান্তর হইতে প্রেমরাশি আনিয়া তোমাদিগকে দান করিব, যাহাতে তোমরা সর্বদেবারাধ্য শ্রীকৃষ্ণের সম্যক্ দর্শন লাভ কর।' (২২) শ্রীবাস তাহার উত্তরে শ্রীহরিকে পুনরায় বলিলেন—'হে নাথ! তোমার বিরহে কি প্রকারে জীবিত থাকিব?' (২৩) তখন ভগবান্ বলিলেন—'হে বিপ্রেন্দ্র! তোমার দেবালয়ে আমি নিত্য স্বয়ং অবস্থান করিব, ইহাতে কিছু বিস্ময় ভাবিও না।' (২৪) প্রভুর এই কথায় দ্বিজপুঙ্গব শ্রীবাস বিস্মিত হইয়া ভাবিলেন—'ঈশ্বর সর্বব্যাপী, ইনি কাহারই বা বশে থাকেন?' (২৫) তৎপরে সায়ংকালে শ্রীহরিদাসকে সঙ্গে লইয়া শ্রীহরি করুণাবশে মুরারির গৃহে গমন করিলেন; সেই মুরারিও অভ্যুপগমন করতঃ শ্রীহরির চরণে (২৬) প্রণত হইয়া আসন আনিয়া প্রভুকে দিলেন এবং হৃষ্টচিত্তে হরিদাসকে প্রণাম করিয়া স্বয়ং তাঁহার নিকটে দাঁড়াইয়া রহিলেন। (২৭) কৃপালু প্রভু সেই মুরারিকে বলিলেন

—'আমার একটি কথা শুন। তুমি নিত্যই উদাসীন থাক, তাহাতেই বলিতেছি যে, আমার বাক্য পালন কর। (২৮) সাবধানে আমার বাক্য শ্রবণ কর। আমি তোমাকে অন্য একটি উপদেশ দিতেছি, তাহা তুমি সম্যক্ প্রকারে পালন করিবে। (২৯) এই অদ্বৈতাচার্য্যবর্য্য মহা-সদ্গুণাশ্রয় এবং ঈশ্বরাংশ, যত্নে আদরে ইঁহার সেবা করিও। (৩০) তোমার সুখসমৃদ্ধির জন্যই আমি এই গুহ্য কথা নিবেদন করিতেছি।' এই বলিয়া ভক্তবৎসল প্রভু নিজ মন্দিরে চলিয়া গেলেন। (৩১) অনন্তর অন্য একদিনে শ্রীগৌরকৃষ্ণ ধন্য কণ্টকনগরে (কাটোয়াতে) গিয়া সন্ন্যাস গ্রহণ করিলেন। তিনি ব্রহ্মবিদ্যাপারদর্শী মহাপুরুষ শ্রীমৎ কেশব ভারতীকে (৩২) গুরুরূপে অঙ্গীকার করিয়া কৃতার্থই করিলেন। (৩৩) এই গৌরহরির চরিত্র যিনি সম্যক্ শ্রবণ করেন, তিনি তৎক্ষণাৎ পাপরাশিমুক্ত হইয়া শ্রীহরির পাদপদ্মে প্রবেশ (সেবাধিকার) লাভ করেন—অসাধারণ অতুলনীয় ভক্তি প্রাপ্ত হন।

ইতি **সন্ন্যাসসূত্র**-নামক অষ্টাদশ সর্গ।

ইতি **দ্বিতীয়প্রক্রম** ॥

তৃতীয় প্রক্রম।

প্রথম সর্গ।

(১) শ্রীহরির অদ্ভুত ও প্রপঞ্চাতীত কাহিনী শ্রবণ করিয়া দামোদর পুনরায় মুরারিকে এই উত্তম প্রশ্ন করিলেন—'এক্ষণে বল,. কি প্রকারে সেই ভগবান্ সন্ন্যাস এবং বিদেশে গমন করিলেন?' (২) পুরুষোত্তম দর্শনানন্তর সেই মনোজ্ঞ কৃপানিধান পুরাণপুরুষবর মুনিসঙ্ঘজুষ্ট 'কোন্

কোন্ তীর্থ গমন করিয়াছেন, তাহাও বল।' দ্বিজবরের কথায় বৈদ্য মুরারি বলিলেন—'শ্রবণ কর, তোমার নিকটে শ্রীহরির হৃদয়গ্রাহী কথাই বলিতেছি। (৩) এ বিষয়ে ভগবান্ আমাকে শীঘ্রই অতুলনীয়া শক্তি দান করুন, যাহাতে আমার বাক্য সুকৌশলে তাহা বর্ণনা করিতে পারে। যাঁহার অদ্ভুত সুন্দর বাণী শ্রুতিসুধাপূর্ণ, যাঁহার নামস্মরণরসে বিমুক্তিও বিবশ হয় অর্থাৎ দ্রবীভূত হয়, (৪) সেই নিত্যবিগ্রহ, অজ, অত্যুত্তম হেমবৎ গৌরবর্ণ, অমল পুরুষ চৈতন্যদেবকে ভজন করি। শুদ্ধমনাঃ ব্যক্তিগণ তাঁহারই পাদপদ্মনখরকান্তি দ্বারা আলোকিত চিত্তে শীঘ্রই (৫) ব্রহ্মস্বভাব ও ভগবদ্ভজনামৃত প্রভৃতি জানিতে পারেন। যাঁহার পাদপদ্মের মধু নিরন্তর পান করিয়া শ্রীশঙ্কর ভগবান্ও অনুরাগপূর্ণ হইয়াছিলেন—সেই দেবগণ-পরিবন্দিতচরণ মহাপ্রভুকে স্তব করিতেছি।' (৬) এইরূপে বৈদ্য মুরারিকে উপদেশ করিয়া নিজ মন্দিরে গমন করিলেন এবং নিজ ভক্তগণের সেবন-নিপুণতায় শান্ত ভাব ধারণ করত সর্বরসিক-মৌলি গৌরচন্দ্র মুগ্ধ হইয়াই যেন রাত্রি যাপন করিলেন। রাত্রিশেষে তিনি গাত্রোত্থানপূর্বক যাত্রা করিলেন। (৭) ভগবান্ সুরধুনী উত্তীর্ণ হইয়া চলিয়া গেলেন—দ্বিজবর্য্যমুখ্যগণ -বার্ত্তা জানিয়া ব্যথিতচিত্ত, অতুলনীয় বিক্লবগ্রস্ত হইলেন, সন্তপ্ত ও শোকাদিত হইয়া ক্রন্দন করিতে লাগিলেন, বিমনস্ক ও নিদারুণ ক্লেশাভিভূত হইলেন। (৮) সপ্তম দিবসে আচার্য্যরত্ন, গলিত স্বর্ণবৎ গৌরকান্তি, গুণাকর রত্নবর্য্য শ্রীচন্দ্রশেখর আসিয়া পরিনষ্টকান্তি সেই ভক্তগণের সহিত মিলিলেন—অহো! তাঁহার কান্তিতে চন্দ্রের পূর্ণ শোভাও নিন্দিত হইতেছিল। (৯) তাঁহারা তাঁহাকে পদ্মনয়ন গৌরের কথামৃত জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন—'হাঁ, সব বার্ত্তাই বলিতেছি।' তখন বিপ্রবর্য্যমুখ্য শ্রীচন্দ্রশেখর গদ্গদ বচনে সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে বলিতেছেন,—

(১০) পথে যাইতে থাকিলে সকল লোক প্রভুর বদন নিরীক্ষণ করিয়া সেই পুরুষপ্রবরের অঙ্গশোভা নেত্রচষকে পান করিতে লাগিল। পুনরায় তিনি সন্ন্যাস করিতে যাইতেছেন জানিয়া তাহারা আনন্দে তাঁহার পাদপদ্মযুগলে প্রণাম করিতে লাগিল। (১১) ভগবান্ মুকুন্দ প্রেমাশ্রুধারায় বক্ষঃ সিক্ত করিয়া পুলকব্যাপ্তদেহে তথায় নাচিতে লাগিলেন, আর আচার্য্যরত্ন প্রভৃতি মহত্তম ব্যক্তিগণ আনন্দে কৃষ্ণচরণ-কমল-সঙ্গীত গান করিলেন। (১২) সেই সময়ে কণ্টকনগরে ব্রাহ্মণ সজ্জনগণ, নারী, বালক, মহানন্দিত বৃদ্ধগণ এবং গৃহীত-হস্ত বধির, অন্ধ ও কুব্জ প্রভৃতিও সমাগত হইল। (১৩) কোন কোনও স্ত্রী কক্ষে পূর্ণকুম্ভ লইয়া দাঁড়াইয়া রহিয়াছে, কেহ বা কক্ষতটে পূজাসামগ্রী লইয়া আসিয়াছে, কোনও কোনও পূর্ণগর্ভা নারী আবার বয়স্যা কর্ত্তৃক ধৃতবাহু হইয়াই শীঘ্র সমাগত হইয়াছে। (১৪) তাঁহারা সকলেই সন্তপ্তহৃদয়ে গৌরাঙ্গের বদনপদ্মসুধা পান করিতে লাগিলেন। তরুণসূর্য্য-কিরণোদ্ভাসিত স্বর্ণপদ্মবৎ তাঁহাকে দেখিয়া অন্যান্য নারীগণ মহাবিস্মিতাই হইলেন। (১৫) তাঁহারা পরস্পর বলিলেন—'সমুদীয়মান চন্দ্রসদৃশ মুখকান্তিশীল অপূর্ব-দর্শন ইনি কাহার পুত্র হে! ইনি পৃথিবীর শুভ মঙ্গলের জন্য আবির্ভূত হইয়াছেন। ইঁহার মাতা বহু বহু পুণ্যে ইঁহাকে নিজ গর্ভে ধারণ করিয়াছেন!! (১৬) এই কল্যাণময় কুমারটি কান্তিদ্বারা কামদেবেরও জয় করিয়াছেন, বাক্যে বৃহস্পতিকে পরাভূত করিয়াছেন—কত কত সুকর্ম্মানুষ্ঠানে কোন্ ভাগ্যবতী ইঁহার পত্নী হইয়াছেন, আবার কোন্ কর্ম্মফলে তিনি এই প্রকটতর বিরহে অভিভূতা হইলেন!! (১৭) ইঁহার মাতা পুত্রের মুখ না দেখিয়া, বহু দুঃখে সন্তপ্ত হইয়া প্রাণহীন জীবন ধারণ করিবেন! যেরূপ কৃষ্ণ মথুরাদর্শনে গমন করিলে ব্রজবাসী সকলেই আর্ত্ত হইয়াছিলেন—এ স্থলে সেই অবস্থাই হইল বুঝি!!

(১৮) কোনও কোনও বিদুষী নারী স্পষ্টতঃই বলিলেন—'গোপীভাব-বিভাবিত ঐ নন্দনন্দনই স্বয়ং আবির্ভূত হইয়া এক্ষণে সন্ন্যাসবেশে নিজ কার্য্য সাধন করিবেন।' (১৯) এইরূপে পরস্পর কথাপ্রসঙ্গে অন্যান্য বহু সুন্দর উক্তিই হইতে চলিল। তাঁহারা পদ্মলোচন বিশ্বম্ভরের মুখকমল পান করিয়া স্বদেহাদি ভুলিয়া গেলেন ৷৷

ইতি **কণ্টকনগর-নাগরীবচন**নামক প্রথম সর্গ।

দ্বিতীয় সর্গ।

(১) নৃত্যাবসানে সেই ভগবান্‌ও হরিপ্রেমে ধৈর্য্য হারাইয়া রোদন করিতে লাগিলেন। তাঁহার এই অবস্থা দেখিয়া সমাগত জনমণ্ডলীও প্রেমধারায় অভিষিক্ত হইয়া রোদনপরায়ণ হইলেন। (২) তৎপরে হরি উত্থিত হইয়া সমাগত জনগণকে গদ্‌গদ বাক্যে বলিলেন—'হে মাতঃ! হে পিতঃ! এক্ষণে আমাকে এই শুভ আশীর্বাদ দাও, যেন আমার হরি-স্মৃতি হয়।' (৩) এই কথা শ্রবণে তাঁহারা লজ্জাকুলিত ও বিবসন হইয়া মহারোদন করিতে করিতে গমন করিলেন—শ্রীকৃষ্ণপ্রেমে তাঁহাদের দেহ পরিপূর্ণ হইল, তাঁহারা বিশুদ্ধ ভক্তিরসে ভরপূর হইলেন ৷৷ (৪) মহানুভাব ভগবান্ সেই গৌরচন্দ্র তাঁহাদিগকে নিজ দর্শনামৃতে সান্ত্বনা দিয়া, বৈষ্ণববর্য্যগণ সহ গুরু শ্রীকেশব ভারতীর আলয়ে গমন করিলেন। (৫) শ্রীগুরুর চরণযুগলে প্রণত হইয়া সেই করুণানিধি গৌরহরি সেই স্থানেই বাস করিলেন। 'শ্রীরাম, নারায়ণ' ইত্যাদি নামমঙ্গল ও (হরি)-গুণ গান করিতে করিতে তিনি প্রেমে ধৈর্য্যচ্যুত হইলেন। (৬) তার পরে অপরাহ্ণ সময়ে গৌরহরির আজ্ঞানুসারে বিধিজ্ঞ ভগবান্ আচার্য্যরত্ন শুদ্ধমনে বিধিবৎ কৃষ্ণপূজা করিলেন। (৭) অনন্তর জগদীশ্বর গুরুর হিতার্থে তাঁহার সমীপে গিয়া কর্ণকুহরে বলিলেন—'আমি স্বপ্নে যে

মন্ত্রবর প্রাপ্তি করিয়াছি, তাহা শ্রবণ করিয়া বলুন—উহা আপনার সম্মত কি না।' (৮) তখন তিনি কেশব ভারতীর কর্ণতটে তিন বার সেই বিশুদ্ধ সন্ন্যাসমন্ত্র বলিলেন। তৎশ্রবণে তিনিও বলিলেন—'অহো! ইহাই শ্রীহরির পরম পবিত্র সন্ন্যাসমন্ত্র!!' (৯) লোকৈকনাথ গুরু অব্যয়াত্মা সেই গৌরাঙ্গ প্রভু ছলে গুরুকে দীক্ষা দিয়া পুটাঞ্জলি হইয়া প্রার্থনা করিলেন—'হে গুরুদেব! এক্ষণে আমার বাঞ্ছিত সন্ন্যাস দান করুন।' (১০) তৎপরে মাঘ মাসের শেষ দিনে শুভ সংক্রান্তিতে রবিসংক্রমণক্ষণে বিধানবিৎ মহাত্মা শ্রীকেশব শ্রীগৌরহরিকে সন্ন্যাসমন্ত্র দান করিলেন। (১১) তার পরে রোমাঞ্চিতদেহ ও আনন্দাশ্রুধারায় প্লাবিতবক্ষ হইয়া স্বয়ং গৌরাঙ্গদেব সগদ্গদ বাক্যে বলিলেন—'আমার সন্ন্যাস হইল।' (১২) শ্রীহরিকে গমনোন্মুখ দেখিয়া গুরু স্বয়ং ত্বরা করিয়া তাঁহার হস্তে দণ্ড ও অরুণ বস্ত্র দান করিলেন এবং বলিলেন—'ওহে! এগুলি ধারণ কর।' গুরুর বাক্যশ্রবণে গুরুভক্তিলম্পট প্রভু তাহা গ্রহণ করিলেন। (১৩) গুরুর নির্দ্দেশে সম্মান করিয়া প্রভু সেই দিন তথায় বাস করিলেন। রাত্রিকালে সেখানে গুরুর সহিত প্রভু শীঘ্রই নৃত্যকীর্ত্তন করিতে প্রবৃত্ত হইলেন। (১৪) জগদ্গুরুর গুরু মহাসুখে কৃষ্ণের সহিত একত্র নাচিতে লাগিলেন। তখন নিজে আনন্দপূর্ণ হইয়া সেই মহাত্মা ব্রাহ্ম সুখও তুচ্ছতর বলিয়া মনে মনে গণনা করিলেন। (১৫) নৃত্যশেষে তিনি গৌরহরিকে বলিলেন—"এ স্থানে কেহ আমার হস্ত হইতে এই দণ্ড আকর্ষণ করিয়া ভুজদ্বয়ে আলিঙ্গনপূর্বক আমাকে বলিলেন যে, তুমি নিজে নৃত্য কর। (১৬) তার পর আমি আনন্দে পূর্ণ হইয়া মহাবিহ্বল-চিত্তে নৃত্যস্থলে প্রবেশ করতঃ নৃত্য করিয়াছি।" তাঁহার বাক্যে বৈষ্ণবগণ মহাবিস্মিত ও প্রেমভরে ধৈর্য্যহারা হইলেন। (১৭) গুরুর এই মহাসার্থক বাক্য শুনিয়া স্বাত্মারাম কল্যাণগুণাশ্রয় মহাত্মা স্বয়ং হরি

মহাহর্ষান্বিত এবং স্বজনগণ কর্ত্তৃক পরিবৃত হইয়া নৃত্য করিতে লাগিলেন। (১৮) সেই ভারতীও প্রেমপরিপূর্ণদেহে কমণ্ডলু ও দণ্ড দূরে নিক্ষেপ করিয়া সন্ন্যাসধর্ম্মের পবিত্রতার জন্য প্রভুর সহিত নাচিতে লাগিলেন। (১৯) দ্বিজাতিগণের আনন্দজনক স্বয়ং ভগবান্ কর্ত্তৃক অনুষ্ঠিত এই শুভ সন্ন্যাসের বৃত্তান্ত যিনি শ্রবণ করেন, তিনি বিমুক্ত হন অর্থাৎ স্বরূপ উপলব্ধি করেন এবং মনে যাহা যাহা অভিলাষ করেন, তৎসমস্তই লাভ করিবেন।

ইতি **সন্ন্যাসাশ্রমপাবন**নামক দ্বিতীয় সর্গ।

তৃতীয় সর্গ।

(১) অনন্তর গুরুর চরণ বন্দনা করিয়া, তাঁহার আজ্ঞা লইয়া মহাভুজ হরি গূঢ়ভাবে রাঢ়দেশে ভ্রমণ করিতে চলিলেন। (২) পথে যাইতে যাইতে অবধূত নিত্যানন্দের সহিত মুহুর্মুহুঃ কৃষ্ণকথা বলিতেছেন, নৃত্য করিতেছেন, আবার নিজভক্তিভাবিত হইয়া গানও করিতেছেন॥ (৩) নিজে নিজবিগ্রহ শ্রীকৃষ্ণের পদকমল ধ্যান করিতেছেন—নির্ঝর-ধারায় পর্বতশিখরবৎ তিনি প্রেমাশ্রুধারায় অভিষিক্তদেহ হইতেছেন। (৪) কখনও নয়নধারায় সর্ব্বাঙ্গ সিঞ্চিত হইতেছে, কখনও দেহে কম্প ও পুলকাবলি দৃষ্ট হইতেছে। কখনও বিহ্বল বা স্খলিত হইতেছেন, আবার কখনও দ্রুতগতি চলিতেছেন। (৫) কখনও মত্ত করিরাজবৎ যাইতেছেন, কখনও বা অনন্ত তেজে বৃদ্ধি পাইতে লাগিলেন। কখনও বা আদরপূর্ব্বক গোবিন্দ কৃষ্ণ কৃষ্ণ ইত্যাদি নামাবলি গান করিতেছেন। (৬) সেই দেশে হরিনাম না শুনিয়া প্রভু অতিশয় বিহ্বল হইলেন। "শীঘ্রই জলে প্রবেশ করিয়া আমি প্রাণত্যাগ করিব। (৭) এই ব্রাহ্মণকুলসেবিত দেশেও কেন হরিনাম শুনিতেছি না?" এই ভাবে মৃত্যু

নির্ধারিত করিয়া প্রভু জলের নিকট যাইতে যাইতে (৮) দেখিলেন, কতগুলি বালক গোচারণ করিতেছে। নিত্যানন্দ অবধূত তাহাদিগকে হরিকীর্ত্তন করিতে শিক্ষা দিলেন। (৯) তন্মধ্যে একটি উদারবুদ্ধি বালক অত্যুচ্চকণ্ঠে 'হরিবোল হরিবোল' বলিয়া পুনঃ পুনঃ আনন্দ করিতে লাগিল। (১০) নাম শুনিয়া আনন্দে প্রভু নিজদেহত্যাগের সংকল্প ত্যাগ করিলেন এবং সেই স্থলেই আর্ত্ত হইয়া উচ্চকণ্ঠে বিলাপ করিতে লাগিলেন ও বিহ্বল হইয়া ভূতলে নিপতিত হইলেন। (১১) তিনি অবধূত কর্ত্তৃক বৃন্দাবন-বার্ত্তায় পুনরায় সান্ত্বিত হইলেন। কি অদ্ভুত কথা! তার পর কিয়দ্দূর গিয়া মহামতি শ্রীনিকেতন প্রভু শিক্ষা দিলেন। (১২) তিনি আমাকে বলিলেন—'তুমি নবদ্বীপে যাও।' তার পরে আমি শোকদুঃখে কাতর হইয়া নবদ্বীপ যাত্রা করিলেই (১৩) আবার বলিলেন—"ভক্তগণের নিকট আমার 'নমো নারায়ণ' এই বাক্য বলিবে, তাহাতে আমার আনন্দ হইবে।" (১৪) শ্রীহরির সকল কথা-শ্রবণান্তে আমি গৌরাঙ্গে ন্যস্তজীবন হইয়া অবস্থান করিলাম। পরমার্ত্ত হইয়াও তাঁহার বাহ্য দশার নিভৃত পরমাদ্ভুত চেষ্টার কথা জ্ঞাত হইলাম। (১৫) তিনি গদ্‌গদ ভাবে শ্রীকৃষ্ণনামমঙ্গল গ্রহণ করিতেছেন। (১৬) কখনও হাসেন, কখনও স্খলিত হইতেছেন, কখনও কম্পিত হইতেছেন, কখনও গান করিতেছেন। কখনও রোদন, কখনও গমন, কখনও পতন, আবার কখনও বা মৃত্তিকায় শয়ন করিতেছেন!! (১৭) এই স্বাধীন স্বাত্মারাম প্রভু নিজজনগণকে শিক্ষাদানের জন্য কখনও গোপীভাবে, কখনও ভক্তভাবে, আবার কখনও বা ঈশ্বরভাবে বিরাজ করিতেছেন। (১৮) তৃতীয় দিন পর্য্যন্ত ইনি নিজ দেহ পর্য্যন্ত স্মরণ করিতে পারেন নাই। তখন আমি মহাভীত ও ব্যাকুল হইয়া 'কি করিব?' চিন্তা করিতে লাগিলাম। (১৯) তৎপরদিনে প্রভু নিজ দেহ স্মরণ করিলেন।

তার পরে আমি ন্যাসিচূড়ামণির আজ্ঞা পাইয়া নিজ গৃহে আসিলাম। (২০) আচার্য্যমন্দিরে শ্রীগৌরকৃষ্ণ আগামী পরশ্ব আগমন করিবেন। সেই স্থলেই আপনারা তাঁহাকে নিশ্চয়ই দর্শন পাইবেন। (২১) এই ভাবে আমি শ্রীহরিকীর্ত্তনাদি শ্রবণ করিয়াছি, ভগবানের অনুষ্ঠিত সর্বশুভ কার্য্য দেখিয়া এই সকল সুমঙ্গল ও জনগণের সর্বসুখপ্রদ হরিগুণ গান করিলাম।

ইতি **রাঢ়দেশভ্রমণ**নামক তৃতীয় সর্গ।

চতুর্থ সর্গ।

(১) আচার্য্যরত্ন হইতে এই সব বৃত্তান্ত শ্রবণ করিয়া, অদ্বৈত প্রভৃতি ব্রাহ্মণ সজ্জনগণ শ্রীগৌরাঙ্গের গুণাস্বাদে ধৈর্য্যবিহীন ও সুদুঃখিত হইয়া রোদন করিতে লাগিলেন। (২) এ দিকে ভক্তগণের আর্ত্তিনাশন জগদীশ্বরও অদ্বৈতাচার্য্যমন্দিরে যাইবার জন্য মনস্থ করিলেন। (৩) জনগণের মহা-নয়নোৎসব দান করত রাঢ়দেশে ভ্রমণ করিয়া তিনি অবধূত মহোদয়কে মধুর বাক্যে বলিলেন—(৪) জাহ্নবীতীরে মনোরম নবদ্বীপে তুমি গিয়া আমার নামে পরম ভক্তিসহকারে মাতাকে (৫) শ্রীকৃষ্ণচরিতকথাদি দ্বারা সান্ত্বনাদানে সুখী করতঃ তত্রত্য শ্রীবাসাদি আমার প্রিয় বৈষ্ণবদিগকে (৬) আচার্য্যগৃহে সমানয়ন কর, আমিও তত ক্ষণে আচার্য্যমন্দিরে উপস্থিত হইব। জগদীশের আদেশ পাইয়া অবধূত আনন্দে নবদ্বীপ চলিলেন। (৭) শ্রীধাম নবদ্বীপে শ্রীবাসের শুভ আশ্রয়ে তিনি প্রভুর আদেশ জানাইয়া শ্রীবাসাদিকে সঙ্গে লইয়া (৮) শ্রীশচীমাতার চরণে নমস্কারপূর্বক কৃতাঞ্জলি হইয়া দয়ানিধি নিত্যানন্দ ভক্তিভরে তাঁহাকে সান্ত্বনা দিলেন। (৯) শচীমাতা অন্নব্যঞ্জনাদি রন্ধন করিলে তিনি তাহা ভোজন করত সেই দিন সে স্থানে অবস্থান করিলেন এবং পরদিনে মহামনাঃ নিত্যানন্দ সেই সকল ব্রাহ্মণ, শূদ্র ও বৈশ্যাদির সহিত (১০) আনন্দে সত্বর অদ্বৈত-মন্দিরে

গমন করিলেন। পুত্রকে পুরুষোত্তম মনে করিয়া শচীও পরম প্রীতি সহকারে (১১) সেই অদ্বৈত-গৃহে সত্বর গমন করিলেন। তাঁহারা সকলে সেই দিন (১২) শিবাংশ মহাত্মা অদ্বৈতের গৃহে মহাপবিত্র অন্ন ভোজন করিয়া অবস্থান করিলেন। তার পরদিনে ফুলিয়া গ্রাম হইতে প্রভু আগমন করিলে (১৩) সকলেই আনন্দমনে মঙ্গলমহোৎসব করিতে গমন করিলেন; তাঁহারা অশ্রু-কম্প-পুলকাদি সাত্ত্বিক ভাবভূষণে ভূষিত ও পরম বিহ্বল হইলেন। (১৪) একে তপ্তকাঞ্চনবর্ণ, তাহাতে আবার দণ্ড ধারণ করিয়া রক্তবস্ত্রে দেহ পরিবেষ্টন করিয়াছেন। গৈরিক-(গিরিধাতু)যুক্ত সুমেরুশৃঙ্গের ন্যায় গৌরহরি কান্তিমালা বিস্তার করিতে লাগিলেন। (১৫) মহান্ত হরিভক্তগণ তাঁহার মনোহর বদন-কমল দেখিয়া নিজ প্রাণসদৃশ মনে করিযা, শীঘ্র চরণে পতিত হইয়া দণ্ডবৎ প্রণাম করিলেন এবং আনন্দ লাভ করিলেন। (১৬) অবিরল অশ্রুধারাপাতে তাঁহাদের দেহ আপ্লুত হইল, মুখে হর্ষগদ্‌গদ বাণী, অঙ্গে পুলকাবলি ধারণ করিযাছে দেখিয়া কৃপানিধি ভগবান্ তাঁহাদিগকে দর্শনবৃষ্টি দ্বারা অলঙ্কৃতদেহ করিলেন। (১৭) মৃদু-মধুর-হাস্যশোভিত-বদনপদ্ম প্রভু তাঁহাদিগকে স্পর্শে আনন্দিত, হাস্যে, ভাষণে এবং দৃঢ় হস্ত-গ্রহণে পূর্ণমনোরথ করিলেন। (১৮) তাঁহারা হৃষ্টমনে পুলকব্যাপ্তকলেবরে পরম সুখ লাভ করিলেন। দেবসমূহ-সহিত সুরেশ্বরের ন্যায় সেই ভগবান্‌ও সহসাই সমাগত হইলেন। (১৯) পাদপদ্মের বিজয়ে অদ্বৈত আচার্য্যবর্য্যের মন্দির মহাদীপ্তিমান্ হইল। সুন্দর আসনে সমুপবেশন করিয়া প্রভু সূর্য্যবৎ বিরাজমান হইলেন। (২০) বদরিকাশ্রমে ঋষি-সমাজে নারায়ণের ন্যায় তিনিও ভক্তগোষ্ঠীতে গদ্‌গদবাক্যে হরিকথা বলিতে লাগিলেন, নয়নজলে তাঁহার সর্বাঙ্গ সংব্যাপ্ত হইল। (২১) শ্রীশচীদেবীকে প্রণাম করিয়া করুণাময় প্রভু সাদরে বলিলেন—'মা, আমি

সতত তোমারই সন্নিধানে থাকিব।' (২২) ভক্ত জনের অভীষ্টদ যজ্ঞভোক্তা প্রাণনাথ ভক্তবর্গ সমভিব্যাহারে অদ্বৈতাচার্য্যবর্য্য কর্তৃক প্রদত্ত চতুর্বিধ অন্ন (চর্ব্য, চোষ্য, লেহ্য ও পেয়) আস্বাদন করিলেন। (২৩) অদ্বৈতভবনে শয়ন করিয়া রজনীর চরম যামে গাত্রোত্থান করিয়া স্বজনগণ সহ মধুর স্বরে কৃষ্ণনাম গান করিয়া করিয়া নৃত্য করিলেন। (২৪) তৎপরদিন বিমল প্রভাতে শ্রীবাসাদি ব্রাহ্মণবর্য্যগণকে মধুর বাক্যে তিনি নিজ নিজ আশ্রমে যাইবার জন্য আজ্ঞা দিলেন। (২৫) 'আমি দেবদেবেশ পুরুষোত্তম-দর্শনে যাইব, সার্বভৌমনামক ব্রাহ্মণবরের সহিত সেই হরিকে দর্শন করিব। (২৬) তোমরা এ স্থানে মাৎসর্য্যশূন্য হইয়া নিত্যই হরিকীর্ত্তন করিবে, বিশেষতঃ হরিবাসরে জাগরণ, নৃত্য-গীতাদি অবশ্যই করিবে।' (২৭) এইরূপে তাঁহাদের সকলকে বিদায় দিয়া, অগ্রবর্ত্তী অদ্বৈতাচার্য্যকে বাহুযুগলে আলিঙ্গন করিয়া প্রেমাশ্রুলোচনে প্রভু যাত্রা করিলেন। (২৮) তখন দন্তে তৃণ ধারণপূর্বক শ্রীহরিদাস ঠাকুর জগদীশ্বরের পাদমূলে দণ্ডবৎ নিপতিত হইলেন। (২৯) তাঁহার অবস্থা দেখিয়া নাথ ব্যথিত ও অশ্রুসিক্তনয়নে তাঁহাকে বলিলেন—'এইরূপে আমিও জগন্নাথ-পাদপদ্মে (৩০) নিপতিত হইয়া নিবেদন করিব—যাহাতে তোমার প্রতি শ্রীহরির নিশ্চিত কৃপা হয়।' এই বলিয়া তিনি তাঁহাকে পুনরায় আলিঙ্গন করিয়া (৩১) প্রীতিভরে বিদায় দিলেন। তখন দ্বিজবর্য্য শ্রীমদদ্বৈতাচার্য্যবর্য্য জগদ্‌গুরু ভগবান্‌কে বলিলেন—(৩২) 'হে নাথ! তোমার গমনের কথা শুনিয়াও আমার কেন প্রেম হইতেছে না? তোমার এই কোন্ কৃপা?' তখন প্রভু তাঁহাকে বলিলেন—(৩৩) 'তোমার যদি প্রেমই হইবে, তবে আমি আর কি প্রকারে যাইতে পারি বল দেখি!' এই বলিয়া তাঁহাকে সুদৃঢ় আলিঙ্গন করতঃ মহাস্নিগ্ধ অনুচর (৩৪) গদাধরাদি ব্রাহ্মণগণ সহ গমন করিতে থাকিলে গোপীনাথাচার্য্যমুখ্য

দ্বিজোত্তম শ্রীহরিকে প্রীতিভরে নিবেদন করিলেন—(৩৫) 'হে ভগবন্! হে কামদ! তোমার দেহ দেখিতে আমার ইচ্ছা হয়।' এই কথা শুনিয়া তিনি তাঁহার গাত্রবসন দূর করিলেন। (৩৬) তখন মেঘাত্যয়ে মেরুশৃঙ্গ যেরূপ চন্দ্রকিরণে সমুদ্ভাসিত হয়, তদ্রূপ তাঁহার অনাবৃত দেহলতাও গলিতস্বর্ণবৎ কান্তিরাশি বিস্তারিত করিল। (৩৭) সেই দ্বিজবর প্রভুর এই মূর্ত্তি দর্শন, সকল বার্ত্তা শ্রবণ এবং তাঁহার চরণে নমস্কার করিয়া চলিয়া গেলেন। আর ভগবান্‌ও সংহৃষ্ট হইয়া পুরুষোত্তম যাত্রা করিলেন। (৩৮) শ্রীহরির এই কীর্ত্তি ও পুরুষোত্তম-যাত্রা প্রসঙ্গ শ্রবণ করিলে মানব গৌরপাদপদ্মে পরম প্রেমানন্দ লাভ করে। (৩৯) এই প্রসঙ্গ নিত্য পাঠ করিলে মনুষ্য পুরুষোত্তমদেবের দর্শনজনিত সম্যক্ ফল লাভ করিতে পারেন।

ইতি **শ্রীঅদ্বৈতমন্দিরবিহার**-নামক চতুর্থ সর্গ।

পঞ্চম সর্গ।

(১) অনন্তর ভগবান্ প্রভু, মুকুন্দ ও গদাধরাদি ব্রাহ্মণ সজ্জনগণের সঙ্গে যাত্রা করিলেন। নিত্যানন্দকে অগ্রে করিয়া গমনকালে মনে হইল, যেন চন্দ্রমা শুক্রাচার্য্যের সহিত বিজয় করিয়াছেন। (২) পথে কখনও কৃষ্ণনামগুণ গান করিতেছেন, কখনও অসংবদ্ধ বাক্য উচ্চারণ করেন, কখনও দ্রুতগতি, আবার কখনও ধীরে চলিয়াছেন—কখনও বা প্রেমে ধৈর্য্যশূন্য হইয়া স্খলিতপদে চলিয়াছেন। (৩) সায়ংকালে যদি কখনও ভক্ষ্য দ্রব্য উপস্থিত হয়, তবে হরি যথাবিধি সেই অন্ন ভোজন করেন। রাত্রিকালে প্রভু মহাজনদিগের সুখের জন্য ধৈর্য্য হারাইয়া গান এবং রোদন করেন। (৪) স্বয়ং ভগবান্ এই একটি শ্লোক পাঠ করিতেন—তাহা শ্রবণ কর। ইহার শ্রবণে তাঁহার

চরণ-কমলে সুদৃঢ়া রতি হয়। (৫) 'রাম রাঘব রাম রাঘব রাম রাঘব পাহি মাম্। কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব ত্রাহি মাম্॥' (৬) অব্যয়, লোকপালক, তত্ত্ববিৎশিরোমণি প্রভু লোকশিক্ষার জন্য এই পদটি সুমিষ্ট স্বরে গান করিয়া হাসিতে লাগিলেন। (৭) ভিক্ষুক পথিক দেখিয়া এক স্থানে দানী আসিয়া তাঁহাদিগকে ডাকাইয়া স্বয়ংই ক্লান্ত হইয়া নিবৃত্ত হইল। (৮) অন্য এক সময়ে আবার অন্য দানী দান চাহিয়া যাত্রিকগণ-পরিবেষ্টিত জগদ্গুরুকে নিবারণ করিলেন। (৯) ভগবান্ তাঁহাকে হাতের ইঙ্গিতে বলিলেন—'তুমি দূরে থাক।' তখন সেই দানীও চলিয়া গেল। মহাপ্রভু আনন্দিতমনে আবার চলিলেন। (১০) জগদ্গুরু নিজ দণ্ড অবধূত-হস্তে দিয়া অগ্রে চলিতে লাগিলেন আর পশ্চাৎ পশ্চাৎ নিত্যানন্দ ধীরগতিতে চলিলেন। (১১) ব্যথিতচিত্তে সেই উদারমতি নিত্যানন্দ চিন্তা করিলেন—'আমার বিদ্যমানেও এই প্রভু দণ্ডধারী হইয়াছেন!! (১২) সাক্ষাতে দেখা যাইতেছে যে, ইনিই জাজ্বল্যমান শ্রীভগবান্ শঙ্খচক্রগদাপদ্মধারী শ্রীনিকেতন। (১৩) হরি হইয়াও ইনি লৌকিক চেষ্টায় ন্যাসদণ্ডধর হইয়াছেন!! ইনিই ত পূর্বে জগন্মোহনরূপে মুরলী বাদন করিয়াছেন!! (১৪) এবং ইনিই ত রাধা-রসলম্পট!!' কত ক্ষণ পরে নিত্যানন্দ শ্রীগৌরের সন্নিধানে গেলেন; তাঁহাকে দেখিয়া ভগবান্ বলিলেন,—'শীঘ্রই আমার দণ্ড আমাকে দাও।' (১৫) তখন ইনি ভয়ে ভয়ে বলিলেন—'দৈবাৎ ভূমিতে আমি পদস্খলিত হইলে তোমার দণ্ডটি ভাঙ্গিয়াছে।' (১৬) ইহাতে ভগবান্ কোপ করিয়া অবধূতকে বলিলেন—'আমার দণ্ডে শিবাদি দেবগণ শক্তি সহ সংস্থিত আছেন। (১৭) তাঁহাদিগকে পীড়া দিয়া তুমি আমার দণ্ড ভগ্ন করিয়াছ। দেবপীড়া করিলে কি গুরুতর দোষ হয়, তাহাও কি তোমার জ্ঞান নাই?' (১৮) তাহা শুনিয়া নিত্যানন্দ বলিলেন—'আমি ত

তাঁহাদের হিতই করিয়াছি।' তার পরে ক্ষণকাল মধ্যে ভগবান্ কোপ ত্যাগ করত বলিলেন—(১৯) 'শ্রীজগন্নাথে গিয়া শ্রীপুরুষোত্তম দর্শনের পর কয়েক মাস অবস্থান করিয়া শ্রীচক্রধরের পার্শ্বে (২০) আমি দণ্ড ত্যাগ করিব, এই প্রকার মনস্থ করিয়াছিলাম। তুমি উন্মত্ত হইয়া উহা পৃথিবীতে ভাঙ্গিয়া ফেলিয়াছ; আমি আর কি করিব?' (২১) এই বলিয়া প্রভু তাঁহাকে ক্রোড়ে লইয়া মধুর স্বরে বলিলেন—'তুমি সর্বদা আমার অভিপ্রেত কার্য্যই অনুষ্ঠান করিও।'

ইতি **দণ্ডভঞ্জন**নামক পঞ্চম সর্গ।

ষষ্ঠ সর্গ।

(১) এই বলিয়া মহাপ্রভু হরিকীর্ত্তন-তৎপর হইয়া যাত্রা করিলেন। পথের নিকটবর্ত্তী দেবতাসমূহকে যথাবিধি দর্শন, নমস্কার ও স্তব করিতে লাগিলেন। (২) মহাপুণ্য হরিক্ষেত্র তমোলিপ্তের (তমোলুকের) ব্রহ্মকুণ্ডে জগদ্গুরু স্নান করত মধুসূদন দর্শন করিলেন। (৩) তার পর কতিপয় দিন মধ্যেই ভগবান্ প্রভু রেমুণা মহাপুরীতে গোপালদেবের দর্শনার্থে গমন করিলেন। (৪) প্রাচীন কালে ঐ হরিমূর্ত্তিটি উদ্ধব কর্তৃক বারাণসীধামে স্থাপিত ও পূজিত হইয়াছিলেন। জনৈক ব্রাহ্মণকে অনুগ্রহ করিবার জন্য তিনি ঐ রেমুণায় গিয়া অবস্থান করিতেছেন। (৫) কেহ কেহ এই কৃপানিধি হরিকে 'গোপীনাথ' বলিয়া থাকেন। ইনি ভক্তের জন্য ক্ষীরচৌর্য্যাদি লীলাও করিয়াছিলেন। (৬) ভক্তবাক্যানুগত হরি—এ কথা এ স্থলেই সর্বথা প্রমাণীকৃত হইয়াছে। ভগবান্ প্রাকৃত লোকের ন্যায় সেই স্থলে গিয়া গোপীনাথের দর্শন করিলেন। (৭) ভূমিতলে দণ্ডবৎ নিপতিত হইয়া সেই সুরেশ্বরকে প্রণাম করতঃ করুণা-পূর্ণমুখচন্দ্র পদ্মপলাশ-লোচন গৌরাঙ্গ নিজ জনগণ সহ কীর্ত্তন ও নর্ত্তন

করিলেন। (৮) সেই সময়েই গোপীনাথের শ্রীবিগ্রহের মস্তকস্থ মুকুট খসিয়া পড়িল দেখিয়া এই শচীসুত করপদ্মযুগলে তাহা ধারণ করিলেন। (৯) এই প্রসাদ লাভ করিয়া তিনি নিজ মস্তকে ধারণপূর্বক আনন্দিতচিত্তে বিরাজ করিলেন। সুরেশ গোপীনাথের এই অদ্ভুত মূর্তির দর্শনে প্রভু নতশিরে ও বিনয়ভরে ঐ ক্ষেত্রে মহানন্দ করিতে লাগিলেন। (১০) সেই মন্দিরে সন্ন্যাসি-চূড়ামণি চন্দ্রকান্তি মহাত্মা দিনান্ত পর্য্যন্ত নৃত্যই করিলেন এবং সন্ধ্যাকালে বিশ্রাম করিলেন। (১১) তত্রত্য লোকসমূহ তাঁহাকে দেখিয়া আনন্দিত হইয়া মুহুর্মুহু তাঁহাকে প্রশংসা করিতেছিল। সেই স্থলে ঐ ন্যাসিমণিও ভক্ষ্য অন্নাদি ভোজন করিয়া রাত্রি যাপন করিলেন। (১২) প্রাতঃকালে পদ্মবদন কম্বুকণ্ঠ প্রভু বহু দেশ ও নগর লঙ্ঘন করত যথাসময়ে বেগবতী গঙ্গার নির্ঝর হইতে প্রবাহিতা সেই (১৩) উত্তম বৈতরণী নদী দর্শন করিলেন। এই যম-বৈতরণী নদী দর্শন করিলে জনগণের সর্বপাতকরাশি কদাচিৎ দেখা যায় অর্থাৎ প্রায়শঃই নষ্ট হয়। আর তাহাতে স্নান করিলে কি হয়, তাহা ত বলাই যায় না! (১৪) প্রভু এই বৈতরণীতে বিধিমত স্নান করিয়া মহাশূকরমূর্ত্তি দর্শন করিলেন—মনুষ্যগণ এই মূর্ত্তি দর্শন করিয়া নিজ ৭৭ কুলকে স্বর্গে গমন করাইতে পারে। (১৫) তৎপরে প্রভু আনন্দিতমনে ব্রাহ্মণপ্রধান যাজপুর নগরীতে গমন করিলেন—এ স্থানে ব্রহ্মা যজ্ঞ করিয়া বিপ্রবর্য্যকে একটি গ্রামের শাসন (ভূমি) দান করিয়াছিলেন। (১৬) এ স্থানে মরিলে পাপিসকলও শিবরূপ ধারণ করে। এই স্থানে শত শত শিবলিঙ্গ দর্শন করিয়া প্রভু বিনতমস্তকে দণ্ডবৎ করিলেন। (১৭) তৎপরে করুণানিধি ভগবান্ বিরজাদেবীর মুখপদ্ম দর্শনের ইচ্ছায় গমন করিলেন। ইঁহাকে দর্শন করিলে জগতের কোটি কোটি জন্মের নিখিল পাপই সদ্য নষ্ট হয়। (১৮) ইঁহাকে দর্শন ও প্রণাম করিয়া জগদীশ্বর

অতুলনীয়া প্রেমভক্তি প্রার্থনা করিলেন। তৎপরে পদ্মবদন মহাপ্রভু নাভিগয়া নামক পিতৃতীর্থে আগমন করিলেন। (১৯) বিধানবিৎ দ্বিজবর্য্য প্রভু শীঘ্রই ব্রহ্মকুণ্ডজলে স্নান করিয়াছিলেন—এ স্থলে যজ্ঞবরাহ-মূর্ত্তি দর্শনে জগদ্বাসী নরনারীর সুখ হইয়াছিল। (২০) মহানুভাব ভগবান্ সেই নগরী এবং ভূতেশ্বরমূর্ত্তির দর্শন করিয়া করিয়া ভ্রমণ করিলেন। উহা সদাশিবরাজধানী বারাণসীর ন্যায় এবং ইহাতে ত্রিলোচন প্রভৃতি কোটি কোটি শিবলিঙ্গ বিরাজ করেন। (২১) মানব শ্রীহরির এই সকল পাপনাশন পুণ্যকথা শ্রবণে অনন্ত সুখ লাভ করে এবং সমগ্র তীর্থ পর্য্যটনের ও পিতৃতীর্থে সর্বযজ্ঞক্রিয়াদির ফল লাভে অশেষগুণমণ্ডিত হইতে পারে।

ইতি **দক্ষিণদেশ ভ্রমণ** নামক ষষ্ঠ সর্গ।

সপ্তম সর্গ।

(১) তৎপরে মুকুন্দ দত্ত ঈশ্বরকে ভক্তিভরে প্রণাম করিয়া প্রফুল্লবদনে সহর্ষে মহাপ্রভুকে বলিলেন— (২) 'হে ভগবন্! এই স্থানে বিন্দুমাত্রও আর দানীর ভয় নাই। এখানকার যত দুর্দান্ত লোক আছে, সকলকেই আমি জানি।' (৩) তাঁহার কথায় ভগবান্ মৃদুমধুর-হাস্যশোভিত-বদনে বলিলেন—'এই পর্য্যন্ত আমাদের যে ভয় ছিল, তাহা ত আপনিই রক্ষা করিয়াছেন!' (৪) এই বলিয়া ন্যাসিচূড়ামণি গৌরকৃষ্ণ লক্ষ্মীকান্ত হইয়াও লোকশিক্ষা দেওয়ার জন্য ভিক্ষা করিতে যাত্রা করিলেন। (৫) সর্বশক্তিসমন্বিত নিত্যানন্দ অবধূত, শ্রীমদ্‌গদাধর ও মুকুন্দাদি সজ্জনগণ ভিক্ষাটনে বাহির হইলেন। (৬) এ স্থানের দানী তাঁহাদিগকে ছাড়িলেন না। ক্রোধে মুকুন্দকে বাঁধিয়া সারা দিন অবরোধ করিয়া (৭) সায়ংকালে একখানা উত্তম কম্বল লইয়া তাঁহাদের সকলকে মুক্তি দিলে, তাঁহারা বিমনস্ক হইয়া যথাস্থানে গমন করিলেন। (৮) তাঁহারা ব্রাহ্মণদের

নিকট গিয়া ভিক্ষা করিয়া ভোজন করিলেন। স্বয়ং প্রভু মহাতেজাঃ নিত্যানন্দকে কে বুঝিতে পারে? (৯) তৎপরে তাঁহারা ব্রাহ্মণাশ্রমের মণ্ডপে শয়ন জন্য গমন করিলেন। উদারমতি নিত্যানন্দ হাসিতে হাসিতে বন্ধনমুক্ত হইয়াই সেই স্থানে উপস্থিত হইলেন। (১০) ভগবান্‌ও ভিক্ষা করিয়া সেই স্থানে স্বয়ং উপনীত হইলেন; তাঁহাকে দেখিয়া নিত্যানন্দ, দানিগণ কর্তৃক যাহা যাহা সংঘটিত হইয়াছে, তাহা তাহাই নিবেদন করিলেন। (১১) এই কথা শুনিয়া ভগবান্ 'আচ্ছা, ভালই হইবে' এই কথা বলিয়া রাজার নিকট নিজ শক্তি সত্বর প্রেরণ করিলেন। (১২) সেই ক্ষণে তত্রত্য দানীশ্বর আসিয়া প্রভুর চরণে উপস্থিত হইয়া প্রণাম করিলে মুকুন্দাদি মহাজনগণ সকল কথা নিবেদন করিলেন। (১৩) দানীশ বলিলেন—'ইহার জন্য দণ্ডবাটস্থিত সেই সব দুষ্টগণকে এমন প্রহার করিব, যাহাতে তাহারা আর এইরূপ অত্যাচার না করে।' (১৪) ভৃত্য-গণের আচরণ শুনিয়া সেই দানিরাজ দুঃখিত হইলেন এবং বহুমূল্য নূতন কম্বল আনিয়া দিলেন। (১৫) এই কথা বলিয়া মহাপ্রভুকে প্রণাম করিয়া সেই দানীশ নিজের ঐশ্বর্য্যযুক্ত গৃহে গমন করিলেন এবং সর্বত্যাগী হইয়া শুদ্ধচিত্তে শ্রীগৌরাঙ্গপাদপদ্মই চিন্তা করিতে লাগিলেন। (১৬) এইরূপে তাঁহাদের অভিমান নাশ করত সুখে শয়ন করিয়া রাত্রি যাপন করিলেন এবং প্রাতঃকালে শীঘ্রই গাত্রোত্থানপূর্বক মহাপ্রভু (১৭) সর্ব-লোকৈকপাবনী বিরজা দেবীর দর্শনে গমন করিলেন—যাঁহার শ্রদ্ধাভক্তি-সংস্কৃত দর্শনে মানব ভববন্ধন হইতে মুক্ত হয়। (১৮) মানব ভগবদ্দর্শনে যেরূপ ফল প্রাপ্তি করে, বিরজামুখদর্শনেও সেই ফলই লাভ করে। (১৯) এই ক্ষেত্রে সাক্ষাৎ দেব ত্রিলোচন ভগবান্ বিরাজমান। কাশী বা বিরজায় মৃত্যু মোক্ষদায়ক। (২০) বারাণসীতে মৃত ব্যক্তির প্রতি শঙ্কর যেরূপ প্রীতি লাভ করেন, বিরজাক্ষেত্রে মৃত্যু হইলে তাহা হইতেও

অধিকতর সন্তুষ্ট হইয়া থাকেন। (২১) তাঁহাকে দর্শন করিয়া সর্বলোকৈক-পাবন কৃষ্ণ কৃষ্ণসংকীর্ত্তন করিয়া করিয়া ভক্তবর্গ সহিত যাত্রা করিলেন।

ইতি শ্রীবিরজাদর্শননামক সপ্তম সর্গ।

অষ্টম সর্গ।

(১) তৎপরে প্রভু সিংহবিক্রমে একাম্রনামক গিরিরাজশিখরে গমন করিলেন—তাহাতে নিখিল লোকপালগণ সহ গিরিজা (পার্বতী) ও মহাদেব বিরাজ করেন। (২) তিনি তথায় নিখিলশোভাসমৃদ্ধিশীল, চঞ্চলপতাকাযুক্ত, সুধালিপ্ত মহাশৃঙ্গশোভিত উন্নত ও সুন্দরতোরণাঢ্য মহাশিবালয় দ্বিতীয় কৈলাসপর্বতবৎ দেখিতে পাইলেন। (৩) শূলযুক্ত বিচিত্রচূড়াশোভিত শিবালয় দর্শন করিয়া প্রভু ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন। ঐ মন্দিরটি পতাকাদ্বারা সুরধুনীর বিবিধ ভঙ্গী ধারণপূর্বকই যেন অবলীলাক্রমে মস্তক উন্নত করিয়া দণ্ডায়মান রহিয়াছে। (৪) তৎপরে মহাপ্রভু পরমানন্দে ত্রিপুরারির পুরীমধ্যে ঈশ্বরদর্শনাবেশে গমন করিলেন—ঐ স্থানে বিশ্বেশ্বরাদি কোটি শিবলিঙ্গ এবং বহু পুণ্যতীর্থ বিরাজমান আছেন। (৫) উহাতে অত্যুত্তম তোরণযুক্ত কোটি কোটি প্রাসাদ বর্ত্তমান, উহাদের চূড়ায় পতাকারূপে বস্ত্রসমূহ বিরাজমান। তত্রত্য মনুষ্যগণ বিবিধ ভূষণে ভূষিত ও মনোজ্ঞ গন্ধে চর্চ্চিতদেহ হইয়া ইন্দ্রপদের আকাঙ্ক্ষা করে। (৬) মণিকর্ণিকাদি কোটি তীর্থ তথায় বিদ্যমান। তাহাতে দেহত্যাগকারিগণ শীঘ্রই ভক্তি (বা মোক্ষ) লাভ করে, যাহা যোগিগণ উগ্র তপস্যা করিয়া চারি যুগ পরে লাভ করেন। (৭) দেবদেব সমস্ত তীর্থ হইতে বিন্দু বিন্দু জল আনিয়া এ স্থানে মহা-বিন্দু-সরোবরনামক এক কুণ্ড নির্মাণ করিয়াছেন—উহাতে স্নান করিলে বিশুদ্ধ পদই লাভ হয়। (৮) বরেণ্য, বিশুদ্ধবিক্রম মহেশ্বর সতত কাশী

ত্যাগ করিয়া এ স্থানে বাস করিতে অভিলাষী হইয়া, নিখিল পুণ্যতীর্থ-সমূহকে আহ্বান করিয়া এই ক্ষেত্রবরেই স্থাপনা করিয়াছেন। (৯) সেই কৃত্তিবাস দেববর স্বয়ং লিঙ্গরূপী হইয়া এবং ঈশ্বরীও তথায় বাস করিতেছেন। স্বয়ং নিখিল দিব্য দিব্য ভোগরাজি উপভোগ করিতেছেন এবং তিনি যতীন্দ্রগণ-কর্ত্তৃক সর্বদাই পূজোপাসিত হইতেছেন। (১০) সুগন্ধ মাল্য এবং অত্যুত্তম কর্পূরবর্ত্তিকাযুক্ত দীপমালাদ্বারা তিনি সংভূষিত হইয়াছেন। মৃদঙ্গশব্দ ও শঙ্খধ্বনি ও নৃত্যপরা দেবীগণ তথায় সদাকাল বিদ্যমান। (১১) পরমেশ্বর হরি চন্দ্রবৎ ধবল পুরারির মন্দিরে ভৃত্যগণ সহ প্রবেশ করিলেন, যেরূপ কৃষ্ণপাদপদ্মভৃঙ্গ ব্রহ্মা মহেন্দ্রের মহোৎসবপূর্ণ গৃহে প্রবেশ করিয়াছিলেন। (১২) প্রভু নিজ নিবাসদেহ কৃত্তিবাসকে দণ্ডবৎ প্রণাম করিলেন এবং সেই চক্রী প্রফুল্লিতকলেবরে গদ্গদবাক্যে মহাদেবের স্তব করিলেন। (১৩) "হে ত্রিদশেশ্বর! হে ভূতাদিনাথ! হে মৃড়! তোমাকে আমি নিত্য প্রণাম করিতেছি। গঙ্গাতরঙ্গে উত্থিত তরুণ চন্দ্রকে তুমি চূড়ারূপে গ্রহণ করিয়াছ। তুমি গৌরীর নয়নানন্দদায়ক। তোমার চরণে নমস্কার। (১৪) গলিত কাঞ্চন, চন্দ্র, নীল পদ্ম, প্রবাল ও মেঘশ্যামল বসনাদি ধারণ করিয়া যিনি সুন্দর নৃত্যভঙ্গী সহকারে ভক্তগণের ইষ্ট বর প্রদান করেন, সেই কৈবল্যনাথ, বৃষধ্বজ শিবকে প্রণাম করি। (১৫) যিনি চন্দ্র, সূর্য্য ও অগ্নিস্বরূপ লোচনত্রয়দ্বারা জগতের নিখিল অন্ধকার নাশ করেন, সহস্র চন্দ্রমা ও সহস্রসূর্য্যবিজয়ী তেজোমালাধারণকারী সেই শিবের চরণে আমার নমস্কার। (১৬) যিনি অনন্ত নাগের রত্নদ্বারা উজ্জ্বল বিগ্রহ ধারণ করিয়াছেন—ব্যাঘ্রচর্মাম্বর ধারণে যাঁহার দিব্য জ্যোতিঃ বিকিরণ হইতেছে—পদ্মের উপরে বিরাজমান হইয়া যিনি ভুজদ্বয়ে অত্যুত্তম অঙ্গদ পরিধান করিয়াছেন—সেই শিবকে নমস্কার। (১৭)

সুন্দর নূপুরে রঞ্জিত পাদপদ্ম হইতে ক্ষরণশীল সুধাদ্বারা যিনি ভৃত্যগণকে সুখ প্রদান করেন, বিচিত্র রত্নমালায় যিনি বিভূষিত হইয়াছেন, তাঁহাকে নমস্কার। হে শিব! অদ্য আমাকে শ্রীহরিতে প্রেমই দান কর। (১৮) তুমি শ্রীরাম, গোবিন্দ, মুকুন্দ, শৌরে, শ্রীকৃষ্ণ, নারায়ণ, বাসুদেব ইত্যাদি নামামৃত পানের মত্ত মধুকররাজ এবং নিখিলদুঃখনাশন—তোমাকে নমস্কার। (১৯) শ্রীনারদাদি মহর্ষিগণ কর্ত্তৃক সর্বদাই তুমি সুগুপ্ত বিষয় জিজ্ঞাসিত হইয়া থাক, তুমি শীঘ্রই বর প্রদান কর, তাঁহাদিগকে তুমি হরিভক্তি ও আনন্দ প্রদান কর। হে সর্বগুরু শিব! তোমাকে নমস্কার করি। (২০) তুমি শ্রীগৌরীর নেত্রোৎসবমঙ্গল দান কর, তাঁহার প্রাণনাথ ও রসপ্রদ তুমি। সদাকাল সমুৎকণ্ঠচিত্তে গোবিন্দলীলা গানে তুমি প্রবীণ হইয়াছ, তোমাকে নমস্কার করি।" (২১) এই মহাদ্ভুত শিবাষ্টক শ্রবণ করিলে শীঘ্রই হরিপ্রেম লাভ করিতে পারা যায়। আর যিনি ভাবপূর্ণ হইয়া পরম সমাদরে শ্রবণ করেন, তিনি জ্ঞান, বিজ্ঞান ও অপূর্ব বৈভব লাভ করেন। (২২) অত্যুত্তমাঙ্গ মহাপ্রভু এইরূপে স্তব করিতে থাকিলে উৎসুক শিবভৃত্যগণ সুগন্ধি মাল্য ও চন্দনাদি দ্বারা তাঁহাকে ভূষিত করিলেন। তখন তিনি বহিঃপ্রাঙ্গণে উপবিষ্ট হইলেন। (২৩) তৎপরে তিনি ভক্তনিবেদিতান্ন ভোজন করিয়া, তথায় শয়ন করিয়া আনন্দে যামিনী যাপন করিলেন। প্রাতঃকালে গাত্রোত্থানপূর্বক কৃষ্ণলীলা গান করিতে করিতে তিনি সুখপূর্ণ হইলেন। (২৪) শ্রীগৌরাঙ্গকৃত এই পুরুষোত্তম শিবের স্তব যে মানব পাঠ করেন, সেই জন মুনিদেববৃন্দেরও সুদুর্লভ প্রেম এই শিবে নিত্য লাভ করেন।

ইতি **মহাদেব-দর্শননামক** অষ্টম সর্গ।

নবম সর্গ।

(১) বিন্দুসরোবরে স্নান ও শ্রীভুবনেশ্বর দর্শন করিয়া ভগবান্ প্রেমানন্দে পরিপূর্ণ হইয়া সুখে বসিয়া আছেন। (২) প্রভু ভক্তগণ সহ প্রসাদী উত্তম অন্নব্যঞ্জনাদি ভোজন করতঃ সেই স্থলে কৃষ্ণপাদপদ্ম ধ্যান করিতে করিতে আনন্দিতমনে নিদ্রা গেলেন। (৩) মহাপ্রভু চিন্তা করিলেন—'যদি দেবদেব ভুবনেশ্বরের মহাপ্রসাদ পাওয়া যায়, তবে আমরা ভোজন করিতে পারি।' (৪) এই চিন্তা করিলেই একজন ব্রাহ্মণ দুই হস্তে মহাদেব-প্রসাদ আনিয়া সম্মুখে উপস্থিত হইলেন। (৫) তিনি বলিলেন—'মহাদেবের প্রসাদ আসিয়াছেন, গ্রহণ করুন।' এই কথা শুনিয়া সহসাই গাত্রোত্থান করিয়া প্রভু প্রসাদকে দণ্ডবৎ করিলেন। (৬) উহা গ্রহণ করিয়া ভৃত্যগণ সহ সুধাবৎ পান করিলেন—ইহাতে প্রভু এই শিক্ষা দিলেন যে, শিবপ্রিয় শ্রীকৃষ্ণ। (৭) তৎপরদিন প্রভাতে প্রভু সুখোত্থানপূর্ব্বক সত্বর বিন্দুসরোবরে স্নান ও শিবকে দণ্ডবৎ করিয়া পুনরায় যাত্রা করিলেন। (৮) শ্রীগৌরাঙ্গের এই শিবনির্মাল্য ভক্ষণের কথা শুনিয়া মহাতেজাঃ দামোদর পণ্ডিত জিজ্ঞাসা করিলেন—(৯) 'ভৃগুশাপে শিব-নির্মাল্য অগ্রাহ্য, এই শাস্ত্রের প্রমাণ জ্ঞাত হইয়াও কেন সেই নরোত্তম ভগবান্ তাহার গ্রহণ করিলেন?' (১০) এই প্রশ্নের উত্তরে মুরারি সেই বিপ্রবরকে বলিলেন—'শ্রীশিবনির্মাল্যামৃতভক্ষণের কথা শ্রবণ কর। (১১) বাস্তবিক পক্ষে মহাদেব শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর শুভাগমন জানিয়া আনন্দে আতিথ্য বিধান করিয়াছেন। অন্য কথাও শুন—(১২) বৈষ্ণবশ্রেষ্ঠ-বুদ্ধিতে মহেশ্বরের পূজা করিলে তাঁহাদের পূজা মহাদেব গ্রহণ করেন এবং সেই অন্নই মহাপাবন। (১৩) শ্রীকৃষ্ণ ও কৃষ্ণভক্তদের ভেদবুদ্ধি করিলে অধঃপাত হইয়া থাকে; এই তত্ত্বই ভক্তরূপী স্বয়ং হরি সেই দুষ্ট বৈরিগণকে শিক্ষা দিলেন। (১৪) সর্বজীবের হিতকারী

দেবেশ জগদীশ্বর মহাপ্রভু শিবনির্মাল্য আদরেই গ্রহণ করিয়া আচরণদ্বারাও দেখাইলেন—(১৫) প্রতিষ্ঠিত শিবলিঙ্গে ভেদবুদ্ধিতে পূজা করিলেই লোকগণ বিপ্রশাপের ভাগী হয়, কিন্তু একত্ববুদ্ধিতে তাহা হয় না। (১৬) হরি-হরের ঐক্যই বুঝিবে ; স্বয়ম্ভূলিঙ্গ-নিকটেও অভেদ-বুদ্ধিতে পূজা করিলে আর ভৃগু মুনির শাপ কখনও লাগিবে না। (১৭) বরং ঐরূপ অনুষ্ঠানে হরি-হরের সমধিক প্রীতিই হয়। এই স্বয়ম্ভুর অভেদবুদ্ধিতে পূজাই সর্বশ্রেষ্ঠ। (১৮) এই স্থলেই মহাপ্রসাদ ভোজন করিলে মোক্ষপ্রাপ্তি হয়, মহাব্যাধি দূর হয় এবং স্থিরা সম্পত্তি লাভ হয়। (১৯) যাহারা মোহবশতঃ ঐ স্থলে শিবপ্রসাদ গ্রহণ করে না, তাহারাই হরি-হরে অপরাধী হয় এবং নিঃস্ব ও রোগী হইয়া থাকে। (২০) যে স্থলে বৈষ্ণবগণ পরমাদরে অনাদিলিঙ্গে শিবপূজা করিয়া থাকেন এবং তাহাও শ্রীকৃষ্ণপ্রীতির উদ্দেশ্যেই অনুষ্ঠিত হয়, (২১) সেই স্থলেই শিবনির্মাল্য-গ্রহণে কোনই দ্বিধা নাই। হে বিপ্র! সদাকাল ভক্তিই সর্বপ্রাণীর শুভদায়িকা।'

ইতি **শ্রীশিবনির্মাল্যগ্রহণব্যবস্থা**নামক নবম সর্গ।

দশম সর্গ।

(১) অভিনবামৃতবর্ষী মহাপ্রভু চৈতন্যদেবের মনোহর পুণ্যকথা আরও শুন। (২) তৎপরে নিজগণ-সঙ্গে সাধুজনৈকবন্ধু অজ ভগবান্ আনন্দিতচিত্তে কপোতেশ্বর শিবলিঙ্গ উত্তমরূপে দর্শন ও প্রণাম করিয়া শীঘ্রই আবার নীলাচলাভিমুখে যাত্রা করিলেন। (৩) পথের মধ্যে অন্যান্য পুণ্য শিবলিঙ্গসমূহকেও দর্শন এবং আনন্দে দণ্ডবৎ করিয়া করিয়া পুনরায় চলিলেন। মহাবীর্যাবতী ভার্গবী নদীতে স্নানাদি যথারীতি সমাধা করিয়া আবার যাত্রা করিলেন। (৪) তৎপরে শীঘ্রই তিনি

সুধাবলিপ্ত, শারদ চন্দ্র হইতেও সুন্দর প্রভাযুক্ত, চক্রান্বিত, পবনচালিত পতাকাশোভিত এবং নীলগিরির মহোজ্জল বিভূষণ-স্বরূপ শ্রীজগন্নাথ-দেবের অত্যুত্তম মন্দির দর্শন করিলেন। (৫) উহা কান্তি, পরোপকার ও সুন্দর দেহ দ্বারা কৈলাসশৃঙ্গকে যেন মুহুর্মুহু নিন্দা করিতেছিল। * * বায়ুচালিত বস্ত্ররূপ হস্তসঙ্কেতে যেন সেই পদ্মলোচন গৌরাঙ্গকে আহ্বান করিতেছিলেন। (৬) এই ব্যাপার দেখিয়াই সহসা সেই শত্রুনাশন গৌরাঙ্গ স্পন্দনহীন হইয়া ভূমিতে পতিত হইলেন। প্রভুর অবস্থা দেখিয়া তাঁহার গণ সকলেই মূর্চ্ছিত হইলেন এবং প্রাণহীন দেহবৎ অবস্থান করিতে লাগিলেন। (৭) ক্ষণকাল পরে প্রভু উত্থিত হইলে ইন্দ্রিয়গণকর্ত্তৃক পরিবৃত জীবাত্মার ন্যায় তাঁহারাও সমুৎসুকচিত্তে পরিবেষ্টন করিলেন এবং অস্বরূপবিৎ জনগণও তথায় উপস্থিত হইল। তখন ভগবান্ তাঁহাদিগকে স্বাভাবিক ভাবেই বলিলেন—(৮) 'আপনারা এই হরিমন্দিরের উপরিভাগে মহেন্দ্রনীলমণিপ্রভ বালক প্রভুকে উত্তমরূপে দেখুন ত।' ব্রাহ্মণগণ কিছু না দেখিয়াই প্রভুর পুনর্ম্মোহ আশঙ্কায় বলিলেন—'প্রভুর প্রতিমাই ত দেখা যাইতেছে।' (৯) পুনরায় প্রভু বলিলেন—'ঐ দেখ, জগন্নাথের গৃহধ্বজার নিকট একটি বালক বিদ্যমান আছেন, তাঁহার মুখকান্তিতে পূর্ণচন্দ্রকোটিও মুহুর্মুহু নিন্দিত হইতেছে !! (১০) ঈষৎ চঞ্চল রক্তাঙ্গুলি ও রক্তপদ্মাভ দক্ষিণ হস্তের সঙ্কেতে আমাকে আহ্বান করিতেছেন ! বাম হস্তের অঙ্গুলি বেণুরন্ধ্রে বিন্যস্ত করিয়া তিনি মহাশোভিত হইয়াছেন !! (১১) ঐ যে চন্দ্রসহস্রবৎ কান্তি বিকিরণ করিতেছেন !! ইনি কে, সুন্দর হাস্য করিয়া আমার মনোমোহন করিলেন ?' এইরূপে উৎকণ্ঠিত হইয়া গলিতস্বর্ণকান্তি প্রভু মহাবেগে ভৃত্যগণ সহ চলিতে লাগিলেন। (১২) জগন্নাথের প্রাসাদ দর্শন করিয়া মুহুর্মুহু তাঁহার অশ্রুধারাপ্রপাত হইতে লাগিল ; দেখিলে

মনে হয়, যেন সুমেরুশৃঙ্গই নির্ঝরপ্রবাহ ছুটাইতেছে !! তার পরে তিনি মার্কণ্ডেয়সরোবরে উপনীত হইলেন। (১৩) উগ্রচক্রী বিষ্ণু স্বয়ং চক্রদ্বারা মহেশের জন্য এই মহাদীপ্তিযুক্ত তটবিশিষ্ট কুণ্ডটি নির্মাণ করিয়াছেন। মানবগণ এই তীর্থে স্নান করিয়া শিবলোক প্রাপ্তি করে। প্রভু তথায় গিয়া স্নানাদি বিধিবৎ ক্রিয়া সমাধা করিয়া (১৪) শঙ্করমূর্ত্তি দেখিয়া 'অঘোর' (শিবনাম) জপ করিতে করিতে দণ্ডবৎ প্রণাম করিলেন। মহেশ্বরের সুমঙ্গল স্তুতিমালায় তাঁহার স্তব করিয়া প্রভু যজ্ঞেশ্বরের মহামন্দিরে গমন করিলেন। (১৫) তাঁহার অঙ্গে রোমাঞ্চ, নয়নপদ্মের ধারায় বক্ষঃস্থল প্লাবিত হইল। প্রভু পরাত্মার চিন্তা করিতে করিতে মহোৎসবাঢ্য দেবেশের মন্দিরে প্রবেশ করিলেন এবং জগৎপতি প্রভুকে দর্শন করিয়া প্রণাম করিলেন। (১৬) প্রেমভরাক্রান্ত বদনে পুনরায় তিনি ভূমিতে পড়িয়া দণ্ডবৎ প্রণাম করিলেন। ক্ষণকাল পরে জগন্নাথকে মুষ্টিকর অর্থাৎ সঙ্কেতযুক্ত হস্তবিশিষ্ট চিন্তা করিয়া বিহ্বলচিত্তে মহাপ্রভু মহারোদন করিলেন। (১৭) পুরুষোত্তম হরি প্রভুকে এই অবস্থায় দেখিয়া হস্ত প্রসারণপূর্ব্বক পদ্ম হইতেও সুকোমল রক্তাভ হস্ত দেখাইলে চৈতন্যদেবও আনন্দিত হইয়া হাস্য করিতে লাগিলেন। (১৮) তিনি বলিলেন—'হে করুণাসাগর! হে দেবেশ, হে মহেশ-বন্দিত! তুমি প্রসন্ন হও।' আবার কিন্তু ঐ করপল্লবাঙ্গুলি না দেখিয়া প্রভু বিহ্বল হইয়া দ্বিগুণতর রোদন করিলেন। (১৯) পুনর্বার উহার দর্শনে মহামহোৎসব-পূর্ণ হইয়া, হর্ষাশ্রুধারায় দেহলতা সিঞ্চিত করিয়া প্রভু বিরাজমান হইলেন। (২০) এই ভাবে জগন্নাথ ও গৌরাঙ্গের এই উদ্দাম প্রেমচেষ্টার কথা যাঁহারা শ্রবণ ও গান করিবেন, তাঁহারা পরমার্থদর্শী মুরারির পরম পদ (ধাম) প্রাপ্তি করিবেন এবং তাহা হইতে আর কদাপি পতন হইবে না।

ইতি **শ্রীপুরুষোত্তম-দর্শননামক** দশম সর্গ।

একাদশ সর্গ।

(১) এই কথা শুনিয়া বিপ্রবর দামোদর পণ্ডিত জিজ্ঞাসা করিলেন—'ভগবান্ কি প্রকারে পুরুষোত্তমদেবের দর্শন করিলেন? (২) তিনি কাহার সাহায্যে দেখিলেন এবং স্বয়ং জনার্দনই বা কি করিলেন?' এই প্রশ্নের উত্তরে সেই বৈদ্য মুরারি তুষ্ট হইয়া মঙ্গলকথা বলিতে লাগিলেন। (৩) হে বিপ্র! শ্রীজগদীশের দর্শনানন্দজনিত দিব্য ত্রৈলোক্যপাবনী কথা সাবধানে শ্রবণ করুন। (৪) প্রথমেই সেই প্রভু বাসুদেব সার্বভৌমের মন্দিরে গমন করিলেন, সেই সুধী সার্বভৌম সমুত্থান করত দণ্ডবৎ প্রণতি করিলেন। (৫) তাঁহাকে দেখিয়া ভগবান্ হরি গদ্‌গদ বাক্যে জিজ্ঞাসা করিলেন—'আমি কিরূপে সনাতন দেবদেব জগন্নাথকে দর্শন করিতে পারি, বলুন দেখি।' (৬) মহাযশস্বী সার্বভৌম প্রভুর এই বাক্য শুনিয়া নয়নপদ্ম বিস্ফারিত করত প্রভুর দেহখানি উত্তমরূপে নিরীক্ষণ করিলেন। (৭) দেখিলেন—দ্বিতীয় সুমেরুশৃঙ্গবৎ সুতপ্ত সুবর্ণের কান্তি, পূর্ণিমার চন্দ্রমার ন্যায় মুখ, পদ্মপলাশবৎ আকর্ণবিশ্রান্ত নয়ন। (৮) নাসাটি অতি সুন্দর, কণ্ঠ শঙ্খবৎ রেখাত্রয়সম্বলিত, বক্ষঃ ও ভুজযুগল বিশাল, ওষ্ঠ বন্ধূক(বান্ধুলি)পুষ্পের কোরক হইতেও সুন্দর রক্তবর্ণ ও মনোহর। (৯) দন্তপঙ্‌ক্তি কুন্দাভ, মৃদুমধুর হাস্য পূর্ণিমার চন্দ্রজ্যোৎস্নারও জয়শীল, ভুজদ্বয় আজানুলম্বিত, পাদপদ্ম মহাশোভাঢ্য। (১০) নিরন্তর কৃষ্ণ-প্রেমোজ্জ্বল ও পুলকমণ্ডিত বিগ্রহ, চরণযুগল কূর্মপৃষ্ঠবৎ উন্নত। সার্বভৌম এই মূর্ত্তি দেখিয়া প্রথমতঃ বিস্মিতই হইলেন। (১১) তিনি ভাবিলেন—"এই মহাপুরুষ-লক্ষণ পুরুষপ্রবর কি বৈকুণ্ঠ হইতে দেবরূপেই অবতীর্ণ হইয়াছেন? (১২) অথবা ইনি সচ্চিদানন্দঘন মূর্ত্তিমান্ ব্রহ্মই? কিংবা ইনি সর্বজীবের হিতকারী স্বয়ং ঈশ্বরই?" (১৩) মনে মনে এই চিন্তা করিয়া সেই শুদ্ধবুদ্ধি সার্বভৌম নিজ পুত্রকে বলিলেন—'তুমি এক্ষণে সত্বর এই মহাত্মা শ্রীচৈতন্যদেবের সঙ্গে মন্দিরে যাও। (১৪) যাহাতে

ইনি অনায়াসে অনন্তপুরুষ পুরুষোত্তমদেবের দর্শন করিতে পারেন, তাহার ব্যবস্থা করিবে।' (১৫) সার্বভৌমের এই অদ্ভুত বাক্যামৃত পান করিয়া তাঁহার বুদ্ধিমান্ পুত্রও চৈতন্যের সহায়ক হইয়া গমন করিলেন। (১৬) তাঁহার সহিত সেই ভগবান্ জগন্নাথমন্দিরে গিয়া পুরুষোত্তম পুণ্ডরীকাক্ষ ঈশ্বরের দর্শন করিলেন। (১৭) দর্শন করিয়াই উল্লাসভরে অঙ্গপ্রত্যঙ্গ বিহ্বল হইল, প্রেমাশ্রুধারায় বিশাল বক্ষঃস্থলও আপ্লাবিত হইল, মহাকম্প উপস্থিত হইল এবং চন্দ্রবদন প্রচুর বারিধারায় সংসিক্ত হইল। বায়ুভরে সুমেরুর শৃঙ্গপাতের ন্যায় প্রভুও ধরাশায়ী হইলেন। (১৮) দুই হস্ত মুষ্টিবদ্ধ করিয়া ভগবান্ মোহিত হইলে তাঁহার বস্ত্র ও মেখলাদি আলুলায়িত হইল। তাঁহাকে বিবশ জানিয়া সেই ব্রাহ্মণগণ শীঘ্রই তাঁহার হস্তদ্বয়ে ধরিয়া, ভগবন্মন্দির হইতে ক্রোড়ে লইয়া শ্রীসার্বভৌমের উত্তমালয়ে উপস্থিত হইলেন। (১৯) তথায় তাঁহার সংজ্ঞালাভ হইলে পুনরায় তিনি শ্রীকৃষ্ণকীর্ত্তন আরম্ভ করিলেন। পুলকাঞ্চিত-বিগ্রহে তিনি নৃত্যও করিলেন। স্বর্ণগৌরবপুধারী সেই পুরুষসিংহ (২০) শ্রীভগবান্ নিজ ভক্তজন-সমভিব্যাহারে ভক্তদত্ত পুরুষোত্তমের মহা-প্রসাদামৃত ভিক্ষা করিলেন। ঐ অন্ন ভব-রোগীদের পক্ষে মহারসায়ন এবং দেবেন্দ্রেরও মহাদুর্লভ। (২১) ঐ অন্ন ভোজনে নিখিল পাপ নাশ হয়, ধর্ম্মার্থকামমোক্ষ ও মহত্ত্ব লাভ হয়। মূর্খতাবশতঃ কেহ ঐ অন্ন ভোজন না করিলে সেই অধার্মিক লোক শূকরযোনি প্রাপ্তি করে। (২২) যে অন্ন শ্রীচৈতন্যদেবও বিবশ হইয়া ভোজন করিয়াছেন! যেহেতু উহা দূর হইতে আনীত হইয়াছে কিম্বা শ্বপচ (চণ্ডাল) কর্ত্তৃক স্পৃষ্ট হইয়াছে দেখিয়া, অহো, শিবও যদি সেই অন্ন ভোজন না করেন, তবে তাঁহাকে শূকরত্বই প্রাপ্তি করিতে হইবে।

ইতি **শ্রীমহাপ্রসাদ-মহিমা-নামক** একাদশ সর্গ।

দ্বাদশ সর্গ।

(১) জগন্নাথের প্রসাদ ভোজন করিয়া সায়ংকালে প্রভু শ্রীমন্দিরে প্রবেশ করত দেখিলেন যে, পদ্মপলাশলোচন জগন্নাথদেবের ধূপারতি হইতেছে। বহু বহু দীপ জ্বলিতেছে, বহুবিধ মাল্যদ্বারা (২) দেব বিভূষিত হইয়াছেন। সহস্র সহস্র পূর্ণচন্দ্রের ন্যায় দীপ্তিমালা বিকীর্ণ হইতেছে। তাঁহার বর্ণটি নবীন মেঘের ন্যায় স্নিগ্ধ শ্যামল। দেখিয়া প্রভু পুরুষোত্তম-দেবকে দণ্ডবৎ প্রণাম করিলেন এবং বিস্ফারিতলোচনে তাঁহার রূপসুধা মুহুর্মুহু পান করিতে লাগিলেন। (৩) তাঁহার চিত্ত আনন্দসমুদ্রে নিমজ্জিত হইল, বক্ষোদেশ নয়নজলধারায় অভিষিক্ত হইল, রোমাঞ্চোদ্-গমে অঙ্গ বিভূষিত এবং সুমেরুশৃঙ্গের ন্যায় গৌরদেহ বিরাজ করিতেছেন। (৪) সন্ন্যাসিচূড়ামণি প্রভু দ্বিজরাজরূপে সেই স্থলে 'পুষ্পাঞ্জলি'কাল যাবৎ বিদ্যমান থাকিয়া পুনরায় জগন্নাথকে প্রণাম করিয়া আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন। (৫) প্রভু পুনরায় নিশাযোগে তথায় গিয়া অদ্ভুতলীলাবিনোদী হরির গুণগাথা গান করিলেন। প্রেমভরে ধৈর্য্য হারাইয়া, বিহ্বল হইয়া ভূমিতলে লুণ্ঠন করিতে লাগিলেন, অন্য কিছুই আর তখন তাঁহার বোধগম্য হইল না। (৬) এইরূপে মহাপ্রভু সাধুগণ কর্ত্তৃক সেবিত হইয়া সেই স্থলে কয়েক দিন অবস্থান করিলেন। পদ্মলোচন প্রভু সজ্জনগণকে মনোজ্ঞ বচনামৃত প্রয়োগে আনন্দসহকারে বহুবিধ শিক্ষা দিলেন। (৭) একদা প্রভু-সন্নিধানে বিমোহিতচিত্ত শ্রীল সার্বভৌম মহাশয় আসিলেন। শ্রীচৈতন্য প্রভুকে মনুষ্য-বুদ্ধি করিয়া তিনি নিজজনসবিধে সামান্য কিছু কহিলেন। (৮) সেই মোহও সার্বভৌমের পক্ষে মহাপ্রভুর কৃপাতিশয়ই বুঝিতে হইবে। স্বয়ং প্রভু হরি যে যে লীলাই অনুষ্ঠান করেন—তাহা তাহাই সত্য ও জগতের হিতকর হইয়া থাকে। (৯) "ইনি মহাবংশ-সম্ভূত, সুপণ্ডিত,

তরুণবয়স্ক; তবে এই পুরুষ কিরূপে সন্ন্যাসধর্ম্ম আচরণ করিবে? অতএব আমি ইঁহাকে পুনরায় ব্রাহ্মণ করিয়া বেদান্ত শিক্ষা করাইব।" (১০) শ্রীগৌরহরি এই কথা জানিতে পারিয়া হাসিতে হাসিতে বলিলেন, 'আবার আমার যজ্ঞোপবীত হইবে! তখন আমি এই ব্রাহ্মণকে পুষ্প-রাশি, গুবাক ও সুগন্ধি পুষ্পমাল্য দান করিব!!' (১১) অনেক লোক মহাপ্রভুর এই কথা গিয়া সার্বভৌমকে বলিয়া দিলে তিনি ভয়ে আর কিছুই বলিলেন না, পরন্তু সম্ভ্রমে লজ্জান্বিতই হইলেন। (১২) একদিন অপরাহ্নকালে সেই মহাপ্রভু সার্বভৌমের সম্মুখে ব্রাহ্মণগণ-সন্নিধানে শ্রীহরির চরণকমলাশ্রয়-সূচক নিগূঢ় বেদান্তবাক্যসমূহের ব্যাখ্যা করিতে লাগিলেন। (১৩) ইহাই প্রকৃত বেদান্ত-সিদ্ধান্ত এবং পূর্বে যাহা হইয়া গিয়াছে, তাহার অনাবশ্যকত্ব উপলব্ধি করিয়া সেই সার্বভৌম মহাশয় বিস্ময়োৎফুল্ল মনে শ্রীচৈতন্যদেবের চরণকমলযুগে নিপতিত হইলেন। (১৪) 'লোক বেদানুরক্ত হইলেও কিন্তু কদাপি ভগবান্ তুমি যে প্রভু তাহা বিন্দুমাত্রও জানিতে পারে না। হে প্রভো! আমি তোমার সম্মুখে অবস্থিত হইয়াও তোমার মায়া কর্ত্তৃক সম্মোহিতবুদ্ধি হইয়া পৃথিবীতে তোমার চরণকমলের আবির্ভাব বিষয়ে অজ্ঞই রহিয়াছি!! (১৫) প্রাচীন কালে তুমি এই পৃথিবীতে বসুদেবের গৃহে অবতীর্ণ হইয়া কংস প্রভৃতি মহাসুরদিগকে নিধন করিয়া স্বধামে গমনপূর্বক পুনরায় ব্রাহ্মণগৃহে আবির্ভূত হইয়াছ!! (১৬) তুমি স্বীয় মাধুর্য্য, বিলাস ও বৈভবাদি স্বজনগণকে আস্বাদন করাইয়া জগতের সুখ ও মঙ্গলের জন্য অবতার করিয়াছ। হে করুণাসাগর! এই দীনহীন আমাকে পরিত্রাণ কর। (১৭) যিনি বৈরাগ্য, বিদ্যা ও নিজ ভক্তিযোগ শিক্ষা দেওয়ার জন্য অদ্বিতীয় পুরাণ পুরুষোত্তম হইয়া শ্রীকৃষ্ণচৈতন্য-স্বরূপে অবতরণ করিয়াছেন—সেই কৃপানিধির চরণই আমি আশ্রয় করিলাম। (১৮)

কালক্রমে নষ্ট নিজ ভক্তিযোগের পুনঃ প্রবর্ত্তন জন্য যিনি কৃষ্ণচৈতন্য নাম ধারণ করতঃ আবির্ভূত হইয়াছেন—তাঁহারই পাদপদ্মে প্রগাঢ়রূপে আমার চিত্তভ্রমর লীন হউক।" (১৯) সার্বভৌম এইরূপে স্তব করিতে থাকিলে প্রভু অতি শীঘ্রই নিজ হস্তে তাঁহাকে স্নেহরসে আপ্লুত হইয়া ধরিলেন এবং ভক্তবশ্য শ্রীকান্ত মহাভুজদ্বয়ে তাঁহাকে নিজ বুকে ধরিয়া গাঢ় আলিঙ্গন করিলেন।

ইতি **সার্বভৌমানুগ্রহ-নামক** দ্বাদশ সর্গ।

ত্রয়োদশ সর্গ।

(১) এই ভাবে কিছু দিন বৈষ্ণবগণের সহিত নৃত্যগীতাদি-বিনোদে অতিবাহিত করিয়া মহাদ্যুতি ভগবান্ কৃষ্ণচৈতন্য বৈষ্ণবাচার্য্য বুদ্ধিমান্ শ্রীকাশীনাথ মিশ্রের সহিত (২) পরামর্শ করতঃ তীর্থগণকে পবিত্র করিবার ইচ্ছায় অন্যান্য পুণ্যতীর্থ-গমনে মনস্থ করিলেন। (৩) তৎপরে জগন্নাথমন্দিরে গিয়া শ্রীপুরুষোত্তমকে দর্শন ও প্রণাম করতঃ ভক্তিভাবে অশ্রুধারায় আপ্লুত হইলেন। (৪) কৃতাঞ্জলিপুটে প্রেমপূর্ণ-বিগ্রহে শ্রীগৌরহরি গদ্‌গদ বাক্যে মধুর কথা বলিলেন—(৫) 'হে দেব! তোমার ক্ষেত্রবাসে আমার অধিকার নাই বলিয়া হে প্রভো! এক্ষণে অন্যক্ষেত্র-গমনে ইচ্ছা হইয়াছে। (৬) তোমার এই পূর্ণচন্দ্রের ন্যায় বদন, শারদ পদ্মের তুল্য লোচন, দীর্ঘ বিম্বফলের সদৃশ এই ওষ্ঠ, অত্যুত্তম (সুবিশাল) বক্ষঃস্থল (৭) দেখিয়া কাহার মন অন্য ধামে ধাবিত হয়? হে হরে! হে দেব! তাহাতেই বুঝিলাম যে, তোমার এই ধামে আমার অবস্থান সম্বন্ধে তোমার তাদৃশী কৃপা নাই! (৮) হে জনার্দন! তোমার অন্যান্য ক্ষেত্র দর্শন করিতে আমি যাইতেছি—হে দেব! আমাকে এমনই (শক্তি সমর্পণ) কর, যাহাতে তীর্থাটন করিতে পারি। (৯) চিত্ত যত দিন চঞ্চল থাকে

এবং যত দিন পর্য্যন্ত সুনির্ম্মল না হয়, তত দিন পর্য্যন্তই মানব সর্বত্র পুণ্য-তীর্থে বিচরণ করিবে। (১০) তৎপরে চিত্ত অতিনির্ম্মল হইলে স্থিরবুদ্ধি জন নিত্য পুরুষোত্তমে বাস করিবে, পথিক যেমন বহু পর্য্যটনের পরে নিজাশ্রমে নিত্য বাস করে।' (১১) শ্রীচৈতন্যদেব এইরূপ বলিতে থাকিলে জগন্নাথের কণ্ঠলম্বিত মাল্যটি তাঁহার পাদপীঠোপরি খসিয়া পড়িল। (১২) প্রতিহারী জগন্নাথের আদেশানুসারে আনন্দে ঐ প্রসাদী মাল্যটি শ্রীচৈতন্যের মস্তকে দিলেন। (১৩) তৎপরে মহাতেজাঃ প্রফুল্লবদন সেই হরিও নিজপ্রেমনামে পরিপূর্ণ হইয়া গজেন্দ্রগমনে যাত্রা করিলেন। (১৪) শ্রীশচীসুত এইরূপে লোকশিক্ষার জন্য প্রেমার্দ্রচক্ষু হইয়া কাশী মিশ্রের আশ্রমে যাইয়া তাঁহাকে বলিলেন—(১৫) 'আপনারাই জগদীশ্বর পুরুষোত্তমকে দর্শন করুন, আর আমি জগন্নাথ-কর্ত্তৃক বঞ্চিত হইয়া তীর্থাটনে যাইতেছি।' (১৬) প্রভুর এই কথা শ্রবণে কাশীনাথ ব্যথিত হইয়া প্রভুর চরণপ্রান্তে দণ্ডবৎ ভূপতিত হইলেন এবং উচ্চস্বরে রোদন করিতে লাগিলেন। (১৭) "হায় রে! আমার পুত্রশোক হইল না কেন? কেনই বা আমি মহারুগ্ন হইলাম না? হঠাৎ কেন আমি শ্রীচৈতন্যচরণপদ্ম হইতে বিযুক্ত হইলাম!" (১৮) এই বলিয়া তিনি শোকপূর্ণচিত্তে ভূমিতে বিলুণ্ঠিত হইতেছেন দেখিয়া করুণাময় প্রভু পুনরাগমনবার্ত্তাদি বারংবার বলিয়া তাঁহাকে সান্ত্বনা দিলেন। (১৯) তৎপরে জগদ্গুরু ভগবান্ শ্রীসার্বভৌমের মন্দিরে গিয়া তীর্থগমনেচ্ছায় তাঁহার আজ্ঞা যাচ্ঞা করিলেন। (২০) এই কথা শুনিয়াই তিনি রোদন করিতে করিতে প্রভুর পাদপদ্ম ধরিয়া বলিলেন—'হে মহাভুজ! আমার মস্তকে বজ্রপাত হইল না কেন? (২১) হে প্রভো! তোমার চরণছায়া-বিরহিত হইয়া কি প্রকারে প্রাণ ধারণ করিব? আমাকে লইয়া তুমি যেখানে ইচ্ছা গমন কর।' (২২) প্রভু তাঁহার এই কথা শ্রবণে হাসিয়া

তাঁহার দুই হস্ত ধরিয়া বলিলেন—'অচিরাৎ আমি প্রত্যাবর্ত্তন করিব।' (২৩) সার্বভৌম পুনরায় কিছু বলিতে থাকিলে করুণাপূর্ণবিগ্রহে নানা অনুনয়কুশল প্রভু নিজ প্রেমভরে তাঁহাকে গাঢ় আলিঙ্গন করিয়া শান্ত করিলেন।

ইতি **সার্বভৌম-সান্ত্বননামক** ত্রয়োদশ সর্গ।

চতুর্দ্দশ সর্গ।

(১) সার্বভৌম ভট্টাচার্য্য উদ্বিগ্ন ও অচেতন হইয়া রহিলেন, তখনই আবার ভক্তগণও সকলে উদ্বিগ্নচিত্ত হইলেন। (২) এ দিকে শ্রীকৃষ্ণচৈতন্য দক্ষিণদেশে যাত্রা করিলেন। আলালনাথে আসিয়া তাঁহার দেহ প্রেমভরে অধীর হইল। (৩) প্রভু মুহুর্মুহু 'কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ' নাম উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিয়া ক্ষণে ক্ষণে ধরাতলে লুণ্ঠন করিতেছেন, ক্ষণে ক্ষণে মূর্চ্ছিত হইতেছেন, ক্ষণে ক্ষণে প্রলাপ করিতেছেন! (৪) কখনও গোবিন্দ, কৃষ্ণ, রাম ইত্যাদি নামমালা গান করেন। আলালনাথ দর্শনে তাঁহার সর্বাঙ্গ মহাপ্রেমব্যাপ্ত হইল। (৫) পথে কোনও লোককে দেখিলে প্রভু শক্তিসঞ্চার করিয়া তাঁহাকে আলিঙ্গন করিতেছেন। সেও তাহাতে প্রেমবশ হইয়া নৃত্যগীত করিতে করিতে আনন্দে (৬) নিজ গৃহে গমন করিল এবং প্রেমাশ্রুপাত করিতে করিতে গ্রামস্থ অন্যান্য লোককে দেখিয়া সে প্রেমালিঙ্গন করিত। (৭) তাহারাও আবার প্রেমাবিষ্ট হইয়া গান করিয়া আনন্দ লাভ করিত। এইরূপে প্রভু লোকপরম্পরা সকলকে নামপ্রেমে বিভোর করিয়াছিলেন। (৮) আলালনাথে প্রভু এক রাত্রি বাস করিযা, তাহার পরদিন গাত্রোত্থানপূর্বক প্রাতঃক্রিয়া সমাপন করিলেন। (৯) দক্ষিণদেশে যাত্রা করিয়া, এই নামাবলি কীর্ত্তন করিযা প্রভু নৃত্য করিয়াছিলেন—

কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে।
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ রক্ষ মাং
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ পাহি মাম্।

(১০) প্রেমাশ্রুধারায় অভিষিক্ত হইয়া, প্রভু এই মন্ত্র পাঠ করিয়া ধরাতলে লুণ্ঠন করিতেছেন—ধাবিত হইতেছেন—মহাকম্পান্বিত হইয়া 'এই ত হরি' এই বাক্যে বাষ্পরুদ্ধকণ্ঠে রোদন করিয়া তরুলতায় প্রতি প্রেম-দৃষ্টিপাত করিতেছেন। (১১) কূর্মক্ষেত্রে আসিলে কূর্মরূপী নারায়ণ এবং কূর্মনামক ব্রাহ্মণপ্রবর তাঁহার সৎকার করিতে প্রস্তুত হইলেন। (১২) কূর্ম, মহাপ্রভুকে অত্যুত্তম অন্নপ্রসাদ শ্রদ্ধাসহকারে ভোজন করাইলেন। (১৩) তাহার পরে ভগবান্ লোকানুগ্রহবাসনায় কূর্মক্ষেত্রে কূর্মরূপী জগন্নাথকে দর্শন করিলেন। (১৪) কূর্মনামক দ্বিজ তাঁহার দর্শনানন্দে মত্ত হইয়া হর্ষভরে তাঁহার আতিথ্য সম্পাদন করতঃ সেই দিনটি সফল মনে করিলেন। (১৫) বাসুদেব নামে এক দ্বিজবর্য্য তথায় শ্রীপুরুষোত্তমকে দেখিয়া তদ্দর্শন-সমুল্লাসে তাঁহাকে কৃষ্ণজ্ঞানে নৃত্য করিতে লাগিলেন। (১৬) মহাভাগবতোত্তম সেই কুষ্ঠী বিপ্রকে আলিঙ্গন করিয়া ভগবান্ স্বর্ণ-কান্তিসমান প্রভাবিশিষ্ট করিলেন। (১৭) প্রেমপূর্ণ সেই নিজভক্তদ্বয়কে দেখিয়া শ্রীগৌরাঙ্গ বলিলেন—'আমার আজ্ঞায় তোমরা সকল লোককে সুখে কৃষ্ণভক্তি গ্রহণ করাও।' (১৮) এই বলিয়াই গৌরচন্দ্র তথা হইতে অন্তর্ধান করিলেন। 'কৃষ্ণ কৃষ্ণ' নাম কীর্ত্তন করিয়া সকল লোককে আশ্চর্য্যান্বিত করতঃ তিনি (১৯) কিছু দূরে আসিয়া জিয়ড়নৃসিংহদেবকে দর্শন করিয়া পরম প্রীত হইলেন এবং প্রেমাশ্রুধারায় ও পুলককদম্বে ব্যাপ্ত-দেহ হইলেন। (২০) সেই জগন্নাথ ভক্তজনপ্রিয় গৌরাঙ্গ তাঁহার ভক্তপরাধীনত্ব সম্বন্ধে পুরাতন কথা বলিতে লাগিলেন। (২১) এই

স্থানেই প্রাচীন কালে পুণ্ডয়া নামে এক কৃষক (গোয়াল) বাস করিত। সে কৃষি করিয়া মাষাম্বু (শস্ত) ফল অর্জন করিত। (২২) বরাহরূপী শ্রীহরি তাহার ক্ষেত্র ধ্বস্তবিধ্বস্ত করিয়াছে দেখিয়া সেই বলবান্ সুপুণ্য গোপ হরির সহিত যুদ্ধ আরম্ভ করিল। (২৩) তাহার বাণে বিদ্ধ হইয়া প্রভু 'রাম রাম' কীর্ত্তন করিতেই সেই গোয়াল জানিল যে, 'ইনিই ত ঈশ্বর।' কৃত কর্মের জন্য সে উপবাসাদি করিতে লাগিল। (২৪) দয়ালু ভগবান্ তখন তাহাকে বলিলেন—'দুগ্ধ সেচন করিতে করিতেই আমাকে সর্বথা দেখিতে পাইবে। রাজাও আমাকে দেখিবে।' (২৫) ভগবানের এই বাক্য শ্রবণে সেই গোপ প্রেমভরে রাজার নিকট ভগবদাদেশ নিবেদন করিল। রাজাও যথাজ্ঞানুসারে দুগ্ধ সেচন করিতে লাগিলেন। (২৬) দুগ্ধ সেচন মাত্রই ভগবান্ নিজস্বরূপ শ্রীবিগ্রহ সজ্জনগণকে দেখাইলেন এবং (চরণদর্শন হইবে না বলিয়া) নিবারণও করিলেন। (২৭) কিয়ৎকাল পরে কোনও বণিক্ দর্শনার্থে নিজ ভার্য্যাদ্বয়ের সহিত সেই স্থানে সমাগত হইয়াছিল। (২৮) দর্শনানন্দে মত্ত হইয়া সে সেই শ্রীমন্দিরে প্রবিষ্ট হইল। ঐ পত্নীদ্বয় শ্রীচরণপদ্ম লাভ করিলেন দেখিয়া বণিক্ হৃষ্ট হইল। (২৯) ভগবান্ সেই সাধুকে অভীষ্ট বর-প্রার্থনা করিতে আজ্ঞা করিলে সে বলিল—'হে জগদীশ্বর ! আমার নাম জিয়ড়, তুমিও ঐ নামই গ্রহণ কর।' (৩০) ভগবান্ 'তাহাই হউক' বলিয়া অঙ্গীকার করিলে সেই জগৎকারণ হরিও জিয়ড়নৃসিংহ নামে বিখ্যাত হইলেন। ঐ হরি সদাকালই ভক্তবশ্য। (৩১) এই আখ্যান বলিয়া শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু সাক্ষাৎ হরি সেই স্থানেই অন্তর্হিত হইলেন। তাঁহার সাক্ষাৎ কেই বা করিতে পারে ?

ইতি **শ্রীজিয়ড়নৃসিংহ-প্রসঙ্গ**নামক চতুর্দশ সর্গ।

পঞ্চদশ সর্গ।

(১) পরদিন শুভ বিমল প্রভাতে প্রভু হরিনামগুণ কীর্ত্তন করিতে করিতে প্রেমে ধৈর্য্যচ্যুত হইলেন এবং সেই জগদ্‌গুরু শ্রীরামানন্দ রায়কে দর্শন করিতে কাঞ্চীনগরে উপস্থিত হইলেন। (২) তিনি নিজগৃহে কৃষ্ণপূজা সমাপন করিয়া পরব্রহ্ম ব্রজেন্দ্রনন্দনকে ধ্যান করিবার সময়ে মহাবিস্মিত হইয়া তিন বারই মহাদ্ভুত গৌরাঙ্গমাধুর্য্য দর্শন করিলেন। (৩) নেত্র উন্মীলন করিয়া সেইরূপে পরব্রহ্ম সন্ন্যাসীকে দেখিয়া অবনতমস্তকে দণ্ডবৎ-পূর্বক যোড়হস্তে জিজ্ঞাসা করিলেন—'প্রভো! আপনি কোথা হইতে বিজয় করিলেন?' (৪) হাসিতে হাসিতে প্রভু উত্তর দিলেন—'হে শ্রীরাধিকাচরণকমলের মধুকর! তুমি নিজ স্বরূপ কেন স্মরণ করিতেছ না হে?' এই বলিয়াই হরি স্বয়ং তাঁহাকে নিজ বাহুদ্বয়ে আলিঙ্গন দিলেন। (৫) অদ্ভুত বৃন্দাবনকেলি-রহস্য তাঁহার নিকটে প্রকট করিয়া সেই রসিকেন্দ্রশিরোমণি গৌরহরি তাঁহাকে সত্বর ক্ষেত্রগমনের আজ্ঞা দিয়া ও সান্ত্বনা করিয়া পুনরায় যাত্রা করিলেন। (৬) 'শ্রীরাম, গোবিন্দ, কৃষ্ণ' ইত্যাদি নামমালা কীর্ত্তন করিতে করিতে শ্রীকৃষ্ণচৈতন্য গোদাবরী-নদী উত্তীর্ণ হইয়া শ্রীপঞ্চবটীর মহাবনে প্রবেশ করিলেন এবং শ্রীরাম সীতার স্মরণে মহাবিহ্বল হইলেন। (৭) তার পরে জগদীশ্বর প্রভু পৃথিবীতে চলিতে চলিতে দশদিক্‌ উদ্ভাসিত করিয়া, কাবেরী নদী পার হইয়া শ্রীরঙ্গনাথের দর্শনে মহানন্দিত মনে সাদরে নৃত্য করিলেন। (৮) শ্রীরঙ্গনাথের সমীপে জনৈক বিপ্র শুদ্ধাশুদ্ধিবিচাররহিত হইয়া গীতা পাঠ করিতেছিল—তাহাকে প্রেমাশ্রুপূর্ণ দেখিয়া প্রভুবর আলিঙ্গন করিয়া বলিলেন—'আমি সুন্দরই শুনিলাম।' (৯) সেই স্থলেই একজন ব্রাহ্মণবর্য্যসত্তম সুদীর্ঘ গৌরবিগ্রহকে প্রেমধারাপূর্ণ দেখিয়া মনে মনে বিচার করিলেন যে, ইনি জগদেকবন্ধু শ্রীকৃষ্ণই হইবেন। (১০) সেই

ত্রিমল্লনামক ভট্টরাজ 'অহো স্বভাগ্য' গণিয়া নিজ হস্তদ্বয়ে শ্রীপ্রভুর চরণ ধরিয়া আনন্দিতচিত্তে কাতরতা নিবেদন করিলেন। (১১) "হে মহাত্মন্ প্রভো! করুণাপরবশ হইয়া আপনি সততই আমাদিগকে কৃপাবর্ষণই করিবেন। সেই মায়ানাশন কৃষ্ণাবতারেও আপনি কৃপামৃতে জগৎ অভিষিক্ত করিয়াছেন!! (১২) শ্রীকৃষ্ণ ব্যতিরেকে অন্য কেহই সকল জনকে, এমন কি, স্থাবর জঙ্গমাদিকেও উদ্ধার করিতে পারে না!! হে নাথ! এক্ষণে বর্ষাকাল আগতই হইয়াছে। অতএব আপনি এক্ষণে এই দাসের মঙ্গল ইষ্টসাধনই করুন।" (১৩) এইরূপে সেই ভক্তের মধুর সুবাণী শ্রবণে তাঁহাকে আলিঙ্গন করিয়া প্রভু তাঁহার গৃহে প্রবেশ করিলেন। সেই সুধী ব্রাহ্মণও তাঁহার চরণকমল প্রক্ষালণ করতঃ সেই জল সগণে প্রেমের সহিত ধারণ করিলেন। (১৪) মহাপ্রভু সুখাসীন হইলে দ্বিজবর ত্রিমল্ল স্ত্রীপুত্র স্বজনাদির সহিত প্রগাঢ় প্রেমে তাঁহার সেবা করিতে লাগিলেন। (১৫) সেই সময়ে 'গোপাল' নামে ঐ ব্রাহ্মণের বালকটি প্রভুর পার্শ্বে ছিলেন। দয়ালু প্রভু তাঁহাকে দেখিয়া তাঁহার মস্তকে পাদপদ্ম (১৬) দান করিয়া বলিলেন—'হরিবোল বল'; তিনিও আনন্দভরে বাল্যক্রীড়া পরিত্যাগ করিয়া কৃষ্ণকীর্ত্তন করিয়া নৃত্য করিলেন। (১৭) এই ভাবে শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তন-ভাবভাবুক হরি বর্ষাকালটি ওখানে অতিবাহিত করিলেন। শ্রীরঙ্গক্ষেত্রবাসী ব্রাহ্মণগণ কর্ত্তৃক প্রদত্ত ভিক্ষান্নাদি ভোজন করতঃ প্রভু সুখী হইয়াছিলেন। (১৮) রসিকচূড়ামণি প্রভুর দেহটি সুমেরু পর্বত হইতেও সুন্দরতর, তিনি কৃষ্ণনামগুণকীর্ত্তনে মত্ত থাকিতেন। শ্রীরাধার রসবিনোদ বার্ত্তার সময় গদ্গদ বাণী উচ্চারণ করিয়া প্রেমজলে দেহ অভিষিক্ত করিতেন। (১৯) এই ভাবে বাস করিয়া রঙ্গক্ষেত্র হইতে যাত্রাকালে পথে শ্রীমাধবেন্দ্র পুরীর শিষ্য শ্রীপরমানন্দ পুরীর সহিত তাঁহার সাক্ষাৎকার হইল। (২০) শ্রীপুরী গোস্বামী গৌরাঙ্গবিগ্রহ

দর্শনে গুরুবাক্য স্মরণ করিয়া প্রেমাশ্রুপুলকে মণ্ডিতদেহ হইলেন। (২১) ধর্মপালক ঈশ্বরও সভৃত্য পুরীপাদের চরণে পড়িয়া পরমপ্রীতিভরে দণ্ডবৎ প্রণতি করিলেন। (২২) সঙ্কোচের সহিত পুরী বলিলেন—"আমার প্রতি এইরূপ আচরণ করা আপনার বিধেয় নহে, আপনিই জগচ্চৈতন্যকারী জগন্নাথ। (২৩) আপনি যে সাক্ষাৎ ভগবান্ হইয়াও শ্রীকৃষ্ণভক্তরূপ ধারণ করিয়াছেন এবং শ্রীরাধাভাবে পূর্ণ হইয়া মাধুর্য্য-রসলোলুপ হইয়াছেন, তাহা আমার অবিদিত নহে।" (২৪) এই কথা শ্রবণে প্রভু হাস্য ও আদর সহকারে তাঁহাকে বলিলেন—"আমি আপনার প্রেমে বদ্ধহৃদয় আছি বলিয়া জানিবেন, ইহাতে কোনই সংশয় নাই। (২৫) আমি যত দিন প্রত্যাবর্ত্তন না করি, তত দিন আপনি মহারম্য ক্ষেত্রে গমন করিয়া তথায় অবস্থান করুন।" এই বলিয়া গৌরহরি পুনরায় যাত্রা করিলেন।

ইতি **পরমানন্দপুরীসঙ্গোৎসব**-নামক পঞ্চদশ সর্গ।

ষোড়শ সর্গ।

(১) হে বিপ্রবর। জগদেকবন্ধু পথে যাইতে যাইতে প্রকাণ্ড সাতটি তমাল(তাল ?)বৃক্ষ দেখিয়া হাসিতে হাসিতে ধারণ করিয়া স্পর্শমাত্রেই উহাদিগকে উদ্ধার করিয়াছেন। (২) তৎক্ষণাৎই তাহারা সাত জন গন্ধর্ব হইয়া প্রভুর দর্শনানন্দসাগরে মগ্ন হইলেন এবং মুনিশাপজ নিজ নিজ পাপ মোচন হইলে প্রভুর চরণে প্রণত হইয়া নিজ মঙ্গলময় দেশে প্রস্থান করিলেন। (৩) তার পরে সাক্ষাৎ পরব্রহ্ম হইলেও কৃষ্ণরসে মহামত্ত হইয়া তিনি শুভ নামাবলী জপ করিতে লাগিলেন—শ্রীরাম গোবিন্দ হরে মুরারে জনার্দন শ্রীধর বাসুদেব। (৪) হে স্বভক্তরক্ষাকারিন্! রাঘবেন্দ্র হে সীতাপতে! লক্ষ্মণপ্রাণনাথ! হে সুগ্রীবসখে! হে বালিবধে

মহাদুঃখিত! হে হনুমানের আনন্দপ্রদ! হে রাবণারে। (৫) ইত্যাদি নামামৃতপানে মত্ত হইয়া তিনি সত্বর শ্রীসেতুবন্ধ পরিক্রমা করিলেন এবং শ্রীশঙ্করের প্রেষ্ঠতম হরি তত্রত্য অদ্ভুত রামেশ্বর শিবকে দর্শন করিলেন। (৬) গৌরী-রসদ সদাশিব প্রভুকে অঞ্জলিবদ্ধ হইয়া প্রণাম ও দর্শন করিয়া সর্বেশ্বর প্রভুই তথায় নৃত্য করিলেন, তখন ভাবের আবেশে পৃথিবী পদে পদে সংনমিত হইতেছিল। (৭) সকলে জগদেকবন্ধু শ্রীগৌরচন্দ্রকে নিজরসে মহামত্ত হইয়া নাচিতে দেখিয়া নিশ্চয়ই মহাবিস্মিত হইয়াছিল, কিন্তু তাহাদের সকলকেই বঞ্চনা করিয়া প্রভু তিরোধান করিয়াছিলেন। (৮) ক্রমে ক্রমে সকল তীর্থ দর্শন করত কৃপাসমুদ্র প্রভু পুনরায় প্রত্যাবর্ত্তন করিয়া শ্রীমৎ জগন্নাথের দর্শনাশায় পুনরায় শ্রীক্ষেত্ররাজ পুরীধামেই গমন করিলেন। (৯) সজ্জনগতি প্রভু গোদাবরীতীরে আসিয়া স্বয়ং অবস্থান করিতে থাকিলে রসজ্ঞ শ্রীরামানন্দ রায় কর্ত্তৃক পুনঃ সুপূজিত হইয়া দ্বিজগৃহে সুখে বিরাজ করিয়াছিলেন। (১০) রাত্রিকালে কেবল তীর্থকথা বলিয়া প্রভু শ্রীরাধাকৃষ্ণরসে আমোদিত হইলেন এবং রাম রায়কে আজ্ঞা দিলেন—'নিত্যই পদ্মলোচন জগন্নাথদেবের যাহাতে দর্শন করিতে পার, তাহাই সত্বর করিবে, ইহা হইতে আর অধিকতর সুখের কিছু নাই।' (১১) এই ভাবে রসিকেন্দ্রচূড়ামণি শ্রীগৌরচন্দ্র রাম রায়ের সহিত সেই রাত্রি ক্ষণপ্রায় অতিবাহিত করিয়া জগন্নাথের দর্শনাবেশে পুনর্বার গমনে স্বয়ং ইচ্ছা করিলেন। (১২) শ্রীবিষ্ণুদাস নামক ব্রাহ্মণের সহিত আলালনাথের বিষ্ণুকে দর্শন ও প্রণাম করিয়া সেই প্রভু তথায় কিয়দ্দিন বাস করতঃ মহেশ্বরের নীলাচলে আগমন করিয়াছেন। (১৩) শ্রীকাশীনাথের গৃহে অবস্থান করিয়া শ্রীমজ্জগন্নাথের দিদৃক্ষায় স্বয়ং হরি শ্রীসার্বভৌমাদি নিজজন কর্ত্তৃক সমবেত হইয়া পাদ প্রক্ষালণপূর্বক শ্রীরত্নমন্দিরে প্রবেশ করিলেন। (১৪) শ্রীগরুড়স্তম্ভাবলম্বনে লক্ষ্মীপতি

শ্রীকৃষ্ণ স্বয়ং ভক্তিরসে পূর্ণ হইয়াও বলরাম সহিত পরব্রহ্ম সর্বেশ্বর জগন্নাথের দর্শন করিলেন। (১৫) ভক্তগণ দুই পার্শ্বে শ্যাম ও গৌরসুন্দরকে সুখসিন্ধুমগ্ন হইয়া দর্শন করিয়া তৃপ্তি পাইতেছেন না; কৃপণ ব্যক্তিগণ ধনপ্রাপ্তি করিলে যেমন কোথাও প্রকাশ করিতে পারে না, তাঁহারাও সেইরূপ অনির্বচনীয় আনন্দই ভোগ করিতে লাগিলেন। (১৬) সকল-রসগুরু, গৌরপ্রেমনিমগ্ন নিত্যানন্দরাম শ্রীভক্তবর্গের সহিত রসময়বিগ্রহ শ্যামগৌর রূপ দেখিয়া হুঙ্কার, সিংহনাদ, জয় জয় ধ্বনি ও তাণ্ডব নৃত্যাদি করিয়া সতত সকলের প্রেমদান করিয়া জয়যুক্ত হইলেন! অহো! তিনি গদাধর জগন্নাথের দর্শনে পূর্ণকাম হইয়াছেন!! (১৭) তখনই শ্রীকৃষ্ণের আজ্ঞাক্রমে সুধী মহামতি পূজক তুলসী-সংযুক্ত মাল্য আনিয়া ভক্তাভিমানী গৌরচন্দ্র প্রভুকে ও তাঁহার ভক্তবর্গকে সমর্পণ করিলেন। (১৮) প্রেমাশ্রুপূর্ণ, লোকপাবন, পুলকাবলিমণ্ডিত স্বয়ং হরি জগদীশ্বরের সেই প্রসাদমাল্য ভক্তগণ সহিত শিরে গ্রহণ করত প্রণাম করিলেন।

ইতি **শ্রীজগন্নাথদর্শন-নামক** ষোড়শ সর্গ।

সপ্তদশ সর্গ।

(১) একদিন ভগবান্ কৃষ্ণচৈতন্য ভক্তবর্গ সহিত বিরাজ করিতে-ছিলেন। হঠাৎ তিনি বলিলেন—'তোমরা যদি অনুমোদন কর, তবে আমি মথুরায় যাইতে পারি।' (২) তাঁহারা সকলে দুঃখসন্তপ্ত হইয়া অঞ্জলিবন্ধনে দণ্ডায়মান রহিলেন এবং নিবেদন করিলেন—'হে পদ্মনয়ন! তোমার চরণ কেহ কি কোনও প্রকারে ত্যাগ করিতে ইচ্ছা করে? (৩) তুমি যে স্থানে বিজয় করিতেছ, সেই স্থলেই নিখিল তীর্থ, বৃন্দাবন, মথুরাদি তোমার সেবাপরায়ণ হইয়া মূর্তিপ্রকটনে তোমার পার্শ্বে বিরাজ করেন। (৪) হে প্রভো! তুমি লীলাসুখবিনোদে মথুরায় যাইবে।

তথাপি এই দুঃখিত জীবদিগকে উদ্ধার ও ত্রাণ করিতেই হইবে।" (৫) তৎপরে দয়ানিধি প্রভু 'শীঘ্রই আসিব' বলিয়া তাঁহাদিগকে সান্ত্বনা দিয়া গঙ্গা দর্শন করিতে বাচস্পতির গৃহে গমন করিলেন। (৬) নৃসিংহানন্দ এই কথা শ্রবণে মনে মনে কল্পনা করিয়া ক্ষেত্র হইতে মধুপুরী পর্য্যন্ত জঙ্গাল (পথ) তৈয়ার করিতে প্রবৃত্ত হইলেন। (৭) তিনি স্বর্ণ, রৌপ্য ও প্রবালাদি দ্বারা, মণিরত্নরাজিদ্বারা, সূক্ষ্ম সূক্ষ্ম চীনবস্ত্রদ্বারা এবং বৃন্তরহিত পুষ্পরাশি দ্বারা, (৮) জলাশয়সমূহে জলজ পদ্ম, নীল উৎপল প্রভৃতি দ্বারা শোভিত করিয়া পথ রচনা করিলেন। আবার জলাশয়সমূহ রত্নবদ্ধ ঘট্টে, হংসাদি ও জলকুক্কুটাদি পক্ষিনিচয়ে শোভিত করিলেন। (৯) এই ভাবে সেই ব্রাহ্মণ কানাইর নাটশালা পর্য্যন্ত পথ নির্ম্মাণ করিয়া শ্রীকৃষ্ণের চিত্রপটে বনলীলাদি ও বিক্রম (পরাক্রম) এবং (১০) মহাপ্রভুরও স্বভক্তগণের প্রতি পক্ষপাতিত্বাদি স্মরণ করিয়া সুখে হাস্যনৃত্যাদিপুরঃসর ভক্তগণের সম্মুখে বলিলেন—(১১) 'ভগবান্ এক্ষণে মথুরায় যাইবেন না, কানাইর নাটশালা হইতে তিনি প্রত্যাবর্ত্তন করিবেন—আপনারা নিশ্চয় জানিবেন।' (১২) ভক্তগণ এই শুভ বাক্যামৃত আস্বাদন করতঃ তাঁহাকে পরিক্রমা ও দণ্ডবৎ করিতে লাগিলেন। (১৩) তিনিও প্রেমপূর্ণচিত্তে সকলকে প্রণাম করিলেন, এইরূপে ভক্তগণ পরস্পর সমালিঙ্গন করিয়া তাঁহার দর্শনসুখ লাভে অতি আনন্দিত হইলেন। (১৪) তৎপরে জগন্মঙ্গল শ্রীকৃষ্ণকীর্ত্তন করিতে করিতে স্বয়ং শ্রীকৃষ্ণ ব্রাহ্মণবর্য্য বাচস্পতির মন্দিরে স্বগণে উপস্থিত হইলেন। (১৫) শ্রীনবদ্বীপবাসিগণ, অন্যান্য লোকগণ এবং সমাগত দেবগণ সকলেই প্রভুর মুখকমল উত্তমরূপে দেখিয়া সর্বথা শত নেত্রই বাঞ্ছা করিলেন। (১৬) শ্রীপ্রভু কয়েক দিন সেই ব্রাহ্মণ-মন্দিরে বাস করিয়া জড়, অন্ধ, বধিরাদি সকল লোককেই নিস্তার করিলেন। (১৭) বক্রেশ্বরের কৃপাপাত্র মহাপণ্ডিত

দেবানন্দ প্রভুর চরণে পড়িয়া নিজের পূর্বদুর্মতির কথা নিবেদন করিলেন। (১৮) এবং নিজহিত কিসে হয় জিজ্ঞাসা করিলেন। দয়াল প্রভু তাঁহাকে বলিলেন—"শ্রীমদ্‌ভাগবতকে সাক্ষাৎ সচ্চিদানন্দবিগ্রহ (১৯) শ্রীকৃষ্ণ বলিয়াই জানিবে। মাৎসর্য্যাদিদোষশূন্য হইয়া ইহাঁর পাঠ করিলে ভক্তিরসাস্বাদলাভে আনন্দিত হইতে পারিবে।" (২০) ব্রাহ্মণ প্রভুর বাক্য শুনিয়া মস্তক অবনত করিয়া দণ্ডবৎ করিলেন এবং গৌরাঙ্গ-চরণরজে আবৃতদেহ ও গৌরচন্দ্ররসে মগ্ন হইয়া পরমাদ্ভুত নৃত্য করিতে লাগিলেন।

ইতি **দেবানন্দানুগ্রহ** নামক সপ্তদশ সর্গ।

অষ্টাদশ সর্গ।

(১) অনন্তর ভক্তবর্গে বেষ্টিত হইয়া গৌর রামকেলি গ্রামে গমন করিলেন এবং সনাতন লোকমুখে সংবাদ পাইয়া প্রভুপাদকে দেখিতে তথায় গমন করিলেন। (২) তিনি নিজ অনুজ রূপের সহিত প্রভুকে দর্শন করিয়া দশনে তৃণ ধারণপূর্বক প্রীতমনে দণ্ডবৎ নিপতিত হইয়া প্রভুকে বলিলেন— (৩) 'আমার ন্যায় পাপাত্মা বা অপরাধী আর কেহই নাই। হে পুরুষোত্তম! আমার দোষ ক্ষমা কর—এই কথা বলিয়া পরিহার করিতেও আমার লজ্জা হয়—আর কি বলিব?' (৪) মহাপ্রভু তাঁহার মস্তকে শ্বীয় চরণ অর্পণপূর্বক বলিলেন—'তুমি সত্য সত্যই বৃন্দা-বন-নিবাসী, ইহাতে অণুমাত্রও সংশয় নাই। (৫) তোমার সহিত সুখে মথুরায় যাইতে ইচ্ছা করি। লুপ্ত তীর্থসমূহের ও বৃন্দাবনের (৬) প্রকট করিতে পারিবে, এই সব কার্য্য আমার কৃপাতেই সুসম্পন্ন হইবে। ঐ মথুরা সাক্ষাৎ ভক্তিস্বরূপিণী ও প্রেমভক্তিপ্রদায়িনী।' (৭) প্রভুর কথা শ্রবণে সানুজ মহাবুদ্ধি শ্রীসনাতন বলিলেন—"শ্রীকৃষ্ণের উপবন রমণীয়

শুভ বৃন্দাবন। (৮) সে স্থানে শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণ সদাকাল লীলা-বিনোদই করেন। উহা মনুষ্যের কথা দূরে থাকুক—যোগিগণ, এমন কি, দেবসিদ্ধাদিরও অগম্য। (৯) ঐ নির্জন বৃন্দাবনে বহুজন-সমভিব্যাহারে গমন করিলে কি সুখ হইবে হে? তোমার কৃপারূপ শস্ত্রাঘাতে আমার রাজপাত্রাদিরূপ দৃঢ় শৃঙ্খল ছেদন করিয়া (১০) নিজ সান্নিধ্যে আনয়ন করিয়া যদি শক্তি সঞ্চারণ কর, তবে হে কৃষ্ণ! তোমার সুখমত যাহা যাহা করিতে হয়, করিতে পারি।" (১১) প্রভু তাঁহার মুখের এই বাক্যামৃত পান করিয়া হাস্যসহকারে বলিলেন—'কৃষ্ণ তোমার মনোরথ নিত্যই পূর্ণ করিবেন।' (১২) এই ভাবে তাঁহাকে সন্তুষ্ট করিয়া গৌর কানাইর নাট্য-শালায় গিয়া রাত্রিতে চিন্তা করিলেন—'কৃতি সনাতন সত্যই ত বলিয়াছে, ইহাতে আর সংশয় নাই। (১৩) সনাতন-মুখে শ্রীমাধবই আমাকে বলিয়াছেন—নির্জন বৃন্দাবনই সত্যই সুদুর্লভ! (১৪) লোকসংঘ লইয়া তথায় গমন করিলে নিত্যই দুঃখ পাইব—ইহাতে আর দ্বিধা নাই। নিঃসঙ্গ হইয়াই বৃন্দাবন যাইব, এক্ষণে দক্ষিণদেশেই যাইব।' (১৫) সান্দ্রানন্দরসময় ভগবান্ শ্রীগৌরাঙ্গ এই বিচার করিয়া প্রাতঃকালে গাত্রোত্থানপূর্বক নিত্যানন্দকে লইয়া (১৬) সত্বর অদ্বৈতাচার্য্যের মন্দিরে আনন্দে আগমন করিলেন। ভক্তসুখপ্রদ প্রভু অদ্বৈতপ্রভু কর্ত্তৃক সুপূজিত হইয়া সেই স্থানে অবস্থান করিলেন। (১৭) অচ্যুতানন্দের সহিত নিরন্তর তিনি কৌতুক ও আনন্দ করিতেন, পরিহাসরসামোদী প্রভু হরিদাসকেও প্রচুর দয়া করিলেন। (১৮) ভক্তগণ কর্ত্তৃক বেষ্টিত হইয়া রাত্রিকালে নিত্যানন্দ সহ প্রভু হরিকীর্ত্তন করিয়া পরমপ্রীতমনে নৃত্য করিলেন। (১৯) সেই মাতৃভক্ত-শিরোমণি প্রভু মাতা এবং ভক্তবৃন্দকে পুনরায় নবদ্বীপ হইতে আনাইয়া তাঁহাদের দুঃখ খণ্ডন করিলেন। (২০) শচীদেবী কর্ত্তৃক পাচিত চতুর্বিধ (চর্ব্য, চোষ্য, লেহ্য ও পেয়) অন্ন প্রভু ভক্তগণের

মহাহ্লাদরাশি দান করিতে করিতে ভোজন করিয়া নিত্যানন্দের কুতূহল জন্মাইলেন। (২১) এইরূপে ভক্তগণের গ্রামে গ্রামে, গৃহে গৃহে ভোজন পানাদি করিয়া সুখ দানপূর্বক প্রভু শ্রীপুরুষোত্তমক্ষেত্রে গমন করিলেন। (২২) শ্রীমন্নিত্যানন্দরাম এবং গৌরপ্রেমসুধামত্ত গৌরাঙ্গ-প্রাণবল্লভ শ্রীগদাধর পণ্ডিতের সহিত (২৩) শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু সাক্ষাৎ নন্দকুমার শ্রীবংশীবদন প্রভু গোপীনাথকে দর্শন করিলেন। (২৪) সেই গোপী-মনোরথামোদী গৌরহরি গোপীনাথকে আলিঙ্গন করিয়াই বিরাজমান রহিলেন। গদাধর তাহাকে গৌরকৃষ্ণাত্মক দেখিয়া সুখী হইলেন। (২৫) সাক্ষাৎ রাধা-স্বরূপ ঐ গদাধর গোপীনাথকে নিজবক্ষে ধরিয়া কৌতুকে আনয়নপূর্বক নিশ্চলরূপে স্থাপনা করিয়াছেন। (২৬) গদাধর অন্ন পাক করিয়া গোপীনাথের ভোগ দিয়া, সেই প্রসাদ পুলকাঞ্চিত-কলেবরে গৌরচন্দ্রের সমীপে আনয়ন করিলেন। (২৭) মহাপ্রভুর অনুমোদনক্রমে গোপীনাথের সেই প্রসাদ হর্ষভরে তিন ভাগ করিয়া তাঁহারা ভোজন করিলেন। (২৮) নিত্যানন্দকে নিজহস্তে ভোজন করাইয়া রসকৌতুকী গদাধর স্বয়ংও ভোজন করিলেন। (২৯) তৎপরে রসজ্ঞ গৌরাঙ্গ স্বয়ং [illegible] সুখোপবিষ্ট হইলেন, নিত্যানন্দরাম বিশ্রাম করিলে সে[illegible] ামে (বৃক্ষবাটিকায়) রাসোৎসুক হইয়া রাসরসে মত্ত হইলেন।

ইতি **শ্রীগোপীনাথ-দর্শন** নামক অষ্টাদশ সর্গ।

ইতি **তৃতীয়প্রক্রম** ॥

চতুর্থ প্রক্রম।

প্রথম সর্গ।

(১) এই ভাবে প্রভু নীলাচলে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে পূর্ণমানস হইয়া অনুরাগভরে গান করিলেন এবং স্বরূপপ্রমুখ গদাধরাদির সহিত সেই নামকৌতুকী গৌরচন্দ্র নৃত্য করিলেন। (২) শ্রীল সার্বভৌমের সহিত শ্রীরামানন্দাদি ক্ষেত্রবাসিগণ শ্রীগৌরাঙ্গরসে পূর্ণ হইয়া তথায় আগমন করিলেন এবং হর্ষভরে প্রভুর মুখপদ্মমধু পান করিলেন। (৩) তাঁহারা সকলে সংকীর্ত্তন-নামমঙ্গল শ্রবণ করিতেছেন, আনন্দরসসমুদ্রে মগ্ন হইয়া কীর্ত্তন করিতেছেন আর সেই রসিকেন্দ্রচূড়ামণি গৌরাঙ্গের সহিত অধীর হইয়া নৃত্য করিতেছেন। (৪) কাশীশ্বর, রাম ও মুকুন্দাদি; বক্রেশ্বর, রাঘব, বাসুদেব, শ্রীশঙ্কর শ্রীহরিদাস ও গৌরীদাস প্রভৃতি গৌড়বাসিগণ, (৫) শ্রীখণ্ডবাসী রঘুনন্দন প্রভৃতি যাঁহারা গৌরাঙ্গভাবে বিভাবিতমতি ছিলেন—তাঁহারা এবং কুলীনগ্রামনিবাসী ভক্তবৃন্দ সকলেই সুখে নিত্য নৃত্য, গান ও নমস্কার করিতে লাগিলেন। (৬) নৃত্যশেষে স্বয়ং মহাপ্রভু ভক্তজনের প্রতি মহাকৃপাবান্ হইয়া বলিলেন—'যদি তোমাদের কৃপা হয়, আমি রমণীয় অতিদুর্লভ বৃন্দাবনে যাইতে পারি।' (৭) তখন তাঁহারাও মহাসুদুঃখিত হইয়া গৌরাঙ্গ-মুখপদ্মসুধা সম্যক্‌প্রকারে পান করিতে লাগিলেন এবং কাঁদিতে কাঁদিতে গৌরাঙ্গচরণে নিপতিত হইয়া দন্তে তৃণ ধারণপূর্বক বলিলেন—(৮) 'হে প্রভো! তুমিই ত বৃন্দাবনচন্দ্র। তথাপি দাসগণের অনুমোদন পাইয়া সর্বকার্য্য করিতে সর্বদা জিজ্ঞাসা করিয়া থাক, এক্ষণে কিন্তু আমাদিগকে সেই নন্দনন্দনে উন্মুখী কর।' (৯) তাঁহাদের বাক্যশ্রবণে হাস্য করিতে

করিতে তিনি বলিলেন—'আমি সর্বদাই তোমাদের নিকটেই থাকিব।' এই বলিয়া শীঘ্রই প্রভু যাত্রা করিতে উদ্যত হইলেন। (১০) ক্রন্দন-পরায়ণ তাঁহাদিগকে পুনঃ পুনঃ আলিঙ্গন ও সান্ত্বনা করিয়া এবং 'শীঘ্রই আসিব' ইত্যাদি বলিয়া মহাপ্রভু শুভ বৃন্দাবনে যাত্রা করিলেন। (১১) উৎকণ্ঠাভরে মত্ত সিংহবৎ ধাবমান সেই প্রভুর সঙ্গী বলদেবাদি তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলেন। (১২) যেখানে যেখানে পর্বত ও নদীসমূহ দেখিতেছেন—সেই সেই স্থানেই মহাপ্রভু গোবর্দ্ধন, বৃন্দাবন ও কালিন্দী মনে করিয়া (১৩) উন্মত্তবৎ হুঙ্কার করিতেছেন এবং মত্ত গজরাজের মত গতিভঙ্গী অঙ্গীকার করিতেছেন; কখনও কখনও নৃত্য, ধাবন, রোদন এবং ভূতলে লুণ্ঠনাদি করিয়া চলিতে লাগিলেন। (১৪) এইরূপে ক্রমে ক্রমে তিনি কাশীতে উপনীত হইলেন এবং বিশ্বেশ্বরের মহালিঙ্গ দর্শন করিয়া আনন্দে বিহ্বল হইলেন। (১৫) তত্রত্য তপন-নামক জনৈক ব্রাহ্মণ বৈষ্ণব প্রভুর দর্শনে মহানন্দিত হইয়া তাঁহাকে নিজ মন্দিরে লইয়া গেলেন। (১৬) তপনমিশ্র পাদপ্রক্ষালণাদি করিয়া প্রভুকে সুন্দরভাবে পূজা করিলেন। তাঁহার গৃহে ভিক্ষা করিয়া সেই জগদ্‌গুরু সেই স্থলে বিশ্রাম করিলেন। (১৭) মিশ্রপুত্র রঘুনাথ তাঁহাকে সম্মান করিলে প্রভু সেই মহাত্মা বালকের প্রতি মহাকৃপা বর্ষণ করিলেন। (১৮) চন্দ্রশেখর বৈদ্যের গৃহে অবস্থান-কালেও তিনি স্বয়ং কাশীবাসিগণকে হরিভক্তিপরায়ণ করিয়াছিলেন। (১৯) সেই হরি-কীর্ত্তনামোদী প্রভু নিজ ভক্তবর্গে বেষ্টিত হইয়া 'হরিবোল' বলিয়া সদাই ঊর্দ্ধবাহু হইয়া নৃত্য করিতেন।

ইতি **কাশীবাসীর প্রতি অনুগ্রহ** নামক প্রথম সর্গ।

দ্বিতীয় সর্গ।

(১) অনন্তর প্রভু প্রয়াগে আসিয়া শ্রীমাধবকে দর্শন করত প্রেমানন্দসুধায় পরিপূর্ণ হইয়া স্বভক্তগণ সহ নৃত্য করিয়াছিলেন। (২) শ্রীল অক্ষয় বট দেখিয়া ত্রিবেণীতে স্নান করিলেন, পরে তিনি যমুনায় স্নান করতঃ সিংহলীলাবলম্বনে নৃত্য করিলেন। (৩) হুঙ্কার গভীর শব্দে ও প্রেমাশ্রু পুলকে পরিব্যাপ্ত দেহে গমন করিতে করিতে ক্রমে যমুনা পার হইয়া আগ্রাবনের দর্শন পাইলেন। (৪) সেইস্থানে রেণুকা নামক গ্রামে মহাত্মা মহাযোদ্ধা পরশুরাম অবতার করিয়াছিলেন। প্রভু সেই পুণ্যক্ষেত্রে গমন করিলেন। (৫) তথায় নিত্য বৃন্দাবনমুখী যমুনা দেখিয়া অনন্তর রাজগ্রামে গিয়া গোকুল দর্শনে বিহ্বল হইলেন। (৬) মহাবন দেখিয়া পরে তিনি মহা ঐশ্বর্য্যযুক্তা পরম শোভনীয়া রাজধানী মথুরার দর্শন করিলেন। (৭) শ্রীবৈকুণ্ঠাদি ধাম সমূহের ও পরমারাধ্য, পৃথিবীতে শ্রীকৃষ্ণের প্রাকট্যস্থল, প্রেমভক্তি-প্রদায়িনী সেই মথুরাকে (৮) দেখিয়া গৌরহরি প্রেমবিকারের সকল অবস্থায় সংব্যাপ্ত হইলেন এবং হাস্য, নিত্য, রোদন ও ভূমিতে অবলুণ্ঠনাদি করিয়া করিয়া পুলক-মণ্ডিত হইলেন। (৯) সেইস্থলেই কোন দ্বিজবর্য্যসত্তম শ্রীগৌরের দর্শনলাভে প্রেমভরে চ্যুতধৈর্য্য হইলেন এবং রোমাঞ্চিত-দেহে ও গদগদ বাক্যে সেই সুকৃতী ব্রাহ্মণ মহাপ্রভুর চরণদ্বয়ে নিপতিত হইলেন। (১০) প্রীত প্রভু তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, 'আপনি কে গো! আমার ভাগ্য বশতঃ আপনার প্রেমবিহ্বল মূর্ত্তির দর্শন হইল!!' পুনরায় তিনিও প্রভুকে বলিলেন, "হে কৃপালু ভগবন্! আমি তোমার দাসই। (১১) যদিও নামে মাত্র আমি কৃষ্ণদাস, তথাপি তোমার দর্শনে আমি সৌভাগ্যবান্ই হইলাম। হে কৃপানিধে! নন্দকিশোর

গৌর! বৈষ্ণবপাদরেণু দান করিয়া আমাকে পবিত্র কর।" (১২) তাঁহার কথা শ্রবণে প্রভু আনন্দরসসমুদ্রে মগ্ন হইয়া বলিলেন—'আপনিই নিশ্চয় কৃষ্ণদাস। হে সত্তম! আপনি শ্রীকৃষ্ণধামের রহস্য-লীলাদি সব অবগত আছেন, সেই সকল কাহিনী বলুন দেখি।' (১৩) তিনিও আবার প্রভুকে বলিলেন,—'হে প্রভো কেশব! যদিও তুমি স্বয়ং ভক্তাভিমানী হইয়াছ, তথাপি আমার হৃদয়ে নিজ চরণযুগল সমর্পণ করিয়া নিজ ব্রজমণ্ডল প্রকাশ কর।' (১৪) শ্রীগৌরহরি তাঁহার বাক্যামৃত পান করিয়া মেঘ-গম্ভীর বাক্যে বলিলেন, 'আমার আজ্ঞায় শ্রীকৃষ্ণলীলা ও তীর্থ সমূহ আপনার হৃদয়ে সর্বদা স্ফুরিত হউক।' (১৫) তখন সেই ব্রাহ্মণ দয়ালু প্রভুর চরণকমল-সবিধে আনন্দভরে নিপতিত হইয়া বলিলেন—'তোমার চরণযুগল আমার মস্তকোপরি ধারণ করিয়া আমি সকল তীর্থই তোমাকে দেখাইব।' [১৬] এই বলিয়া তিনি গৌররসে মত্ত হইয়া নৃত্য ও রোদন করিতে করিতে প্রেমবিবশ হইলেন। সেই গোপীবল্লভ মুহুর্মুহু শ্রীরাসলীলা ও জলকেলি ইত্যাদি মাধুরীর গান করিলেন। [১৭] এইভাবে গৌরহরি সেই রাত্রিতে জগন্মোহন লীলা-সম্বলিত ব্রজকেলি-কাহিনী বলিতে বলিতে সুখলাভ করিলেন এবং মহাভক্তিরসে পূর্ণ হইয়া শ্রীরাধাকৃষ্ণের বিলাসলাস্যই কীর্ত্তন করিলেন।

ইতি **শ্রীমথুরামণ্ডল-দর্শন** নামক দ্বিতীয় স্বর্গ।

তৃতীয় সর্গ।

(১) শচীনন্দন এইরূপে সেই রাত্রি ক্ষণপ্রায় অতিবাহিত করিয়া উৎকণ্ঠিত চিত্তে প্রদোষকালে সেই বিপ্রবরকে সত্বর আহ্বান করিলেন, (২) এবং বলিলেন—'হে সখে! আমাকে ব্রজমণ্ডল দর্শন করান, যাহাতে আমার পরমা প্রীতি লাভ হয়।' তিনিও তখন প্রভুকে বলিলেন, (৩)

'হে পরব্রহ্ম ! এই মথুরামণ্ডলে যমুনা সর্বথা অধিকতর পুণ্যকর। ইহার প্রীতি পাইয়া সর্বেশ্বর কৃষ্ণ (৪) গোপগোপী-রসামোদী নরাকৃতি পরমাত্মা রাসবিলাস ও জলকেলি ইত্যাদি বিনোদে সুখে খেলা করিয়াছেন। (৫) কালিন্দীর পশ্চিমভাগে মধুবন, শ্রেষ্ঠ বৃন্দাবন, কুমুদবন, খদিরবন, তালবন, কাম্যবন ও বহুলাবন আছে। (৬) ইহার পূর্বদিকে ভদ্রবন, বিল্ববন, লৌহবন, ভাণ্ডীরবন ও মহাবন নামে পাঁচটি বন আছে ; রসিকজন প্রীতির জন্য ইহাদিগের ধ্যান করেন। (৭) ভদ্র, শ্রী, লৌহ, ভাণ্ডীর, মহাবন, তালবন ও খদির, বহুল, কুমুদ, কাম্য, মধুবন ও বৃন্দাবন (৮) নামে এই দ্বাদশবন শ্রীকৃষ্ণের নিত্য প্রীতিদায়ক, ইহাঁদের মাহাত্ম্য ভক্তগণেরই বিদিত, অন্যে কখনও জানিতে পারে না, (৯) যমুনার পশ্চিম ভাগে কংসের বিরাট গৃহ, ইহার উত্তরে মহারম্য ও সুদুর্লভ বৃন্দাবন। (১০) উহার নৈঋ´ত কোণে হরির সুখপ্রদ কুমুদবন এবং তাহার দক্ষিণে খদির নামে কৃষ্ণসুখপ্রদ বন। (১১) মথুরার পশ্চিমে কৃষ্ণবল্লভ তালবন ; তথায় ভুবন-পাবনী মানসগঙ্গার ধারা বর্ত্তমান, (১২) বৃন্দাবনের পশ্চিমে সেই গোবর্দ্ধন পর্বতের তটে শ্রীকৃষ্ণ-নৌকাখণ্ডাদি লীলা-বিধানে ক্রীড়া করিয়াছেন। (১৩) মথুরার পশ্চিমে গোবর্দ্ধন নামক মহাপর্বত বিদ্যমান, তাহারই পশ্চিমে কৃষ্ণরসময় কাম্যবন। (১৪) তাহারই সন্নিকটে মহাপুণ্যা শুভা সরস্বতী নদী মথুরার উত্তরে যমুনায় প্রবেশ করিয়াছে। (১৫) মথুরার ঈশানদিকে শুভ বহুলাবন বিরাজমান, এস্থানে কংস-নাশন কৃষ্ণ মানসগঙ্গা সমুত্তীর্ণ হইয়া ক্রীড়া করেন। (১৬) এই বনটি 'মোহন' নামেও কথিত হয়। হে মহাভুজ ! যমুনার পশ্চিমদিকে এই সাতটি বন বিদ্যমান আছে। (১৭) হে রসিকপ্রবর ! যমুনার পূর্বকূলে পাঁচটি বন আছে ; তৎকৃপাবশবর্ত্তী হইয়া আমি সুবিপুল, (১৮) যমুনা-নিকটবর্ত্তী ও সুদুর্লভ মহাবন দেখিতেছি। তাঁহার পশ্চিমে রম্য বিল্ববন

কৃষ্ণপ্রেমফলপ্রদ। (১৯) তাহার উত্তরে লোহবন, ভদ্রবন এবং কৃষ্ণভক্তি-প্রদ রমণীয় বিরাট্ ভাণ্ডীরবন। (২০) হে প্রভো! এই দ্বাদশ বনাত্মক রমণীয় মথুরামণ্ডল। যোগেশ্বরেশ্বর কৃষ্ণ এই সব বনেই বিহার করেন। (২১) হে হৃষীকেশ! তোমাব মৎপ্রতি অনুগ্রহ প্রাপ্তির আশায় আমি প্রত্যেক বনই দেখাইব। তোমার অনুগ্রহ হইলে আমার ভব-মোচনও হইবে।'

ইতি **দ্বাদশবন-প্রসঙ্গ** নামক তৃতীয় সর্গ।

চতুর্থ সর্গ

(১) হে করুণাসিন্ধো! মথুরামণ্ডলের শুভ কথা শ্রবণ কর। প্রথমতঃ সুশোভন রাজধানী এই মধুপুরী দর্শন কর। (২) পুরীর তিনদিকে উত্তম দুর্গ প্রাচীব বিদ্যমান এবং পূর্বদিকে কালিন্দী দক্ষিণাভিমুখে প্রবাহিত হইতেছে। (৩) উত্তর ও দক্ষিণ দিকে রত্নখচিত কপাটযুক্ত দুইটি দ্বার, নানারত্নবিভূষিত কংসরাজার বাটী নৈঋর্ত দিকে দর্শন কর। (৪) উহার পূর্ব ও উত্তর দিকে রত্নময়-যজ্ঞস্থল-শোভিত দ্বার আছে; ঐ বাটীর উত্তর পার্শ্বে রাজার উপবেশন-যোগ্য একটি বেদী দেখা যাইতেছে। (৫) পুরীর বায়ুকোণে কারাগার রহিয়াছে, তাহার দক্ষিণদিকে মূত্রস্থান দেখ। (৬) হে প্রভো! ইহার বিবরণ বলিতেছি, তুমি সুখে ও সাবধানে শ্রবণ কর। ভগবান্ উদারমতি বসুদেব কংসভয়ে ভীত হইয়া (৭) কৃষ্ণ লইয়া নন্দ-গোষ্ঠে যাইতে যাইতে মহামনাঃ বসুদেব জানিলেন যে ক্রোড়স্থিত কৃষ্ণ মূত্রত্যাগ করিতেছেন। তিনি আনন্দে সত্বর এই প্রস্তরখণ্ডে আরোহণ করিয়া কিছুক্ষণ ছিলেন। হে প্রভো! কৃষ্ণের মূত্রচিহ্ন এই পর্বতোপরি এখনও বর্তমান আছে। (৯) সুতরাং সকলে এইস্থলকে মূত্রস্থান বলিয়া থাকে। উহারই দক্ষিণে উদ্ধবের ঐ গৃহটি দেখ। (১০) এই কথা

শ্রবণে প্রভু হুঙ্কার করিতেছেন দেখিয়া সেই ব্রাহ্মণবর্য্য ভীত হইলেন এবং পুনরায় সুবুদ্ধি বিপ্র কৃতাঞ্জলি হইয়া বলিলেন—(১১) হে লীলাময় জগদ্-গুরো কৃষ্ণ! আমার কথা শ্রবণ কর। স্থির হইয়া দর্শন করিলেই নিশ্চিত সুখ পাইবে। (১২) উদ্ধবের গৃহের পূর্বদিকে ঐ রজকের গৃহ দেখ। উহারও পূর্বে ঐ মালাকারের গৃহ। (১৩) উহারই দক্ষিণে দেবনির্মিত কুব্জাগৃহ, উহার নৈঋ‌র্ত কোণে পরমসুন্দর রঙ্গস্থল। (১৪) রঙ্গস্থলের অগ্নিকোণে শুভ বসুদেব-মন্দির, উহারই ঈশানে ব্রহ্মাকর্ত্তৃক নির্মিত উগ্রসেনের গৃহ। (১৫) উহারও দক্ষিণে গতশ্রম-নামক কৃষ্ণমূর্ত্তি দেখ। শ্রীগৌরচন্দ্র এই মূর্ত্তির দর্শনে পুলকাঞ্চিত হইলেন। (১৬) বিশ্রাম, শ্রমশান্ত বা কংসখালি নামক ঘাট, প্রয়াগ, তিন্দুক, সপ্তর্ষি, মোক্ষ, কোটি, (১৭) বোধি, শিব ও গণেশ প্রভৃতি দ্বাদশ তীর্থ (ঘাট)। এই সকল মহাপ্রভাশীল তীর্থরাজ ক্রমশঃ দক্ষিণদিকে অবস্থিত জানিবে। (১৮) পুরীর দক্ষিণে কৃষ্ণসুখদ রঙ্গভূমি বর্ত্তমান। উহার দক্ষিণে একটি কূপ আছে; শ্রীকৃষ্ণকে উহাতে ফেলিবার জন্য (১৯) কংস এই কূপটি প্রস্তুত করিয়াছিলেন বলিয়া উহা 'কংসকূপ' নামে খ্যাত। উহার নৈঋ‌র্তে অগস্ত্যকুণ্ড বিদ্যমান। (২০) পুরীর উত্তরে সপ্তমসমুদ্র কুণ্ড বিরাজমান; দেবকীর পুত্রগণের নাশ করিয়া এই প্রস্তরটি কংস কর্ত্তৃক নির্মিত হইয়াছিল। (২১) এই কথা শুনিয়া প্রভু হাসিতে থাকিলে ব্রাহ্মণও হাসিতে হাসিতে বলিলেন—'হে প্রভো! ইহার উত্তরে ঐ ভূতেশ্বর লিঙ্গ দর্শন কর। (২২) এইস্থলে আবার সরস্বতীর সহিত মিলিতা যমুনা দর্শন কর। এই স্থানেই দশাশ্বমেধ ঘাট ও সোমতীর্থ। (২৩) এই কণ্ঠাভরণ ঘাট, এই নাগতীর্থ নামক ঘাট। ইহার নাম সংযম কুণ্ড। এই সকল তীর্থই পুরীকে বেষ্টন করিয়াছে। (২৪) মহাপ্রভু এইভাবে মথুরা প্রদক্ষিণ করিয়া কৃষ্ণদাসের গৃহে সুখে ভিক্ষা করিলেন। (২৫) কৃষ্ণদাস প্রভুর

চরণযুগল সেবা করিতে লাগিলেন আর প্রভু শ্রীকৃষ্ণের পরমানন্দ মাধুরীর কথা স্মরণ করিয়া করিয়া বলিতে লাগিলেন।

ইতি **মথুরামণ্ডলের ঘাটকূপাদি দর্শন** নামক চতুর্থ সর্গ।

পঞ্চম সর্গ

(১) ভক্তিরসসমন্বিত ভগবান্ শয়ন করিলেও কিন্তু উৎকণ্ঠিত হইয়া কৃষ্ণলীলা গান করিতে করিতে প্রেমাশ্রু বিসর্জন করিতে লাগিলেন। (২) তিনি প্রতিক্ষণেই জিজ্ঞাসা করিতেছিলেন—'বল দেখি কৃষ্ণদাস আমাকে দুঃখদান করিবার জন্যই কি এই রাত্রি সুদীর্ঘ হইয়াছে ? (৩) কৃষ্ণদাস বলিলেন—'হে নাথ ! মথুরামণ্ডলের পরিমাণ শুন। বিজ্ঞজন গণ বলেন যে উহা ৮৪ ক্রোশ বিস্তৃত। (৪) হে ভক্তবৎসল প্রভো! তুমি স্থিরচিত্ত হইলে আমি ক্রমে ক্রমে সকল তীর্থই দেখাইব। তাহাতে আমার সুখও হইবে। (৫) অগস্ত্যকুণ্ডের উত্তরদিকে কিছুদূরে ঐ শ্রীকৃষ্ণ কর্তৃক নির্মিত ঐ 'সেতুবন্ধ' নামক সরোবর দেখ।' (৬) এই কথা শুনিয়া প্রভু পুলকাঞ্চিতদেহে সবিস্ময়ে ও সাদরে বলিলেন—'কৃষ্ণদাস' ইহার বিবরণ সম্যক্‌রূপে বর্ণন কর।' (৭) শ্রীগৌরচন্দ্রের এই বচনামৃত পান করিয়া শ্রীকৃষ্ণ স্মরণ করতঃ কৃষ্ণদাস হাস্যবদনে বলিলেন—(৮) 'একদিন গোপীকারসবিনোদী রসিকশেখর হরি এই সরোবরে 'আমিই রঘুবরমণি' বলিয়া নবীন হস্তিবৎ ক্রীড়া করিতে লাগিলেন। (৯) রমণীশিরোমণি রাধা তাঁহাকে বলিলেন—'তুমি গোপেন্দ্রনন্দন এবং গোধন চারণ করাই তোমার বৃত্তি। সত্যধর্ম্ম-প্রতিপালক রাজা রামচন্দ্রের কর্ম তোমাতে অতি অসম্ভবই বটে। (১০) সিন্ধুবন্ধন ও রাবণ-নাশ এই দুইটি তাঁহার মহা সুন্দর কার্য্য, হে বালিকাবসনভূষণ-চোর! আর নিজগুণ প্রকাশ করিতে হইবে না!' (১১) তখন পরমকৌতুকী হাস্যকৌতুকরস-বিনোদী

কৃষ্ণ বলিলেন—'আমিই সর্ব সদ্‌গুণনিধি বলিয়া জানিবে, তুমিই গোপ-কুমারী।' (১২) বৃক্ষ ও পর্বতাদিরূপ মহাধন বাণদ্বারা? যদি কখনও প্রস্তর জলে না ভাসে, তবে হে ভাবনিধি রাধে! সাক্ষাতেই সর্বগুণরত্নসমেত প্রভাব প্রত্যক্ষ কর। (১২) পরমরসিকা রাধার বাক্যনির্য্যাস অনুভব করিয়া তাঁহার সখীগণ অঙ্গবন্ধন করতঃ অতি বেগে বৃক্ষাদিযুক্ত প্রস্তরাদি আনিতে লাগিলেন। আর কৃষ্ণও তাহাদ্বারাই সরোবরটি বন্ধন করিলেন। গোপীগণ দেখিয়া জয়ধ্বনি সহকারে তাঁহাকে প্রণাম করতঃ প্রশংসা করিতে লাগিলেন। (১৪। পরম মধুর হাস্যরসাদি সংযুক্তা ... ... গোপীকাগণ সহ শ্রীরাধাকৃষ্ণের এই লীলা নিত্য মহা প্রেমপূর্ণ হইয়া বিজয় করিতেছেন। ইহার শ্রবণেও পরম রসিকগণ সুখে যুগল কিশোরকে স্মরণ করেন এবং ব্রাহ্মানন্দকে উপহাস করতঃ নিখিল মোক্ষ সম্পত্তিকেও তিরস্কার করেন। (১৫) শ্রীগৌরহরি এই পরমাদ্ভুত কৃষ্ণরহস্য শ্রবণ করিয়া রাধারসাবেশে বিবশ হইয়া আনন্দে নৃত্য করিয়াছিলেন।

ইতি **সেতুবন্ধ-সরোবর-প্রসঙ্গ** নামক পঞ্চম সর্গ।

ষষ্ঠ সর্গ।

(১) এই কথা বলিতে বলিতে সেই বিপ্র প্রভুর সহিত যমুনা উত্তীর্ণ হইয়া মহাবনে নন্দগৃহ দেখাইলেন। (২) এই স্থানে পূতনা মোক্ষণ হইয়াছে—এইস্থানে শকটাসুর মুক্ত হইয়াছে—দুর্বৃত্ত তৃণাবর্ত্তকে হরি এইস্থানে বধ করিয়াছেন। (৩) কৃষ্ণ মুখ ব্যাদান করিয়া নিজ উদরে অদ্ভুত বিশ্ব ব্রহ্মাণ্ড দেখাইয়া এইস্থানে মাতাকে ভীত করিয়াছেন—মাতা ভয় পাইলেও কিন্তু কৃষ্ণকে আশীর্বাদ করিয়াছেন। (৪) গর্গ মহারাজ এইস্থলেই নামকরণ করিয়াছেন—এইস্থানে মৃত্তিকাভক্ষণ ও বিশ্বরূপ দর্শন লীলা হইয়াছে। (৫) এইস্থানে ভগবান্ স্বয়ং হরি মাতার

আনন্দবৃদ্ধির জন্য দধিমন্থনদণ্ড ধরিয়া নৃত্য করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। (৬) যশোদা তাঁহাকে ক্রোড়ে লইয়া তাঁহার মুখদর্শনে হাসিতে হাসিতে কৌতূহলাক্রান্তচিত্তে তাঁহাকে স্তন্যদান করিয়াছিলেন। (৭) দুগ্ধ উথলিয়া উঠিতেছে দেখিয়া সতী যশোদা তাঁহাকে রাখিয়াই সত্বর চুল্লীস্থ দুগ্ধ উত্তারণ পূর্বক মন্থনস্থলে কৃষ্ণ-নিকট গেলেন। (৮) এদিকে কৃষ্ণও ক্রোধভরে স্বয়ং গৃহে প্রবেশপূর্বক প্রস্তরখণ্ড দ্বারা ভাণ্ড ছিদ্রিত করিয়া নবনীত ভোজন করিতে করিতে উলূখলের উপরে দাঁড়াইয়াই হাসিতে লাগিলেন। (৯) অনন্তর যশোদা নিজপুত্রের এই কর্ম জানিয়া তাঁহার প্রলাপ ও হাস্য দেখিয়া এইস্থলেই তাঁহাকে দাম (রজ্জু) দ্বারা বন্ধন করিয়াছিলেন। অতএব সেই প্রেমদ হরিও 'দামোদর' নাম প্রাপ্ত হইলেন। (১০) দামোদর ভগবান্ এইস্থানে যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের ভঞ্জন করিয়াছেন। ফলদেশ্বর প্রভু এইস্থলে ধান্য দিয়া ফলভোজন করিয়াছেন॥ (১১) ইহারই দক্ষিণপার্শ্বে এই গোলোকাখ্য গোকুল। এইস্থানে সেই হরি মাতার সাক্ষাতে বহুবিধ বাল্যলীলা প্রকট করিয়াছেন। (১২) হে মহাপ্রভো! এই স্থানে গোপেশ্বর দেবকে দর্শন কর; এই স্থানে ভুবন-পাবন সপ্তসমুদ্রক কুণ্ড বিদ্যমান দেখ। (১৩) পশ্চিমগ্রামে আয়ানের ঐ রসময় গৃহ বর্ত্তমান—ইহারই দক্ষিণদিকে আনন্দ নামক গোপ বাস করিতেন। (১৪) গ্রামমধ্যে উপনন্দের কৃষ্ণসুখপ্রদ গৃহ বিদ্যমান—ইহারই পশ্চিমভাগে রাবণের তপোবন বিরাজিত। (১৫) হে কৃষ্ণ (গৌর)! ইহার উত্তরে দুর্বাসা মুনির আশ্রম বর্ত্তমান—হে প্রভো। ইহার নিকটেই লোহবন ও বিল্ববন বিরাজ করিতেছে। (১৬) এইস্থানে নন্দ মহারাজ সুখে কৃষ্ণকে খেলা দিতেছিলেন—আর কৃষ্ণ তাঁহাকে পরমাদ্ভুত বাল্য-লীলারস দান করিতেছিলেন। (১৭) হঠাৎ মেঘাগম দেখিয়া সেই নন্দরাজ কোনও সুন্দরী গোপিকাকে বলিলেন—'এই কৃষ্ণকে নিয়া শীঘ্রই

আমার গৃহেশ্বরীর নিকট সমর্পণ করত।' (১৮). সেই গোপীও তাঁহাকে নিজক্রোড়ে উঠাইয়া আনন্দবিবশ হইয়া চুম্বন করিলেন। কৃষ্ণও তখন তাঁহাকে প্রগাঢ় আলিঙ্গন করিলে তিনি বিস্মিত ও বিবশ হইয়াছিলেন।' (১৯) বালক কৃষ্ণের রসোল্লাস-বৈভব শ্রবণ করিয়া সেই গৌরকৃষ্ণ স্বয়ং কৃষ্ণদাসকে প্রেমে আলিঙ্গন করিলেন। (২০) হে গৌরগোবিন্দ! এইস্থানে গোপালের শুভ লীলা দর্শন কর—গোচারণে গিয়া কৃষ্ণ নিজে এই কুণ্ড খনিত করিয়াছেন্। (২১) এই স্থলেই সুন্দর উপনন্দ নন্দ-মহারাজকে আহ্বান করিয়া অভিযুক্ত গোপগণে পরিবৃত হইয়া কৃষ্ণ-সুখের জন্য যুক্তি করিয়াছেন। (২২) ব্রজবাসিগণের সহিত রামকৃষ্ণকে লইয়া শকটারোহণপূর্বক নন্দমহারাজ ভদ্র ও ভাণ্ডীর বনে গমন করিয়া তথায় দুইমাস অবস্থান করিয়াছিলেন।

ইতি **মহাবনাদি-দর্শন** নামক ষষ্ঠ সর্গ।

সপ্তম সর্গ।

(১) তারপরে নন্দাদি গোপগণ অনলস হইয়া যমুনাপারে সনাতন বৃন্দাবনে গিয়া বাস করিলেন। (২) এই দেখ এইস্থানে শকটসমূহ দ্বারা দুর্গ নির্মিত হইয়াছিল—এইস্থানে পিতাদি গুরুজন কর্ত্তৃক পরিবৃত হইয়া রামকৃষ্ণ গো ও গোপালগণসহ খেলা করিতেন। (৩) হে গৌরচন্দ্র। এই কপিত্থমূলে কৃষ্ণ বৎসরূপধারী বৎসাসুরকে এবং বকবেশী বকাসুরকে বধ করিয়াছেন। (৪) এই স্থানে রামকৃষ্ণ বেণুবেত্রাদিযুক্ত সখাগণের সহিত জগৎপতি হইয়াও বানরবৎ লম্ফঝম্পে, পক্ষি প্রভৃতির চেষ্টানুকরণে এবং ময়ূরধ্বনি প্রভৃতির অনুকরণ করিয়া খেলা করিতেন। (৫) এইকথা শুনিয়া স্বয়ং রসিকচূড়ামণি ভক্তরূপী গৌর কৃষ্ণরসপূর্ণ হইলেন। প্রভু গৌরচন্দ্র পূর্বলীলায় এই প্রেমের বিষয়তত্ত্ব ছিলেন আর এক্ষণে এই

পরলীলায় রসের আশ্রয়-স্বরূপ হইয়াছেন। (৬) হে গৌরাঙ্গ! বকাসুরের অনুজ মহাপাপ অঘাসুর এইস্থানে আসিলে হরি তাহার বিনাশ করিয়াছেন। (৭) এই স্থানে স্বজন ও সখাগণ সহ ইঁহার ভোজন-কৌতুক দেখিয়া ব্রহ্মা এক বৎসরের জন্য গোবৎস ও গোপালগণকে চুরি করিয়া রাখিয়াছিলেন। (৮) এই স্থানে ধেনুকাসুরের বধ হয় এবং পরে কৃপাবশে ইহার মুক্তিও হইয়াছিল। এই দেখ সুনির্মল কালীয়দমন হ্রদ। (৯) হে জগদ্গুরো! এইস্থলে কালীয়দমন কৃষ্ণমূর্ত্তি দর্শন কর। এই স্থানে কৃষ্ণ শীতার্ত্ত হইয়া জল হইতে উত্থিত হইয়াছিলেন। (১০) এইস্থানে দ্বাদশাদিত্য গগনমণ্ডলে এক সময়ে উত্থিত হইয়াছিল, বেদ-পারগ ব্যক্তিগণ ইহাকে দ্বাদশাদিত্যঘাট বলিয়া থাকেন। (১১) এই স্থানে ভক্তদুঃখহারী নন্দনন্দন বৎসপালগণকে দাবানল হইতে মুক্ত করিয়াছেন। (১২) এই স্থলে খেলায় পরাজিত হইয়া কৃষ্ণ শ্রীদামনামক বালককে পরমপ্রীত হইয়া বহন করিয়াছেন এবং প্রলম্বাসুর রোহিণীনন্দন বলরামকে স্কন্ধে লইয়াছিলেন। (১৩) বলদেব তাহাকে অসুর জানিয়াই হস্তপদ্ম মুষ্টিবদ্ধ করিয়া তাহার মস্তকে আঘাত করিতেই সে প্রাণত্যাগ করিয়াছিল। (১৪) বৃন্দাবনে মহত্তম এই ভাণ্ডীর বট দর্শন কর। এই দেখ ঈষিকা (মুঞ্জাটবী) বন—এইস্থানে গোগণ তৃণলোভে (১৫) প্রবেশ করিলে কৃষ্ণ বেণুনাদ করিয়া ইহাদিগকে প্রত্যাবর্ত্তন করাইয়া-ছিলেন এবং ভক্তজনপ্রিয় শ্রীহরি নিজ গণকে দাবানল-মধ্যবর্ত্তী দেখিয়া (১৬) এই স্থলে অগ্নিরাশিকে হাতে লইয়া পান করিয়াছেন। এই স্থানে রসজ্ঞ শ্রীকৃষ্ণ যে লীলা করিয়াছেন—তাহাও দেখ। (১৭) এই যমুনাতীরে বস্ত্রাভরণাদি রাখিয়া তাঁহাকেই পতিরূপে পাইতে ইচ্ছুক গোপ-কুমারীগণ ব্রতাচরণ করিয়াছেন। (১৮) গোপীগণ জলমধ্যে প্রবেশ করিলে নাগর-চূড়ামণি তাঁহাদের বস্ত্ররাশি লইয়া সত্বর কদম্ববৃক্ষে আরোহণ করিলেন।

(১৯) তিনি বৃক্ষগণের সহিত যেন কথা কহিয়া হাসিতেছেন—তার পর শীতার্ত্তা গোপবালাগণ শুদ্ধভাব-বিভাবিতা হইয়া কৃষ্ণকে সন্তুষ্ট করিলেন। (২০) কৃষ্ণ শ্রীরামের সম্বন্ধে বৃন্দাবনস্থিত বনস্পতিসমূহকে প্রশংসা করিতে করিতে এই স্থানে যমুনায় গিয়াছেন। (২১) অনন্তর এই স্থানে সেই যজ্ঞভুক্ কৃষ্ণ বিপ্রপত্নীগণের নিকট অন্ন যাচ্ঞা করিয়া বলবান্ বলদেব ও গোপালগণের সহিত একত্র ভোজন করিয়াছেন।

ইতি **বস্ত্রহরণাদিলীলাস্থলীদর্শন**-নামক সপ্তম সর্গ।

অষ্টম সর্গ।

(১) পুনরায় কংসভয়ে ভীত হইয়া স্বজনগণকে আহ্বান করিয়া নন্দ মহারাজ সকল ব্রজবাসির সহিত নন্দীশ্বরে বাস করিয়াছেন। (২) গোবর্দ্ধন পর্বতে রমণীয় মানসগঙ্গার দুই কূলে কৃষ্ণরাম তখন সখাগণ সহ নিত্য বিহার করিয়াছেন। (৩) সপ্তবর্ষবয়স্ক হরি ইন্দ্রগর্ব নাশ করিবার উদ্দেশ্যে নিজগণের উদ্ধার-চিন্তায় আনন্দে সাতদিন পর্য্যন্ত গিরিধারণ করিয়াছেন। (৪) রসকৌতুকী কৃষ্ণ এই মানসগঙ্গায় নৌকাক্রীড়া করিয়াছেন। গোষ্ঠের লোকগণ মথুরায় প্রায়ই গমনাগমন করিতেন। (৫) ভক্তানুগ্রহ করিবার জন্য হরি এই স্থানে প্রস্তরখণ্ডের উপর বসিয়া দান আদায় করিবার ছলে গোপিকাদিগের সহিত বিবিধ লীলাবিনোদ করিয়াছেন। (৬) এই দানবেদির দর্শনে সেই গৌরচন্দ্র আস্বাদন-কৌতুকে বাহ্যবৃত্তিশূন্য হইয়া বংশী, শ্রীবৎস ও বেত্রাদিধারণপূর্বক কুসুম কিসলয়াদিসজ্জিত শ্যামতনু প্রকটন করিলেন এবং 'হে রসবতি রাধে! আমাকে দান দাও, আমি ত বিমল দানেরই পাত্র হে!!' এই বলিয়া যিনি তাঁহাকে স্তব করিতেছেন—সেই রাধিকাপ্রাণনাথ গৌরাঙ্গই জয়যুক্ত হউন। (৭) তৎপরেই সহসা মহাপ্রভু ভক্তিরসাবিষ্ট হইয়া সেই

পাষাণকে অশ্রুসিক্ত করিয়া নিজমস্তকে লেপন করিতে লাগিলেন। (৮) এই পর্বতের পূর্বভাগে কৃষ্ণরসপ্রদ কুণ্ডযুগল দর্শন কর। উহার দক্ষিণপার্শ্বে অত্যুত্তম রাসমণ্ডল বিরাজমান। (৯) এই স্থানে শ্রীরাধা-কৃষ্ণের রাসবিলাসের স্থান দেখ। ইহা প্রেমরসপূর্ণ ভক্তগণেরই চিন্তনীয় স্থান। (১০) রাধামাধবের একত্র অবস্থিতিহেতু সেই সেই ভাবে বিভাবিতমতি গৌরাঙ্গ তখন সেই সেই লীলা অনুকরণ করিয়া দেখাইতে লাগিলেন। (১১) তৎপরে সেই ব্রাহ্মণ-সত্তম ভাব-বিলাসী কৃষ্ণকে বলিলেন—'ঐ দেখ পর্বতোপরি শ্রীরাধিকার আরাধনাস্থল। (১২) এই দেখ—দেবেন্দ্রের গর্বনাশন অন্নকূটস্থল—হরি ইন্দ্রের উৎপাত দেখিয়া এই গোবর্দ্ধনপর্বত ধারণ করিয়াছেন। (১৩) ঐ পর্বতোপরি হরিরায় প্রভুকে দর্শন কর। উহার দক্ষিণপার্শ্বে আবার গোপালরায়কেও দেখ। (১৪) ইন্দ্রের গর্ব্ব নাশ হইলে ব্রহ্মাকর্ত্তৃক প্রেরিতা সুরভী মন্দাকিনীর জলদ্বারা এইস্থলে গোবিন্দের অভিষেক করিয়াছেন। (১৫) মহামহোৎসব করিয়া বেদাদি সকলেই তখন গোবিন্দের সেবা করিয়াছিলেন—আর অপরাধী দেবেন্দ্রও তখন তাঁহাকে স্তব করিয়া নির্ভয় হইয়াছেন। (১৬) এই পর্বতের দক্ষিণদিকে ঐ সর্বপাপহর কুণ্ড দর্শন কর। ইহার উপরে পাঁচটি কুণ্ড আছে—ব্রহ্মকুণ্ড, রুদ্রকুণ্ড, ইন্দ্রকুণ্ড, সূর্য্যকুণ্ড এবং (১৭) সর্বপাপনাশক মোক্ষকুণ্ড। ইহাদের দর্শনে গৌরকৃষ্ণ প্রভু প্রেমানন্দে সেই ব্রাহ্মণকে বলিলেন—(১৮) 'অহো। এই জগতে এই গিরিরাজই ধন্য, যাহাতে শ্রীরামকৃষ্ণ আনন্দভরে গোপালবালকগণসহ নিরন্তর ক্রীড়াই করিতেছেন।' পূর্ণপ্রেমরসদ গৌরাঙ্গ এই কথা বলিলে তখন স্বয়ং শ্রীগোবর্দ্ধনই আগ্রহভরে তাঁহাকে পূজা করতঃ নৃত্য করিলেন।

ইতি **শ্রীগোবর্দ্ধন-দর্শন** নামক অষ্টম সর্গ।

নবম সর্গ।

(১) এই স্থলেই যমুনাজলে নন্দমহারাজ দ্বাদশীব্রতাচরণজন্য স্নান করিতে থাকিলে বরুণ কৃষ্ণদর্শনলোভে তাঁহাকে স্বলোকে লইয়া গিয়াছিলেন। (২) স্বয়ং ভগবান্ এই ব্যাপার অবগত হইয়া বরুণলোক হইতে পিতাকে আনয়ন করিয়াছেন। ব্রহ্মকুণ্ডে নিজজন গোপগণকে নিমজ্জিত করিয়া ব্রহ্মলোক দেখাইয়া পুনরায় (৩) প্রভু কৃষ্ণ তাঁহাদিগকে বৃন্দাবনে আনয়ন করিয়াছিলেন। হে গৌরকৃষ্ণ! ঐ পরমরমণীয় সুদুর্লভ কুণ্ডটীকে দর্শন কর। (৪) ব্রহ্মকুণ্ডের উত্তরে শ্রীরাধাসহ শ্রীকৃষ্ণের বিহারস্থল ঐ রম্য অশোককানন দর্শন কর। (৫) কার্ত্তিকী পূর্ণিমায় দেবদেবেশ্বর হরি শ্রীশ্যামসুন্দর গোপীগণের সহিত ঐ স্থানে রাস করিয়াছিলেন। (৬) তৎক্ষণাৎই সেই রসিকচূড়ামণি প্রভু গৌরহরি প্রকটভাবেই ইন্দ্রনীলমণিবৎ দ্যুতিমালা প্রকাশপূর্বক রত্নাদিবিবিধ সুন্দর রম্যবেশে উজ্জ্বলীকৃত হইয়া ভক্তবর্গের সহিত রাসরস তাণ্ডব নৃত্যাদির আচরণে বিজয় করিতে লাগিলেন। (৭) গৌরহরি তখন সরস রম্য বৃন্দাবনদেশে বসন্তবনবায়ু প্রবাহিত করিয়া রাসোৎসব প্রকটনে প্রফুল্ল মধুর কান্তি বিস্তার করিলেন এবং অধিক আর কি বলিব—সমগ্র রাসস্থলকেই অধিকতর সুরম্য করিয়া সেই মদনগর্বনাশন গোপীজন-বল্লভই প্রকাশ পাইলেন!! (৮) সেই ব্রাহ্মণ এই ব্যাপার-পরম্পরা দেখিয়াও কিন্তু চৈতন্যমায়াবশবর্ত্তী হইয়া প্রভুকে পুনরায় শুভ পূর্বলীলাস্থলীসমূহ দেখাইতে লাগিলেন! (৯) এই স্থানে দেখ—গোবিন্দ ঐ বংশীবটের নিকটে দাঁড়াইয়া গোপীজনবিমোহন কামবীজ গান করিয়াছিলেন!! (১০) সেই সুললিত সঙ্গীত-শ্রবণে গোপীগণ সেইস্থলে সমবেত হইয়াছিলেন—প্রেমমদভরে কৃষ্ণ তাঁহাদিগকে বাহ্য ধর্ম উপদেশ করিয়াছেন। (১১) তাঁহাদিগের হৃদয়ে বিশুদ্ধসত্ত্ব, ভাব ও

প্রেমদানকারী যোগেশ্বরেশ্বর কৃষ্ণ এইস্থলে রাসক্রীড়া করিয়াছিলেন। (১২) হে গৌরাঙ্গ! এইস্থলে রসবল্লভ রসকৌতুকী গোবিন্দ বৃন্দাবনাধিপত্য করিয়াছিলেন। (১৩) এইস্থলে রাসরসামোদী কৃষ্ণ গোপীদের অনুরাগ বৃদ্ধি করিতে মুখ্যতমা গোপীকে লইয়া অন্তর্হিত হইয়াছিলেন। (১৪) সেই গোপীর সুচরিত্র কে বর্ণিতে পারে আর কেই বা শ্রবণ করিতে পারে? তাঁহারই প্রেমপরতন্ত্র হইয়া কৃষ্ণ স্বাধীনভর্ত্তৃকা-ভাবাপন্না তাঁহাকে ত্যাগ করিয়াছেন!! (১৫) কৌতুকী কৃষ্ণ ইঁহার সমীপদেশ হইতে সঙ্গোপনে থাকিয়া হাসিতেছিলেন। তিনিও কৃষ্ণকে না দেখিয়া বিহ্বলা হইলেন। তাঁহার সখীগণ (১৬) মিলিত হইলে তাঁহারা সকলে প্রেমবশ হইয়া তখন কৃষ্ণের জন্মাদি লীলাগানে ও তদনুকরণে তন্ময় হইয়া গেলেন। (১৭) তাঁহারা কৃষ্ণবিয়োগার্ত্তিভরে পীড়িত হইলে তখন নারায়ণ কৃষ্ণ স্বয়ং হাসিতে হাসিতে দর্শন দিলেন। (১৮) তাঁহাদের প্রদত্ত মানে সম্মানিত হইয়া এবং পুনরায় পরিহাসোক্তিতে পরাজয় স্বীকার করিয়া ধর্ম্মজ্ঞ তিনি মণ্ডলীবন্ধনে রাস রচনা করিলেন। (১৯) বিলাস-রসমাধুরী-রসমদে মত্ত হইয়া বলবান্ হরি তাঁহাদিগকে যমুনাতীরে আনয়ন করিলেন এবং প্রাকৃত অনঙ্গের মন্মথস্বরূপে স্বয়ং বহুরূপ প্রকাশ করিয়া ব্রজসুন্দরীদের ও নিজের ভুজে ভুজে পরস্পর আলিঙ্গিত হইয়া বিরাজ করিতে লাগিলেন। (২০) এই রাসবিলাস-বৈভবরস শ্রবণ করিয়া গৌরহরি প্রেমোন্মাদে ধৈর্য্য লুপ্ত হওয়ায় মাধুর্য্যসারোজ্জ্বল মূর্ত্তি ধারণ করিলেন এবং 'শ্রীরাধাকৃষ্ণ ব্রজবধূগণ কর্ত্তৃক বেষ্টিত হইয়াছেন'—এই চিন্তা করিতে করিতে নিজের দেহেই তাঁহাদের উভয়ের প্রাকট্য দেখাইয়া সম্যক্‌রূপে বিরাজমান হইলেন।

ইতি **মহারাসস্থলীদর্শন**-নামক নবম সর্গ।

দশম সর্গ

(১) অনন্তর এইস্থলে দেখ—বসন্তবেশে সজ্জিত রসজ্ঞ ও স্বর্ণাভরণে অলঙ্কৃত হইয়া শ্রীরামকৃষ্ণ নিজ নিজ যূথেশ্বরী ব্রজসুন্দরীদিগের সহিত (হোরী) ক্রীড়া করিয়াছেন। (২) তাঁহারা উভয়ে গোপীদের সহিত নৃত্য করিতে করিতে রসাবেশে গান করিতেছিলেন। সঙ্গীত-পরায়ণা ও নৃত্যকুশলা রমণীগণ কর্তৃক তাঁহারা শোভিতও হইয়াছিলেন। (৩) দুইভাই এইরূপে বিহার করিতে থাকিলে দুর্মতি শঙ্খচূড় আসিয়া গোপীদিগকে লাঞ্ছনা করিতে লাগিল—দুই ভাই এই অসুরকে দেখিলেন। (৪) শ্রীকৃষ্ণ উহার শিরোরত্ন আহরণ করিয়া সেই খলকে নিহত করিলেন এবং মণিরত্ন স্যমন্তকটি শ্রীবলদেবের হস্তে সমর্পণ করিলেন। (৫) গোপীগণ ঐ মণির প্রতি সতৃষ্ণ নয়নে নিরীক্ষণ করিলেও কিন্তু শ্রীকৃষ্ণ কৌতুকভরে জ্যেষ্ঠ-হস্তেই দিলেন। আবার বলদেবও ঐ মণিটি নিজ প্রিয়তম জনগণের দ্বারা শ্রীকৃষ্ণপ্রেয়সী শ্রীরাধার সমীপে পাঠাইয়াছিলেন। (৬) গোগণের সহিত প্রতিবনে গমনকারী শ্রীরামকৃষ্ণের সুন্দর বদন দেখিয়া ব্রজসুন্দরীগণ এইস্থলে 'চক্ষুষ্মান্ জনদিগের অক্ষিধারণের এই ফল' বলিয়া যে সঙ্গীতালাপ করিয়াছিলেন—তাহার শ্রবণে প্রভু পুলকিত হইয়া পুনঃ পুন রোদন করিয়াছিলেন। (৭) এই কুমুদবন দর্শন কর—এইস্থানে শ্রীদাম সুবলাদির সহিত শ্রীরামকৃষ্ণ মহানন্দে ক্রীড়া করেন। (৮) এই সরস্বতীতীরে অম্বিকানামক বনে ব্রজবাসিগণ দেবাদিদেব শঙ্কর ও গৌরীকে পূজা করেন। (৯) সুদর্শন নামক বিদ্যাধর অঙ্গিরা ঋষির পুত্রের শাপে সর্পদেহ ধারণপূর্বক এস্থানে ছিল। নন্দমহারাজের অর্দ্ধেক শরীর এই সর্প গিলিলে কৃষ্ণ উহাকে চরণস্পর্শদানে উদ্ধার করিয়াছিলেন। (১০) সেই সর্প পুনরায় গন্ধর্বস্বরূপে এই স্থলে হরির সন্তোষ করিয়া কৃষ্ণগুণানুবাদ করিতে করিতে আনন্দে স্বধামে গমন করিয়াছিল।

(১১) এই বৃষভানুপুর দেখ—এইস্থলে বৃন্দাবনেশ্বরী মহালক্ষ্মী কৃষ্ণবিলাসিনী শ্রীরাধা প্রাদুর্ভূত হইয়াছেন। (১২) এই রৈবতক পর্বত দেখ—এইস্থানে রসিকরাজ বলদেব গোপীগণের সহিত ক্রীড়া করিতে করিতে দ্বিবিদকে নিহত করিয়াছিলেন। (১৩) তৎপরে তিনি কালিন্দীকে আকর্ষণ করিয়া যমুনাতীরে গিয়াছিলেন। তৎপরে কৃষ্ণ জলে প্রবেশপূর্বক গোপীগণের সহিত যথেচ্ছ কেলিবিলাসাদি করিয়া (১৪) গোপীগণসহ তীরে আসিলেন এবং সকলকে বস্ত্র ও উৎকৃষ্ট আভরণাদি-দ্বারা ভূষিত করিয়া কৌতুকী কৃষ্ণ ক্রীড়া করিলেন। (১৫) নন্দগ্রামের উত্তরে এই 'পাবনসরোবর' 'দেখ—এইস্থানে নন্দমহারাজের গোবৎস-সমূহ কৃষ্ণের অধীনে চরিয়া থাকে। (১৬) নন্দীশ্বরের পশ্চিমে এই কাম্যবন বিরাজিত—এইস্থলে নির্মল 'পিচ্ছল' পর্বত বর্ত্তমান। (১৭) এই পিচ্ছল পর্বতে শ্রীকৃষ্ণরাম বালকগণ সহ খেলা করেন। অরিষ্ট, কেশী ও ব্যোমাসুরাদি বৃষ, অশ্ব ও মেষরূপ-ধারণে (১৮) কৃষ্ণ-সন্নিধে আসিলে সেই সর্বমোক্ষদায়ক কৃষ্ণ তাঁহাদিগকে বিনাশ করিয়াছেন। এই স্থানে গোপবালকগণ সহ শ্রীকৃষ্ণ সর্বদা ক্রীড়া করেন। (১৯) হে গৌরাঙ্গসুন্দর! এই রমণীয় ফলপুষ্প-সমন্বিত 'খদির' বন দেখ—ইহা মৃদু মন্দ সমীরণদ্বারা নিত্য শীতলীকৃত হইতেছে। (২০) এই স্থানেই রাধাকৃষ্ণ গোপীগণের সহিত নিরন্তর কৌতুকাবেশে ক্রয়বিক্রয়-লীলাবিনোদে খেলা করেন। (২১) নিকুঞ্জের নবমল্লিকা, নবতমাল, সাল ও অর্জুনাদি দ্বারা এবং অশোক, নবমাধবী ও নবাম্রাদি দ্বারা সুমণ্ডিত—ময়ুর, শুক ও কোকিলাদি কর্তৃক মুখরিত ও সংশোভিত এই স্থলে সুন্দর পুষ্পবিতানের উপরি সংস্থিত শ্রীরাধামাধবই জয়যুক্ত হউন। (২২) সুন্দরী রমণীয়া সখীগণের চাতুরী ও চরিত্রে (সেবানৈপুণ্যে) এবং মোহন বংশীনিনাদে—প্রমত্ত তরুণীগণের হাস্য, গীত এবং নৃত্যোৎসবে উদ্দীপিত নিরন্তর

মন্মথমথন-লীলাপরায়ণ রাসেশ্বরী ও রাসেশ্বর রসবিশেষ-পালনে অর্থাৎ মহারসময় ভোগবিলাসে উৎসুক হইয়াছেন। (২৩) মহাপ্রভু রাধাকৃষ্ণের বিলাসবৈভবরস-শ্রবণে রোদন করিতে করিতে মহামাধুর্য্য-নির্য্যাস ব্যক্ত করিয়া ঐ ঐ (রাধাকৃষ্ণ) রূপই প্রকটন করিলেন এবং পুনরায় গোষ্ঠভাবে পূর্ণ হইয়া সান্দ্রানন্দ এই শচীনন্দন বিজয় করিতেছেন।

ইতি **নিকুঞ্জযমুনাদি-দর্শন** নামক দশম সর্গ।

একাদশ সর্গ।

(১) এইরূপে সেই কৃষ্ণ নিত্যলীলাদি করিয়া ব্রজভূমিতে বিহার করিতেন। প্রকটলীলাবলম্বনে এক্ষণে যাহা কথিত হইতেছে—তাহাও শ্রবণ কর। (২) কংস-প্রেরিত অক্রূর রথ লইয়া আসিতে আসিতে পথে শ্রীরামকৃষ্ণের স্মরণ করিয়া তাঁহাদের দর্শনজন্য লালসান্বিত হইলেন। (৩) নানামনোরথ-পূর্ণ হইয়া প্রেমাশ্রুপুলকে ব্যাপ্ত দেহে তিনি এই স্থলে পবিত্র চরণকমল-চিহ্ন দেখিয়াছিলেন। (৪) রথ হইতে অবতরণ পূর্ব্বক তিনি ঐ চরণধূলি সত্বর মস্তকে ধারণ করিলেন এবং শ্রীরামকৃষ্ণকে দেখিয়া ভূমিতে দণ্ডবৎ নিপতিত হইলেন। (৫) দুই ভাই সম্মান করিয়া ইঁহাকে পরমাদরে নিজ গৃহে লইয়া গেলেন। মহাত্মা নন্দ মহারাজ অত্যুত্তম অন্নপানাদি দ্বারা ইঁহার বিধিমত সৎকার করিলেন। (৬) কংসের কার্য্যকলাপ-শ্রবণে রামকৃষ্ণ-সমন্বিত নন্দ গোষ্ঠমধ্যে এই ঘোষণা দিলেন যে আমাদিগকে মথুরায় যাইতে হইবে। (৭) ব্রজবাসিগণ এই ঘোষণা শুনিয়া পরমসুখদ রামকৃষ্ণের প্রতিই নিরীক্ষণ করিয়া রহিলেন। (৮) মহাবাৎসল্যময়ী সেই যশোদা শ্রীরামকৃষ্ণের হস্তে ধারণপূর্ব্বক শীঘ্র ক্রোড়ে বসাইয়া কৃষ্ণকে বলিলেন—(৯) 'তোমরা কি দুইজনেই আমাকে ত্যাগ করিয়া মথুরায় যাইতে ইচ্ছা করিয়াছ? তোমাদের মুখচন্দ্র না দেখিয়া

আমি কি প্রকারে জীবনধারণ করিব?' (১০) তখন তাঁহারা উত্তর দিলেন 'মা, না; মা, তোমার নিকট তোমারই ক্রোড়ে সদাকাল থাকিব, এই কথা তুমি নিশ্চয় জানিবে; অতি সত্য কথা, ইহাতে আর সংশয় নাই।' (১১) তাঁহাদের কথা শ্রবণে প্রেমপূর্ণহৃদয়া মাতা পুত্রদ্বয়ের মুখ চুম্বন করিতে করিতে প্রকৃতিস্থ হইয়া সুখানুভব করিলেন এবং ভাবিলেন যে রামকৃষ্ণ ক্রোড়েই আছে। (১২) আবার ক্ষণকালমধ্যে তিনি মহাবিবশ ও দুঃখসন্তপ্তচিত্ত হইয়া এবং সকল জগৎ শূন্য দেখিয়া দাসীগণকে জিজ্ঞাসা করিলেন—"বল দেখি, কে ঐ যমতুল্য রাজদূত দূরদেশ হইতে রাজদ্বারে আসিয়া সকল ব্রজজনের প্রাণপীড়া উপস্থিত করিল রে!!' (১৩) ব্রজরামাগণ সকলেই শ্রীরামকৃষ্ণের স্বাভাবিক চেষ্টার কথা শুনিয়া দিব্যোন্মাদ-লক্ষিত নানাবিধ ভাববিকারপ্রাপ্ত হইলেন। (১৪) আবার এই সময়েই ব্রজসুন্দরীগণ নিজ নিজ পার্শ্বে নিজ নিজ প্রাণনাথকে সুখেই দর্শন করিয়া প্রেমবিহ্বল হইলেন। (১৫) কৃষ্ণবল্লভাগণ তাঁহার দর্শনজ মহানন্দে বিভোর হইলেন। অহো! ইঁহাদের প্রেমসম্পত্তি-মহিমা কেই বা বর্ণন করিতে পারে? (১৬) প্রেমময়ী স্ব স্ব যূথেশ্বরী প্রভৃতি সকল গোপিকাকেই তিনি 'শীঘ্রই আসিব' বলিয়া আশ্বাস দিলেন এবং নিজ করদ্বয়ে তাঁহাদের করদ্বয় (১৭) ধারণ-পূর্বক চুম্বন ও আলিঙ্গনাদি-দানে তাঁহাদের অধীনতা প্রকাশ করিয়া রামকৃষ্ণ বিহার করিতে লাগিলেন। (১৮) অনন্তর সমগ্র ব্রজজনের আনন্দপ্রদ শ্রীরামকৃষ্ণকে সঙ্গে লইয়া অক্রুর মানসগঙ্গা পার হইয়া ব্রজপুর হইতে মথুরাপুরীর দিকে যাত্রা করিলেন। (১৯) কিছুদূর গিয়া অক্রুর স্নানার্থে যমুনায় প্রবেশ করিয়াও সেই রামকৃষ্ণকে রথমধ্যেই দেখিতে পাইলেন। (২০) দুই ভাইয়ের বিভূতি দেখিয়া বিস্ময়ান্বিত অক্রুর প্রণামপূর্বক বহু কথা শ্রবণ করিতে করিতে তাঁহাদের সহিত মথুরায়

আগমন করিলেন। (২১) 'সুদুর্মুখ' নামক রজককে বধ করিয়া বস্ত্রসমূহ পরিধান পূর্বক তাঁহারা তখন সুদামা নামক মালাকারের গৃহে উপনীত হইলেন। (২২) সেই সুদামা সগণ দুইভাইকে বেশভূষায় সাজাইলেন। কুব্জাও দুইজনকে চন্দনাদি দ্বারা অঙ্গরাগ করিয়া দিলেন। (২৩) কুব্জাকে রূপসী করিয়া ধনুর্ভঙ্গপূর্বক মাধব বলদেবের সহিত শকটে গিয়া মাতৃদত্ত দ্রব্যাদি ভোজন করিলেন। (২৪) রাত্রিকালে বলরামের সহিত ভক্তবৎসল কৃষ্ণ নন্দ মহারাজের ক্রোড়ে শয়ন করিয়া তৎকর্তৃক লালিত হইতে হইতে সুখে নিদ্রিত হইলেন। (২৫) ইহার শ্রবণে শ্রীগৌরাঙ্গ সেই সেই ভাবে বিভাবিত ও রসাবিষ্ট হইলেন এবং বিপ্র কৃষ্ণদাসও বিস্মিত হইলেন।

ইতি **অক্রূরগমনাদিলীলা-শ্রবণ** নামক একাদশ সর্গ।

দ্বাদশ সর্গ।

(১) অনন্তর কৃষ্ণদাস বলিলেন—'এক্ষণে কংসের বিবিধ চেষ্টার কথা শ্রবণ কর। সেই দুষ্ট যাহা যাহা করিয়াছে—তাহার কিঞ্চিৎ বর্ণনা করিতেছি। (২) সেই সুদুর্মনা কংস রাত্রিকালে বহুবিধ মৃত্যুদূত দেখিয়া সত্বর মঞ্চাদি রচনা করাইলেন। (৩) মঞ্চোপরি অবস্থান পূর্বক বন্ধুবান্ধবদিগকে আহ্বান করিয়া ঐ স্থলে বসাইয়া দুর্মদ কংস বলিলেন—(৪) 'গোপগণসহ নন্দকে আনিয়া সম্ভ্রমভরে মঞ্চোপরি বসাও, সেই বালক দুইটি কোথায় আছে হে? আমি মহাযুদ্ধ-কৌতুকী, আমি তাহাদের ভীষণ যুদ্ধ দেখিতে চাই।' (৫) তৎপরে প্রভুদ্বয় রামকৃষ্ণ দ্বারস্থিত 'কুবলয়াপীড়' নামক করিবরকে নিহত করিয়া দন্তদ্বয় উৎপাটিত করত মহারঙ্গভূমিতে প্রবেশ করিলেন। (৬) চানূর ও মুষ্টিককে সগণ হত্যা করিয়া পরে কংসকেও বিনাশ করিলে সকলে সুখে তাঁহাদিগকে

অভিনন্দন জ্ঞাপন করিলেন। তখন দেবকী ও বসুদেব তাঁহাদিগকে লালন করিতে থাকিলে তাঁহারা আনন্দে নন্দ মহারাজের নিকট গিয়া তাঁহাকে বলিলেন—(৭) 'হে পিতঃ! কিছুদিনের জন্য মথুরা দেখিতে ইচ্ছা হইতেছে—যদি তুমি সুপ্রসন্ন হইয়া আজ্ঞা দাও, তবে আমার সকল সুখই হয়। আমার অগ্রজ সুখে তোমার সহিত ব্রজে যাইতে পারেন।' (৮) শ্রীকৃষ্ণবাক্য শ্রবণে নন্দ মহারাজ হাসিতে হাসিতে বলিলেন—'তুমি বালক (অজ্ঞ), নির্বিঘ্ন মত্তসিংহের সদৃশ, তোমাকে কে শাসন করিতে পারিবে? (৯) বলরাম আর তুমি এইস্থানে না হয় থাকিতে পার, যেমন গোচারণ-উদ্দেশ্যে কখনও বৃন্দাবন গিয়াছ, (তদ্রূপ দুইজনে একত্র থাক)। (১০) সুখভরেই দুই ভাইকে নন্দরাজ আলিঙ্গন করিলে, তাঁহারাও আদর-পূর্বক পিতাকে বন্দনা করিলেন। অনন্তর নন্দবাবা কৃষ্ণরামকে হৃদয়ে লইয়া নন্দীশ্বরে চলিয়া গেলেন। (১১) তৎপরে দেবকী ও বসুদেব পুত্রদ্বয়কে আনন্দে উপবীত ও গায়ত্রী দান করাইলেন। (১২) যাহাতে ব্রহ্মাদি সকলেই পারদর্শী হইয়াও মোহপ্রাপ্ত হইয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণ-চরিত্র কোন্ ক্ষুদ্রবুদ্ধি জীব বর্ণনা করিতে পারে? (১৩) এইরূপে সূত্ররূপে মাথুর-লীলা শ্রবণ করিয়াও রসময় শ্রীকৃষ্ণচৈতন্য প্রচুরতর বলিয়াই মনে করিলেন। (১৪) কখনও শ্যাম, কখনও পীত (রাধা) কান্তি, কখনও বা লীলানুকরণক্রমে জগন্মোহন প্রেমদ এবং (১৫) শুদ্ধভক্তদের মনঃশ্রবণ-মঙ্গল স্বরূপ প্রদর্শন করাইয়া প্রভু সুখে নৃত্য, গান, রোদন, হাস্য ও ধাবনাদি করিতে লাগিলেন। (১৬) প্রভু এইরূপে বিহার করিতে থাকিলে সকল ব্রজবাসির গৃহে গৃহে সর্বদা আনন্দরূপিণী লীলা পুনরায় প্রকাশিত হইয়াছিল। (১৭) পুতনা-মোক্ষনাদি ব্যোমাসুরবধ পর্য্যন্ত বৃন্দাবন মধ্যে যে সকল লীলা সংঘটিত হইয়াছে—যে সকল লীলা অন্যান্য ধামে (মথুরা বা দ্বারকাদিতে)

প্রকটিত হইয়াছে—(১৮) সেই সকল লীলাই সর্বদা প্রচুর শক্তিশালিনী ও সর্বসিদ্ধিদায়িকা, প্রেমভক্তিপ্রদা ও নিত্য প্রধানা—অধিক কি, তাহারা কৃষ্ণস্বরূপাই বটে! (১৯) কেহ কেহ এই গৌরচন্দ্রকে নবনীত-হস্তে বালকরূপে, কেহ কেহ বা পৌগণ্ডবয়সে অবস্থিত হইয়া শ্রীদামাদি গোপগণসঙ্গে যমুনাতটে বৎসচারণকারী স্বরূপে এবং অপরাপর জন কৈশোর-বয়স্ক নবমেঘ-শ্যামল-বর্ণধারী গোপীগণবেষ্টিত বংশীধারী স্বরূপে দর্শন করিলেন। (২০). এইরূপে গৌরকে দেখিয়া শ্রীবৃন্দাবনবাসী সকলেই এমন কি পশুপক্ষী প্রভৃতি, বালকবৃন্দগণও আনন্দে নিজ নিজ রসানুসারে নিজ নিজ স্বরূপ দর্শন করিয়া চতুর্দিকে. শব্দ করিতে করিতে বেষ্টন করিলেন এবং নিজ প্রাণনাথ কৃষ্ণচন্দ্রকে এক্ষণে রাধাকৃষ্ণাত্মকই বলিয়া অনুভব করিলেন।

ইতি **কংসবধাদি-দর্শন** নামক দ্বাদশ সর্গ।

ত্রয়োদশ সর্গ

(১) কৃষ্ণদাস ব্রজমণ্ডল দেখাইয়া পরমভক্তিভরে প্রভুকে বন্দনা করিলে করুণানিধি গৌরাঙ্গ তাঁহাকে বলিলেন—(২) 'কৃষ্ণকথারসামৃত বর্ষণ করিয়া তুমি যেরূপ আমার হৃদয় স্নিগ্ধ করিয়াছ—সেইরূপে তোমার প্রতি স্বয়ং কৃষ্ণচন্দ্রও প্রসন্ন হউন।' (৩) তিনি বলিলেন—'আমি তোমারই দাস—তুমি শ্রীনাথ কৃষ্ণচন্দ্র। হে প্রভো! আমি যাহাতে তোমা ভিন্ন আর কিছুই জানি না, তাহাই কর।' (৪) শচীনন্দন 'তথাস্তু' বলিয়া বরদান পূর্বক তাঁহাকে আলিঙ্গন করিলেন এবং জগন্নাথের স্মরণে ব্রাহ্মণগণকর্তৃক সংবেষ্টিত হইয়া নীলাচল যাত্রা করিলেন। (৫) যমুনা তীরে তীরে প্রভু পুনরায় প্রয়াগে আসিলেন। ত্রিবেণী-সঙ্গমে স্নান ও মাধব দর্শন করিয়া গৌরহরি তথায় অবস্থান করিলেন। (৬) সেইস্থানে

অনুজ (বল্লভ) সহিত শ্রীরূপ আসিয়া জগদীশ্বরকে দর্শন করতঃ প্রেমপূর্ণ হইলেন এবং দণ্ডবৎ নিপতিত হইলেন। (৭) তাঁহাকে আলিঙ্গন করিয়া তাঁহার মস্তকে প্রভু নিজ চরণ সমর্পন করিয়া বলিলেন—এক্ষণে মথুরায় যাও, আমার আজ্ঞা প্রতিপালন কর। (৮) সেইস্থানে শ্রীরাধাকৃষ্ণের বৃন্দাবন-ভূষণকারী লীলা প্রকট করিবে—ইহাতে আমার প্রীতি হইবে, সন্দেহ নাই। (৯) গৌড়দেশপথে শ্রীজগন্নাথ দর্শন করিতে যখন তুমি আসিবে, তখনই আমার সঙ্গে সর্বথা দর্শন হইবে। (১০) তিনি তখন চরণে ধরিয়া নিবেদন করিলেন—'আমি আপনার পদসেবক হইয়া অনু-গমন করি।' ভগবান্ বলিলেন—না, তাহা হইবে না, তুমি মথুরায় যাও।' (১১) এই বলিয়া কৃষ্ণচৈতন্য কাশীতে ব্রাহ্মণ (তপন-মিশ্র) গৃহে উপনীত হইলেন—সেই স্থলে প্রভুপ্রিয় শ্রীমান্ সনাতন সমাগত হইলেন। (১২) তাঁহাকে দেখিয়া সহসা প্রভু পরমাদরে উঠিয়া দৃঢ় আলিঙ্গন করিলেন এবং গদ্‌গদকণ্ঠে বলিলেন—(১৩) 'কোন পণ্ডিত শ্রীকৃষ্ণের কারুণ্য-মহিমা কি বলিতে পারে? যে বলীয়সী কৃপা তোমাকে বিষয়-কূপ হইতে সমুদ্ধার করিয়াছে—(১৪) শ্রীকৃষ্ণ-সবিধে আনয়ন করিয়া তাঁহার মাধুর্য্যও পান করাইতেছে!! উত্তম, উত্তম!!' বলিয়া প্রভু তাঁহাকেও পুনরায় হর্ষভরে শিক্ষা দিলেন। (১৫) তুমি 'বৃন্দাবনে যাইবে, ভক্তিশাস্ত্র-নিরূপণ, লুপ্ত-তীর্থ-প্রকাশ ও তৎমাহাত্ম্য পরিব্যক্ত করিবে। (১৬) এমত ব্যবস্থা করিবে যাহাতে লোকের অচলা ভক্তি হয়, যাহার আশ্রয়ে (১৭) সারাসার-বিচক্ষণ রসিকগণ নিত্য সুখেই শ্রীকৃষ্ণপ্রেম-মাধুরী আস্বাদন করিতে পারিবেন।' শ্রীসনাতন বলিলেন—'হে শ্রীকৃষ্ণ! তোমার কৃপাই সর্ববিধ ফল দান করিবে এবং আমাকেও পবিত্র করিবে। (১৮) তুমি যাহা বলিয়াছ, তাহাই আমি মনে মনে যথার্থতঃ নিরূপণ করিয়াছি!' অন্তর্যামী প্রভু হাসিয়া বলিলেন—'তুমি মহাবুদ্ধিমান্। (১৯) মথুরা ও বৃন্দাবনাদি

দেখিয়া তুমি পুনরায় আমার আজ্ঞায় শ্রীজগন্নাথ-দর্শন করিতে আসিবে।" (২০) ভক্তগণের সুখের জন্য গৌরকৃষ্ণ কৃপায় কাশীবাসিগণকে কৃষ্ণভক্তি প্রদান করতঃ উদ্ধার করিলেন। (২১) অনন্তর সনাতন ও তপনমিশ্রাদি ভক্তগণকে আলিঙ্গন করিয়া শ্রীমান্ সত্বর জগন্নাথ-দর্শনে যাত্রা করিলেন। (২২) এই ভাবে পথে যাইতে যাইতে কৃপানিধান ভগবান্ গৌরহরি একজন গোপকে দেখিলেন এক কলসী তক্র (ঘোল) লইয়া যাইতেছে। তখন তাঁহাকে বলিলেন—(২৩) 'হে গোপ ! আমি পিপাসিত হইয়াছি—আমাকে তোমার সুখ (ইচ্ছা) অনুসারে ঘোল দাও।' গোপ প্রভুর বাক্যে সম্পূর্ণ কলসটাই প্রভুর হস্তে দিলেন। (২৪) ভক্তবৎসল গৌরহরি তখন ঘোলপূর্ণ কলসী দুই হাতে লইয়া পান করিলেন এবং গোপ-কুমারকে বরদান পূর্বক পুনরায় যাত্রা করিলেন।

ইতি **গোপানুগ্রহ**-নামক ত্রয়োদশ সর্গ।

চতুর্দ্দশ সর্গ।

(১) এইরূপে ক্রমশঃ পথে চলিয়া শ্রীগৌরচন্দ্র কুলিয়ানগরে সমাগত হইলেন। সংবাদ পাইয়া শ্রীনবদ্বীপনিবাসী সকলেই বিদ্যানিধির গৃহে যাত্রা করিলেন। (২) তাঁহারা প্রভুর শ্রীমুখপদ্ম দর্শন করিয়া যেন মুহুর্মুহু তাহা পান করিলেন, অথচ হর্ষভরে আর তৃপ্তিই হইতেছে না! সকলে গললগ্নীকৃতবস্ত্রে সেই স্নেহবশ জগদ্‌গুরু ঈশ্বরকে বলিলেন—(৩) 'হে প্রভো! সংকীর্ত্তনানন্দ-নিমগ্নচিত্ত ভক্তগণের সহিত শ্রীনবদ্বীপকে অলঙ্কৃত করুন!' এই প্রার্থনা শ্রবণে নিজনাম-বিনোদী গৌরহরি স্বয়ং তথায় গমন করিলেন। (৪) নবদ্বীপে আসিয়া মাতৃভক্ত গৌরচন্দ্র ভূমিতে নিপতিত হইয়া মাতার চরণ বন্দনা করিলেন। তখনই সেই শচীমাতা আনন্দভরে সব বিস্মৃত হইয়া গৌরাঙ্গকে আলিঙ্গন

করিলেন। (৫) পুত্রবৎসলা মাতা গৌরের মুখে ঘনঘন চুম্বন করিতে করিতে বৎসলভক্তি-জলে তাঁহাকে স্নান করাইলেন এবং চতুর্বিধ রসযুক্ত অন্নাদি ভোজন করাইয়া মহানন্দ লাভ করিলেন। (৬) নিত্যানন্দের সহিত সকল-রসগুরু শ্রীগৌরাঙ্গচন্দ্র মাতৃকর্ত্তৃক প্রদত্ত পরম মধুর অন্নাদি ভোজন করিলেন। বৎসলভক্তিপূর্ণতমা সেই শচীমাতা কর্ত্তৃক বদ্ধ হইয়া ভক্তবশ্য প্রভু গৌরাঙ্গ সকলের সুখপ্রদ হইয়া জয়যুক্ত হইতেছেন। (৭) গৌরপ্রেমে সদা প্রমত্ত নিত্যানন্দও জয়যুক্ত হউন—তিনি সান্দ্রানন্দে উজ্জ্বল নবদ্বীপে বাস করিতে লাগিলেন। নানাভাববিশিষ্ট প্রণয়ী অনুচরগণের সঙ্গে নিজ ঈশ্বর গৌরাঙ্গকে অভিষিক্ত করিয়াছেন। তাঁহারই নামামৃত-কীর্ত্তনে ত্রিভুবনের তাপত্রয় নাশ করিলেন। (৮) **প্রকাশ**-রূপে নিজ প্রিয়া বিষ্ণুপ্রিয়া দেবীর নিকটে আসিয়া নিজ মূর্ত্তি প্রস্তুত করিয়া তাহাতেই এই কৃষ্ণচৈতন্য অবস্থান করিতে লাগিলেন। সেই লক্ষ্মীস্বরূপা বিষ্ণুপ্রিয়াও প্রভুকে যথোচিত সেবা করিতে প্রবৃত্ত হইলেন। (৯) শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে মগ্নচিত্ত শ্রীনবদ্বীপবাসী ভক্তগণ-সহ রসজ্ঞ গৌরাঙ্গ গদাধরের সহিতও অহর্নিশি বিহার করিতেছেন। (১০) শ্রীবাসপণ্ডিত প্রভৃতি ভক্তদের গৃহে গৃহেও প্রভু নিজপ্রকাশ-মূর্ত্তিতে কীর্ত্তনের পূর্ণানন্দ দান করিতেছেন। (১১) বিদ্যাবিনোদ লীলাদি ও কৌতুকাদি করিয়াও গৌরসুন্দর শ্রীধরের সহিত নিত্য ক্রীড়া করিয়া থাকেন। (১২) অনন্তর নিতাইগৌর সর্বেশ্বরযুগল গৌরীদাস পণ্ডিতের গৃহেও বিজয় করিতে লাগিলেন। (১৩) তাঁহার প্রেমবদ্ধ হইয়া দুইজনে মনোজ্ঞ শুভ নিজ নিজ মূর্ত্তি সর্বরসাঢ্য ও সর্বশক্তি-সমন্বিত করিয়া (১৪) পরমপ্রীতিভরে তাঁহাকে দান করিলেন এবং মহাসুখে তথায় বাস করিলেন। ঐ মূর্ত্তিদ্বয়সহ তাঁহারা একত্র অন্নাদি বিবিধরস আস্বাদন করিয়াছেন। (১৫) সেই দ্বিজসত্তম গৌরীদাস সচ্চিদানন্দ

বিগ্রহযুগলকে দর্শন করিয়া সর্বদা বিশুদ্ধ সখ্যরসে সেবা করিয়াছেন। (১৬) বেদে আছে—'সেই পুরুষোত্তমের সকল দেহ (মূর্ত্তিই) নিত্য, শাশ্বত এবং ক্ষয়বৃদ্ধিরহিত।' (১৭) এই বেদবচনানুসারে সকল শ্রীলীলাবিগ্রহই ভক্তবৎসল ও পরমানন্দদায়ক হইয়া ভক্তচিত্তে নিরন্তর অবস্থান করেন।

ইতি শ্রীনবদ্বীপ-বিহার ও শ্রীগৌরীদাসানুগ্রহ-নামক চতুর্দশ সর্গ ॥

পঞ্চদশ সর্গ।

(১) অনন্তর জগদ্‌গুরু কৃষ্ণচৈতন্য ও নিত্যানন্দ প্রেমবিহ্বল হইয়া শ্রীল অদ্বৈত আচার্য্যের মন্দিরে গমন করিলেন। (২) মহেশ্বর অদ্বৈতাচার্য্য সহসা তাঁহাদের দুইজনকে দেখিয়া সগণে উত্থিত হইলেন এবং প্রেমাবেশে তাঁহাদের চরণকমলে ধরিয়া (৩) বিধিবৎ প্রক্ষালন করিয়া আনন্দভরে পান ও শিরোধার্য্য করিলেন। আচার্য্য মত্তসিংহের পরাক্রমে বস্ত্র উড়াইয়া নৃত্য করিতে লাগিলেন। (৪) আনন্দভরে তাঁহাকে পুনঃ পুনঃ আলিঙ্গন ও প্রণামাদি করিয়া দুইজন তৎকর্ত্তৃক সংপূজিত হইলেন এবং শাল্যন্ন ভোজনাদি করিয়া প্রীত হইলেন। (৫) তাঁহার সহিত জগদ্‌গুরুদ্বয় সংকীর্ত্তনসুখে মগ্ন হইয়াছিলেন। পরমেশ্বর-যুগল ভক্তগণে বেষ্টিত হইয়া নৃত্য করিলেন। (৬) অনন্তর আচার্য্য সহসা বাহ্যবৃত্তি পাইয়া নবদ্বীপ হইতে ভক্তগণসহ শ্রীশচীমাতাকে সত্বর আনাইলেন। (৭) বৈষ্ণবপত্নীগণসহ সেই শচীমাতা অন্নব্যঞ্জনাদি, পায়সাদি চতুর্বিধ (চর্ব্য, চুষ্য, লেহ্য, পেয়) খাদ্যদ্রব্য পাক করাইয়া প্রভুকে ভোজন করাইলেন। (৮) কৃষ্ণপ্রেমানন্দসাগর শ্রীমাধবেন্দ্র পুরীর আরাধনা তিথি চৈত্রমাসে শুক্লপক্ষের (৯) দ্বাদশীতে অদ্বৈত ঈশ্বর আনন্দে দুই প্রভুকে ও

ভক্তগণকে আগ্রহসহকারে ভোজন করাইলেন। (১০) সেই তিথিতে তাহার সহিত ও কৃষ্ণচৈতন্যবল্লভের (নিত্যানন্দের?) সহিত স্বয়ং মহাপ্রসাদ ভোজন করিয়া আচার্য্য আনন্দলাভ করিলেন। (১১) শ্রীমাধবেন্দ্রপুরীর প্রেমরসাবিষ্ট শ্রীশচীনন্দন-যুগল (গৌর ও নিতাই) ভক্তগণসহ হরিকীর্ত্তনানন্দাবেশে নৃত্য করিলেন। (১২) এইভাবে তথায় একদিন অতিবাহিত করিয়া মাতৃবশীভূত দুই ভাই মধুর বাক্যে তাঁহাকে প্রসন্ন করিলেন; সেই সুখময়বপু যুগল (১৩) আচার্য্যাদিকে, ভক্তগণকে এবং শ্রীবাসপ্রভুকে সান্ত্বনা করিয়া সুখে গমন করিবার জন্য চেষ্টিত হইলেন। (১৪) সেই মহাপুরুষগণের খেলা কেহ কি বর্ণনা করিতে পারে? শ্রীকৃষ্ণ মথুরা গমন করিলে যেমন ব্রজবাসিগণ (১৫) সকলেই তন্ময় হইয়াছিলেন, সেইরূপে এই বৈষ্ণবপ্রবরগণও তাঁহার লীলা চিন্তা করিতে করিতে তন্ময় হইয়া গেলেন। (১৬) কৃষ্ণরাম ইঁহারা দুইজনই—আর এই মহত্তম ভক্তবৃন্দও কৃষ্ণগতপ্রাণ সেই ব্রজবাসিগণেরই উপমাস্থলরূপে সর্বদা প্রকাশশীল হইয়াছেন!! (১৭) অনন্তর প্রভু জগদীশ্বরদ্বয় শ্রীমান্ জগন্নাথের দর্শনাশয়ে স্বভক্তগণ-কর্ত্তৃক সুসেবিত হইয়া শ্রীপুরুষোত্তম ক্ষেত্রে গমন করিলেন। (১৮) ক্ষেত্রে আসিয়া ভুবনের একমাত্র বন্ধুযুগল জগন্নাথের মুখারবিন্দ দর্শন করতঃ স্বর্ণবিগ্রহকে প্রেমাশ্রুধারায় পরিস্নাত করিয়া গদ্গদরুদ্ধকণ্ঠে শোভা পাইতে লাগিলেন। (১৯) তাঁহারা দুইজন ভক্তগণবেষ্টিত হইয়া শ্রীকাশীমিশ্রের গৃহেই পুনরায় গমন করিলেন। শ্রীসার্বভৌমাদি অন্যান্য ক্ষেত্রবাসিগণও সকলে তথায় সমবেত হইলেন। (২০) তাঁহাদের চরণকমলের বৈভব দর্শন করিয়া তাঁহারা ভূমিগত হইয়া দণ্ডবৎ প্রণাম করিতে লাগিলেন এবং আনন্দে অঞ্জলিবন্ধন-সহকারে অশ্রুসিক্ত-নয়নে কৃষ্ণরস-সমুদ্রে মগ্ন হইয়া গদ্গদবাক্য বিন্যাস করিতে লাগিলেন।

(২১) মানদ প্রভুদ্বয় সত্বর উঠিয়া তাঁহাদিগকে প্রেমানন্দে আলিঙ্গন করিয়া বৃন্দাবনের মধুর কথামৃত শুনাইতে লাগিলেন।

ইতি শ্রীনবদ্বীপবিহারাদি পুরুষোত্তম-দর্শন নামক পঞ্চদশ সর্গ।

ষোড়শ সর্গ।

(১) অনন্তর রাজা গজপতি প্রতাপরুদ্র মহাপ্রভুর দর্শনার্থে রামানন্দসহ সার্বভৌম ভট্টাচার্য্যকে ডাকিয়া (২) প্রীতি, আদর ও বিনয়ের সহিত জিজ্ঞাসা করিলেন—'সাগ্রজ গৌরচন্দ্রের দর্শন কিরূপে হইতে পারে—বলুন দেখি।' (৩) সার্বভৌম বলিলেন—'মহারাজ! তোমার পক্ষে তাঁহার দর্শন-লাভ বড়ই দুর্ঘট ব্যাপার; অন্য উপায়ে তোমার দর্শন করিতে হইবে, কিন্তু সম্মুখে নয়। (৪) মহারাজ! যখন তাঁহারা সংকীর্ত্তনানন্দে মত্ত হইবেন, তখনই তুমি ঐ পরমেশ্বর-যুগলকে দর্শন করিবে'। (৫) সমুৎকণ্ঠিত রাজা প্রহসিতবদনে তখন বলিলেন—'ভাল, তাহাই হউক, তবে আপনারা তাহাই করিবেন, যাহাতে শীঘ্রই দর্শন পাইতে পারি।' (৬) যুগল-পরমেশ্বর তখনই কীর্ত্তনানন্দে উন্মত্ত হইয়াছেন—এই সংবাদ পাইয়া রাজা গিয়া সেই করুণাসমুদ্রদ্বয়কে দর্শন করিলেন। (৭) অশ্রুকম্পপুলকাদিতে এবং নাসার লালা ও মুখামৃত প্রভৃতিতে মণ্ডিতদেহ দুই প্রভুকে দেখিয়া রাজাও অশ্রুপুলকপূর্ণ হইলেন। (৮) রাজা তৎপরে প্রীতমনে নিজমন্দিরে গিয়া শয়ন করিলে স্বপ্নে দেখিলেন—সেই বিগ্রহদ্বয়ই কীর্ত্তনানন্দ করিতে করিতে রত্ন-সিংহাসনোপরি শোভা-বিস্তারকারী হইয়াছেন। (৯) অনন্তর নিত্য পূর্ণবিলাসবৈভববিশিষ্ট রামকৃষ্ণকে সুখে দেখিয়া রাজা কিছু বলিতে বলিতে ব্যগ্রতাসহকারে ভূমিতে দণ্ডবৎ করিয়া উঠিলেই দেখিলেন যে সেই প্রভুযুগলই বিরাজ করিতেছেন। (১০) এইরূপে রাজা তিনবার

স্বপ্ন দেখিয়া প্রেমবিহ্বল হইয়া কাঁদিতেছেন—তৎপর গাত্রোত্থানপূর্বক শীঘ্রই শ্রীগৌরাঙ্গের চরণকমল-সমীপে উপস্থিত হইলেন। (১১) তিনি পুনঃপুনঃ সাষ্টাঙ্গ প্রণাম করিয়া মুহুর্মুহু ভূমিতে পড়িয়া রোদন করিলেন— প্রভুর চরণকমল হৃদয়ে ধরিয়া সেই সর্বেশ্বর আদিপুরুষকে স্তব করিতে লাগিলেন। (১২) 'হে জগদীশ! হে প্রেমময়প্রকাশ! হে সকলজন-নিবাস! হে আনন্দময়! হে অনন্তশয্যায় শায়িত! তোমার জয় হউক, জয় হউক!! নিজ ভক্তগণের মতিরূপ মত্তভ্রমরগণকর্তৃক তোমার চরণকমল চুম্বিত হইতেছে। হে দীনবন্ধো! বিরহাতুর আমাকে পালন কর।' (১৩) মহাবিভূতিময় জগৎপতি প্রভু এই স্তবকারী রাজাকে শৃঙ্গাররসময় নিজবৈভববিশিষ্ট মহাদ্ভুত ষড়্ভুজমূর্ত্তি প্রদর্শন করাইলেন। (১৪) প্রেমোদ্দাম গৌরচন্দ্র নিরন্তর নেত্রভৃঙ্গ ঘুরাইতে ঘুরাইতে পরমমধুর পূর্ণ আনন্দ দেখাইয়া বিজয় করিতেছেন! স্বয়ং নিত্যানন্দও দিব্যমাধুর্য্যপূর্ণ বৈভব এবং প্রেমোন্মাদে কল্যাণময় অথচ নিজ শান্তস্বরূপ বিগ্রহ প্রকট করিয়াছেন!! (১৫) গৌরচন্দ্র ঊর্দ্ধহস্তদ্বয়ে ধনুর্বাণ ধারণ করিয়াছেন, মধ্য হস্তদ্বয় ও বক্ষস্থলে বংশী স্থাপন করিয়া মহাসুন্দর হইয়াছেন! আর অধঃস্থিত হস্তযুগলে তিনি পরম সুমধুর-নৃত্যবেশ অঙ্গীকার করিয়াছেন। এইভাবে রাজা শ্রীগৌরাঙ্গের সকল অঙ্গটি প্রেমময়ই দেখিলেন। (১৬) রাজা এই মূর্ত্তি দেখিয়া শ্রীরামকৃষ্ণের সুমধুর রাসলীলার স্মরণে প্রেমাশ্রুপুলকে ব্যাপ্ত হইয়া কয়েকটি শ্লোক পাঠ করিতে করিতে নৃত্য করিলেন। এই শ্লোকগুলি পরম মাধুর্য্যসার শ্রীমদ্ভাগবতেরই এবং শ্রীগোপীজনমণ্ডলীতে শুভপ্রয়াণকারী শ্রীরামকৃষ্ণের স্বানন্দভাবোন্মাদেরই নির্দ্দেশক। শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধ ৩৪ অধ্যায়ে (১৭) "কোনও সময়ে (হোলি-পূর্ণিমায়) রজনীযোগে অদ্ভুত প্রভাবসম্পন্ন শ্রীকৃষ্ণবলরাম ব্রজনারীগণের মধ্যবর্ত্তী হইয়া ব্রজবিপিনে বিহার

করিয়াছিলেন। (১৮) তাঁহাদের প্রণয়িনী প্রেয়সীবৃন্দ তাঁহাদিগের উপলক্ষ্যে সুমধুর সঙ্গীত করিতে লাগিলেন—উভয়ের দেহ অলঙ্কৃত ও বিবিধ অঙ্গরাগে সুলিপ্ত, কণ্ঠে বনমালা এবং পরিধানে সুনির্ম্মল বসন। (১৯) সান্ধ্য আকাশে চন্দ্রমা ও তারকামণ্ডলীর উদয় হইয়াছে দেখিয়া তাঁহারা প্রদোষকালের সম্বর্দ্ধনা করিলেন। তখন উভয়ে সর্বপ্রাণির মনঃশ্রবণমঙ্গল সঙ্গীতালাপ করিতে প্রবৃত্ত হইলেন।" (২০) মহাপ্রভু শ্রীশচীনন্দনকে ষড়্ভুজমূর্ত্তি দেখিয়া এবং রোহিণী-নন্দন শ্রীনিত্যানন্দ-রামকেও দেখিয়া সকল মহাজন এবং শ্রীসার্বভৌমাদি পুলক ও অশ্রুধারায় ব্যাপ্তকলেবর হইয়া নিত্য শ্রীকৃষ্ণগুণকীর্ত্তনরসে মগ্ন হইয়া ব্যাকুল হইয়াছিলেন।

ইতি **শ্রীপ্রতাপরুদ্রানুগ্রহ** নামক ষোড়শ সর্গ।

সপ্তদশ সর্গ।

(১) গৌড়ীয় ভক্তবৃন্দ সকলেই শ্রীগৌরাঙ্গদর্শনাশায় নীলাচলে যাইতে ইচ্ছা করিলেন। (২) জগদ্‌গুরু ঈশ্বর শ্রীমদ্ অদ্বৈতাচার্য্য সগণে, পরমানন্দ, ভ্রাতাগণসহ শ্রীবাস (৩) আচার্য্যরত্ন শ্রীচন্দ্রশেখর, পুণ্ডরীকাক্ষ বিদ্যানিধি প্রেমনিধি, (৪) সদ্‌গুণান্বিত গঙ্গাদাস পণ্ডিত, বক্রেশ্বর পণ্ডিত, প্রদ্যুম্ন ব্রহ্মচারী (৫) হরিদাস ঠাকুর, দ্বিজহরিদাস, শ্রীবাসুদেব দত্ত, শ্রীমুকুন্দ দত্ত, (৬) স্ত্রীপুত্রসহ শ্রীশিবানন্দ সেন, শ্রীগোবিন্দ ঘোষ এবং গায়কোত্তম মুকুন্দ, (৭) লেখক বিজয়, সদাশিব পণ্ডিত, পুরুষোত্তম সঞ্জয়, শ্রীমান্ পণ্ডিত, (৮) শ্রীনন্দন ব্রহ্মচারী, শুক্লাম্বর, খোলাবেচা নামে বিখ্যাত ভক্ত সুখী শ্রীধর, (৯) লেখক পণ্ডিত গোপীনাথ পণ্ডিত, শ্রীগর্ভ পণ্ডিত ও বনমালী পণ্ডিত (১০) জগদীশ পণ্ডিত, হিরণ্য নামক বৈষ্ণব, বুদ্ধিমন্ত খান, আচার্য্য পুরন্দর, (১১) রাঘব পণ্ডিত, বৈদ্যসিংহ মুরারি, শ্রীগরুড়

পণ্ডিত ও গোপীনাথ সিংহ, (১২) শ্রীরাম পণ্ডিত, শ্রীনারায়ণ পণ্ডিত, দামোদর পণ্ডিত ও রঘুনন্দন ঠাকুর, (১৩) শ্রীমুকুন্দ, নরহরি, চিরঞ্জীব ও সুলোচন, রামানন্দ বসু, সত্যরাজ প্রভৃতি (১৪) সকলেই শ্রীকৃষ্ণ-চৈতন্যগত-প্রাণ অথবা শ্রীচৈতন্যের প্রাণ, সকলেই প্রেমিক, আচার্য্য প্রভুর সহিত ইঁহারা পুরুষোত্তম ক্ষেত্রে আসিলেন। (১৫) সর্বেশ্বর গৌরহরি শ্রীমন্নরেন্দ্র-সরোবরে ভক্তগণ আসিয়াছেন জানিয়া নিকটস্থ ভক্তগণকে সত্বর প্রেরণ করিলেন। (১৬) ভক্তপ্রাণ, ভক্তবশ, সদা ভক্তপ্রীতিদায়ক প্রভু স্বয়ংও তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ যাইতে মনস্থ করিলেন। (১৭) শ্রীনিত্যানন্দ প্রভু, পণ্ডিত গদাধর, শ্রীপরমানন্দ পুরী, সার্বভৌম ভট্টাচার্য্য (১৮) পণ্ডিত জগদানন্দ, শ্রীকাশী মিশ্র, দামোদর স্বরূপ, শঙ্কর পণ্ডিত (১৯) শ্রীকাশীশ্বর গোস্বামী, ভগবান্ পণ্ডিত, শ্রীল প্রদ্যুম্ন মিশ্র, শ্রীপরমানন্দ পাত্র, (২০) শ্রীরামানন্দ রায়, দ্বারপাল গোবিন্দ, ব্রহ্মানন্দ ভারতী, শ্রীরূপ, শ্রীসনাতন, (২১) শ্রীরঘুনাথ দাস, শ্রীরঘুনাথ বৈদ্য, শ্রীনারায়ণ নন্দ নামক আচার্য্যপুত্রের নন্দন (২২) গৌরাঙ্গপ্রাণবল্লভ অচ্যুতানন্দ গোস্বামী, শিখি মাহিতী, বাণীনাথ এবং অন্যান্য (২৩) ক্ষেত্র-নিবাসী ভক্তগণ প্রভুর সঙ্গে যাত্রা করিলেন। ইঁহাদের সঙ্গে ভক্তবৎসল কৃষ্ণচৈতন্য পরমেশ্বর (২৪) শ্রীনরেন্দ্র সরোবরের তীরে সমাগত হইলেন, এদিকে আবার ভগবান্ শ্রীঅদ্বৈতদেবও ভক্তবর্গ সহ তখনই উপনীত হইলেন। (২৫) উভয় গোষ্ঠীর দর্শনেই আনন্দের মহোৎসব হইতে লাগিল, তখন অশ্রুকম্পাদি ভাবরাজি মূর্ত্তিমন্ত হইয়া প্রকাশ পাইল।

ইতি **ভক্তগোষ্ঠীমেলন** নামক সপ্তদশ সর্গ।

অষ্টাদশ সর্গ।

(১) তাঁহারা সকলেই ভাবভরে পরমানন্দবিহ্বল হইলেন। হরিধ্বনি করিয়া তাঁহারা পরস্পর সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণিপাত করিতে লাগিলেন। (২) বৈষ্ণবগণসহ স্বয়ং ঈশ্বরও সকল আশ্রমধারিরই বৈষ্ণবারাধনে বিধি দেখাইয়া বৈষ্ণবগণকে দণ্ডবৎ করিলেন। (৩) 'সুদুরাচার হইয়াও যদি অনন্যচিত্তে আমার ভজন করে, তবে তাহাকেও সাধু বলিয়াই জানিবে' এই শ্রীকৃষ্ণচন্দ্রের মুখ নির্গলিতবাক্য-তাৎপর্য্য (৪) প্রকাশ করিয়া সকল লোকের হিতের জন্য জগদীশ্বর বৈষ্ণবদিগকে বন্দনা করিলেন—যাহাতে সন্ন্যাসিদের গর্ব নাশ হয়। (৫) তাঁহারা কম্পাশ্রু ও পুলকে ব্যাপ্ত এবং ধূলিভূষিত-বিগ্রহে পুনঃ পুনঃ নৃত্য, নমস্কার ও কীর্ত্তন করিতে লাগিলেন। (৬) গৌরাঙ্গদর্শনানন্দে মত্ত হইয়া তাঁহারা আত্মজ্ঞানশূন্য হইয়াছেন এবং মুখে কেবল 'গৌরাঙ্গ জয় গৌরাঙ্গ গৌরাঙ্গ' এই ধ্বনিই করিতেছেন। (৭) বৈষ্ণব-পত্নীগণও দূরে থাকিয়া মহাপ্রভুকে দর্শন করিলেন। তাঁহাদের প্রেমপরাকাষ্ঠা কে বা জানে আর কেই বা সম্যক্ বলিতে পারে? (৮) তাঁহারাও শ্রীহরিভক্তি-বিকার-মণ্ডিতাই ছিলেন, ইহাতে আর সংশয় নাই; শ্রীকৃষ্ণ নামে বদন মুখরিত এবং দেহ প্রেমাশ্রু ও পুলকে ব্যাপ্ত। (৯) ঠিক সেই সময়েই আবার শ্রীরামকৃষ্ণ এবং শ্রীযাত্রা-গোবিন্দ জলকেলি করিবার জন্য নরেন্দ্র-সরোবরে উপস্থিত হইয়াছেন। (১০) মহাবিভূতিসম্পন্ন গৌরগোবিন্দ-কিঙ্করগণ হরিসংকীর্ত্তনপ্রভৃতি সহ ভক্তবর্গে মণ্ডিত হইলেন। (১১) অনন্তর শ্রীগোবিন্দ রামকৃষ্ণ মহামোদে নৌকারোহণপূর্বক জলকৌতুক করিয়া বিহার করিতে প্রবৃত্ত হইলেন। (১২) এদিকে ভক্তগণসহ কৌতুকী গৌরাঙ্গ জলে অবতরণ করিলেন। গদাধর-রসোল্লাসী, নিত্যানন্দ-সুখপ্রদ (১৩) অদ্বৈতাচার্য্য-প্রেষ্ঠ সেই

গৌরাঙ্গ স্বরূপাদির সহিত মিলিত হইয়া দ্বাপরযুগে যমুনায় জলকেলির ন্যায় পরমানন্দে ক্রীড়া করিলেন। (১৪) শ্রীসনাতন-রূপ ও শ্রীরঘুনাথের ঈশ্বর, শ্রীমুরারি-রামদাস, শ্রীবাস ও গৌরীদাসের প্রিয় সেই গৌরহরি। (১৫) পরমানন্দপুরী, বংশী ও রামানন্দাদির সহায়ক এবং কাশীশ্বর-মানদাতা, শ্রীহরিদাসের প্রিয়ঙ্কর (১৬) বৃন্দাবন-নায়ক শচীনন্দন গৌরগোবিন্দ নিজপ্রকাশমূর্ত্তি-প্রকটনে সকল ভক্তের সহিতই ক্রীড়া করিতে লাগিলেন। (১৭) 'গৌরাঙ্গ আমারই সহিত কেবল ক্রীড়া করিতেছেন'—ইহাই সকলের জ্ঞান হইল। ভক্তগণ তাঁহার সহিত এইরূপে জলবিহার করিতে লাগিলেন। (১৮) গোপীগণসহ শ্রীরাসরস-কৌতুকী গোবিন্দ যেরূপ প্রাচীনকালে যমুনায় বিবিধ ক্রীড়া করিয়াছেন এবং (১৯) গোপীগণ যেরূপ জলক্রীড়াপরায়ণ শ্রীকৃষ্ণকে নিজপ্রেমবিলাসে ও নবনবায়মান বিভ্রমে সুখদান করিয়াছেন—(২০) সেইরূপেই যথোচিত জলবিহার করাইয়া গৌরাঙ্গ, রামকৃষ্ণ এবং শ্রীযাত্রাগোবিন্দ (২১) জলহ্রদ (নরেন্দ্র) হইতে তীরে উঠিলেন এবং উত্তমোত্তম ভূষণে ভূষিত হইয়া নিজ নিজ ভৃত্যসহ বিবিধ উপহারে সুপূজিত হইলেন। (২২) শ্রীরামকৃষ্ণ ও শ্রীযাত্রাগোবিন্দ স্বজনগণসহ নৃত্যবাদ্যসঙ্গীতাদি আস্বাদন করিতে করিতে সুখে মন্দিরে গমন করিলেন। (২৩) আর শ্রীগৌরাঙ্গও নিজ ভক্তবর্গ সহ কৃষ্ণসংকীর্ত্তন করিতে করিতে ভক্তাবেশে শ্রীজগন্নাথমন্দিরে প্রবেশ করিলেন। (২৪) দর্শনলালসায় গরুড়স্তম্ভ অবলম্বন করতঃ জগন্নাথের মুখ দেখিয়া ভক্তগণসহ স্বয়ং প্রেমবিহ্বল হইলেন। (২৫) ভক্তবর্গসমন্বিত নিত্যানন্দ-সুখোল্লাসী গৌরচন্দ্র দুই পার্শ্বে বলরাম ও জগন্নাথদেবের দর্শন করিতেছেন।

ইতি **নরেন্দ্রসরোবরে বিহার** নামক অষ্টাদশ সর্গ।

ঊনবিংশ সর্গ।

(১) অনন্তর ভক্তগণের সহিত জগদীশ্বর মহাপ্রভু নিত্যানন্দকর্তৃক যুক্ত হইয়া শীঘ্রই কাশীনাথের গৃহে উপস্থিত হইলেন। (২) নিত্যানন্দ ও শ্রীঅদ্বৈত প্রভৃতির সহিত স্বরূপাদি-কর্তৃক নিবেদিত শ্রীল জগন্নাথ-দেবের প্রসাদান্ন (৩) এবং চতুর্বিধ দ্রব্য ভোজনান্তে ভক্তসংকল্প-পালক প্রভু নিজভক্তগণকে পুত্রপ্রায় লালন করিয়া ভোজন করাইলেন। (৪) দয়ানিধান বাৎসল্যরস মূর্ত্তিমান্ প্রভু জগদানন্দ ও স্বরূপাদি দ্বারা 'তুমি এই প্রসাদটি ভোজন কর, তুমি ইহা ভোজন কর' বলিয়া (৫) বৈষ্ণবগণকে প্রত্যক্ষভাবে সম্বোধন পূর্ব্বক কৌশলাবলম্বনে চর্ব্য, চুষ্য, লেহ্য ও পেয়াদি নানাবিধ প্রচুর দ্রব্য ভোজন করাইলেন। (৬) গণ্ডূষাদি সকল ক্রিয়া সমাপনান্তে জগদীশ্বর চন্দন ও পুষ্পমাল্য দ্বারা ক্রমশঃ (৭) নিত্যানন্দ ও অদ্বৈত-প্রমুখ গৌড়দেশীয় ভক্তবৃন্দকে এবং উৎকলস্থ ও শ্বেতদ্বীপস্থ বৈষ্ণব সকলকে ভূষিত করিলেন। (৮) তৎপরে ভক্তবৎসল প্রভু বাৎসল্যরসে ও করুণার্দ্রচিত্তে তাঁহাদিগকে লালন করিয়া তাঁহাদের সহিত সুখে উপবেশন পূর্ব্বক সংকীর্ত্তনে কুতূহল করিতে প্রবৃত্ত হইলেন। (৯) রাজা প্রতাপরুদ্রের আজ্ঞাক্রমে চন্দনেশ্বর নামক মহাপাত্র আসিয়া ভক্তবৃন্দকে সুখে গৃহে গৃহে বাসস্থান দিলেন। (১০) এইরূপে সংকীর্ত্তন-পরায়ণ সকল ভক্তবৃন্দই সংকীর্ত্তন-বিনোদী প্রভুর সহিত অবস্থান করিলেন। (১১) প্রভুর প্রীতির নিমিত্ত তাঁহারা যে যে দ্রব্য গৌড়দেশ হইতে আনিয়াছেন—তাহা তাহা বৈষ্ণবপত্নীগণ পরমাদরে রন্ধন করিলে (১২) ভক্তগণ ও অগ্রজ নিত্যানন্দের সহিত সুখী মহাপ্রভু ঐ চতুর্বিধ রসযুক্ত ঘৃতরাশি-সিক্ত অন্নব্যঞ্জনাদি ভোজন করিতেন। (১৩) সাক্ষাৎ ভগবান্ অদ্বৈত স্বয়ং উত্তম সুমধুর অন্নাদি ভার্য্যার সাহায্যে রন্ধন করিয়া নিভৃতে প্রভুকে নিয়া (১৪) ঐ অন্নব্যঞ্জনাদি এবং সঘৃত ক্ষীর নিজপ্রাণনাথ ভক্ত-বৎসল কৃষ্ণচৈতন্যকে ভোজন করাইলেন। (১৫) এইভাবে শ্রীবাসপণ্ডিতাদি

সকলে নিজ নিজ পত্নীর সহায়তায় ক্রমে ক্রমে শ্রীগৌরাঙ্গ ভগবানের সুখসেবার অনুষ্ঠান করিলেন। (১৬) তৎপরে শ্রীঅদ্বৈত গোস্বামী নিজ জনগণকে ডাকিয়া গৌরচন্দ্রের শুভ নবীন নামাবলি কীর্ত্তন করিতে লাগিলেন। (১৭) বৈষ্ণবগণকে মণ্ডলীবন্ধনে রাখিয়া আনন্দভরে আচার্য্য পরমোদ্দণ্ড নৃত্য করিতেছেন, কখনও বা গর্জন করিতেছেন, আবার কখনও ধাবিত হইতেছেন। (১৮) যাঁহার নৃত্যপদাঘাতে ত্রিভুবন কম্পিত হয়, সেই ভগবান্ নিত্যানন্দও গৌরাঙ্গভাবে বিভাবিত হইয়া এইসঙ্গে যোগদান করিলেন। (১৯) "হে মৎপ্রাণসর্বস্ব গৌরচন্দ্র প্রভো! আমাকে উদ্ধার কর। হে নিত্যানন্দপ্রিয় গৌর! হে গদাধর-রসপ্রদ! (২০) হে শ্রীবাসাদিপ্রিয় প্রাণ! হে প্রেমদ! হে করুণার্ণব।" এইরূপে নামকীর্ত্তন হইতে থাকিলে সেই কীর্ত্তন-প্রিয় গৌরাঙ্গও (২১) কৃষ্ণ-সংকীর্ত্তন মনে করিয়া প্রেমবশে স্বয়ং সমাগত হইলেন। সেই কীর্ত্তনানন্দ ব্রহ্মাণ্ড পূর্ণ করি[illegible]প্রকাশ পাইতে লাগিল। (২৩) সকলেই দেখিলেন যে গৌরচন্দ্র স্ব[illegible] নৃত্য করিতেছেন—যেমন বনভোজনে বালকগণ মধ্যগত শ্রীকৃষ্ণকে স্বসম্মুখে দেখিয়াছিলেন। (২৩) ভগবান্ অদ্বৈতাচার্য্যের সহিত মিলিত হইয়া মহাতেজাঃ ঈশ্বর নিত্যানন্দও প্রেমোন্মাদে নৃত্য করিয়াছিলেন। (২৪) অদ্বৈত প্রভু মত্তসিংহ-বিক্রমে পৃথিবীকে নৃত্যকীর্ত্তনে আপ্লাবিত করিলেন। যিনি সাক্ষাৎ গৌরাঙ্গ-প্রেমদাতা—তাঁহার পক্ষে ইহা কি বিচিত্র ব্যাপার? (২৫) গৌরাঙ্গ-প্রীতিদ গদাধরও সুখে নৃত্য করিতেছেন—গৌরগতপ্রাণ শ্রীবাসাদি ভক্তগণও সুখে নৃত্য করিলেন। (২৬) এই গৌরাঙ্গ-গুণকীর্ত্তন যাঁহার অন্তরে প্রবেশ করিয়াছে—তিনিই ইহার সাক্ষী, অন্য মহাজ্ঞানী কোটি কোটি লোক ইহার কিছুই বোধ করিতে পারিল না॥

ইতি **শ্রীঅদ্বৈতপ্রভুর শ্রীগৌরকীর্ত্তন** নামক ঊনবিংশ সর্গ।

বিংশ সর্গ।

(১) একদিন গৌরকৃষ্ণ শ্রীদামোদর পণ্ডিতকে জিজ্ঞাসা করিলেন—বল দেখি আমার মাতার সত্যই কি দৃঢ়া কৃষ্ণভক্তি আছে?' (২) এই কথা শুনিয়া তিনি ক্রোধের সহিত বলিলেন—'তাঁহারই প্রসাদে তোমাতে নিত্যানন্দ-স্বরূপিণী কৃষ্ণরসময়ী ভক্তি বিরাজ করিতেছেন।' (৩) ব্রাহ্মণের এই কথা-শ্রবণে প্রভু তাঁহাকে আলিঙ্গন করিয়া করুণস্বরে বলিলেন—'হে বন্ধো! তুমি আমাকে যাহা বলিলে, উহা সর্বথাই সত্য। (৪) মাতারই আজ্ঞাক্রমে এই ক্ষেত্রে বাস করিতেছি—ইহাতে সংশয় নাই। তাঁহারই প্রেমে তাঁহারই নিকটে আমাকে বারংবার আকর্ষণ করিয়া লইয়া থাকে।' (৫) অনন্তর ভক্তবর্গ এবং অগ্রজ নিত্যানন্দের সহিত গৌরহরি পরমানন্দে শ্রীজগন্নাথের স্নানযাত্রা-মহোৎসব দর্শন করিলেন। (৬) শ্রীরামকৃষ্ণের অনবকাশকাল দেখিয়া ভক্তগণ[illegible] দুঃখসন্তপ্তচিত্তে আলালনাথে গিয়া (৭) তত্রত্য হরিদেবকে দর্শন [illegible] এবং তথায় সাতদিন অবস্থান করতঃ সত্বর নীলাচলে আসিয়া শ্রীরামকৃষ্ণের নেত্রোৎসব দর্শন করিলেন। (৮) ভক্তাভিমানী ভগবান্ চৈতন্যদেব স্বজনগণ-সমভিব্যাহারে সংকীর্ত্তন-রসানন্দে নিত্যানন্দের হস্তধারণ পূর্ব্বক নৃত্য করিলেন। (৯) তৎপরে স্বভক্তগণ-কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া গৌরাঙ্গ নিজমন্দিরে আসিলেন এবং ভক্তপ্রদত্ত মহাপ্রসাদান্ন ভোজন করিয়া সুখী হইলেন। (১০) এইরূপে সদাকাল আনন্দ-রসে মহামত্ত হইয়া শ্রীগৌরচন্দ্র মহাবিভূতিসম্পন্ন শ্রীজগন্নাথ-বলরামের শুভ রথোৎসব দর্শন-লালসায় ভক্তগণসহ শীঘ্র গমন করিলেন। (১১) শ্রীবলদেব ও জগন্নাথকে এবং সুদর্শন সহ সুভদ্রাকে প্রথমতঃ দর্শন করিয়া তৎপরে আবার রথসংস্থিত দেখিয়া আনন্দে প্রভু নিত্যানন্দের সহিত প্রণত হইলেন। (১২) সুমেরু

সদৃশ রথত্রয় শীঘ্রই গুণ্ডিচা মন্দিরে যাত্রা করিলেন, তখন নিখিলভাব-বিভাবিতচিত্ত গৌরচন্দ্রও নিজভক্তগোষ্ঠীসহ অগ্রে অগ্রে চলিলেন। (১৩) শ্রীজগন্নাথের মুখারবিন্দ-দর্শনে কুরুক্ষেত্রের মহাবিভূতি স্মরণ হইলে শ্রীগৌরহরি সংকীর্ত্তনানন্দমগ্ন স্বভক্তবর্গে বেষ্টিত হইলেন। (১৪) শ্রীরাধার প্রেমাতিশয্যে প্রমত্ত হইয়া তিনি হাসিয়া কাঁদিয়া বলিলেন 'হে নাথ! তুমিই আস—চল ব্রজমণ্ডলে যাইব, হে প্রভো! সেই বৃন্দাবনে মধুর মুরলীধ্বনি শ্রুত হয়। (১৫) এই বলিতে বলিতে নর্ত্তন-গীত-মাধুর্য্য-সমুদ্রে মগ্ন প্রমত্ত গজরাজবৎ প্রভু সত্বর জগন্নাথের রথসহ শ্রীগুণ্ডিচামন্দিরে উপস্থিত হইলেন। (১৬) শ্রীমন্দিরে স্বয়ংপ্রকাশ রত্নময় বেদীসমূহে গমন করিয়া রামকৃষ্ণ সুখে উপবিষ্ট হইলেন দেখিয়া বলিলেন 'তুমি এক্ষণে বৃন্দাবনে আসিয়াছ কি?' (১৭) শ্রীহরিও তখন জনমণ্ডলীর শব্দের সহিত যেন বলিলেন—'হাঁ আসিয়াছি বটে।' প্রভু তখন রমণীয় বনসমূহে প্রবেশ পূর্বক স্বানন্দতৃষ্ণ ও নিখিলভাবে পরিপূর্ণ হইলেন। (১৮) তখন জগন্নাথের ভোগাদিরস-সম্পত্তি দর্শন করিয়া মহাপ্রভু ভক্তগণের সহিত মহাকীর্ত্তন আরম্ভ করিলেন। (১৯) বৃন্দাবন-বিলাসী শ্রীকৃষ্ণের শুভ ও বিলাসলাস্য-তরঙ্গবহুলা শ্রীরাসলীলা স্মরণ করিতে করিতে শ্রীরাধারস-মাধুরীধারী শ্রীগৌরহরি স্বয়ং শ্রীনন্দনন্দন-স্বরূপেই ভক্তিরসিক হইয়া মহামহাশোভা-সমৃদ্ধি ধারণ করিলেন।

ইতি **শ্রীগুণ্ডিচামন্দির-বিলাস** নামক বিংশ সর্গ।

একবিংশ সর্গ।

(১) ভক্তরাজ-রূপে বিভাবিতমতি কৃষ্ণচৈতন্য এইরূপে সেই গুণ্ডিচায় রত্নমন্দিরে রাসমণ্ডলে বিহার করিলেন। (২) গজপতিরাজ-কর্ত্তৃক সেবিত হইয়া নীলাচলনাথ শ্রীজগন্নাথ ও বলরাম নয় দিন পর্য্যন্ত গুণ্ডিচায়

প্রেমবান্ অঙ্গীকার করিয়া পুন রথারোহণ করিলে ভক্তবর্গের সহিত গৌরচন্দ্রও রথের পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিলেন। (৩) শ্রীলীলা-পুরুষোত্তম হোরাপঞ্চমী যাত্রা ও শ্রীলক্ষ্মীবিজয়োৎসব করিয়াই নীলাচলে পুনর্যাত্রা করিয়াছেন। (৪) অনন্তর শ্রীশচীনন্দন হরি পদ্মাবতী-তনয় নিত্যানন্দরামের সঙ্গে বৈষ্ণবগণসহ শ্রীরত্নসিংহাসনমধ্যবর্ত্তী শ্রীরামকৃষ্ণকে দর্শন করিলেন।

(৫) পৌরাণিক ধ্যান্—নীলাচলে শঙ্খমধ্যে শতদলকমলে রত্ন-সিংহাসনে বিরাজিত, সর্বালঙ্কারযুক্ত, নবীনমেঘ হইতেও মনোজ্ঞ, অগ্রজ বলরামের সহিত অবস্থিত, সুভদ্রার বামভাগে চক্রসুদর্শন-সমন্বিত, ব্রহ্ম-ও রুদ্রাদি দেবগণের বন্দনীয়, বেদগণের মুখ্য সার, সকলগুণময় পূর্ণব্রহ্মকে স্মরণ করিতেছি।

(৬) শ্রীগৌরকৃষ্ণ এইরূপে শ্রীজগন্নাথের ধ্যান করিয়া কাশীমিশ্রের পুষ্প-বাটিকায় গমন করিলেন এবং সুখাসনে উপবিষ্ট হইয়া গৌড়ীয় ভক্তগণকে ভগবান্ (৭) জননীর সুখের জন্য পাঠাইয়া দিলেন। 'তোমরা তাঁহারই নিকটে যাও, তিনি শ্রীহরিভক্তিস্বরূপিণী ও প্রেমবতী।' (৮) নিত্যানন্দকে আলিঙ্গনপূর্বক তাঁহার দুই হস্তে ধরিয়া মহাপ্রভু গদ্‌গদকণ্ঠে বলিলেন—'তুমি গৌড়দেশে যাও। (৯) তোমার এই দেহই আমার একমাত্র বিশ্বাসের পাত্র (?) ইহা জানিয়া হে প্রভো! তুমি যথেচ্ছ আচরণ করিতে পার! (১০) মূর্খ, নীচ, জড়, অন্ধ প্রভৃতিকে ও মহাপাতকী জনদিগকে তুমি সর্বথাই প্রেমাধিকারী করিবে।' (১১) নিত্যানন্দ হাস্যসহকারে প্রভুকে বলিলেন—'হে প্রভো! আমি তোমার নর্ত্তক; তুমি সূত্রধারক, আমি তোমার আজ্ঞাপালনই করিব।' (১২) তাঁহারা দুইজনে স্বরূপাদিগণ এবং পরমানন্দপুরী ও রামানন্দাদি সহ এইরূপে কথাবার্ত্তা বলিতেছেন, এমন সময়ে (১৩) দ্রাবিড়দেশী জনৈক

দরিদ্র বুদ্ধিমান্ ব্রাহ্মণ • ধনের আশায় জগন্নাথ-দর্শনে আসিয়াছেন। (১৪) জগন্নাথের নিকটে নিজ প্রয়োজন নিবেদন করিয়া তিনি প্রত্যাদেশ জন্য সাত দিন তথায় অবস্থান করিলেন। (১৫) বাঞ্ছিত-পূর্ত্তি না হওয়ায় দুঃখিতচিত্তে তিনি সমুদ্রতীরে আসিলেন এবং দৈবক্রমে সেইস্থলে সমাগত বিভীষণকে দেখিলেন। (১৬) জিজ্ঞাসা করিলেন—'আপনি কে, কোথায় যাইতেছেন—আপনি শীঘ্রই বলুন দেখি। আমি আজ সপ্তাহ যাবৎ জগন্নাথদর্শনে আসিয়াছি।' (১৭) 'আমার নাম বিভীষণ'—এই বলিয়া তিনি চলিয়া যাইতেছেন। সেই মহাসৌভাগ্যবান্ ব্রাহ্মণও তাঁহার সহিত চলিলেন। (১৮) শ্রীবিভীষণ শ্রীগৌরাঙ্গের নিকটে আসিলেন এবং শ্রীপ্রভুর চরণকমল দেখিয়া দণ্ডবৎ প্রণাম করিলেন। (১৯) সেই ব্রাহ্মণও চমৎকার দেখিয়া প্রেমপরিব্যাপ্ত হইলেন এবং নিজের দারিদ্র্যদুঃখ শ্লাঘা করিয়া কৌতুকভরে নৃত্য করিতে লাগিলেন। (২০) বাঞ্ছাকল্পতরু ভগবান্ প্রভু বিভীষণকে বলিলেন—'আপনি এই ব্রাহ্মণ-বর্য্যকে ধন দিয়া (২১) পূর্ণমনোরথ করিবেন, যাহাতে ইনি দুঃখরোগ হইতে বিমুক্ত হইতে পারেন।' তিনিও কৃতাঞ্জলি হইয়া প্রভুর বাক্য শিরোধার্য্য করিলেন। (২২) প্রভুর কথা শুনিয়া সেই দ্বিজবর্য্য বলিলেন—'আমাকে আর পরিত্যাগ করিবেন না। হে জগদ্‌গুরো! যাহাতে আপনার চরণপ্রাপ্তি হয়, তাহাই করিতে আজ্ঞা হয়। (২৩) হে জগন্নাথ! হে হৃষীকেশ! হে সংসারার্ণব-তারক! আপনিই পতিতপ্রেমদ কৃষ্ণ, আমাকে এক্ষণে সমুদ্ধার করুন।' (২৪) তখন তাঁহাকে করুণাসিন্ধু গৌরাঙ্গ বলিলেন—'এক্ষণে আপনি নিজগৃহে গমন করুন, বিবিধ ভোগরাশি উপভোগ করিয়া পরে ত্যাগ করতঃ শ্রীকৃষ্ণচরণই সদাকাল ভজন করিবেন। (২৫) ভজনেই ভক্তিলাভ হয় এবং তাহাতে প্রেম-সম্পত্তিলাভ হইবে।' প্রভুর মুখে এই কথা শুনিয়া সেই ব্রাহ্মণ প্রভুকে

প্রণাম করতঃ নিজগৃহে গমন করিলেন। (২৬) বিভীষণও প্রভুকে স্তুতি ও পুনঃ পুনঃ প্রণাম করিয়া প্রভুর চরণ-কমল ধ্যান করিতে করিতে নিজ রমণীয় গৃহে গমন করিলেন।

ইতি **রামদাসানুগ্রহ** নামক একবিংশ সর্গ।

দ্বাবিংশ সর্গ।

(১) তৎপর ভক্তবর্গ-সমন্বিত শ্রীগৌরাঙ্গ সুহাস্যবদনে পুনরায় নিত্যানন্দকে বলিলেন—(২) 'পূর্বে যাহা বলিয়াছি, তাহা তোমার করিতে হইবে ; তুমি গৌড়মণ্ডলে যাও'—এই বাক্য-শ্রবণে নিত্যানন্দ-প্রভুও হাসিতে হাসিতে যাত্রা করিলেন। (৩) পানিহাটি নামক রমণীয় গ্রামে শ্রীরাঘবপণ্ডিতের গৃহে উপস্থিত হইলেন—ব্রাহ্মণ দণ্ডবৎ করিলে তাঁহাকে ক্রোড়ে লইয়া মহাসুখী শ্রীপাদ নিত্যানন্দ বলিলেন—(৪) "রাঘব, শীঘ্রই সুবাসিত জলে আমার অভিষেক কর ; চন্দনাদি ও পুষ্পাভরণাদি দ্বারা এবং (৫) স্বর্ণ রৌপ্য, প্রবালাদি মণিমুক্তাদি-নির্মিত ভূষণসমূহদ্বারা তুমি আমার অঙ্গ সজ্জিত কর। (৬) যাহাতে সচ্চিদানন্দপূর্ণ আমার প্রাণনাথ গৌরচন্দ্রের সর্বদা মনোরথ পূর্ণ হইতে পারে।" (৭) প্রভুর কথা-শ্রবণে রাঘব লোকগণদ্বারা শীঘ্রই সুরধুনীর সুগন্ধি জল দ্বারা আনন্দভরে (৮) তাঁহাকে স্নান মজ্জনাদি পূর্বক বিবিধভূষণ ও গন্ধচন্দন-মাল্যাদি পরিধান করাইয়া দণ্ডবৎ প্রণাম করিলেন। (৯) যেরূপ সর্বাভরণ-ভূষিত নন্দনন্দন বিরাজমান থাকেন, তদ্রূপ বলদেবও স্বয়ং গোপালরূপ-ধারণে বিদ্যমান হইলেন। (১০) ব্রজের গোপালরূপী শ্রীদামাদি সখাগণও বংশী, বেণু, শিঙ্গাদি ও বিবিধ ভূষণে সজ্জিত হইলেন। (১১) কীর্তন-প্রিয় শ্রীরামদাস, সুন্দরানন্দ ও গৌরীদাস প্রভৃতি মহত্তম ভক্তগণও নিত্যানন্দ-সঙ্গে সর্বদা বিহার করিতেছেন। (১২)

এইরূপে সেই ভগবান্ নিত্যানন্দ রাম তাঁহাদের সহিত গঙ্গাজলে ক্রীড়া করিতেন, ভক্তগণের গৃহে গৃহে তাণ্ডবনৃত্য করিতেন। (১৩) এইরূপে সুখে বিহার করিতে করিতে তিনি গদাধরের গৃহে উপস্থিত হইলেন। গোপীভাবে পূর্ণ গদাধরকে দেখিয়া সেই প্রভু প্রেমে বিহ্বল হইলেন। (১৪) অনন্তর কীর্ত্তনানন্দ নিত্যানন্দ সপ্তগ্রাম নামক পল্লীতে উপস্থিত হইলেন। ত্রিবেণীতীরে উপনীত হইয়া তিনি গৌরাঙ্গগুণকীর্ত্তনে নৃত্য করিলেন, তাহাতে সকলকেই পরমানন্দময় গোপীভাব দর্শন করাইয়াছিলেন। গৌরাঙ্গকীর্ত্তনানন্দপ্রদ নিত্যানন্দও সেইগ্রামে (১৬) মহা উল্লাস দান করিয়া পুরন্দরের গৃহে উপনীত হইলেন। তাঁহার প্রেমরসে বিভোর হইয়া প্রভু তাঁহাকেও সুখী করিলেন। (১৭) যে স্থানে সপ্তর্ষিগণ সকলে ভাবভরে শ্রীনারায়ণের চরণ চিন্তা করেন—যাহাকে বেদপারগ ব্যক্তিগণ মুক্তবেণীরূপে বর্ণনা করেন—(১৮) গঙ্গা, যমুনা ও সরস্বতীর সর্বদা প্রবাহশীল বলিয়া যে স্থান-দর্শনার্থে বহু লোকের আনন্দ উৎসবাদি হইয়া থাকে, (১৯) মনুষ্যগণ যেস্থানে স্নান বা স্মরণ করিলেও সর্বদুঃখবিনাশিনী হরিভক্তি লাভ করিতে পারেন, (২০) নিত্যানন্দ প্রভু সেই ত্রিবেণীতীরে বণিক্‌গণের গৃহে গৃহে শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যের মহানাম সংকীর্ত্তন করিতে প্রবৃত্ত হইলেন। (২১) পূর্বে নবদ্বীপে যেরূপ সংকীর্ত্তনানন্দ হইয়াছিল, নিত্যানন্দ-প্রসাদে সেই পরমানন্দ এক্ষণে ত্রিবেণীগ্রামে প্রকট হইল। (২২) উদ্ধারণের গৃহে তাঁহার সহিত অবস্থান করতঃ জগদ্‌গুরু নিত্যানন্দ গৌরচন্দ্ররসে মগ্ন হইয়া অনন্তর শান্তিপুরে গমন করিলেন। (২৩) মহামতি শ্রীঅদ্বৈত নিত্যানন্দের মুখচন্দ্র-দর্শনে হুহুঙ্কার ধ্বনিতে দশদিক্ পরিপূর্ণ করিলেন। (২৪) পরমানন্দে তাঁহাকে স্তব করিয়া, পুনঃ পুনঃ নমস্কার করিলেন। নিত্যানন্দ প্রভুও তাঁহাকে আলিঙ্গন ও প্রণাম করিয়া সুখে অবস্থান করিলেন। (২৫) তাঁহারও হর্ষ উৎপাদন করিয়া

নিত্যানন্দ পরে নবদ্বীপে গমন করিলেন। গৌরাঙ্গগুণে উন্মত্ত হইয়া তিনি জগদ্বাসিরই আনন্দদায়ক হইলেন।

ইতি শ্রীনিত্যানন্দাদ্বৈত-সঙ্গোৎসব নামক দ্বাবিংশ সর্গ।

ত্রয়োবিংশ সর্গ।

(১) শ্রীশচীমাতার দর্শনোৎসুক নিত্যানন্দ প্রথমতঃ আসিয়া তাঁহার শ্রীচরণকমলে প্রণত হইয়া বলিলেন—'মা, আমি সুখে আসিয়াছি!' (২) শচীমাতা তাঁহার বাক্যশ্রবণে সত্বর তাঁহার মস্তকে হস্তদ্বয় স্থাপন করিয়া 'বৎস' বলিয়া সম্বোধনপূর্বক মুহুর্মুহু চুম্বন করিলেন। (৩) শচীমাতা মধুরস্বরে তাঁহাকে বলিলেন—'বৎস! তুমি আমার গৃহেই থাক, যাহাতে আমি তোমাকে সর্বদা দেখিয়া দুঃখ নাশ করিতে পাই।' (৪) হাসিতে হাসিতে প্রভুও তাঁহাকে বলিলেন—"মা, শুন, আমি সত্যই বলিতেছি যে আমি অনুজ বিশ্বম্ভরের সহিত সর্বদাই তোমার সন্নিকটে বাস করিতেছি। (৫) মা, তুমি রন্ধন করিয়া যে অন্ন শ্রীকৃষ্ণের অধরামৃত-সহ দান কর, তাহারই লোভে আমি সদাকাল তোমারই কাছে অবস্থান করিব।" (৬) এই কথা-শ্রবণে মাতা হাস্যবদনে উত্তম শাল্যন্ন, সূপ (রসা) ও পায়সাদি প্রস্তুত করিয়া সেই পরমাদ্ভুত অন্নাদি সকল দ্রব্য (৭) নিত্যানন্দ-সম্মুখে নিবেদনপূর্বক তাঁহার মুখকমলের দিকে দৃষ্টিপাত করিয়া রহিলেন। ভক্তবৎসল নিত্যানন্দ প্রভুও তখন নিজ অনুজ বিশ্বম্ভরের সহিত ভোজন করিতে লাগিলেন। (৮) শ্রীরামকৃষ্ণ দুইভাই ভোজন করিলেন দেখিয়া শচীমাতা সুখসাগরে মগ্ন হইলেন। নিত্যানন্দ দয়ানিধি তাঁহাকে তদবস্থ দেখিয়া (৯) জিজ্ঞাসা করিলেন—'বল দেখি, আমার কথা এক্ষণে সত্যই হইয়াছে কি না?' মাতা বলিলেন 'বৎস

ঈশ্বরের বাক্যসদৃশই তোমার বাক্য সত্য। (১০) তথাপি সাঙ্গজ তোমাকে সর্বদাই দেখিতে ইচ্ছা করি।' প্রভু বলিলেন—'মা, তোমার আজ্ঞানুসারে যাহাতে তোমার সুখ হয়, তাহাই নিরন্তর আমার কর্ত্তব্য।" (১১) এইরূপে সর্বজনসুখপ্রদ নিত্যানন্দ নবদ্বীপবাসিদের পরমানন্দ বিস্তার করিয়া তথায় অবস্থিতি করিলেন। (১২) সকল লোককেই কৃষ্ণচৈতন্যরসে বিভাবিত করিয়া গৌরাঙ্গকীর্ত্তনানন্দে স্বজনগণসহ প্রভু নৃত্য করিতেন। (১৩) তিনি গন্ধচন্দনাদিতে অনুলিপ্ত হইয়া নীলবসন পরিধান করিতেন এবং স্বর্ণ, রৌপ্য ও প্রবালাদি-নির্মিত অলঙ্কারে মণ্ডিত হইলেন। (১৪) শ্রীমুখকমল কর্পূরতাম্বুলাদিতে পূর্ণ থাকিত, লৌহদণ্ড ধারণ করতঃ রূপ্যহার ও কৌস্তুভদ্বারা ভূষিত হইলেন। (১৫) এক কর্ণে কুণ্ডল পরিয়া শ্রীমান্ বনমালা-বিভূষিত হইয়া হস্তে বংশী ধারণপূর্বক সদাকাল গৌরাঙ্গগুণ কীর্ত্তন করিতেন। (১৬) আততায়ী চৌরদস্যুগণ তাঁহার শ্রীঅঙ্গে বিভূষণাদি দেখিয়া চুরি করিতে বিবিধ প্রয়াস করিল। (১৭) শ্রীনিত্যানন্দ মহাপ্রভু কিন্তু করুণাপূর্ণ হইয়া তাহাদিগকে গৌরাঙ্গ-কীর্ত্তনানন্দে পরিপূর্ণ করিয়া তুলিয়াছেন!! (১৮) এইরূপে তিনি শ্রীকৃষ্ণচৈতন্যের রসভাবে বিহার করিতে করিতে গোপালবালক-লীলাদি বিবিধ খেলা করিলেন। (১৯) গঙ্গাতীরে তীরে নিজভক্তগণের গৃহে গৃহে বিহার করিতে করিতে স্নেহময় প্রভু কৃষ্ণদাসের গৃহে উপনীত হইলেন। (২০) বড়গাছি-নিবাসী সেই কৃষ্ণদাস দুর্লভ প্রভুকে নিজগৃহে পাইয়া আনন্দে আকুল হইলেন এবং বস্ত্র উড়াইয়া নৃত্য করিতে লাগিলেন। (২১) সেই বড়গাছি গ্রাম মহাপুণ্যতম, যেহেতু উহা নিত্যানন্দ-স্বরূপের বিহারভূমি। (২২) অতঃপর প্রভু সেই কৃষ্ণদাসের সহিত রামদাসাদি-কর্ত্তৃক বেষ্টিত হইয়া কীর্ত্তনানন্দে বিহার করিতে করিতে শ্রীনবদ্বীপে সমাগত হইলেন। (২৩) নন্দব্রজে যেরূপ বলদেব

গোপালগণের সহিত বিহার করিতেন—একণে এই নবদ্বীপেও সেই নিত্যানন্দরাম শ্রীকৃষ্ণচৈতন্য নামে ত্রিভুবন-পরিপূর্ণ করিয়া বিরাজমান হইয়েন। (২৪) বেত্র, বংশী, শিঙ্গা, বেণু গুঞ্জামালাদিতে বিভূষিত কৃষ্ণ-কীর্তনামৃতবর্ষী পার্ষদ-গণে তিনি সর্বদা বেষ্টিত থাকিতেন। (২৫) বৃন্দারণ্যবিলাসী স্বয়ং গোপ বলদেব, সেইরূপই লোকে দেখাইয়া গৌরাঙ্গ-প্রাণবল্লভ নিত্যানন্দ একণে শ্রীনবদ্বীপে বিচরণ করিতে লাগিলেন।

ইতি **শ্রীনিত্যানন্দ-বিলাস** নামক ত্রয়োবিংশ সর্গ।

চতুর্বিংশ সর্গ।

(১) অনন্তর শ্রীগৌরাঙ্গ শ্রীরাধার ভাবমাধুর্য্যে পূর্ণ হইয়া স্বরূপাদি ভক্তগণ কর্ত্তৃক বেষ্টিত থাকিতেন এবং তাঁহার দেহদৈহিকাদি বাহ্যবৃত্তি লোপ হইল। (২) রামানন্দের সহিত কৃষ্ণমাধুর্য্যবৈভব আস্বাদন করিয়া ও ভক্তগণকে করাইয়া স্বয়ং হরি বিরাজ করিলেন। (৩) তত্রত্য বন ও উপবনাদি তাঁহাকে বৃন্দাবন স্মরণ করাইত, তাহাতে তিনি শ্রীকৃষ্ণান্বেষণ করিয়াছেন। যমুনার স্মরণে (৪) তিনি সমুদ্রে পতিত হইলেন, স্বরূপাদি ভক্তগণ তাঁহাকে দেখিয়া ফেলিলেন। কৃষ্ণের রূপরসাদি পঞ্চগুণে তাঁহার চক্ষুরাদি পঞ্চেন্দ্রিয় আকৃষ্ট হইয়াছিল। (৫) [তেলেঙ্গা] গাভীর মধ্যে পতিত হইয়া কূর্ম্মাকৃতি ধারণ করিয়াছিলেন, শ্রীরাসলীলা-স্মরণে প্রলাপোক্তি করিয়াছিলেন। (৬) গোবর্দ্ধনভ্রমে চটকপর্বতের দর্শন এবং সর্ব্বথা গোপীভাবে বিভাবিত হইয়া তিনি শ্রীকৃষ্ণের অধরামৃত আস্বাদ করিয়াছেন। (৭) মথুরার স্মৃতিমাত্রই দিব্যোন্মাদগ্রস্ত হইয়া স্বয়ং ভগবান্ ভক্তিপ্রেমরসাত্মক-স্বরূপেও বিবিধ ভাববিকার প্রাপ্ত হইয়াছেন। (৮) অষ্ট-সাত্ত্বিকভাবের যুগপৎ উদয় হইয়া শ্রীবিগ্রহ ভাবময় হইত, রামানন্দ

এবং স্বরূপ তখন রাসলীলার গানে তাঁহার চেতনা সম্পাদন করিতেন। (৯) রামানন্দের ভাবানুরূপ শ্লোক-পাঠ, স্বরূপের রাসলীলা-কীর্ত্তনাদি এবং শ্রীরাধাকৃষ্ণের লীলারস বিগ্ধা প্রভৃতি (১০) শ্রবণ-রসায়ন অদ্ভুত কাহিনী নিরন্তর আস্বাদন করিয়া শ্রীমচ্চৈতন্যরস-বিগ্রহ প্রভু শ্রীরাধার বিশুদ্ধ প্রেমভরে (১১) সচ্চিদানন্দ-সাম্রাত্মা রাধাকান্ত হইয়াও সর্বদা শ্রীরাধার ভাবে বিভাবিত থাকিয়া আনন্দরসে মগ্ন হইলেন!! (১২) সর্বেশ্বরেশ্বর গৌরকৃষ্ণ ক্ষণে ক্ষণে যে যে লীলা করিয়াছেন—তৎকৃপাপাত্র ব্যতিরেকে কেই বা তৎসমস্ত সম্যক্‌রূপে বলিতে পারে? (১৩) রামানন্দ, স্বরূপ, পরমানন্দপুরী, কাশীশ্বর, বাসুদেব ও গোবিন্দাদি (১৪) এবং অন্যান্য রসাভিজ্ঞ কৃষ্ণসংকীর্ত্তনময় ভক্তবর্গ-কর্ত্তৃক সেই ভক্তভাব-বিভাবিত গৌরকৃষ্ণ নিরন্তর সেবিত হইতেন। (১৫) শ্রীনিত্যানন্দ প্রভু শ্রীনবদ্বীপে আসিয়া শ্রীচৈতন্যরসে উন্মত্ত হইয়া তাঁহারই নামগুণাদি-কীর্ত্তনে সদাকাল আবিষ্ট থাকিতেন। (১৬) তিনি গৌরাঙ্গগুণে গর্বিত ছিলেন। শ্রীগৌরাঙ্গের আজ্ঞাপালন জন্য প্রকাশ-মূর্ত্তিতে গৌড়ে অবস্থান, করিয়াও কিন্তু (১৭) সেই স্বেচ্ছাময় রসজ্ঞ তাঁহারই দর্শনোৎকণ্ঠায় শ্রীপুরুষোত্তম ক্ষেত্রে গমন করিলেন—তাঁহার চেষ্টা (অভিপ্রায়) কেই বা অবগত আছে? (১৮) পুষ্পোদ্যানে আসিয়া তিনি গৌরাঙ্গসুন্দরের ধ্যান করিতে করিতে একবার উঠিতেছেন, আবার দণ্ডবৎ প্রণাম করিতেছেন—এই রূপে পুনঃ পুনঃ দণ্ডবৎ করিতে লাগিলেন। (২১) হুহুঙ্কার শব্দে এবং 'জয় গৌরাঙ্গ' ধ্বনি করিয়া পরম প্রীত মহাসুখী নিত্যানন্দ গৌরচন্দ্রের স্তব করিলেন। (২২) তখন কৃষ্ণরাম (গৌরনিতাই) পরমেশ্বর যুগল প্রেম-ভক্তিরসাকৃষ্ট হইয়া পরস্পর অভিবন্দন করিলেন। (২৩) অনন্তর শ্রীশচী নন্দন ঈশ্বর নিত্যানন্দকে বলিলেন—'হে নন্দপুত্র! তুমি সর্বদা নন্দগোষ্ঠ ভক্তিই প্রদান কর। (২৪) কৃষ্ণকেলিসুখসমুদ্ররূপ তোমার এই দেহে

আমি অলঙ্কারাদিরূপে উত্তমা নবধা ভক্তিই দেখিতেছি। (২৫) নন্দ গোকুলবাসিদের ভক্তিই সুদুর্লভ, বিশুদ্ধ ভাব-সম্পন্ন মহাজনেরাই উহার ভাবনা (স্মরণ) করেন এবং মনুষ্যগণ উহা কদাচিৎ লাভ করিয়া থাকেন। (২৬) সেই (সুদুর্লভা) ভক্তিকেও তুমি প্রীতিভরে স্বেচ্ছায় স্ত্রীবালক মূর্খাদিকে দিতেছ—তোমার ন্যায় উত্তম দাতা কি আর জগতে হয় —বল দেখি!' (২৭) নিত্যানন্দও হাসিতে হাসিতে বলিলেন—'হে নাথ! দাতা, হর্ত্তা, রক্ষিতা, প্রেমদ ও সেই সকল জীবের প্রতি করুণ তুমিই সর্বপ্রেরক। (২৮) একতঃ সপার্ষদ নিত্যানন্দ—দ্বিতীয় স্বরূপাদি পার্ষদগণ-বেষ্টিত বিশ্বম্ভর—এই দুইজনই সর্বদা প্রেমানন্দপূর্ণ বিগ্রহ ধারণ করিয়াছেন। (২৯) গদাধরের সহিত উক্ত দুই প্রভু নিরন্তর সেবিত হইতেছেন এবং কৃষ্ণকীর্ত্তনে প্রেমবিহ্বল হইয়া স্বানন্দাবেশে খেলা করিতেছেন। (৩০) "যশোদানন্দন কৃষ্ণ শ্রীগোপীপ্রাণবল্লভ, শ্রীরাধারমণ রামানুজ রাসরসোৎসুক, (৩০) রোহিণীনন্দন কৃষ্ণ যজ্ঞ রাম বলদেব হরি রেবতীপ্রাণনাথ রাসকেলি-মহোৎসব" (৩১) ইত্যাদি নামাবলি ভক্তবর্গ-সমন্বিত হইয়া শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দরাম নিরন্তর গান করিতেছেন—এই দুই প্রভুকে স্মরণ করিতে হয়।

ইতি **ভক্তমণ্ডল-বিলাস** নামক চতুর্বিংশ সর্গ।

পঞ্চবিংশ সর্গ।

(১) হে দামোদর দ্বিজ! এই আমি তোমাকে শ্রীচৈতন্যকৃষ্ণের চরিতসূত্র বলিলাম—শ্রীবাসাদি মহত্তমগণ সবিস্তারে বর্ণনা করিবেন। (২) এই গ্রন্থে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুরই পুনঃ পুনঃ বর্ণনা হইয়াছে। ফলাস্বাদননিমিত্ত এক্ষণে তাহার অনুক্রম বলা হইতেছে।

প্রথম প্রক্রমে—(৩) শ্রীকৃষ্ণের অবতার-কারণও তাঁহার বিচেষ্টা; বহির্মুখ জনগণকে দেখিয়া নারদের অনুতাপ। (৪) নারদের বৈকুণ্ঠগমন ও শ্রীকৃষ্ণকর্তৃক তাঁহার সান্ত্বনা-দান, সকল অবতারের কথা, শ্রীকৃষ্ণজন্ম ইত্যাদি। (৫) বাল্যলীলাদি, ব্রাহ্মণের অন্নভোজন, নিত্যানন্দ-স্বরূপ বিশ্বরূপের সন্ন্যাস। (৬) জগন্নাথের পরলোকগমন, তত্রত্য পরিবারের দুঃখশোকাদির বর্ণনা, বিদ্যাবিলাস ও লাবণ্য, মাতার দুঃখবিমোচন; (৭) লক্ষ্মীপ্রিয়ার সহিত শুভ বিবাহ এবং প্রভুর বঙ্গদেশ-গমনে তাঁহার নির্যাণ, অনন্তর শচীমাতার শোকনাশ; (৮) বিষ্ণুপ্রিয়ার সহিত পরিণয়, পরমানন্দ-বৈভব, ঈশ্বরপুরীর সহিত সাক্ষাৎকার এবং গয়াকৃত্যাদি সমাপন।

দ্বিতীয় প্রক্রমে—(৯) ভাব-প্রকাশ, বরাহবেশ-ধারণ, সংকীর্ত্তনের শুভারম্ভ, মেঘ-দূরীকরণ, (১০) ব্রাহ্মণবালকের মুখে নামে অর্থবাদকল্পনা শুনিয়া গঙ্গায় পতন ও উত্থান, ভক্তবর্গের অধীন হইয়া শ্রীল অদ্বৈত আচার্য্যের সহিত মেলন। (১১) ভক্তানুগ্রহ, শ্রীনিত্যানন্দের দর্শনলাভ, ষড়্ভুজমূর্ত্তির দর্শনানন্দ ও বলরামভাব-প্রকটন। (১২) ভক্তিরসে সমাকৃষ্ট হইয়া শ্রীহরিমন্দির-মার্জন, ভক্তদত্ত-দ্রব্যাদির গ্রহণ ও মহৈশ্বর্য্য-প্রদর্শন, (১৩) নৃত্যগান বিলাসাদি, গঙ্গানিমজ্জন—ব্রাহ্মণের শাপে জীবন্নিস্তারকারক বরলাভ; (১৪) বলরামের রসাবেশে মধুপান প্রকৃতি ও নর্ত্তন, গোপীবেশধারণে নৃত্যগীতমাধুর্য্য বর্ণনা। সন্ন্যাসের সূচনায় মুরারি গুপ্ত প্রভৃতিকে সান্ত্বনা দান ইত্যাদি।

তৃতীয় প্রক্রমে—নবদ্বীপ ও কণ্টকনগরবাসিদের বিলাপ, (১৬) সন্ন্যাসোচিত নাম-গ্রহণ, প্রেমানন্দ-প্রকটন, রাঢ়দেশকে কৃতার্থ করিয়া ইতস্ততঃ ভ্রমণ ও চন্দ্রশেখর আচার্য্যকে নবদ্বীপে প্রেরণ। (১৭) নিত্যানন্দ

[illegible], [illegible] ভক্তের দুঃখনাশ, ভক্তবর্গ-সমন্বিত শ্রীচৈতন্যের শান্তিপুর-[illegible]। (১৮) নিত্যানন্দ-কর্ত্তৃক প্রভুর দণ্ড-ভঞ্জন, শ্রীগোপীনাথের দর্শন, বরাহদেবের দর্শন ও পুণ্য স্থলে বিরজাদেবীর দর্শন। (১৯) বৈতরণীতটে যাজপুরগ্রামে শ্রীশিবলিঙ্গ দর্শন, নানাভাব-প্রকাশ শ্রীভুবনেশ্বর-দর্শন, (২০) শ্রীশিবের নির্ম্মাল্য-গ্রহণের শুভ বিধান, শ্রীমন্দিরস্থ গোপালদর্শন ও প্রভুর রোদন। (২১) মার্কণ্ডেয় সরোবরতটে শ্রীশিব-লিঙ্গদর্শন, অনন্তর শ্রীজগন্নাথদর্শনে আনন্দ-সম্পৎ। (২২) সার্বভৌমাদির সহিত পুনরায় শ্রীমুখারবিন্দ-দর্শন, শ্রীমহাপ্রসাদের শুভ বন্দনা ও ভোজন। (২৩) সার্বভৌমের উদ্ধার, প্রভুর দক্ষিণদেশে গমন, কূর্ম্মনাথের দর্শন ও কূর্ম্মবিপ্রের প্রতি অনুগ্রহ। (২৪) বাসুদেবের উদ্ধার ও শক্তিসঞ্চারণ, সুখে জিয়ড়নৃসিংহদেবের চরিত্রাস্বাদন। (২৫) শুভদ ও শুভ শ্রীরামানন্দরায়-মিলন, শ্রীল মাধবেন্দ্রপুরীর শিষ্য পরমানন্দ পুরীর সহিত মিলন। (২৬) পঞ্চবটী, রঙ্গক্ষেত্র ও শ্রীরঙ্গনাথ-দর্শন, এবং শ্রীপ্রভুর পরমানন্দপুরীর সহিত মিলন ও তাঁহাকে পুরীতে প্রেরণ। (২৭) সেতুবন্ধে শ্রীরামেশ্বরশিবদর্শন, অনন্তর শ্রীমজ্জগন্নাথ-দর্শনের আনন্দ বর্ণনা হইয়াছে। (২৮) বৃন্দাবণ্যের উপলক্ষ্যে প্রভুর গৌড়দেশে শুভাগমন, বাচস্পতিগৃহে অবস্থান ও পরমাদ্ভুত বৈভব-প্রকাশ; (২৯) দেবানন্দের উদ্দেশ্যে শ্রীভাগবত-মহিমা কীর্ত্তন, এবং উহার বক্তা ও শ্রোতার লক্ষণ নির্ণয় হইয়াছে। (৩০) শ্রীনৃসিংহানন্দ কর্ত্তৃক উত্তম জঙ্গাল-বর্ণনা, সেই পথে প্রভুর রামকেলি ও কানাইর নাটশালা পর্য্যন্ত গমন, (৩১) পুনরায় প্রত্যাবর্ত্তন করিয়া শ্রীল অদ্বৈতমন্দিরে শুভাগমন এবং পুনরায় নবদ্বীপের ভক্তবৃন্দের সহিত সম্মেলন, (৩২) শ্রীভোজন-সুখ, মাতার চরণবন্দনা, তৎপরে পুরুষোত্তমে আগমন ও শ্রীগোপীনাথ-দর্শন।

ইতি গ্রন্থানুবাদ নামক পঞ্চবিংশ সর্গ।

ষড়্‌বিংশ সর্গ।

চতুর্থপ্রক্রমে :— (১) প্রভুর বৃন্দাবন-গমনে ভক্তবর্গের বিলাপ এবং প্রভু-কর্ত্তৃক তাঁহাদের সান্ত্বনা-প্রদান। (২) বনপথে গমন করিয়া পরে কাশীপুরী দর্শন, তথায় বিশ্বেশ্বর দর্শন ও তপনমিশ্রাদির সহিত মিলন। (৩) প্রয়াগে মাধব-দর্শন, যমুনারতীরে তীরে আগ্রাবন (আগ্রা) রেণুকাতীর্থ ও মথুরা-দর্শন; (৪) বিপ্র কৃষ্ণদাসের সাহায্যে তত্রত্য ঘাট ও কূপাদির দর্শন, বৃন্দাবনাদি দ্বাদশ বন, (৫) প্রতি গ্রাম, প্রতি বন ও প্রতি কুণ্ড দর্শন, কৃষ্ণের বিবিধ নিত্যলীলা প্রকাশ, লীলানুকরণ ইত্যাদি। (৬) কৃষ্ণজন্ম হইতে আরম্ভ করিয়া কংসবধাদি যাবতীয় -লীলার বর্ণনা শ্রবণ এবং তত্তদ্রূপের প্রকটন। (৭) ভাবোন্মাদ বিকার ইত্যাদির পরমাদ্ভুত বর্ণনা—সর্বব্রজবাসির গৃহে গৃহে কৃষ্ণলীলাপ্রকাশন; (৮) পুনরায় প্রয়াগে আগমন ও শ্রীরূপের সহিত মিলন, কাশীধামে শ্রীসনাতনপ্রভুর সহিত মিলন, তপনমিশ্রাদির অনুরোধে (৯) কাশীবাসি সন্ন্যাসির উদ্ধাররূপ পাপনাশন চরিত্র-বর্ণনা, গোপের তক্রপান, নবদ্বীপে শুভাগমন বর্ণিত হইয়াছে। (১০) নবদ্বীপে নিত্যবিহার, গৌরীদাস-গৃহে নিত্যাবস্থান, পুনরায় অদ্বৈতাচার্য্যগৃহে গমন ও শুভদর্শন। (১১). ভক্তবর্গের রসোল্লাস, শচীমাতার চরণবন্দনা, মাধবেন্দ্রপুরীপাদের তিথি-আরাধনা, পুনরায় নীলাচলে গমন। (১২) প্রতাপরুদ্রের সমুদ্ধার, রথযাত্রাদি-দর্শন, নরেন্দ্র-সরোবরে ভক্তমেলন ও হরিকীর্ত্তন। (১৩) ভক্তদ্রব্য-ভোজন, অদ্বৈতপ্রভু-কর্ত্তৃক গৌরাঙ্গের গুণ-কীর্ত্তন, রামদাসের প্রতি অনুগ্রহ। (১৪) নিত্যানন্দের বিহারাদি ও গৌরাঙ্গগুণকীর্ত্তন, প্রভুর দিব্যোন্মাদাদিভাবপ্রকটন। (১৫) অনন্তর রামানন্দ-স্বরূপাদি কর্ত্তৃক রাসলীলাকীর্ত্তন, নিত্যানন্দের বিহারাদি-বর্ণনা ও গৌরাঙ্গ-দর্শন

বর্ণনা। (১৬) শ্রীনিত্যানন্দের গুণ্ডিচায় পুষ্পবাটীতে বিদ্যমানতা এবং গদাধরের সহিত ভক্তবর্গ-সমন্বিত শ্রীনিত্যানন্দ গৌরাঙ্গদেবের সহাবস্থান লীলাদি বর্ণনা হইয়াছেন। (১৭) বুধ ব্যক্তি এইভাবে শ্রীকৃষ্ণচৈতন্য-চরিত্র সম্যক্ চিন্তা করিতে করিতে সর্বদা বিশুদ্ধ প্রেমামৃত-সমুদ্রে নিমজ্জিত হইয়া থাকেন। (১৮) স্বয়ং ঈশ্বর হইয়াও শ্রীকৃষ্ণচৈতন্য ভক্তিরসাশ্রয় হইয়াছেন বলিয়া নিজের অদ্ভুত প্রেম ও নামমাধুরী আস্বাদন করিতেছেন। (১৯) তাঁহার লীলা আস্বাদন করিলে কি প্রেমসম্পত্তি লাভ হয় না? অতএব নির্মৎসর হইয়া গৌরাঙ্গকীর্ত্তন শ্রবণ কর। (২০) এই গ্রন্থে চারিটী প্রক্রম এবং ৭৮ সর্গ আছে। প্রথম প্রক্রমে ১৬ সর্গ, দ্বিতীয়ে ১৮। (২১) তৃতীয়েও ১৮ এবং চতুর্থে ২৬টি সর্গ আছে। শ্লোকসংখ্যা—১৯২৭; (২২) এই শ্লোকাবলি সুন্দররূপে পরমাদরে পাঠ করিলে রসিক ব্যক্তি প্রেমপূর্ণ হইবেন এবং শ্রবণ করিলেও ভাবুক হইবেন। (২৩) শ্রীদামোদরপণ্ডিত শ্রীনিত্যানন্দ-গৌরাঙ্গের গুণকীর্ত্তন সব শ্রবণ করিয়া মুরারিকে প্রণামপূর্বক বলিলেন— (২৪) 'আমি কৃতার্থ হইয়াছি, কৃতার্থ হইয়াছি, কৃতার্থ হইয়াছি, ইহাতে আর সংশয় নাই। তুমিই ধন্য এবং কৃষ্ণচৈতন্য-রস-পূরক। (২৫) শ্রীল অদ্বৈতপ্রভুবর্য্যও সুখে শ্রীল গৌরাঙ্গচন্দ্রের সুমধুর লীলারত্নরাশি শ্রবণ করতঃ আনন্দে সেই মুরারিকে বলিলেন—'তুমি সর্বদাই শ্রীরামচন্দ্রের মহাভক্ত, সুতরাং এই গ্রন্থরত্নও তোমাতেই প্রকটিত হইয়াছে। (২৬) এই জগতে শ্রীরামই গৌররূপে প্রাদুর্ভূত হইয়াছেন বলিয়া এই গ্রন্থ দ্বারা তিনি প্রেমমাধুর্য্য-বিনির্য্যাসই উৎপাদন করিয়াছেন। প্রেমপূর্ণহৃদয় পরমরসিকগণ ইহার শ্রবণে পরমসুখদ শ্রীগৌরগুণকীর্ত্তন করিতে করিতে মোক্ষকেও নিন্দা করেন। (২৭) শ্রীবাসপণ্ডিত গ্রন্থ আস্বাদনের আনন্দে প্রেমগদ্গদকণ্ঠে পরমোৎসুকচিত্তে মুরারিকে

বলিলেন—(২৮) 'তুমিই চতুর্দশ ভুবনের বন্ধন মোচন করিবার নিমিত্ত ভগবান্ হরির লীলাগ্রন্থ রচনা করিয়াছ—যাহার শ্রবণে জনগণ (সংসার) ভয় হইতে নির্মুক্ত হইবে।' (২৯) এইরূপে সকল ভক্তগণই অদ্ভুত গ্রন্থ-বর্ণনা শুনিয়া মুরারিকে প্রণাম করতঃ পরস্পর তাঁহারই কথা বলিতে লাগিলেন। (৩০) সেই মুরারিও বিধিমত তাঁহাদের চরণারবিন্দ ধরিয়া প্রণত হইলেন এবং প্রেমে 'জয় কৃষ্ণচৈতন্ত রাম' এই নাম বলিয়া বলিয়া নৃত্য ও রোদন করিতে লাগিলেন। (৩১) তাঁহারা পরস্পরকে আলিঙ্গন করিয়া শ্রীগৌরাঙ্গরসে পূর্ণ হইলেন। লক্ষ্মীপতি গৌর একজন দ্বারা জগন্মঙ্গলের জন্য সুরহস্যপূর্ণ এই লীলা প্রকাশিত করাইয়াছেন।

ইতি ষড়্বিংশ সর্গ।

সম্পূর্ণঃ

শুদ্ধিপত্রম্।

পৃষ্ঠায়াং	পঙ্‌ক্তৌ	অশুদ্ধং	শুদ্ধং
৩	১৫	যোগেনামনসা	যোগেন মনসা
৭	৭	স্বকম্বুকণ্ঠং	স্বকম্বুকণ্ঠং
৮	১৫	শ্রীদামোরপণ্ডিতঃ	শ্রীদামোদরপণ্ডিতঃ
১১	১২	কার্য্যাবতারা	কার্য্যাবতারা
১৬	২৩	…দস্যুযুক্ত…	দস্যুযুক্ত…
১৭	১৮	তচ্ছত্বা	তচ্ছ্রুত্বা
১৮	১১	ধৈর্য্য…	ধৈর্য্য…
২০	৮	গ্রাহ	প্রাহ
২৪	২১	প্রাহাচার্য্য	প্রাহাচার্য্য
২৫	৬	পণ্ডিত্তোত্তমঃ	পণ্ডিতোত্তমঃ
২৫	২১	দার্ব্বগুরুশীর	দার্বগুরুশীর
২৭	২০	জগর্‌গুরোঃ	জগদ্‌গুরোঃ
২৮	১৭	সকুটুম্বঃ	সকুটুম্বঃ
৩০	১০	যা	সা
৩৬	১১	স্মন্	তস্মিন্
৩৮	১৪	সভার্য্যো	সভার্য্যো
৩৯	১	ব্রাহ্মণবৈশ্যসজ্জনান্	ব্রাহ্মণবৈশ্যসজ্জনান্
৪৮	৩	ন	"না"
৪৯	১৩	জম্বুকাঃ	জম্বুকাঃ
৫১	১৪	মধুরা কৃতা…	মধুরাকৃতস্তাত
৫২	২	শৈলুব	শৈলূষ

পৃষ্ঠায়াং	পঙ্‌ক্তৌ	অশুদ্ধং	শুদ্ধং
৫৫	৮	বলন্তে	বলন্তি
৬০	১০	শনকৈত্রজন্	শনকৈর্ব্রজন্
৬৩	১	পদাম্বুজম্	পদাম্বুজম্
৭৩	২০	সচ্চিদ্ঘন···	সচ্চিদ্ঘন···
৭৬	১৬	হরিস্তৈত্রমুনিভিঃ	হরিস্তৈর্মুনিভিঃ
৭৭	২৪	বারুণিদিব্য···	বারুণীদিব্য···
৮৩	৫	চন্দ্রশেখরচার্য্য···	চন্দ্রশেখরাচার্য্য···
৮৩	১০	শঙ্কা স্ব	শঙ্কাঃ স্ব
৮৬	১৩	ত্যক্তা	ত্যক্ত্বা
৮৮	৭	বস্তাভূত	বস্তাভূতা
৮৯	১৫।১৮	স্ফুটম্	স্ফুটম্
১০২	৮	তদীয়া শক্তী	তদীয়াং শক্তিং
১০৮	২২	দৃষ্টা	দৃষ্ট্বা
১০৯	১৯	নমাম	ননাম
১১২	১৮	২ভুৎ	২ভুৎ
১২১	১১	দৃষ্ট্বা	দৃষ্ট্বা
১২২	২	দৃষ্টা	দৃষ্ট্বা
১২৩	১	বদ্ধাঞ্জলি	বদ্ধাঞ্জলি
১২৫	২৪	ত্যক্তা	ত্যক্ত্বা
১২৭	২	পূরা	পুরা
১২৭	১৫	রামমুকুন্দমুখ্যো	রামমুকুন্দমুখ্যৌ
১৩৬	৯	গর্ব পর্বত	বৃক্ষপর্বত
১৪০	১	শ্রীদামানাম	শ্রীদামনাম

পৃষ্ঠাঙ্কাঃ	পঙ্‌ক্তৌ	অশুদ্ধং	শুদ্ধং
১৪৭	১৫	নিত্যলীলাভিৰ্ব্যিতি	নিত্যলীলাভির্দিব্যাতি
১৪৮	৩	নাতঃ	নীতঃ
১৪৯	৬	রামকৃষ্ণা	রামকৃষ্ণৌ
১৫১	১১	বোমাসুর···	ব্যোমাসুর···
১৫১	১৩	শক্তিমত	শক্তিমতী
১৫৫	৭	লোলাঢ্যৈঃ	লীলাঢ্যৈঃ
১৫৫	১১	নিবদ্ধৌ	নিবদ্ধৌ
১৬১	৬	পণ্ডিশ্চাপি	পণ্ডিতশ্চাপি
১৬৩	৭	···মত্তা	···মত্তাঃ
১৬৭	১১	ত্বৎপ্রসাদাৎ	গুৎপ্রসাদাৎ
১৭০	২৩	ভো	ভোঃ
১৭১	১৬	ভুক্তা	ভুক্ত্বা
১৮৪	২২	আসাদ্য	আস্বাদ্য